জ্ঞানাঞ্জন

গৌরীশঙ্কর ভট্টাচার্য্য

২য় সংস্করণ — ১৮৩৮

I.O.L. Cat.
p. 219

... Jñānāñjana. ... A Treatise against Hindu Apostacy, and Denial of the Authority of the Vedas. By Gaurikanta Bhattacharya. pp. 8, 241. Calcutta, 1838.

২২।২ জানুয়ার

— গৌরীকান্ত দেবনাথ

ভূমিকা।

সন্দেহসন্দোহ তিমিরহর নানাশাস্ত্রানুশীলনপুর
ধর্ম্মবর্ম্মাবৃত কলেবর সাধুজন সমাজেষু ॥

এই ভারতবর্ষে সর্ব্বসাধারণ লোককর্ত্তৃক মান্য অথচ অনুষ্ঠেয় অনাদিপুরুষ পরম্পরা প্রচলিত যে বৈদিক ধর্ম্ম তাহা আধুনিক সামান্য কর্ত্তৃক অমান্য হইতেছে ইত্যবধানে রামনারায়ণপুর মথুরানিবাসি শ্রীগৌরী কান্তভট্টাচার্য্য রঙ্গপুরে থাকিয়া ব্রাহ্মণাদিবর্ণচতুষ্টয় প্রভৃতির ব্যবহার্য্য বিবিধোপনিষৎ স্মৃতিপুরাণেতিহাসন্যায় বেদান্ত সাংখ্য পাতঞ্জল মীমাংসা ও তন্ত্র প্রভৃতি নানা প্রমাণ সমূহ এবং ভিন্নজাতীয় শাস্ত্র অর্থাৎ পারসী ও আরবী প্রভৃতি বহুবিধ লৌকিক প্রমাণ ও সদ্যুক্তিদ্বারা কুতর্কের উচ্ছেদপূর্ব্বক বেদপ্রণীত লোক পরম্পরাকর্ত্তৃক চিরকালানুষ্ঠিত অবিগীত ভারতবর্ষীয় চাতুর্ব্বর্ণ ধর্ম্মের যথার্থরূপে সমন্বয় হৃদয়ঙ্গম করণ এবং এইধর্ম্ম বিষয়ে স্বজাতীয় ও বিজাতীয় লোকসমূহকর্ত্তৃক যেসকল বিতণ্ডাবাদ সংঘটনের সম্ভাবনা তাহাও নানাশাস্ত্রীয় প্রমাণ ও দৃষ্টান্ত ও সদ্যুক্তিদ্বারা নিরাকরণার্থে জ্ঞানাঞ্জন নামক

গ্রন্থ প্রস্তুত করিয়াছেন ইহা সদ্বিচক্ষণ মাত্রেরই সুশ্রাব্য ও আদরনীয় ইত্যবধানে যথার্থানেষণে কৃতযত্ন শ্রীযুক্ত বাবু নীলরত্ন হালদারের বিশেষআনুকূল্যদ্বারা বহুযত্নে মুদ্রাঙ্কিত করাগেল॥ যেসকল মহাশয়েরা বৈদিক ধর্ম্মবিষয়ে সন্দিগ্ধচিত্ত আছেন তাঁহারা যদি এইগ্রন্থ মনোযোগপূর্ব্বক অবলোকন করেন তবে তাঁহাদিগের অবশ্যই সন্দেহ ভঞ্জন হইতে পারে। এইগ্রন্থে ভ্রমবশতঃ যদি কোন দোষ প্রকাশ হয় তবে গুণজ্ঞ মহাশয়েরা নীর পরিত্যাগি ক্ষীরভক্ষি হংসের ন্যায় দোষ পরিত্যাগ পূর্ব্বক অবশ্যই সারগ্রাহী হইবেন কিমধিক মিতি॥

শ্রীমধুসূদন তর্কালঙ্কারস্য।

জ্ঞানাঞ্জন পুস্তকের সারার্থ ॥

শ্রীশ্রীহরিঃ শরণম্ ।।

অথ জ্ঞানাঞ্জন নামক
গ্রন্থের অনুষ্ঠান ।।

শাকে বহ্নি যুগাগচন্দ্রবিমিতেন্যায়স্মৃতীনাং মতংমূলং
ব্রহ্মপুরইঙ্গিতং যকুতুকং সিদ্ধান্তবিদ্যাস্পদং । পাষণ্ডা
দ্যতিনিন্দিতাদ্যভিমতাচারাদিখণ্ডংপুনঃ শাস্ত্রং বৈদিক
তত্ত্বসার মভবদ্বিদ্বজ্জনানাংমুদে ।।

সংপ্রতি কিয়দ্দিবস হইল এক মহাংহবিজ্ঞ পরমোহ
প্রকারী পুরুষ স্বীয়াইবিজ্ঞতা প্রকাশ করিবার চেষ্টা পাই
তেছেন, তন্নিমিত্তে অনেক প্রকারে আপাতত সাধারণ
লোকের সহিত বাক্যে ও লিখনানুসারে ব্রহ্মতত্ত্বের ন্যায়
বাদ করিয়া আসিতেছেন, এবং বেদান্তাদিগ্রন্থের বঙ্গ
ভাষায় অর্থ করিয়া সর্ব্বত্র প্রচার করিয়াছেন। ইহাঁর
মুখ্য প্রয়োজন এই যে লোক সকল প্রাচীন মত সমস্ত
বিবেচনা করিয়া অনুত্তম পথে প্রবিষ্ট হয় । তাহাতে
কোন এক অবহুজ্ঞব্যক্তি ঐ মহাবিজ্ঞের সমস্ত কথায়

প্রণালি ও পুস্তকাদি শ্রবণ ও দৃষ্টি করিয়া কতিপয় কথার উত্তরস্বরূপ স্বমত প্রকাশ অর্থাৎ প্রাচীনরীতিসিদ্ধের ন্যায় বাদ করিতে প্রবর্ত্ত হওয়াতে আমি তটস্থ অর্থাৎ মধ্যস্থস্বরূপঐঅবহুজ্ঞের কথা সহজ অন্যায়ভানে ঐ মহা বিজ্ঞের পক্ষাবলম্বী হইয়া প্রত্যুত্তর দিতে আরম্ভ করিলাম, যেহেতুক উক্ত আছে যে ন কেবলং যোমহতোঽপ ভাষতে শৃণোতি তস্মাদপি যঃ স পাপভাক্। ইত্যাদি দোষ শ্রুতিপ্রযুক্ত ঐ পরমোহপকারিমহাবিজ্ঞের নিন্দা বাদ অসহ্য হইল। এমতে আদৌ মহাবিজ্ঞের কথা। পশ্চাৎ অবহুজ্ঞের উত্তর। তদনন্তর অস্মৎপ্রত্যুত্তর লেখা গেল ॥

অথ জ্ঞানাঞ্জন ॥

গ্রন্থারাম্ভঃ ॥

১ প্রথম কথা । মহাবিজ্ঞ অনেকানেক লোকের সহিত ব্রহ্মতত্ত্বেরআলাপ করিয়াছেন তাহার প্রণালি এই যে কোন ব্যক্তির নিকটে কহেন, ঈশ্বর নাই। কোনস্থানে বলেন যে আছেন কিন্তু তাঁহার পূজাদিরূপ আরাধনা নাই। কোন স্থানে এমত বাদানুবাদ করেন যে পরলোকের ফল দৃষ্ট নহে এনিমিত্ত তাহা অগ্রাহ্য। ক্বচিৎ কহেন যেবৃদ্ধ ব্রাহ্মণেরা স্বীয় স্বীয় লাভের নিমিত্তে প্রতারণা করিয়া শ্রাদ্ধ ও পূজা ও ব্রতাদি কল্পনা করিয়াছেন। কখন কহেন যে বালককালাবধি লোকসকল পিতৃপিতামহাদির ভ্রান্ত্যাচার দৃষ্টে তৎপথবর্ত্তী হইয়া নানাক্লেশে কালযাপন করে ফলত বৃথা ক্লেশ পায় ক্লেশের হেতু কেবল অনবধান ও অমনোযোগ ইত্যাদি। আর বেদান্তের বঙ্গভাষারচিত গ্রন্থের প্রথমে উক্ত প্রকার অনেক কথালিখিয়াছেন এবং পারসীভাষাতে অর্ব্বদেশীয়ভাষা সংসৃষ্টে অনেক প্রকার ঐমত কথালিখিয়া প্রচার করিয়াছেন ॥

।। ১।। মহা ইবিজ্ঞের ঐ সকল বাক্যাদি শ্রবণে ও গ্রন্থদৃষ্টে অবহুজ্ঞ কথা আরম্ভ করিলেন যে উপরের উক্ত প্রণালিতে এই জানাযায় যে মহাবিজ্ঞ বলিয়া যাঁহাকে ব্যপদেশ করাগেল ঐ শব্দমধ্যে নঞ্‌সমাস করিয়া তাঁহার

বাচক হইবে, কেননা এবিজ্ঞতা নহে যে নানাস্থানে নানা প্রকার কথা কহেন এবং বোধ হয় যে তিনি সর্ব্বশাস্ত্র বেত্তা হইলে এমত কহিতেন না, কেননা বিজ্ঞ ব্যক্তির সর্ব্বত্র একপ্রকার কথা ও একপ্রকার তর্কবুদ্ধি হয় বরং ইহাতে বোধ হয় যে মহাবিজ্ঞ যাহার সহিত বিচারে যে কথাতে পরাস্ত হয়েন সেখানে অন্য এক কথা আরোপ করিয়া কহেন বস্তুত তাঁহার কোন কথাই সমূলক নহে। ইহাতে আখলাকজলালীর ৩ লামার ৩ লমার শেষ পঞ্চমপ্রকার লোকের সমস্ত কথাই তাঁহার প্রতি বর্ত্তে অর্থাৎ যে প্রতারকেরা তত্ত্বজানেননা অথচ অর্থ ও মর্য্যাদার আকাঙ্ক্ষী হইয়া মিথ্যা আপত্তি উপস্থিত করেন আর প্রবঞ্চনা করত আরোপিত প্রমাণদ্বারা অন্যকে নিন্দা করিয়া স্বকীয় শ্লাঘ্য মানান এবং সকলের নিকটে আপন পাণ্ডিত্য প্রকাশ করেন ফলত তাঁহারা স্বয়ং অসিদ্ধ ও অজ্ঞ ও তটস্থ মাত্র। আর বেদান্ত গ্রন্থে ঐ সকল কথা লিখিবার তাৎপর্য্য ও ভাবদৃষ্টে অনুমান হয় যে তিনি ঐ আখলাকজলালীর ৩ লামার ৩ লমার শেষ দ্বিতীয়প্রকার লোক হইবেন অর্থাৎ যাহাদিগের দোষ ও কুক্রিয়ার অভিলাষ প্রাবল্যরূপেই থাকে এ নিমিত্তে তাহারা ধর্ম্মশাস্ত্রীয় ব্যবস্থা ও নীতি সকলের ব্যাখ্যান্তর করিয়া আপনার স্বাভাবিক কদর্য্য অভিপ্রায়ের পৌষ্টিকতা করিতে চাহে। ইহাতে এই বুঝাযায় যে তাঁহার কোন গুপ্তিকে বর্ণাশ্রম ধর্ম্মের ব্যতিক্রম ছিল এজন্য তাহার নিন্দা বারণ এবং

স্বীয় সুবুদ্ধিতা প্রকাশ কারণ নানাপ্রকার চেষ্টা করিয়া ছেন ফলত তাহাতে তাঁহার ব্রহ্মজ্ঞান জানাযায়না বরং অজ্ঞানতা জানাযায় কেননা আড়ম্বরিতে ইতর লোককে জানান যে তিনি ব্রহ্মজ্ঞানী ইহাতেই তাঁহার আচারা দির ত্রুটি গ্রাহ্য নহে ফলত তাঁহার কথার মর্ম্ম পণ্ডি তেরা বিবেচনা করিলে সমূহ প্রবঞ্চনা প্রকাশ পাইয়া তাঁহার শ্রমের উদ্দিশ্যের ব্যাঘাত জন্মায় এতাবতা তাঁহার নিন্দার বারণ হয় না বরং আধিক্য হয় ॥

। ১ । অস্মদ্বচনং । অনহুজ্ঞের কথার প্রণালিতে জানাযায় যে নিতান্ত অন্যায় কহিলেন মহাবিজ্ঞের অন্তঃকরণের কথা তিনি কি প্রকারে জানিলেন যদিস্যাৎ অবহুজ্ঞ যাহা বুঝিয়াছেন তাহাই মহাবিজ্ঞের উদ্দিশ্য হয় তথাপি দোষ দেওয়া অনুচিত কেননা অনেক লোক আপনার দোষ গো পন করিবার কারণ নানা প্রকার চেষ্টাকরাতে অধিক নি ন্দাগ্রস্ত হইয়াছে এবং ভাল হইবার চেষ্টাকরিয়াও মন্দ হইয়াছে। যথা । একবণিক কন্যা উপপত্তির সহিত ব্যব হার করিত তাহার পঞ্চবর্ষীয় বালক তাহা দেখিয়াছিল তাহাতে সেই স্ত্রী তাহা ব্যক্ত না হইবার নিমিত্তে ঐ পু ত্রকে বধকরিয়া পরে তজ্জন্য আপনিও বধহইল, সে কি আপন ভালর উপায় করিয়া অধিক মন্দগ্রস্ত হয় নাই সেই মত যদি মহাবিজ্ঞেরও হইয়াথাকে ক্ষতি কি আছে । আর এমত ব্যগ্র হওয়াতেও তাঁহার অপগমতা নাহি । ত থাহি ব্রহ্মখণ্ডে ১৬ অধ্যায়ে । স্বকার্য্য সাধনে সর্ব্বে ব্য

গ্রাশ্চ জগত্তীতলে। ভাবাভাবং ন জানন্তি কেবলং স্বার্থ তৎপরাঃ ॥

।১। মহানিজ্ঞ কহেন যে ঈশ্বর নাই ॥

।২। অবহুজ্ঞ কহিতেছেন যে নহি কারণং বিনা কার্য্যোৎপত্তিঃ সুতরাং ক্ষিতিঃ সকর্তৃকা কার্য্যত্বাৎ এইন্যায় প্রযুক্ত জগতের চিত্রবিচিত্র কার্য্যের কারণ ঈশ্বররূপে বিশেষ একপদার্থ মানিতে হয়। তথাচ মহিম্নঃ। অজন্মানো লোকাঃ কিমবয়ববন্তোঽপি জগতা মধিষ্ঠাতারং কিং ভবাবিধিরনাদৃত্য ভবতি। অনীশো বা কুর্য্যাৎ ভুবনজননে কঃপরিকরং যতোমন্দা স্ত্বাং প্রত্য মরবর সংশেরত ইমে ইত্যাদি ॥ যদিতাহাতে স্বভাব কি সংযোগ কি কালাদির মতাপন্ন হও যে এই তিনের কি একের ঘটনা জগৎ হয় তাহাতেও আমার ঈশ্বরের সত্তাসিদ্ধ হইল কেননা ঐ স্বভাব কি সংযোগ কি কালাদি আমার ঈশ্বর ছাড়া নহে কিন্তু সচেতন ঈশ্বর না মানিলে অচেতনের কৃতিম ত্তা নাই আর অয়স্কান্তমণিরন্যায় অর্থাৎ লৌহআরচুম্বক পাথরেরন্যায় করিলেও তাহার নিয়ন্তৃত্ব ঈশ্বরে পাওয়া যায় তদ্ব্যতিরেকে নিয়ন্তৃত্বাবচ্ছিন্নের অভাব। তথাচ যাজ্ঞবল্ক্যঃ। অনেকার্থাস্মৃতিঃকস্য কোবাস্বপ্নস্য কারকঃ। ইত্যাদি উপক্রম করিয়া উপসংহার করেন যে। যত এতানি লিঙ্গানি দৃশ্যন্তে পরমাত্মঃ। তস্মাদস্তি পরো দেহা দাত্মা সর্ব্বগ ঈশ্বরঃ ॥

। ২। অস্মদ্বচনং। এইস্থলে অবহুজ্ঞের কথা শুনিয়া তাহার বুদ্ধির অল্পতা বোধ হয় কেননা ঈশ্বর মানা কি না মানাতে মহাবিজ্ঞের ঐহিক সুখের কিছু ব্যাঘাত নাই বিশেষত যদি ঈশ্বর মানেন তবে অনেক২ বিষয় সুখের বাধা জন্মে আর যদি না মানেন তবে কিছু না। এমতে যদি মহাবিজ্ঞ ঈশ্বরকে না মানেন তবে কি হানি আছে পরন্তু অনেক বুদ্ধিযোগ থাকিলে ঈশ্বর মানাযায় মহাবিজ্ঞের এত বুদ্ধি কোথা যে কার্য্যকারণের অন্বয় ব্যতিরেকতর্কদ্বারা ঈশ্বর মানিবেন।

। ৩। মহাবিজ্ঞ কহেন যে ঈশ্বর যদ্যপি মানি তথাপি তাঁহার সেবার প্রয়োজন নাই কেননা ঐ সেবা না করিলে আমার শারীরিক কার্য্যের বাধা হয়না॥

। ৩। অবহুজ্ঞ কহেন যে নৈককারণাৎ কার্য্যনিষ্পন্নং এই ন্যায়মতে ঈশ্বরের অতিরিক্ত অনুকূল অদৃষ্ট এক বস্তু অবশ্য মানিতে হইবে যেহেতুক ঈশ্বর সৃষ্টি করেন তাহাতে আমরা সুখী ও দুঃখী হই অথচ ঈশ্বরের কেহ সুহৃৎ কেহ বহিরঙ্গ নাই তথাচ। ন রাগো ন দ্বেষঃ ক্বচিদপি জনে তস্য ভবতি। অগত্যা সুখদুঃখের কারণ অদৃষ্টই হয় এই অভিপ্রায়ে কুসুমাঞ্জলিতে কহিয়াছেন যে। একস্য নক্রমঃ ক্বাপি বৈচিত্র্যঞ্চ সমস্য ন। শক্তিভেদো নচাভিন্নঃ স্বভাবোদুরতিক্রমঃ। অতএব স্বস্বাদৃষ্ট প্রমেয় বটে সেই অদৃষ্টবশাৎ ঈশ্বর সুখী দুঃখী করেন তথাহি

মনুঃ ॥ ১ । ২৮ । যন্তু কর্ম্মণি যস্মিন্ স ন্যযুঙ্ক্ত প্রথমং প্রভুঃ । স তদেব স্বয়ং ভেজে সৃজ্যমানঃ পুনঃ পুনঃ ॥ কর্ম্মণাঞ্চ বিবেকার্থং ধর্ম্মাধর্ম্মৌ ব্যবেচয়ৎ । দ্বন্দ্বৈরযোজয়চ্চেমাঃ সুখদুঃখাদিভিঃ প্রজাঃ ॥ এবং যোগবাশিষ্ঠে আত্মস্বভাববশতো জাতংজগদিদংমহৎ । স্থিতিংবাসনযাভ্যেত্য ধর্ম্মাধর্ম্মবশেস্থিতং ॥ তথা বেদান্তে ॥ ২।১। ৩৪। বৈষম্য নৈর্ঘৃণ্যেন সাপেক্ষত্বাৎ তথাহিদর্শয়তি ॥ সুতরাং অথো যথাত্রৈব মহী মহীন্দ্র সেবানুরূপস্য ফলস্য দাতা । তথা জনানাং জগদীশ্বরোঽপি কর্ম্মানুরূপস্য ফলস্য দাতা ॥ তবে ঈশ্বর সর্ব্বদাই আমার তোমার চিন্তা করিয়া অনুকূলতা করেন এমত নহে । যেহেতুক তিনি নিত্যেচ্ছাকৃতিবুদ্ধিমান্ তাঁহার ইচ্ছানিত্যা । যথা অগ্নির দাহিকা শক্তি এবং জলের শৈত্য গুণ বায়ুর চঞ্চলতা হরিদ্রাচূর্ণের সংযোগে বর্ণান্তর এইমত নিত্য নিয়ম আছে । তাহাই আপন২ অদৃষ্ট অনুসারে প্রাপ্ত হই তথাহি । ঈশ্বরেচ্ছানিয়ম্যেন দিক্কালাঃ সহকারিণঃ । স্বস্বাদৃষ্টেন সর্ব্বেপি ফলভাজঃ শরীরিণঃ । অতএব যেমন দ্রব্যত্ব জাতিব্যাপ্য পৃথিবীত্ব জাতি সেইমত ঈশ্বরের ইচ্ছার ব্যাপ্য অদৃষ্টাদি আর যদ্যপি ঈশ্বর ফল দেন আমি তদধীন সুতরাং আমার অদৃষ্টও তাঁহার ইচ্ছাধীন তবে আমার পৌরুষেয় কার্য্য বৃথা এমত কহিতে পারিবেনা যেহেতুক ঈশ্বরেচ্ছা আর দৈব অর্থাৎ পূর্ব্ব কর্ম্ম এবং পৌরুযেয় অর্থাৎ উদ্যোগ এই সমস্তই ফলসাধনেতে

পরস্পর অপেক্ষা করে যথা স্মার্ত্তধৃত বচনং। দৈবং পুরুষ কারশ্চ কালশ্চ পুরুষোত্তম। ত্রয় মেতন্মনুষ্যস্য পিণ্ডিতং স্যাৎফলায় বৈ ॥ মিতাক্ষরায়াং যাজ্ঞবল্ক্য বচনং যথা ॥ কেচিদ্দৈবাৎস্বভাবাদ্বা কালাৎ পুরুষকারতঃ। সংযোগাৎ কেচিদিচ্ছন্তি ফলং কুশলবুদ্ধয়ঃ ॥ অত্র দৃষ্টান্ত স্তত্রৈব ॥ যথাহ্যেকেন চক্রেণ রথস্য ন গতির্ভবেৎ। এবং পুরুষ কারেণ বিনা দৈবং নসিধ্যতি ॥ এতেন দৈবে পুরুষকারেচ কার্য্যসিদ্ধি র্ব্যবস্থিতা। তত্র দৈবমভিব্যক্তং পৌরুষং পৌর্ব্ব দৈহিকং ইত্যাদি ॥ এইমত প্রকৃতি খণ্ডে। ৫৭। অধ্যায়ে বিস্তারিত আছে। এবং অকর্ত্তা হইয়াও যে প্রকারে সুখে প্রবৃত্তি ও দুঃখে নিবৃত্তি করিতেছ সেইমত পৌরুষেয় চেষ্টা করণযুক্ত হয়। যদি এমত কহ যে ঈশ্বর সৃষ্টি যখন প্রথম আরম্ভ করিলেন তখন আমার তোমার পৌরুষেয় অদৃষ্ট কোথা ছিল। ইহার দুই উত্তর। এক এই যে সৃষ্টির আদি চিহ্নিত নহে তথাহি বেদান্তে। ১। ৩। ৩০। সমাননাম রূপত্বা চ্চাবৃত্তা বপ্যবিরোধো দর্শনাৎ স্মৃতেশ্চ। ১। ৪। ১৫। সমাকর্ষাৎ। ২। ১। ৭। অসদিতিচেন্ন প্রতিষেধ মাত্রত্বাৎ। ২। ১। ১৭। অসদ্ব্যপদেশান্নেতিচেন্ন ধর্ম্মান্ত রেণবাক্যশেষাৎ ॥ অন্যচ্চ যোগবাশিষ্ঠে স্থিতিপ্রকরণে। ১২ সর্গে। একং ব্রহ্ম চিদাকাশং সর্ব্বাত্মক মখণ্ডিতং। রেখোপরেখাবলিতা যথৈকা পীবরীশিলা। তথা ত্রৈলোক্য বলিতং ব্রহ্মৈকমিতিদৃশ্যতাং। দ্বিতীয়কারণাভাবান্ন

নুৎপন্নমিদং জগৎ। তিষ্টতি ব্রহ্মনিষ্কারে প্রতিভামাত্র রূপধৃক্। অতএব। আদ্যন্ত শূন্যেইত্র জগৎপ্রবাহে ক্রিয়া ভবেৎকর্ম্মতএব পুংসাং। কর্ম্মাপি পুংসাংভবতি ক্রিয়া তো বীজাঙ্কুরন্যায়তয়া ন দোষঃ।

দ্বিতীয় উত্তরএইযে সৃষ্টি প্রারম্ভেও অদৃষ্ট ছিল। যখন ঈশ্বর ইচ্ছা করিলেন সৃষ্টি হউক তখন আপনি জীব হই লেন তথাহি বেদান্তে।১।৪।২২। অবস্থিতে রিতিকাশ কৃৎস্নঃ॥ এবং যোগবাশিষ্ঠে। একস্যানেকসংখ্যস্য কস্যাণো রম্বুধেরিব অন্তর্ব্রহ্মাণ্ডলক্ষাণি লীয়ন্তে বুদ্বুদাইব। এবং যাজ্ঞবল্ক্যঃ প্রায়শ্চিত্তমিতাক্ষরায়াং। নিঃসরন্তি যথালোহপিণ্ডাৎতপ্তাৎ স্ফুলিঙ্গকাঃ। সকাশাদাত্মন স্তদ্বদা ত্মানঃ প্রভবন্তি হি॥ এবং যোগবাশিষ্ঠে উৎপত্তিপ্রক রণে।১ সর্গে। প্রাগকারণ মেবাস সর্গাদৌ শূর্গলীলয়া স্ফু রিত্বা কারণং ভূতং প্রত্যক্ষং স্বয় মাত্মনি। তথা ৭ সর্গে। ব্রহ্মণঃ স্ফুরণং কিঞ্চিৎ যদবাতাম্বুধে রিব। দীপস্যা থাপ্য বাতস্য তৎজীবং বিদ্ধি রাঘব॥ আর পঞ্চভূত অর্থাৎ আকাশ বায়ু তেজ জল ক্ষিতির পরমাণু হইলেন। বেদান্তে।১।৪। ২৩। প্রকৃতিশ্চ প্রতিজ্ঞা দৃষ্টান্তানুরোধাৎ। আর তখন এইজীবে অহঙ্কার হইলেন। তথাচ যোগ বাশিষ্ঠে। স তথাভূত এবাত্মা স্বয়মন্যইবোল্লসন্। জীবতা মুপযাতীব ভাবিনাম কদর্থিতাং। ততঃস জীবশব্দার্থ কলনাকুলতাংগতঃ। মনোভবতি ভূতাত্মা মননাৎ মৎ সরীভবেৎ। এবং। তদেবঘনসম্বিত্যা যাত্যহন্তামনুক্র

মাৎ। রুদ্ধাগ্নিঃ স্বেন্ধনাধিক্যাৎ স্বাংপ্রকাশকতামিব অহঙ্কারবিলাসেন মমতামললীলয়া। ইদমমেতিভাবেন চেতোগচ্ছতি পীনতাং॥ অন্যচ্চ। জীবো ভূত্বা ভবত্যাশু বুদ্ধিঃ পশ্চাদহং মনঃ। মনস্তং সমুপায়াতা সংসার মবল ম্ব্যতে॥ তথাচ অদ্ভুতরামায়ণে। প্রধানং পুরুষশ্চৈব তত্ব দ্বয় মুদাহৃতং। তয়োরনাদিনির্দ্দিষ্টঃ কালঃ সংযোগকঃ পরঃ। পুরুষঃ প্রকৃতিস্থো হি ভুঙক্তে চ প্রাকৃতান্ গুণান্। আদ্যো বিকারঃ প্রকৃতির্মহাত্মেতিচ কথ্যতে। বিজ্ঞানশক্তি র্বিজ্ঞাতা হ্যহঙ্কার স্তদুত্থিতঃ। স জীবঃ সোহন্তরাত্মেতি গীয় তে তদ্বিচিন্তকৈঃ। সচ বেদয়তে সর্ব্বং সুখং দুঃখঞ্চজন্মসু। কিন্তু সে মায়া অহঙ্কার অনিত্য মিথ্যা। যদিকহ ঈশ্বর মিথ্যা বলম্বী কিমতে হইলেন। তাহার এই উত্তর জগৎপ্রসূ তি অবিদ্যা মায়া প্রকৃতি যাহাকে বলাযায় তিনি সন্নিধান মাত্র পুরুষ চেতন ঈশ্বর সঙ্গ পাইয়াজগৎরূপে পরিণাম ক রেন। যথা॥পুংসঃ সঙ্গসমুজ্জ্বিতস্য গৃহিণী মায়েতি তেনা প্যসৌঅস্পৃষ্টাপি মনঃ প্রসূয় তনয়ং লোকান সৃতেক্রমাৎ ইত্যাদি। অতএব সাংখ্যঃ। অন্তঃকরণস্য তদুজ্জলিতত্বাৎ লোহবৎ অধিষ্ঠাতৃত্বং। এবং যোগবাশিষ্ঠে। সং কল্পোন্মুখতাং যাত স্তুহংকারোভবত্যতঃ। চিত্তং চেতো মনো মায়া প্রকৃতিশ্চেতি নামভিঃ। ক্বচিন্মনঃ ক্বচিদ্বুদ্ধিঃ ক্বচিৎজ্ঞানং ক্বচিৎক্রিয়া ক্বচিদেতদহঙ্কারঃ ক্বচিৎ পূর্য্যষ্টকংমতং। ক্বচিৎ প্রকৃতিরিত্যুক্তং ক্বচিৎ মায়েতি কল্পিতং ক্বচিদর্থ ইতিজ্ঞাতং ক্বচিৎ চিত্তমিতি

স্ফুটং। প্রোক্তং ক্বচিদবিদ্যেতি ক্বচিদিচ্ছেতি সম্মতং। জ্ঞত্ব কর্তৃত্ব ভোক্তৃত্বসাক্ষিত্বাদ্যভিমানিনী। যাসম্বিজ্জীব। ইত্যুক্তাতদ্ধি পূর্য্যষ্টকংবিদুঃ জীবনাজ্জীবইত্যুক্তা মন নাচ্চমনঃ স্থিতা। সংকল্পাচ্চৈব সংকল্পো বোধাদ্বুদ্ধি রিতিস্থিতা। অহঙ্কারাত্মতাং যাতা সৈষা পূর্য্যষ্টকাভিধা। তাদ্বৈতসমুদ্ভেদৈর্জগন্নির্মাণলীলয়া। পরমাত্মময়ী শক্তি রদ্বৈতেব বিজৃম্ভতে ॥ এমতে আত্মন্যেবাত্মনা ব্যোম্নি যথা সরতি মারুতঃ। তথেহাত্মা স্বশক্ত্যৈবস্বাত্মন্যেবেতি লোলতাং। সুতরাং যেমন সূর্য্য জলাশ্রিত নাহইয়াও জলস্থবিম্বরূপে জলের কম্পাদি ধর্ম্ম:ক ধারণ করিয়া কম্পিত হন তন্ন্যায় সৃষ্টি সংকল্পাবচ্ছিন্ন জীব ব্রহ্ম হই তে পৃথক্ হওয়া মাত্রই অহঙ্কার বিশিষ্ট হন এমতে অবি দ্যোপাধি ভেদভিন্ন হইলে তৎক্ষণাৎ আমি ঈশ্বরহইতে ভিন্ন। আমি দ্বিতীয় ঈশ্বর। আমি আপনি হইলাম। অথবা আমি ঈশ্বর হইতে অভেদ কি আমি ঈশ্বরাধীন। ঈশ্বর আমার পূজ্য ইত্যাদি অহঙ্কারের বিকারীভূত মানস অদৃষ্ট ঐ জীবের জন্মিল সেই অদৃষ্ট ইন্দ্রাদি কীট পর্য্যন্ত বিশিষ্ট শরীরগ্রহণের আর সুখদুঃখের কারণ হয়। তথা যোগবাশিষ্ঠে। স্বংস্বংভাবং বিদিত্বোচ্চৈ রূপ্য মস্তপদং স্থিতা। রূপং পরিমিতেবাসৌ ভাবয়ত্যবিভা বিতা। ভাবয়ন্তী চিতিশ্চৈত্যং ব্যতিরিক্ত মিবাত্মনঃ সং কল্পতা মিবায়াতি বীজমঙ্কুরতামিব। আর এমত ব্রহ্ম বৈবর্ত্তে ব্রহ্মখণ্ডে। ৫। ৬। এবং প্রকৃতিখণ্ডের। ৬। ২২।

।২৩। অধ্যায়ে বিস্তারিত উক্ত আছে যে যাঁহারা ঈশ্ব রকে অধিক সেবা স্তবাদি করিলেন তাঁহারা উত্তম হই লেন । ব্রহ্মবৈবর্ত্তে প্রকৃতিখণ্ডে। ৬ অধ্যায়ের শেষে । তপস্যা যাদৃশী যাসাং তাসাং তাদৃক্ ফলংমুনে। এবং কৃষ্ণস্য তপসা সর্ব্বদেবাশ্চ পূজিতাঃ। মুনযো মনবো ভূপা ব্রাহ্মণাশ্চৈব পূজিতাঃ ॥ আর ঐ অদৃষ্ট পূর্ব্ব নাথাকার প্রস্তাবে। যাজ্ঞবল্ক্যঃ। তত্রাত্মাহি স্বয়ং কিঞ্চিৎ কর্ম্ম কিঞ্চিৎ স্বভাবতঃ করোতি কিঞ্চিদভ্যাসাৎ ধর্ম্মাধর্ম্মো ভয়াত্মকং। এমতে শরীরগ্রহণ করিলেই জীবের জন্মা দিভান হয়। তথাচ নিমিত্ত মক্ষরঃকর্ত্তা বো। বুদ্ধ গুণী বশী অজঃ শরীরগ্রহণাৎ স জাত ইতি কীর্ত্ত্যতে। যদিবল ঈশ্বর কেন সৃষ্টিকরণে ইচ্ছা করিলেন। উত্তর। ঈশ্বরীয় ইচ্ছা অনির্বচনীয়া তথাচ বিষ্ণুপুরাণং। ক্রীড়িতো বালকস্যেব তস্যচেষ্টাং নিশাময়। এবং মার্কণ্ডেয় পুরাণং। অবুদ্ধিপূর্ব্বঃপ্রথমঃ প্রাদুর্ভূতস্তড়িৎ যথা। আর যোগবাশিষ্ঠেউৎপত্তি প্রকরণে দ্বাদশসর্গঃ। দৈবীকাঠিন মা য়েয়ং সংসারস্থিতিবোধণী মনোবিলাসসংসার ইতি যস্যাং প্রতীয়তে সর্ব্বশক্তে রনন্তস্য বিলাসোহি মনো জগৎ। ৮৯। এবং গীতায়াং দৈবীহ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া । দৈবী অকারণীভূতা ইত্যাদি দ্বারা ঈশ্বরের ইচ্ছা তর্ক্য নহে। দ্বিতীয় এই যে যাহার যে সম্পত্তি থাকে সে তাহা ব্যক্ত না করিয়াই থাকিতে পারেনা এইমত গুণবিকার। যথা ধনিলোকের ঐশ্বর্য্য

প্রকাশ ও গুণিলোকের গুণবিস্তার স্বতঃ সিদ্ধধর্ম্ম। তথাচ গুণাঃ স্বতঃপ্রবর্ত্তন্তে সেইন্যায় পরমেশ্বরে যে ঐশ্বর্য্য ইচ্ছা জ্ঞানাদিগুণসম্পত্তি আছে তাহারা আপনেই প্রকাশ পায় প্রয়োজন অপেক্ষা করেনা যেমন মণির জ্যোতিঃ আপনেই উদয়হয়। ইহাতে মোক্ষের অনুপপত্তিহইতে পারে এমত আশঙ্কানাই কেননা জ্ঞানগুণের প্রকাশেই মোক্ষরূপ স্বরূপাবস্থার প্রকাশ হয়। তথাপি পণ্ডিতেরা কহিয়াছেন যে এই সংসার অসার রূপদ্বারা প্রভুর ঐশ্বর্য্য বিস্তার। আর মনুষ্য জাতি রূপে প্রকৃত প্রভুত্ব সংস্থান প্রয়োজন হয় অতএব সর্ব্বমতেই অদৃষ্টের কারণতা আর পুণ্য পাপ সেই অদৃষ্টজন্মায় সুতরাং ঈশ্বর সেবাদি ব্যতীত পুণ্যনাই তথাচ গীতা। ১৮ অধ্যায়ে।যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদংততং স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ। এবং ঈশ্বরের আজ্ঞা কি শৃঙ্খলার লঙ্ঘন অথবা পরস্পর দ্রোহাদিতে পাপহইল। যথা ব্রহ্ম খণ্ডে। ২৪ অধ্যায়ে । বেদপ্রণিহিতো ধর্ম্মোহ্যধর্ম্ম স্তদ্বিপর্য্যয়ঃ । একারণ ঈশ্বরসেবার কর্ত্তব্যতা সিদ্ধ হইল। যদি কহ যে অবয়বী জন্তু অনেক আছে তাহারা সেবা করেনা বিষয়জ্ঞানজন্য সুখপায় আমরাও সেইরূপ রক্তমাংসাদিবিশিষ্ট বিষয়জ্ঞানীবটিতথাচদেবীমাহাত্ম্যং জ্ঞানিনো মনুজাঃসত্যং কিন্তু তে নহি কেবলং। যতোহি জ্ঞানিনঃ সর্ব্বে পশুপক্ষিমৃগাদয় ইত্যাদি। তবে কিকারণ আমাদিগের কর্ম্ম কর্ত্তব্য হইল। তাহার উত্তর এইযে

মনুষ্যেরমত অন্যজন্তুনহে কেননা আহারআদি সমস্ত কার্য্য সমান হইয়াও যে বিশেষধর্ম্ম মনুষ্যে আছে যথা সকলজীবের জীবনের প্রতি জনক জনন্যাদির আনুকূল্যা ধীনতাপেক্ষায় মনুষ্যের তাহাগৌরব আর অন্যান্য পশু সকল নিজ আহারার্থে তাহাদিগের স্বাভাবিকী বিবেচনা তেই দ্রব্যগুণ জানিয়া বিষাদিতে রুচি করেনা মনুষ্য তাদৃশ নহে বরং ইহারা স্বজাতীয় পরীক্ষিত বস্তুবিনা কোন রূপেই আহারাদিবিষয়ে নিশ্চিন্ত হইতে পারেনা তথাচ দৈবাৎ পরীক্ষা সহকার বিনা যদি বিষরনফলও বিষশাকাদি ভক্ষণকরে তবে তাহার তজ্জন্য প্রাণবিয়োগ হইলে জীবন পাননা কিন্তু তাহা অবগত হইলে অন্যে পরীক্ষিতবিবেচক হয় ইত্যাদি । এবং বিশেষ রূপে যে ব্যাপ্তিজ্ঞান মনুষ্যেতেই আছে তাহারমত অন্য জন্তুর নাই এই জ্ঞানের বিশেষ এই আমরা সামান্যজ্ঞান কহি ব্যাপ্তিদ্বারা অনুমান সিদ্ধ কহি। হকীমেরা তাহাকে কুল্লি কহে যদি বল যে কোথা সামান্য কুল্লিজ্ঞান। কোথা ব্যাপ্তি জ্ঞানউভয়ের মহদন্তর দেখি। তাহার উত্তর এই যেপর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ ইত্যাদি স্থলে যোযো ধূমবান্ সসবহ্নিমান্ ইত্যাদি যে গমক উদাহরণ সে সামান্য জ্ঞানাধীন জানিবা অতএব মনুষ্য কার্য্যদ্বারা কারণ অনুভব করিতে পারে যথা ঘটদ্বারা কুম্ভকারজ্ঞান, হয় এবং কারণদ্বারা কার্য্য জানিতে পারে যথা ফলোদ্দেশী হইয়া বীজবপন করাযায় এমত অন্যের নাই যথা বিশেষ কি জুজই জ্ঞান

বিশিষ্ট মৃগপক্ষি আদি আহার দেখিয়া তৎকারণ জালা দি বিস্তারকের অনুমান করিতে পারেনা বরং তাহারা অব্যবহিত কারণ দৃষ্টে কার্য্য জানিতে পারে যথা লোক দৃষ্টে দণ্ডপতন আর মনুষ্যালয়ে তণ্ডুলাদি সম্ভব আর সম বায়িকার্য্য দৃষ্টে কারণানুমান করিতে পারে যথা শৃগা লাদির ব্যাঘ্রগন্ধদ্বারা ব্যাঘ্রানুমান অথচ ব্যাঘ্রপাদচিহ্ন দ্বারাতে ব্যাঘ্রানুমান করিতে পারেনা ইত্যাদিরূপ। অতএব সেই সকল কারণ প্রযুক্ত অদৃষ্টজনিকা ক্রিয়া মনুষ্যে বর্ত্তিল। তথাহি ব্রহ্মবৈবর্ত্তে প্রকৃতি খণ্ডে ২৪ অধ্যায়ে। নরশ্চ কর্ম্মজনকো নসর্ব্বে জীবিনঃ সতি ।। আর ও দেখ যেমন মনুষ্যসকলে অন্যান্য জন্তুসকলের উপর পরাক্রম করে। তাদৃশ কোনজীব এই মনুষ্যেরউপর করিতে পারে না। যথা মনুষ্যের ভক্ষ্যাদি মৎস্যাদিকে গভীর জল হইতে এবং আকাশস্থ পক্ষী ও গহনকাননবাসিমৃগাদিকে জাল ও বড়শী প্রভৃতিদ্বারা কৌশলে আক্রমণ করিয়া স্বকা র্য্যসাধন করিতেছে এমত প্রকারে ঐ সকল মীন ও কুম্ভীর ও কাকগৃধ্র ও ব্যাঘ্র ওশৃগালাদির ভক্ষ্য হইলে ও মনুষ্য কে তাহারা কৌশলে আক্রমণ করিতে পারেনা যদি বল যে ঐ সকলজন্তুর স্বাভাবিকী দন্তনখাদিসামর্থ্যের প্রচুরতা প্রযুক্ত স্বস্বকার্য্যসাধনে জালাদিব্যাজবুদ্ধিকৌশ লের আবশ্যক রাখে না। উত্তর এমতে বিবেচ্য হইতে পারে যেঐ সকল জন্তু অপেক্ষায় মনুষ্যদুর্ব্বল ও দুর্ব্বলাঙ্গ হইয়াও যে ইহারা তাহাদিগকে অর্থাৎ তিমীমৎস্য ও

হস্ত্যাদি মহাপরাক্রমশালি জীবকে আক্রমণ করেও তাহা কেবল বুদ্ধিকৌশল বিনা নহে অর্থাৎ অন্য জন্তুরা মনুষ্যকে বুদ্ধিদ্বারা কোনমতেই কখনও আক্রমণ করিতে পারেনা তবেই অন্যান্য জন্তু হইতে মনুষ্যের বিশেষ বুদ্ধি প্রযুক্ত বিশেষপরাক্রমসিদ্ধি আছে ইহাতে সামান্য জীব হইতে মনুষ্যের বিশেষকার্য্য স্বীকার্য্য হইল । এমতে মনুষ্যের ঈশ্বরআরাধনারূপ কর্ম্মবিষয়ে শ্রীমৎভাগবতং । যথা । কস্তামনাদৃত্য পরানুচিন্তামৃতে পশূনসতীং নাম কুর্য্যাৎ । পশ্যন্ জনং পতিতং বৈতরণ্যাং স্বকর্ম্মজান্ পরিতাপান্ জুষাণং ইতি ॥

। ৩ । অস্মদ্বচনং । হে অবহুজ্ঞ তুমি কি কিছুই বুঝনা যে মহাবিজ্ঞ বিষয়তৃষ্ণা ও ইন্দ্রিয়বিষয়ভোগে এমত ব্যগ্র ও আসক্ত যে তাহার ঈশ্বরসেবার অবকাশ মাত্র নাহি । অধিকঞ্চ তিনি বুঝিলেন যেগবাদি পশুর ন্যায় আহারাদিকার্য্য না করিলেই হয়না তাহাতে মনুষ্যের বিশেষ কার্য্যস্বীকারে প্রয়োজন কি বরং তাহাতে বিষয়ভোগের অল্পতাই ঘটে । সেত মহাবিজ্ঞের মত নহে কেননা অন্য পশুহইতে তাহার বিশেষকি । তথাচ । অহিতহিতবিচারশূন্যবুদ্ধেঃ শ্রুতিসময়ৈর্বহুভির্বহিষ্কৃতস্য । উদরভরণ মাত্র কেবলেচ্ছোঃ পুরুষপশোঃ পশোশ্চকো বিশেষঃ ইতি ॥

। ৪ । মহাবিজ্ঞ কহেন যে যেব্রহ্ম সেই জীব এবং

ইচ্ছা ওবিষয় তাহাতে কিছু ভেদনাহি তবে আমাদিগের বিষয়চেষ্টাকরার প্রয়োজন কি॥

।৪। অবহুক্ত কহিতেছেন যে এবড়ই আশ্চর্য্য কথা কেননা যদি জীব ওব্রহ্মওবিষয় সকলি একহয় তবে তুমি সুখী ও দুখীনহ এবং এমত বুদ্ধিও নাহি তবে উত্তম করিব অধম খাইবনা সুখী হইব দুঃখ সহিব না এমত বুদ্ধি কেন কর। যদি এমত কর তবে সুতরাং অহঙ্কার আছে। তথাহি। প্রকৃতেঃ ক্রিয়মানানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ অহ ঙ্কারবিমূঢ়াত্মাকর্ত্তাহমিতি মন্যতে। তথাচ বৃহন্নারদী য়ে। আত্মনো দ্বিবিধংপ্রাহুঃ পরাপরবিভেদতঃ। দ্বে ব্রহ্মণী বেদিতব্যে ইতি চাথর্ব্বণীশ্রুতিঃ। পরস্তু নির্গুণঃ প্রো ক্তোঽহঙ্কারযুতোঽপরঃ। তবেই চেষ্টা করিতে হয় যখন অহঙ্কার লোপ হয় তখন জীব মুক্তহয় তাহার প্রমাণ বেদা ন্তাদিগ্রন্থে এবং বৃহন্নারদীয়ে। ৩১ অধ্যায়ে। যদাত্মভেদ বিজ্ঞানংজীবাত্মপরমাত্মনোঃ। ভবেত্তদা মুনিশ্রেষ্ঠাঃপাশচ্ছে দো ভবিষ্যতি। আর যে জ্ঞানে ঐ অহঙ্কারকে নষ্ট করে সেই ব্রহ্মজ্ঞান এমত জ্ঞান হইলে সুখদুঃখ অনুভব থাকে না তাহার নিদর্শন এই যে ভেদভ্রান্তিজ্ঞানাধীন সুখদুঃখ তথাচ। ভ্রান্তিজ্ঞানবত্ত্বং পুরুষত্বং। নত্তবা বস্তুতে সুখ দুঃখ নাহি যেমন একচটে শয়নকরিয়া কেহ সুখী হয় সেই চটে শয়নকরিয়া অন্যে দুঃখী হয়। যেমন এক সুকটা খা ইয়া একজন সুখীহয় অন্যজন তাহা খাইয়া দুঃখী হয়।

তথাচ বিষ্ণুপুরাণং দ্বিতীয়াংশে ষষ্ঠাধ্যায়ে। মনঃপ্রীতিকরঃস্বর্গো নরক স্তদ্বিপর্য্যয়ঃ। নরকস্বর্গসংজ্ঞে বৈ পাপ পুণ্যে দ্বিজোত্তম। বস্ত্বেকমেব দুঃখায় সুখায়ের্ষোদ্ভবায়চ। কোপায়চ যতস্তস্মাৎ বস্তুবস্ত্বাত্মকং কুতঃ। তদেব প্রীতয়ে ভূত্বা পুনর্দুঃখায় জায়তে। তস্মাৎ দুঃখাত্মকং নাস্তি নচকিঞ্চিৎ সুখাত্মকং। মনসঃ পরিনামোহয়ং। সুখ দুঃখাদিলক্ষণঃ। এবং বেদান্তে। ২। ৩। ৪৩। কৃতপ্রযত্নাপেক্ষ স্তু রহিতপ্রতিসিদ্ধা বৈয়র্থাদিভ্যঃ। এইমত শোকও মমতা জন্যমাত্র জানিবা। যথা প্রবোধচন্দ্রোদয়ে পঞ্চমাঙ্কে। মার্কণ্ডেয় পুরাণং মার্জ্জারভক্ষিতেদুঃখং যাদৃশং গৃহকুক্কুটে। নতাদৃও মমতাশূন্যে কলবিঙ্কে হথ মূষিকে। যদিবল ঈশ্বর রোগ শোকাদি দুঃখ কেন করিলেন যেহেতুক পরমেশ্বরকর্ত্তা তাঁহার সমস্তই সুখময় করিতে বাধা কি ছিল। উত্তর। যদি ঈশ্বর দুঃখ না করিতেন তবে সুখানুভব কিমতে হইত। অতএব মনুঃ। কর্ম্মণাঞ্চ বিবেকাথং ধর্ম্মাধর্ম্মৌ ব্যবেচয়ৎ। দ্বন্দ্বৈর যোজয়চ্চেমাঃ সুখদুঃখাদিভিঃ প্রজাঃ॥ কিঞ্চ। অপ্রার্থিতানি দুঃখানি যথেবায়ান্তি দেহিনাং। সুখান্যপি তথা মন্যে দৈবমত্রাতিরিচ্যতে। অতএব সকল বস্তুই ঈশ্বর ইহা জ্ঞান হইলে বাসনাজন্য সুখদুঃখ থাকে না। যথা। যদাসমস্তদেহেষু পুমানেকো ব্যবস্থিতঃ। তদাহি কো ভবান্ কোহমিত্যেতৎ বিফলং বচঃ। সিত নীলাদিভেদেন যথৈকং দৃশ্যতে নভঃ। ভ্রান্তিদৃষ্টিভিরাত্মাপি তথৈকঃ সন্ পৃথক্ পৃথক্॥ এবং যোগবাশিষ্ঠে।

নেহং কর্ত্তানভোক্তাস্তি দৃষ্ট্যানষ্টকলঙ্কয়া। বহবশ্চেহ কর্ত্তা রো দৃষ্ট্যাদৃষ্টকলঙ্কয়া। ব্রহ্মবৈবর্ত্তে ব্রহ্মখণ্ডে১২ অধ্যায়ে। তাবৎ পত্নী সুতস্তাবৎ তাবদৈশ্বর্য্য মীপ্সিতং। সুখং দুঃখং নৃণাং তাবৎ যাবৎকৃষ্ণে ন মানসং। একথা যুক্তি সিদ্ধও বটে যেহেতুক শরীর এবং জীব এদুয়ের কেহই দুঃখাদিভোগী নহে। তথাচ ভগবতীগীতা ১৬ অধ্যায়ে। পঞ্চভূতাত্মকো দেহো যুক্তো জীবো যতঃ স্বয়ং। বিচ্ছিদ্যমানে দেহেপি নাপকারোহস্যজায়তে। এমতস্থির হই লে প্রত্যক্ষ সুখদুঃখভোগী কে হয় এই সংশয় প্রযুক্ত। হিমালয়প্রশ্ন তদ্যথা। দেহস্যাপি নচেদ্দেবি জীবস্য পরমাত্মনঃ। অপকারোহত্রবিদ্যেত নৈতং দুঃখস্য ভাগিনৌ। তৎকথং জায়তে দুঃখং যৎসাক্ষাদনুভূয়তে। অন্যো বা কোস্তিদেহেস্মিন্ দুঃখভোক্তা মহেশ্বরি। তাহা তেই ভগবতী সুখদুঃখাদিঅনুভবের কারণ ভ্রমকে বলিয়াছেন। তথাহি। নৈব দুঃখংহি দেহস্য নাত্মনোপি পরাত্মনঃ। তথাপি জীবো নির্লেপো মোহিতো মমমায়য়া। সুখ্যহং দুঃখ্যহঞ্চেতি স্বয়মেবাভিমন্যতে। হন্তাচেন্মন্যতে হন্তুং হতশ্চেন্মন্যতে হতং। তাবুভৌ ভ্রান্তি হৃদয়ৌ নায়ং হন্তি নহন্যতে। তথাচ যোগবাশিষ্ঠে। অহোভ্রমময়ী দৃষ্টি জৃম্ভতেকাপি চেতসি। তদ্বশাদিদমাভোগি জগৎচক্রংপ্রবর্ত্ততে। যত্তুচিত্ত মতজ্জুত্ত্বং দুঃখিতং জীবউচ্যতে। সুখ দুঃখাদ্যবষ্টব্ধ মস্মীত্যেব বিনিশ্চয়ং। সুখদুঃখ কলাস্পন্দো বন্ধোজীবস্যনেতরঃ। তদভাবোহিমোক্ষঃস্যাদিতিদ্বেধা ব্যব

স্থিতং ইত্যাদি। যদি কহ যে ঈশ্বর সর্ব্বরূপী ইহাতে নানারূপে দুঃখভোক্তা কেন হইলেন। উত্তর। রাজস তামস গুণাক্রান্তভাবে তাদৃশঅবস্থা। তথাচ যাজ্ঞবল্ক্যঃ। যদ্যেবং স কথং ব্রহ্মন্ পাপযোনিষু জায়তে। ঈশ্বরঃ স কথংভাবৈ রনিষ্টৈঃ সংপ্রযুজ্যতে। করণৈ রন্বিত স্যাপি পূর্ব্বভাবং কথঞ্চন। বেত্তি সর্ব্বগভাং কস্মাৎ সর্ব্বগোপি নবেদনাং। এই রূপ প্রশ্নে উত্তর করেণ যে। রজসা তমসাচৈব সমাবিষ্টো ভ্রমন্নিহ। ভাবৈরনিষ্টৈঃ সংযুক্তঃসংসারং প্রতিপদ্যতে। ইহা যুক্তিতেও পাওয়া যায় যে আত্মকার্য্যসিদ্ধিতে ছোটবড় কোন ব্যক্তিই মানাপমানও সুখদুঃখ গ্রহ করেনা কার্য্যমাত্র সাধনীয় হয়। দেখ যদি কোন দরিদ্রব্যক্তি নিজগৃহকর্ম্মে ব্যগ্র হয় তখন স্তম্ভাভাবে স্বয়ং স্তম্ভন্যায় হইয়া মস্তক কি হস্তদ্বারা কোন আচ্ছাদনস্তম্ভেরকার্য্য করে এবং মৃত্তিকা খনন করত খন্তার অভাবে স্বয়ং হস্তদ্বারা খনন কার্য্যনির্ব্বাহকরে আর রজ্জু অভাবে হস্তদ্বারা আকর্ষণ করিয়া থাকে আরএইস্তম্ভও খন্তাওরজ্জু প্রাপ্তহইলেতাহাদ্বারা সেইং কার্য্যনিষ্পন্নকরে। এমতে রাজা প্রভৃতি ধনবান্ লোকে অত্যুগ্র যে ব্যাপার স্বয়ং কর্ত্তব্য তাহা সমস্ত ধনপ্রয়োগে আত্মপ্রতিনিধি লোকদ্বারা পৃথক পৃথক্ উপাধি মর্য্যাদাভেদে গ্রাম্যশাসন অবধি মন্ত্রিত্বপর্য্যন্ত নিষ্পত্তি করিয়াথাকেন প্রতিনিধিঅভাবে আপনিই তাঁহাকারিয়াথাকেন। তবে এই বিবেচ্য যে এখানে ভিন্ন ২ পদার্থ ও পদার্থগুণ ও ব্যক্তিভেদ আছে

এমতে ইহাহয় কিন্তু সৃষ্টিকালে পরমেশ্বরবিনা অন্যকোন পদার্থ ছিলনা এপ্রযুক্ত যেমন মাকড়শা কীট স্বদেহ হইতে নানা জাল সৃষ্টিকরে সেই মত তিনি সংকল্পদ্বারা। স্বয়ং সর্ব্বময়রূপে প্রকাশ পাইলেন সুতরাং আমি তুমি ইত্যাদি নানা ব্যক্তি ও কুক্কুর কৃমি প্রভৃতি উপাধি ভেদে নানাভোগ ও ব্যাপারসাধনেরকারণহইয়াছেন তবে ঈশ্বরাতিরিক্তকি আছে কেবল উপাধি অহঙ্কার মাত্রভিন্নং বোধ হয় যদ্দ্বারা এই জগৎ দৃশ্য হইতেছে এবং ক্ষুদ্র দেহাভিমানপরিত্যাগপূর্ব্বক আত্মগতমাহাত্ম্যবোধকরি লেই দৃশ্যবস্তুর স্বপ্নসৃষ্টিবৎ মর্ম্মও আত্মনিষ্ঠমহাব্যাপারা ত্মক ব্যাপকতা সুলভ হয়। তথাচ যোগবাশিষ্ঠে। ব্রহ্মাহং জগতঃ স্রষ্টা ভর্ত্তা ভোক্তা মহেশ্বরঃ। লোকপালপুরৈঃ সার্দ্ধং ভুবনানি চতুর্দ্দশ॥ নির্ম্মিতানি ময়ৈতানি তেষা মন্তরহং স্থিতঃ। অতএব অহঙ্কারী আত্ম সুখদুঃখভোগী স্বকীয় মাহাত্মজ্ঞ পুরুষ নির্লিপ্ত স্বপ্নবৎক্রীডামাত্র স্থায়ী তথাচ। পলায়তে যঃ পুরুষঃ স্বাত্মানং প্রহরন্ স্বয়ং। স্বৰা সনাপ্রহারেভ্যস্তৎ ভ্রান্ত্যতিমনঃ স্বয়ং। অহংযত্রকরোগাত্তি সমগ্রং জাগতংভ্রমং। রাগদ্বেষক্রমস্তত্রকুতোন্য স্যাপ্য সম্ভবাৎ॥ এমতে আমরাও স্বপ্নপ্রাপ্তসুখানুমানে এসুখ দুঃখকে ভ্রান্তি জন্য মাত্র জানিতে সক্তহইতে পারি যদিবস্তু বিচারএবং জ্ঞানবিশেষ লাভ হয়। তথাচ যোগবাশিষ্ঠে। মনশ্চঞ্চলতা যৈবা স্ববিদ্যা রাম নোচ্যতে। তামেব

বাসনানাম্নীং বিচারেণ বিনাশয় । শাস্ত্রবৈরাগ্যামলয়া ধিয়া পরমভূতয়া । কর্ত্তব্যঃ কারণজ্ঞেন বিচারোহনিশ মাত্মনঃ ॥ বিচারাৎ তীক্ষ্ণতামেত্যধীঃ পশ্যতি পরং পদং । দীর্ঘসংসাররোগস্য বিচারোহি মহৌষধং ॥ কোহহং কথময়ং দোষঃ সংসারাখ্য উপাগতঃ । ন্যায়েনেতি পরামর্শো বিচার ইতি কথ্যতে ॥ যদিস্যাৎ কহযে স্বপ্নে ভ্রান্তিমাত্রপ্রবোধক কেহ থাকেনা এস্থানে বেদাদি প্রবো ধক সত্ত্বে কেন সুখ দুঃখ অনুভব হয় । তাহার উত্তর এইযে মহাভ্রান্তি হইলে প্রবোধ সত্ত্বেও ঐ অনুভবের বাধা করিতে পারেনা যেমন দিগ্‌ভ্রমে পূর্ব্বদিগে সূর্য্য উদয় হওয়াতেও সে দিগ্‌কে পশ্চিম জ্ঞান করে তাহা কোন মতে কারণ শতে ও দূরহয়না এবং সূর্য্য কখন উচ্চনীচস্থ নহেন ত থাপি প্রাতর্মধ্যাহ্ন সায়ংকালে লোকের তাদৃশ জ্ঞান কোন প্রকারে নাশপায়না সেইমত আমরা ভ্রান্ত ও জ্ঞান হীন হইয়া সুখ দুঃখ অনুভব করি তবে কেন চেষ্টা কারি বনা যদি ঐক্য বুদ্ধি হয় তবে সকলি এক দেখা যায় । তথা চ যোগঃ । ব্রহ্মৈব ভূরি ভুবন ভ্রমবিভ্রমৌঘৈ রিত্থং স্থিতং সম মনেকতয়ৈক মেব । আর যদি ভেদদেখা যায় তবে প্রত্যেকের রক্ষণাবেক্ষণ আবশ্যক হয় ভ্রমজ্ঞানবশাৎ আ মাতে তোমাতেব্রহ্মবিভক্তরূপে আছেন যদি ঐক্যজ্ঞান হয় ও তবে ভয় ও চিত্তচাঞ্চল্যাদিথাকে না । তথাহি । যোগ বাশিষ্ঠে । তাবৎ নিশীথ বেতালাবল্গন্তি হৃদি বাসনাঃ ।এক তত্ত্ব দৃঢ়াভ্যাসাৎ যাবন্নবিজিতং মনঃ । সর্ব্বং ব্রহ্মেতি

যস্যাস্ত ভাবনা সোহি মুক্তিভাক্ । ভেদদৃষ্টি রবিদ্যে য়ং সর্ব্বথা তাংবিবর্জ্জয়েৎ । একং ব্রহ্ম চিদাকাশং সর্ব্বাত্মক মখণ্ডিতং । ইতি ভাবয় যত্নেন চেতশ্চাঞ্চল্য শান্তয়ে ॥ এতস্মাৎ সর্ব্বগাৎ দেবাৎ সর্ব্বশক্তে র্মহাত্মনঃ । বিভাগকলনাশক্তি র্লহরীবোপ্থিতাত্মনঃ । চিত্তমেবেহ পুরুষ স্তৎকৃতং কৃত মুচ্যতে । মনোহি জীবনা জ্জীবো নিশ্চয়কতয়া তু ধীঃ । অহঙ্কারাভিমনতৃত্বাৎ নানাতাং স্বয়মেতিহি । এবং প্রবোধচন্দ্রোদয়ে পঞ্চমাঙ্কে সরস্বতী মনকে কহিয়াছেন যে । ত্বৎসঙ্গাৎ শাশ্বতোপি প্রভবলয়জরোগপ্লুতোবুদ্ধি বৃত্তি স্ত্বেকো নানেব দেবো রবি রিবজলধে বীচিষু ব্যস্তমূর্ত্তিঃ । তৃষ্ণী মাসস্বমেচেৎ কথমপি বিরতো বৎস সংহৃত্যবৃত্তীর্ভীত্যা দর্শে প্রসন্নে রবিরিব সহজানন্দ সান্দ্র স্তদাত্মা ॥ তথা যোগবাশিষ্ঠে । দ্রষ্টা হস্তা ত্মাতা যত্র স্বরতা নাস্তি কাচন ভূমি ষট্ক চিরাভ্যাসাৎ ভেদ স্যানুপলম্ভতঃ । জীবন্মুক্তা নমজ্জন্তি সুখদুঃখ রসস্থিতৌ ॥ সংকল্প সংক্ষয়বশাৎ গলিতে তু চিত্তে সংসারমোহমিহিকা গলিতা ভবন্তি । স্ফুটং বিভাতি শরদীবখমাগতায়াং চিন্মাত্র মেক মজমাদ্য মনন্তমন্তঃ । যদি কেহ নাদী পর্ব্বতবৃক্ষ জন্তু প্রভৃতিকে ভিন্নং বোধ না করিয়া কিমতে এক জানাযায় । তাহার উত্তর এই যে নখ চর্ম্মাদিবৎ এক দেহরূপ জ্ঞান হওয়া কঠিন নহে । তথাচ কালিকাপুরাণে১১ অধ্যায়ে । ভগবদুক্তং । শিরোগ্রীবাদি ভেদেন যথৈ কস্যৈব ধর্ম্মিণঃ । অংশা ইমে তথৈ

কস্য তাপত্রয়মিদংহর। তথা শ্রীমৎভাগবতে চতুর্থস্কন্ধে সপ্তমাধ্যায়ে। যথাপুমান্নথাঙ্গেষু শিরঃপাণ্যাদিষু ক্বচিৎ। পারক্যবুদ্ধিং কুরুতেএবং ভূতেষু মৎপরঃ। ত্রয়াণামেক ভাবানাং যো ন পশ্যতি বৈভিদাংসর্ব্বভূতাত্মনাং ব্রহ্মন্ স শান্তিমধিগচ্ছতি॥ মনুশ্চ। সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতা নি চাত্মনি। সমংপশ্যন্নাত্মযাজী স্বারাজ্যমধিগছতি॥ বিশেষতঃ কিঞ্চিৎ মনোযোগ করিলেই জানিতে পারা যায় যে জগৎসংসারে কোন বস্তুই স্বতন্ত্র অনুভব হয় না। দেখ তৃণাদি যেমন ভূমি জল তেজো বায়ু ও আকাশা দির ক্ষণে২ সংসর্গ ব্যতিরেকে নিমেষমাত্র স্বরূপাবস্থাতে থাকিতে পারে না তাদৃশ এই মনুষ্যাদি প্রধান২ অবয়বি সকল জ্ঞানহয়। যদি ইহারা পরস্পর স্বতন্ত্র হয় তবে এতাদৃশ সাপেক্ষাবলম্বনের হেতুকি। অতএব যাজ্ঞবল্ক্যঃ। কথমেতৎ বিমুহ্যামঃ সদেবাঃ সুরমানবং। জগদুদ্ভূতমা ত্মাচ কথংতস্মিন্ বদস্ব নঃ॥ শিষ্যকর্তৃক এই প্রশ্ন হইলে উত্তর দিলেন যে। মোহজাল মপাস্যেহ পুরুষো দৃশ্যতে হি যঃ। সহস্রু করপন্নেত্রঃ সূর্য্যবর্চ্চাঃ সহস্রুকঃ॥ স আত্মা চৈব যজ্ঞশ্চ বিশ্বরূপঃ প্রজাপতিঃ। বিরাজঃ সোঽন্নরূপেণ যজ্ঞত্বমুপগচ্ছতি ইত্যাদি॥ এইসকল উদ্দেশে আথলাকজলা লির প্রথম লামার তৃতীয়লমাতে কহিয়াছেন॥ অথবা আ ত্মবৎজ্ঞান একজ্ঞানহয়। তথাচ। আত্মবৎ সর্ব্বভূতেষু যঃ পশ্যতি স পণ্ডিতঃ। তথা যোগবাশিষ্ঠে। আত্মবৎ সর্ব্বভূতা

নি পরদ্রব্যানি লোষ্টুবৎ। স্বভাবাদেব ন ভয়াৎযঃ পশ্যতি সপশ্যতি ॥ আর ইতিহাসসমুচ্চয়ে ৪১ অধ্যায়ে উক্ত আছে যে। ঈশ্বরঃ সর্ব্বভূতেষু বসত্যেকো নিরঞ্জনঃ। তেন ব্যাপ্ত মিদং সর্ব্বং তন্ময়ত্বেন চিন্তয়ন্। ব্রহ্মণ্যবস্থিতো বিদ্বান্ ব্রহ্মাত্মকমিদং জগৎ। যেনেদং ব্রহ্ম বিজ্ঞাতং স তস্মিন্ ব্রহ্মণি স্থিতঃ। ইত্যাদি প্রকারকজ্ঞান ঐক্য বোধক হয়। যদিকহ যে সকল একজ্ঞান হইলে সুখ দুঃখ অনুভবনা থাকা কিমতে যুক্ত হয় যেহেতুক অগ্নির দাহিকা শক্তি ও অন্নের ক্ষুন্নিবারণতা জ্ঞানসাপেক্ষ নহে। উত্তর। জ্ঞানাধীন বস্তুগুনকুণ্ঠিত হয়না বটে কিন্তু জ্ঞানজন্য ভাবি দুঃখ নাশ হয়। তথাচ যোগসূত্রং। হেয়ং দুঃখ মনাগতং। এই বিচারে সাংখ্যদর্শনে ত্রিবিধ দুঃখবিবেচনাতে আধি দৈবিক আধিভৌতিক আধ্যাত্মিক দুঃখমধ্যে মানস দুঃখ যাহা সর্ব্বাপেক্ষা গুরু তাহারই উপশম জ্ঞানজন্য বলিয়াছেন। কেননা সেই মানসদুঃখ কেবল রাগদ্বেষাদি জন্য মাত্র সুতরাং মহামোহ হেতুক ভেদ জ্ঞানাধীন রাগদ্বেষ থাকিলে অবশ্য উত্তমচেষ্টার প্রবৃত্তি আর অধমানুষ্ঠানের নিবৃত্তি করিতে হয়। তথাচ যোগবাশিষ্ঠে। শুভাশুভাভ্যাং মার্গাভ্যাংবহন্তী বাসনা সরিৎ। পৌরুষেণ প্রযত্নেন যোজনীয়া শুভে পথি ॥ এই চেষ্টা বিচারে মৌলবি রুম কহিয়াছেন যে ঈশ্বর কার্য্যোপদেশের প্রতি বাক্য প্রযোগকরণরূপ অপগামতা স্বীকার নারুমিররাউগাকরণদ্বারা লোকদিগকে অভীষ্ট ব্যাপারে নিযুক্ত করার ইঙ্গিত করি

য়াছেন। যেমন কোন লোক ভৃত্যকে মৃত্তিকা খনন ব্যাপারে বাক্যদ্বারা আজ্ঞা না করিয়া এক খানি কোদাল হস্তে দিয়া খনন যোগ্য গর্ত্তাদিতে প্রবেশ করায় তন্ন্যায় জানিবা। আর ঈশ্বর যদি লোকের চেষ্টার প্রতি অভিপ্রায় না করিতেন তবে এরূপ বুদ্ধিও হস্তপদাদি দিতেন না ইতি ॥

। ৪। অস্মদ্বচনং হেঅবহুজ্ঞ শান্ত হও যেহেতুক জীব আর ঈশ্বরের ভেদ ও অভেদ বিচার এমত ঘোরাল যে মহা বিজ্ঞের বুদ্ধি তাহাতে কোনমতে প্রবেশ করিতে সক্ত নহে বিশেষতঃ তাহার রাগদ্বেষ এত যে তাহারইপোষকতাতে তিনিসর্ব্বদা উদ্যোগা থাকেন ইহাতে তোমার কথা শ্রবনে অবকাশ মাত্র নাহি ॥

। ৫। মহাবিজ্ঞ কহেন যে ক্রিয়া অমূর্ত্তা সুতরাং কি রূপে ফল দেয় যদি জন্মান্তরে ফলদা হয়এমত কহ তাহাও সম্ভবনহে কেননা যখনকার ক্রিয়া তখনি লোপপায় অত এব জন্মান্তরও অনুভব হয় না ইতি ॥

। ৫। অবহুজ্ঞ কহিতেছেন যে ক্রিয়াফল অঙ্গীকার না করে এমত চমৎকৃত ব্যক্তি কোথাও দেখিনাই কেননা যদি তোমাকে নির্ব্বোধ কহি কি তোমার সাক্ষাতে উলঙ্গ হই তবে তুমি ক্রোধ কর তোমার চক্ষু আরক্ত হয় এবং রোমাঞ্চ হয় ও বুদ্ধিনাশ পায় যদি ক্রিয়াতে কিছু ফল না করে তবে ইহা কে করে কেননা তোমাতে আমাতে স্পর্শ নাই এবং কোন দ্রব্যসংযোগও নাই তথাপি

আমার ক্রিয়ামাত্রেই তোমার এইবিকৃতাকৃতি ও বুদ্ধিলোপ হয়। এমতে মন্ত্রজপ ও যজ্ঞাদিরূপক্রিয়াফল সিদ্ধ হইল। আর অদ্য তোমার মস্তকে বিশেষ প্রহার করিলে রঙ্গপুর হইতে তাড়িত হইয়া যদি কলিকাতা পর্য্যন্তও যাও তথাপি দেশান্তরে কল্য তোমার শিরোবেদনাদি যে থাকে তাহার কারণ কি আঘাততৎক্ষণাৎ নষ্টহইয়াযায়বেদনাদেশান্তরও কালান্তরপর্য্যন্ত থাকে অতএবক্রিয়াফল কালান্তরে ভোগহয় এমত সিদ্ধ হইল। তথাচ ক্রিয়াপ্রতিপাদক শ্রুতিঃ। তরতিমৃত্যুং তরতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজতি ॥ আর মানসিকক্রিয়ারনিদর্শন দেখ যে মনেং যুবতী ধ্যান করিলে শরীরে বিকার জন্মে এবং স্বপ্নে রেতঃপতন কিমতে হয়। আর ভয়ানক বস্তুচিন্তাতে শরীরে রোমাঞ্চ হয় এবং অম্লচিন্তাতে দন্ত আরষ্ট বোধ হয়। এইরূপ সমস্তবিষয়ে অনুমান করিবা যে মানসিক ক্রিয়াও শুভা শুভ ফলজনিকা হয়। তথাচ মনুঃ ১২ অধ্যায়ে। শরীরজৈঃ কর্ম্মদোষৈ র্যাতি স্থাবরতাং নরঃ। বাচিকৈঃ পক্ষিমৃগতাং মানসৈরন্ত্যজাতিতাং ॥ এমতে ক্রিয়া ফলজনকতা অদৃষ্টদ্বারা কুসুমাঞ্জলিতে প্রথমস্তবকে উদয়নাচার্য্য কহেন যে। চিরধ্বস্তং ফলায়ালং ন কর্ম্মাতিশয়ংবিনা। সংভোগো নির্ব্বিশেষাণাংন ভূতৈঃ সংস্কৃতৈরপি ॥ এবং মীমাংসাদর্শনে ন্যায়মালাবিস্তারে দ্বিতীয়াধ্যায়ে। বিধিবাক্যপাদৈঃ সর্ব্বৈরপূর্ব্বং প্রতিপাদ্যতে ইত্যাদি উপক্রম করিয়া কহিয়াছেন যে। অপূর্ব্ব

সদসদ্ভাবসংশয়ে সতি নাস্তিতৎ। মানাভাবাৎ ফলং যাগাৎ সিদ্ধ্যেৎ শাস্ত্রপ্রমাণতঃ। ক্ষণিকস্য বিনষ্টস্য স্বর্গ হেতুত্বকল্পনং। বিরুদ্ধং মান্তরেণাতঃ শ্রেয়োংপূর্ব্বস্য কল্পনং। অবান্তরব্যাপৃতির্ব্বা শক্তির্ব্বা যাগজোচ্যতে। অপূর্ব্ব মিতি তদ্ভেদ প্রক্রিয়াতো ২ বগম্যতাং॥ তথা নব মাধ্যায়ে চতুর্থাধিকরণে। দেবঃ প্রযোজকো ২ পূর্ব্বং বাদ্যো ২স্যা ফলদত্বতঃ। নাবধেয়ে গুণো হ্যেষো ২ পূর্ব্ব স্য ফলতোচিতা॥ যদ্যপি এ দেহ ক্ষণিক হয় তথাপি মোক্ষ পর্য্যন্ত বুদ্ধিতত্ত্বাশ্রিত পূর্য্যষ্টক সূক্ষ্ম দেহ ভোগার্থ অবশ্যই থাকে। তথাচ সাংখ্যকৌমুদী। হেতুমৎ অনিত্য মব্যাপি সক্রিয় মনেকমাশ্রিতং লিঙ্গং। সাবয়বং পরতন্ত্রং ব্যক্তং বিপরীত মব্যক্তং। পূর্ব্বোৎ পন্নমশক্তং নিয়তং মহদাদি সূক্ষ্মপর্য্যন্তং। সংসরতি নিরুপভোগং ভাবৈর ধিবাসিতংলিঙ্গং॥ ৪০॥ তদ্যথা দশেন্দ্রিয় মনোংহংকার বুদ্ধিঃ এতেষাং সমুদায়ঃ সূক্ষ্মশরীরং লিঙ্গং। যদি ইহাতে সন্দেহ কর তবে সাংখ্যশাস্ত্রবিচারে সেই সূক্ষ্ম শরীর অর্থাৎ লিঙ্গশরীর তোমার মুখেই সংস্থাপন করিতে পারি। তথাচ যোগবাশিষ্ঠে। মনোভবতি শূন্যাত্মা বীজ সংকল্প শাখিনঃ। আতিবাহিক দেহোক্তিভাজনং তদ্বিদু র্বুধাঃ॥ অন্যচ্চ। একংমনঃ শরীরন্তু ক্ষিপ্রকারি চলং সদা। অকিঞ্চিৎকর মন্যত্তু শরীরং মাংসনির্ম্মিতং॥ সর্ব্ব এব জগত্যস্মিন্ দ্বিশরীরাঃ শরীরিণঃ। এবং এইযত জীব সুখদুঃখভোক্তা তাহারা কেহই এদেহে থাকিয়া এনত

প্রার্থনা করে না যে দুঃখ পায় আর অনেকেই খঞ্জ বামন আদি এবং মাতৃগর্ভস্থ মাত্রেই কেহ রাজা আদি অবস্থা প্রাপ্তে নানা দুঃখ ও সুখ আত্মকৃত যত্নানপেক্ষাতে যে প্রাপ্ত হয় তাহাই জন্মান্তরের প্রমাণ দেখা যায় তথাচ গৌতম সূত্রে তৃতীয়াধ্যায়ে ১৯ সূত্রং। পূর্ব্বাভ্যস্ত স্মৃত্যনুবন্ধাজ্জাতস্য হর্ষভয় শোকসম্প্রতিপত্তেঃ। আর ইংরাজ ও মোসলমান প্রভৃতি যে পরকাল মানে তাহারা কহে যে পাপ পুণ্যভোগার্থএকটা শরীর হয়। এমতহইলে পূর্ব্ব ২ জন্মের কর্ম্মভোগার্থ বর্ত্তমান দেহকে ভোগশরীর কেন মানাযাবে না কেননা যে ঈশ্বর মরণানন্তর কোনকালে পুনঃসচেতন শরীর দিয়া পাপপুণ্য ভোগ যোগ্যতা প্রদান করিতে পারেন তিনি কি প্রতিজন্মের অনুষ্ঠানে তাহা সফল করিতে ক্ষম নহেন। অপিচ জন্মান্তরপ্রমাণং গীতা বিষ্ণুশ্চ। বাসাংসি জীর্ণানি যথা বিহায় নবানি গৃহ্লাতি নরোহপরাণি। তথা শরীরাণি বিহায় জীর্ণান্যন্যানি সংযাতি নবানিদেহী॥জাতস্য চধ্রুবংমৃত্যুর্ধ্রুবংজন্মমৃতস্যচ॥ অন্যচ্চ প্রায়শ্চিত্তমিতাক্ষরায়াং যাজ্ঞবল্ক্যঃ। প্রতিজন্ম যদভ্যস্তং দানমধ্যয়নং তপঃ। তেনৈবাভ্যাসযোগেন তদেবাভ্যসতে পুনঃ॥ যদি বল যে নাভুক্তংক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপি। অবশ্য মেবভোক্তব্যংকৃতং কর্ম্ম শুভাশুভং॥ ইত্যাদি প্রমাণদ্বারা সতত সংসারে কর্ম্মের প্রবৃত্ততা এবং প্রাক্তনকর্ম্মে ভাবিকর্ম্মের প্রয়োজকতা হেতুক কোন সময়েই জীবের মুক্তি সম্ভব হইতে পারে

না। উত্তর যদ্যপি কর্ম্মভোগ সততই আছে এবংভোগ বিনা সাংসারিক জীবের কর্ম্মের নাশ নাই তথাপি মুমুক্ষু ব্যক্তি সকলের মুক্তি প্রয়োজক যে তত্ত্বজ্ঞান সেই জ্ঞানো দয়েকর্ম্মেরবিনাশ হয় তথাচ গীতা। যথৈধাংসি সমিদ্ধোঽ গ্নি র্ভস্মসাৎ কুরুতে ঽর্জ্জুন। জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্ম সাৎকুরুতে তথা ইত্যাদি ॥ অতএব যাঁহারা মুক্তি ইচ্ছা করেন তাঁহাদিগের তত্ত্বজ্ঞানোদয় পর্য্যন্তই সংসার আর তত্ত্বজ্ঞানোদয়ানন্তর কর্ম্ম নাশ প্রযুক্ত মুক্তি লাভ হয়। ইহাতে কহিতে পার যে যদি তত্ত্বজ্ঞানোদয়ে কর্ম্মনাশ হয় তবে জ্ঞানিদিগের কর্ম্মনাশ জন্য কর্ম্মঘটিত দেহনাশ ও তৎক্ষণাৎ হইতে পারে। উত্তর কর্ম্ম দুই প্রকার প্রারব্ধ আর অপ্রারব্ধ তাহাতে তত্ত্বজ্ঞানে অপ্রারব্ধ কর্ম্মের নাশ হয় প্রারব্ধ কর্ম্মের ভোগাবসানে নাশ হয় অতএব মাভুক্ত মিত্যাদি বচনের তাৎপর্য্য এই যে অজ্ঞানি বিষয়ি ব্যক্তি নিষ্ঠ যে কর্ম্ম আর জ্ঞানির প্রারব্ধ যে কর্ম্ম ও প্রায়শ্চিত্তাসম্ভব যে পাপ ইহা ভোগব্যতিরেকে সংস্কারাদিবৎ কালাদিতে নাশ হয় না। জ্ঞানাগ্নিইত্যাদিবাক্যের তাৎপর্য্য এই যে তত্ত্বজ্ঞানে অপ্রারব্ধ কর্ম্মকে নাশ করে। যদি কহ যে কর্ম্মে অপ্রবৃত্তি ও কর্ম্মানুষ্ঠান অকরণেই লোকের মুক্তি সম্ভব কেননা ক্রিয়াভাবে কর্ম্মাভাব ও কর্ম্মাভাবে ভোগাভাব সুতরাং কর্ম্মানুষ্ঠানাভাবে সহজেই ভোগাভাব হেতুক মুক্তিলাভ হইতে পারে। উত্তর ক্রিয়াভাব সংসারিজীবের কোনকালেই সম্ভব নাই যে কোন ভাবে

যে কোনকালে জীবের শারীরিক সত্তা আছে অবশ্যই তা হাতে ক্রিয়া থাকেই থাকে। তথাচ গীতা। শরীর যাত্রা পিচতে ন প্রসিদ্ধ্যেদকর্ম্মণঃ। এপ্রযুক্ত অসদনুষ্ঠাননিবৃত্তি আর সদনুষ্ঠানের প্রবৃত্তি আবশ্যক হইয়াছে। এমত সঙ্গতি ক্রমে স্বাভাবিক সতত কর্ম্মানুষ্ঠান সিদ্ধহইল যদি বল যে এসকলনিষেধ বিধিরযুক্তি সংসারিপক্ষেহয় যাহারা মুমুক্ষু তাহাদিগের ভাবিজ্ঞাননাশ্য কর্ম্মকরণে কিছু হানি নাই তাহার তিন কারণ। এক এই যে তাহার পাপপুণ্যক্রিয়া ফল তত্ত্বজ্ঞানেই নাশ হয়। দ্বিতীয় মরুভূমিতে বীজবপ নবৎ জ্ঞানবান ব্যক্তিতে কোন কর্ম্মফলই প্রবর্ত্ত হইতে পারে না। তৃতীয় এই যে স্বাভাবিক প্রবৃত্তিজন্য ক্রিয়ার মধ্যে অসৎক্রিয়ার নাশ্য ফলজন্য নরকাদির ভয়নাই তা হাতে নিবৃত্তির প্রয়োজন কি আর সৎক্রিয়ার নাশ্য ফল জন্য স্বর্গাদির বাঞ্ছা নাই তাহাতে প্রবৃত্তির প্রয়োজন কি। অপরঞ্চ পুণ্যজনক ব্যাপারে যত্নবান হইয়া সেইফল জ্ঞান দ্বারা নাশ করণাপেক্ষা পুণ্যানুষ্ঠান না করণেই জ্ঞানিদি গের উত্তম বোধ হয়। তথাচ। প্রক্ষালনাদ্ধিপঙ্কস্য দূরা দস্পার্শনং বরং ইত্যাদি ॥ উত্তর। যেমন কর্ম্মাসক্তদিগের সতত্তই অসৎকার্য্যে বিরাগ ও সৎকার্য্যে অনুরাগ থাকে তাদৃশ জ্ঞানিদিগেরও অত্যাবশ্যক, যেহেতুক পূর্ব্বউক্ত হ ইল যে শরীরিব্যক্তি কর্ম্ম না করিয়াই বাঁচে না তথাচ গীতা। কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈগু ণৈঃ অতএব শরীরিব্যক্তি ইচ্ছা না করিলেও প্রকৃতির গুণের

বলে অবশ হইয়া কর্ম্ম করিতে হয় সেই কর্ম্ম সদসৎ দুই প্রকার তাহার মধ্যে অসৎ কার্য্য সর্ব্বথা অকর্ত্তব্য তাহার কারণ ব্যক্তই আছে এবং নানাস্থানে উক্ত হইল বিশেষতঃ অসদনুষ্ঠানে যে সংসর্গদোষ হয় সেই কুসঙ্গ হইতে অসৎকার্য্যকর্ত্তার আত্মগত অনেক দোষ উপস্থিত হয় যে অবশেষে তিনি তাহার ইন্দ্রিয়বিষয়দোষপ্রাবল্য প্রযুক্ত জ্ঞানতিরোভাব হওয়াতে সমূলস্তু বিনশ্যতি এই রূপ দশাপ্রাপ্ত হন তথাচ মনুঃ । বলবানিন্দ্রিয়গ্রামো বিদ্বাংসমপি কর্ষতি । এবং গীতা । ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে । সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎক্রোধোভিজায়তে । ক্রোধাৎ ভবতি সংমোহঃ সংমোহাৎ স্মৃতিবিভ্রমঃ ॥ স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশো বুদ্ধি নাশাৎ প্রণশ্যতি ॥ অতএব কোন কালেই কোনপুরুষ কর্ত্তৃককুকার্য্য কর্ত্তব্য নহে কেননা অপকার্য্যে প্রবর্ত্ত জ্ঞানী ও অজ্ঞানী যে কোন ব্যক্তিই হউন ঐ অপকর্ম্মেরমাহাত্ম্যে তিনি স্বয়ং এবং তাহার সংসর্গী তাবৎ ব্যক্তিই ক্লেশ পান যদ্যপি অপকর্ম্মের ফল আদৌ কিঞ্চিৎ সুমিষ্ট বোধ হয় কিন্তু পরে তাহা মহাতিক্তগুহ অবশ্যই হয় । আর সৎকর্ম্মের অনুষ্ঠান সততই করা কর্ত্তব্য কেননা সৎকর্ম্মে প্রবর্ত্ত ব্যক্তির প্রায় অসৎকর্ম্মানুষ্ঠানের অবকাশ থাকেনা আর ঐ সৎকর্ম্মদ্বারা আত্মার ও আত্মসংসর্গিকলেবর সুখলাভ হয় । এবং জ্ঞানিদি

গের যোগাঙ্গস্বরূপ যে সৎকর্ম্ম তাহা কোন প্রকারেই ত্যজ্য নহে তথাচ সাংখ্যসূত্রং। তদ্বিস্মরণে ভেকীবৎ। অতএব জ্ঞানি অজ্ঞানি সর্ব্বসাধরণেরই নিত্য নৈমিত্তিক ও কাম্য সৎকর্ম্ম অবশ্য অনুষ্ঠেয় কিন্তু অজ্ঞানিরা কর্ম্ম ফলে আসক্ত আর জ্ঞানিরা অনাসক্ত বাস্তবিক কর্ম্ম পরিত্যাগ কোনকালেই যুক্তনহে তথাচ যোগবাশিষ্ঠে। বাহ্যবাহ্যকসম্বন্ধে সামান্যে সর্ব্বদেহিষু। যোগিনঃ সাবধানত্বং মন্তদর্চ্চন মাত্মনঃ। তবে কহিবা যে জ্ঞানি ব্যক্তির কর্ম্ম পরিত্যাগবিধি অনেক শাস্ত্রে আছে এবং ফলাসক্তবব্যতিরিক্ত ক্রিয়াকরণে জ্ঞানিদিগের প্রয়োজনাভাব। উত্তর যদ্যপি জ্ঞানিদিগের কর্ম্মনিষেধভান কুত্রাপি দৃষ্ট হয় তবে তাহার তাৎপর্য্য কেবল কর্ম্মফলত্যাগমাত্র জানিবা আর ইহার মীমাংসা গীতার ১৮ অধ্যায়ে সুন্দর রূপে আছে আর উপরেরউক্তন্যায়ে জ্ঞানিদিগের সৎক্রিয়ানুষ্ঠান অবশ্যই কর্ত্তব্য তথাচ গীতা। মা কর্ম্মফল হেতু র্ভূর্মাতে সঙ্গোস্ত্ব কর্ম্মণি॥ বিশেষতঃ কর্ম্মাকরণে দোষ উক্তআছেযথা। এবংপ্রবর্ত্তিতং চক্রংনানুবর্ত্তয়তীহ যঃ। অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘংপার্থ সজীবতি ইত্যদি। অতএব অনাশ্রিতকর্ম্ম ফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ। স সন্ন্যাসীচ যোগীচ ননিরগ্নি র্নচাক্রিয়ঃ॥ যদি বল যে এইমতে পুণ্যক্রিয়ার প্রতিষ্ঠা হইলেও পাপের বিষয়ে কিছু আপত্তি হইতে পারে যে যোগিদিগের প্রাণায়াম ও ইতরেরদিগের প্রায়শ্চিত্ত পাপক্ষয়েরউপায়আছে

বিশেষতঃ তীর্থস্নান ও ব্রাহ্মণের সন্ধ্যোপাসনা হেতুক সকল পাপ ধ্বংস হয় তবে আর পাপকরণে ভয়মাত্রও হইতে পারেনা। উত্তর আদৌ অজ্ঞান ও জ্ঞানকৃতভেদে পাপ দুই প্রকার হয় তাহাতে অজ্ঞানকৃতপাপ যথা সম্ভব প্রাণায়াম ও তীর্থযাত্রা ও বিষ্ণুস্মরণ ও সন্ধ্যোপাসনাদিরূপ অনুকল্পিকপ্রায়শ্চিত্তাদি দ্বারা নাশ্য হয়। পুনঃ জ্ঞানকৃতপাপ ও দুই প্রকার পাপাচরণ মাত্রবোধানন্তর যে পাপকৃত হয় তাহাও অবশ্য মহাক্লেশসাধ্যপ্রায়শ্চিত্তাদিনাশ্য হয়। আর যে পাপ প্রারব্ধ হয় এবং প্রায়শ্চিত্ত পরামর্শ ঘটিত যে পাপ অর্থাৎ যখন কেহ এমত নিশ্চয়বুদ্ধিতে পাপ করে যে এই পাপের অমুক প্রায়শ্চিত্ত সুসাধ্য অতএব এই পাপকরণানন্তর আমি সেই প্রায়শ্চিত্ত করিয়া শুদ্ধ হইব এমত পাপ সম্বন্ধে নিতান্তপাপসন্তাপঘটিত চিত্তাক্ষেপ পূর্ব্বক পাপমতিত্যাগানন্তর শান্তিপ্রাচূর্য্যধর্ম্মাভিরততা এবং প্রাণান্তরূপ প্রায়শ্চিত্তবিনা সাধারণ প্রায়শ্চিত্ত অসম্ভব। যথা। কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতি রিত্যাদি স্কন্দপুরাণোক্তবৎ। তথাচ গীতাটীকাধৃত বচনং। যথা। প্রায়শ্চিত্তমকুর্ব্বাণাঃ পাপেষুভিরতা নরাঃ। অপশ্চাত্তাপিনঃ পাপা নিরয়ান্ যান্তি দারুণান্॥ এবং প্রসঙ্গ প্রকরণে। সত্য মুক্ত্বাতু বিপ্রেষু বিকিরেৎ যবসংগবাং। তত্র সত্য মিত নাহ মেতৎ পাপং করিষ্যামি ইতি রঘুনন্দনেন প্রায়শ্চিত্ততত্ত্বে লিখিতং। অতএব পুনঃ পাপাকরণ

প্রতিজ্ঞাসঞ্চিতপাপক্ষয়ার্থ প্রায়শ্চিত্তের প্রয়োজক হয়। এবং শোষণেন শরীরস্য ইত্যাদি যমবচন হেতুক শরীর শোষণাদিও কারণ বটে। যদি বল যে ঐ যমবচনে আছে যে শোষণেন শরীরস্য তপসাধ্যয়নেনচ। পাপকৃৎ মুচ্যতে পাপাৎ দানেনচ দমেনচ॥ অতএব কিঞ্চিৎ দানাদিতেও পাপনাশ হইতে পারে। উত্তর শরীরশোষণরূপ মহাক্লেশের সাহচর্য্যপ্রযুক্ত পাপক্ষয়কারণ যে দান তাহা সর্ব্বস্বদান বোধ হয় তথাচ ভবিষ্যপুরাণং। অল্পসাধ্যেপি দুঃসাধ্যং শ্রাবয়েৎ সততংজনে। যথা পাপে ন বর্ত্তেত প্রায়শ্চিত্তভয়াদিহ। ননির্দ্দিশে দল্পসাধ্যং প্রায়শ্চিত্তং নরে বুধ ইত্যাদি ॥ সুতরাংসেই পাপ উৎকট হইলে ইহকালে এবং অনুৎকট হইলে কিম্বা বিশিষ্ট প্রতিবন্ধকসত্ত্বে কাহার পরকালে ভোগনাশ্যই হয় এমতে মাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্প কোটিশতৈ রপি ইত্যাদি অনুভবের বিষয় হয়। যদিবল জ্ঞানাজ্ঞানকৃতং পাপং হর দেবি হরপ্রিয়ে ইতি। গঙ্গায়াং মৌষলং স্নানং মহাপাতকনাশনং ইত্যাদিবচনদ্বারা জ্ঞানাজ্ঞানকৃত সকল পাপ ঈশ্বরস্মরণ ও গঙ্গাস্নানাদিনাশ্য বোধ হয়। উত্তর ঈশ্বর ওগঙ্গাদির মাহাত্ম্যদ্বারা যথার্থ জ্ঞানবানের অপ্রারব্ধ তাদৃশ পাপক্ষয়সম্ভব ফলতঃ এতাদৃশ জ্ঞানবান্পুরুষের প্রায়শ্চিত্তপরামর্শঘটিত পাপ কদাচিৎও সম্ভব নহে। আর এতাদৃশ পাপকারিঅসংযতপুরুষের ঈশ্বরাদিজ্ঞান যথার্থরূপে ঘটনের সম্ভবনাই সুতরাং

বাহ্যাভ্যন্তরঅসংযতব্যক্তির তীর্থফললাভও অসম্ভব তথাহি । যস্য হস্তৌচ পাদৌচ মনশ্চৈব সুসংযতং । বিদ্যা তপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফল মশ্নুতে ।। তবে বলিতে পার যে । স্নানমাত্রেণ গঙ্গায়াং পাপং ব্রহ্মবধাদিকং দুরাধর্ষং কথং যাতি চিন্তয়েৎ যো বদেদপি । তস্যাহং প্রদদে পাপং কোটিব্রহ্মবধোদ্ভবং ॥ ইত্যাদিবচন হেতুক গঙ্গাস্নাননাশ্য নাহয় এমত পাপই অসম্ভব । উত্তর পূর্ব্বোক্ত চিত্তাক্ষেপাদিঘটিত উৎকণ্ঠিতমনস্ক গঙ্গামাহাত্ম্যজ্ঞ ব্যক্তির নিঃসংশয়পূর্ব্বক যথোক্ততীর্থ যাত্রানুষ্ঠানকরতঃ তাদৃশ নিষ্কৃতি বিধায়কতামাত্র এতৎ বচনতাৎপর্য্য নতুবা প্রায়শ্চিত্তপরামর্শঘটিত পুনঃ২ পাপাত্মক দুর্ব্বৃত্তব্যক্তি যে প্রকৃতগঙ্গাভক্তিবর্জ্জিত তাহার পাপক্ষয় এবং কুকর্ম্মাভিরততার রুচিপ্রবর্ত্তক ঐবচন কদাচ হইতে পারেনা এপ্রযুক্ত স্মার্ত্তরঘুনন্দন প্রায়শ্চিত্ততত্ত্বে গঙ্গামাহাত্ম্য প্রকরণে । স্নানমাত্রেণ গঙ্গায়াং ইত্যাদি বচন লিখিয়া ঐ প্রকরণে পাপরত ব্যক্তির তীর্থদ্বারা আনষ্কৃতি প্রদর্শনার্থ লিখেন যে । যষ্টি বিঘ্নসহস্রাণি গঙ্গাং রক্ষন্তি সর্ব্বদা নিবারয়ন্ত্য ভক্তাংশ্চ পাপকর্ম্মরতাং স্তথা ॥ এবং পিণ্ডবিসর্জ্জন প্রস্তাবান্তে নানাবচন লিখেন যথা মহাভারতে । যো লুব্ধঃ পিশুনঃ ক্রূরো নাস্তিকো বিষয়াত্মকঃ সর্ব্বতীর্থেষ্বপি স্নাতঃ পাপো মলিন এব সঃ ।। তথা বিষয়েষ্বতিসংরাগো মানসো মল উচ্যতে । তেষ্বেবহি বিরাগো হস্য

নৈর্ম্মল্যং সমুদাহৃতং। পিণ্ডদানং তপঃ শৌচং তীর্থসেবা শ্রুতন্তথা। সর্ব্বাণ্যেতান্যতীর্থানি যদি ভাবো ন নির্ম্মলঃ॥ তথা শঙ্খঃ। অশ্রদ্দধানঃ পাপাত্মা নাস্তিকোঽচ্ছিন্নসংশয়ঃ। হেতুনিষ্ঠশ্চ পঞ্চৈতে ন তীর্থফলভাগিনঃ॥ অন্যচ্চ। প্রতিগ্রহাদ পাবৃত্তঃ সন্তুষ্টো যেন কেনচিৎ। অহঙ্কারবিমুক্তশ্চ স তীর্থফল মশ্নুতে॥ নৃণাং পাপকৃতাং তীর্থে ভবেৎ পাপস্য সংক্ষয়ঃ। যথোক্তফলদং তীর্থং ভবেৎ শুদ্ধাত্মনাং নৃণাং॥ যদিবল যে তীর্থ সকল ব্যক্তিকে আত্মজ্ঞানসম্বন্ধেই পবিত্র করেন এমত হইলে গঙ্গাজলস্পর্শে ভগীরথরাজার পূর্ব্বপুরুষের উদ্ধার আর ইদানী গঙ্গাতে নিঃক্ষিপ্ত অস্থ্যাদিতে ও গয়াদত্ত পিণ্ডে মৃতলোকের নিষ্কৃতি কিরূপে হওয়া সম্ভব কেননা সেই পূর্ব্বপুরুষ ও মৃতব্যক্তিদিগের তো তাহাতে জ্ঞানসম্বন্ধ নাই। উত্তর যদ্যপি ঐ সকলের আত্মজ্ঞানসম্বন্ধ সেই গয়াগঙ্গাবিষয়ে নাথাকুক তথাপি সেই ভগীরথ আর অস্থিনিঃক্ষেপকর্ত্তা ও পিণ্ডদাতাদিগের যে জ্ঞান সেই জ্ঞানেই তাহাদিগের উপকার করে যথা শ্রাদ্ধকর্ত্তার কৃতি সাধ্যব্যাপারে পিতৃরূপে ব্রহ্মপ্রীতি হইলে তাহার পিতৃলোকের ফল সুখদ্বারা উপকার হয় আর ইহলোকে পিত্রাদিকৃতিসাধ্য ধনাদি অনুৎপন্নপুত্রাদির জ্ঞানকৃতি নাথাকাতেও তাহাদিগের সত্ত্বাস্পদসুখাদির হেতু হয়। যদিবল এমত হইলেও। কাকৈর্নিষ্কুষিতং শ্বভিঃ কবলিতং বীচীভি রান্দোলিত মিত্যাদিরূপে যেসকলশবাদি

দৈবায়ত্ত গঙ্গাসংযোগ হয় তাহাতেকোনপুরুষের জ্ঞানস
ম্বন্ধ নাথাকাতে সেই শবাদিসম্বন্ধিজীবের উপকার সম্ভব
হয়না। উত্তর ইহাতে এইবিশেষ আছে যে জলাশয় ও
বৃক্ষছায়া ও পথ ও গৃহরূপ সর্ব্বভূতোদ্দেশে ত্যক্তবস্তু
সকল যেমত ইহলোকে দেবদত্তাদিব্যক্তিবিশেষের
উদ্দিশ্য নাথাকাতে ও তাহাদিগের অদৃষ্টবশত
সংযোগে ক্লেশবারণ ও ইষ্টসিদ্ধির কারণ হয় সেইমত
ভগীরথাদির যে তপস্যা ও জ্ঞান সেই সাধারণোদ্দেশ্যতা
প্রকারে দৈবায়ত্ত গঙ্গাদিপতিত শবাদিসম্বন্ধি অদৃষ্টা
য়ত্ত সংযোগ ঘটিতপ্রকারে জীবের উপকার হয় এমতে
সিদ্ধপীঠ ওপ্রতিষ্ঠিত প্রতিমাদি ও তত্তৎকর্ত্তার সাধকতা
তপস্যা ও জ্ঞান সম্বন্ধেই উপকারক হয় জানিবা যদি
বল যে উপরের উক্তন্যায়ে অসম্বন্ধিমৃতদেহাদির ন্যায়
পাপি ব্যক্তির দেহ সম্বন্ধ মাত্রেই তীর্থ পবিত্রকারক
হন তাহাতে জ্ঞানেরঅপেক্ষা কি। উত্তর জীবৎজীবের
যত্নাপেক্ষ শুভাশুভ যেমত দেখিতেছি তন্ন্যায় তীর্থ
জ্ঞানাদি উক্তপ্রকারসকল তাহাদিগের পাপক্ষয়ের কারণ
হয় ইহাযুক্তি সাধ্যও বটে যথা আতুর অশক্ত ব্যক্তিকে
যেমন অন্যব্যক্তি ভরণ পোষণ করে শক্ত ব্যক্তির কেহ
তাদৃশানুকূল হয়না সেইমত তীর্থ নিষ্ঠঈশ্বরীয় কৃপা বোধ
হয় এমতে স্পষ্টই বোধহইতেছে যেপুনঃ২ পাপাকাঙ্ক্ষায়
নিবৃত্তি নাহইলে কোন ক্রমেই পাপী পাপহইতে মুক্ত
হয়না। আর প্রায়শ্চিত্তানুষ্ঠান করিলেও যদি গোগ্রাস

সম্পন্ননাহয় তবে পাপক্ষয়বোধ নাহইয়া পুনঃ প্রায়শ্চিত্তা নুষ্ঠান বিধেয় হয় এমতে ও জানাযায় যে প্রায়শ্চিত্তাচরণ মাত্রেই পাপক্ষয় হয়না। যদিবল যে বিধিজ্ঞ ও শাস্ত্রজ্ঞ ব্যক্তিবিনা প্রায়শ্চিত্তপরামর্শঘটিত পাপাচরণ অন্যের অসম্ভব অতএব যাহারা শাস্ত্র নাজানে তাহাদিগের তাদৃশ ঘোরতর পাপ হইতে পারেনা।অতএব বিধিওশাস্ত্র জ্ঞান নাথাকাই উত্তম বোধ হয় কেননা উক্তযুক্তি ক্রমে শাস্ত্র নাজানিয়া যদি পাপকরে তবে তাহার পাপক্ষয় সাধন প্রায়শ্চিত্তাদি হইতেপারে এমত অনুভব হয়। উত্তর যে কোন ব্যক্তি পুনঃ২ পাপাকাঙ্ক্ষা হইয়াপাপক্ষ য়সাধন প্রায়শ্চিত্তাদি আছে এই বোধে পাপাচরণ করে সে কি যথার্থ শাস্ত্রজানে তাহাতো কদাচ নহে যেহেতুক শাস্ত্র বেদাদি তাহা যে যথাথরূপে জানে তাহার কোন কালে পাপে রুচি হয়না যাহারা পণ্ডিতাভিমানিমাত্র অথবা জনশ্রুতিরূপ শাস্ত্রীয়বিধি জানে অথচ পাপকরে তাহারাও কোন মতেই শাস্ত্রজ্ঞ নহে। বিশেষতঃ যে সকল লোক শাস্ত্র যথার্থরূপে জানেনা তাহারা যতযত পাপ করে তাহার কোটি অংশেও পণ্ডিতেরা পাপ করিতে সমর্থ হন না তাহার কারণ এই যে পণ্ডিত হইলেই তাহার যুক্তা যুক্ত সদসৎ বিবেচনা হয় তখন অযুক্তি সিদ্ধ রূপে পাপ কার্য্য কদাচই তাহা হইতে হয়না বরং শাস্ত্রজ্ঞ ব্যক্তি সর্ব্বত্র সমদৃষ্টি প্রযুক্ত উত্তম ভক্ত হন তথাচ শ্রীমদ্ভাগবতে। সর্ব্বভূতেষু যঃপশ্যেৎ

ভগবদ্ভাব মাত্মনঃ । ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগ বতোত্তমঃ ইত্যাদি । আর যদিবল যে ভক্তহইলে কি পাপকরণের নিয়ম নাই। উত্তর তাহাই বটে যে ভক্ত সে পাপকরেনা তথাচ মনুঃ । সর্ব্বমাত্মনি সংপশ্যেৎ সচ্চা সচ্চসমাহিতঃ। সর্ব্বংহ্যাত্মনিসংপশ্যন্নাধর্ম্মে কুরুতেমনঃ॥ কিন্তু যদি দৈবাৎ তাহার পাপ ঘটে তবে সে পাপানু তাপী হইয়া উক্ত উপায়ে পাপক্ষয় চেষ্টাকরে মূর্খ সকল সমস্তরূপেই তাহার বিপরীত অতএব মূর্খের পাপ অনেক হয় তাহা হইতে তাহার নিষ্কৃতিও কঠিন সুতরাং সেই অশাস্ত্রজ্ঞ অধম মহাদুঃখীওনারকী হয় এবং শাস্ত্রজ্ঞ উত্তম ও সুখী হয়। যদিবল যে উপ রের উক্ত ন্যায়ে যাহারা প্রকৃত শাস্ত্রজ্ঞ নহে তাহাদি গেরতো নিতান্তমূর্খ হইতে কিছু বিশেষ হইতে পারে না । উত্তর যে যেমন শাস্ত্রজ্ঞ সেই পরিমাণে তাহার দোষ অল্প থাকে আর যে যেমন মূর্খ তাহার তদনুরূপই দোষ অনেক থাকে অতএব সেই দোষতারতম্যজন্য সুখদুঃখা দিরঅল্পতা ও অধিকতা ঘটে । যদিবল যে পাপজ্ঞান না থাকিয়া পাপ করিলে কেন দুঃখ হয়। উত্তর যে বালক অগ্নিগুণ জানেনা তাহার শরীর কি অগ্নিতে দাহ হয়না। যদিবল যে দ্রব্যশক্তিবৎ পাপপুণ্য নহে অপিচ জ্ঞান জন্য পাপপুণ্য এমতে পাপবুদ্ধি নাথাকিয়া যাহারা পাপ করে তাহারা কেনদুঃখ পাবে। উত্তর যে কোন চৌরগ্রাম

বাসী কিম্বাচোরবংশ্য নবযুবা গ্রামাচার বা কুলাচার দৃষ্টে চৌর্য্যকরেঅথচসেব্যক্তিচৌর্য্যকর্ম্মকেকুলাচার ও গ্রামাচার বোধে পাপরূপেজানেনা রাজা তাহাকে কি দণ্ড দেননা। বিশেষতঃ পুণ্যংপরোপকারঞ্চ পাপঞ্চ পরপীড়নং। ইহা তো না বুঝেএমন মানুষ নাই তবে পাপ না জানে এমত ব্যক্তিও দুর্লভ। যদিবল যে পরেরপীড়া নাহয় বরং সুখ হয় এমত অনেক কর্ম্মে পাপশ্রুতি কেন যথা বিরহিণীপর স্ত্রীআদি গমনাদি। উত্তর যদ্যপি নগরের গো চোরকর্ত্তৃক অপহৃত হইয়া অরণ্যে স্থাপিত হয় তবেতথায় যথেষ্টভক্ষ্য প্রযুক্ততৎক্ষণাৎগোর সুখইহয় তথাপিকালান্তরে অযত্নতা হেতুক সেই গোর এবং স্বত্বনাশ হেতুক গোস্বামির চির কালের নিমিত্ত অবশ্য মনঃপীড়াদি হইয়াইথাকে তদ্বৎ যদ্যপি তাদৃশ বিরহিণ্যাদির সংসর্গসুখ কিয়ৎক্ষণপর্য্যন্ত হউকতথাপি চিরকালের নিমিত্ত তাহার স্বয়ং ও তদাত্মীয় বর্গের নানাপ্রকার দুঃখজনক তাদৃশ ব্যাপার হয়। তাহা স্বপক্ষে বিবেচনা করিলেও লম্পটেরা সে দুঃখ অনুভব করিতে পারে এবং ঐ সকল অনুষ্ঠানে প্রতি বাসিদিগের কি অমঙ্গল ও অবিশ্বাস ও লাম্পট্যশিক্ষা হয় তাহাও বিবেচ্য বটে। যদিবল যে প্রায়শ্চিত্ত ক্লেশ কর রাজদণ্ডও ক্লেশকর উভয়ের একতর হইলেই হয় তবে দেবলোক্ত। দ্বিগুণং রাজদণ্ডঞ্চ দত্বা শুদ্ধি মবাপ্নুয়াৎ ইত্যাদি উভয়প্রয়োগের বিধান কেন। উত্তর পাপের দুইকার্য্য আত্মাতে দুঃখ জন্মায় আর প্রতিবা

সিকে কুপথ দেখায় অতএব প্রায়শ্চিত্তাদি আত্মার দুঃখেরবীজনাশ করে আর রাজদণ্ড প্রতিবাসিকে ভয় প্রদর্শনপুর্ব্বক শুদ্ধরাখে। যদিবল যে প্রায়শ্চিত্ত করিলে পাপী পাপ হইতে মুক্ত হয় তখন সেইব্যক্তি ব্যবহার্য্য হইতে বশ্যই পারে। উত্তর কোনগুরুতর পাপের দুইশক্তি আছে এক নরকোৎপাদিকা দ্বিতীয় ব্যবহারবিরোধিকা কিন্তু যদ্যপি প্রায়শ্চিত্তাদিতে নরকোৎপাদিকা শক্তি ক্ষয় হয় তথাপি ব্যবহারবিরোধিকা শক্তি কলঙ্কাদির নিবারণ কদাচ হয়না। অতএবগুরুপাপকারী ব্যবহার্য্য হয় না। যদিবল যে নরক কি যে তাহার ভয় এত হয়। উত্তর মনের সুখকর স্বর্গ হয় তাহার বিপরীত দুঃখকর নরক যথা বিষ্ণু পুরাণং। মনঃপ্রীতিকরঃ স্বর্গো নরকস্তদ্বি পর্য্যয়ঃ ॥ এবং সুখদুঃখস্বরূপলক্ষণে ন্যায়কারিকা। কাম্যং সুখং দুঃখ মকাম্য মুক্তং॥ যদিবল যে নরকের নানা প্রকারতা শ্রুত আছে সে কি। উত্তর অবিদ্যাভূত অহঙ্কারের প্রকারভেদে মোহাদির যে স্বাত্বিকী রাজসী তামসী ভাব এবং তদ্ঘটিত যাতনা প্রযোজকত্বাবচ্ছিন্ন রূপে নরক নানা প্রকারই হয় তথাচ পাতঞ্জলে দ্বিতীয়া ধ্যায়ে পঞ্চক্লেশবিবরণে। অবিদ্যা অস্মিতা রাগদ্বেষা ভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাঃ ইত্যাদি বিস্তারে। সুরসবাহি ইত্যাদি নবমসূত্র ব্যাখ্যাতে কহিয়াছেন যে। এতেঅবি দ্যাদয়ঃ পঞ্চ ক্রমেণ তমোমোহো মহামোহ স্তামিশ্রোহ ন্ধতামিশ্র ইত্যুচ্যতে ॥ এই পঞ্চের অবান্তর প্রকারতা

সাংখ্য কৌমুদীতে কহেন যে।৪৮। ভেদ স্তমসোঽষ্টবিধো মোহস্যচ দশবিধো মহামোহঃ। তামিস্রোঽষ্টাদশধা তথা ভবত্যন্ধতামিস্রঃ ইত্যাদি।। এবং যোগবাশিষ্টে। সা কালসূত্রপদবী সা মহাবীচিবাগুরা। সা সিপত্রবন শ্রেণী যাহং দেহ ইতি স্থিতিঃ॥ যদি বল যে নরকনিয়ন্তা যম এমত প্রথিত আছে তাহার কি। উত্তর সেতো সত্যই বটে তথাচ মনুঃ। যমো বৈবস্বতো দেবো যস্তবৈষ হৃদি স্থিতঃ ইত্যাদি। আর বিজ্ঞ ব্যক্তির অনুভব হইতে পারে যে সংসারে আত্মার ইচ্ছা ও দ্বেষ সুমতি কুমতি দ্বারা প্রবৃত্তি নিবৃত্তিতে সম্পদ বিপদ সুখ দুঃখ স্বর্গনরক ভোগ কিরূপ হইতেছে। যদিবল যে পাপজন্য রোগাদিদুঃখ হয় এপ্রযুক্ত পাপক্ষয়ার্থ প্রায়শ্চিত্ত সম্ভব বটে কিন্তু প্রারব্ধ কর্ম্মের ভোগবিনা নাশ হয় না এই হেতুক প্রারব্ধ কর্ম্মজন্য উৎপন্ন যে রোগাদিতাহা ভোগপর্যন্তস্থায়ীহইতে পারে সুতরাং গ্রহশান্তি ওঔষধাদির প্রয়োজনকি। উত্তর যেমন কারণসাপেক্ষ অন্যান্য বিষয়সকল সেইরূপ প্রারব্ধ কর্ম্মঘটিত রোগাদিও বটে সুতরাং যে ব্যক্তির তাদৃশ নিবন্ধন থাকে তাহারি সেইরূপ শান্তি ও ঔষধ পথ্যাদি লাভ হয় এবং সেই হেতুক রোগ ও নাশ পায় আর যাহার সেরূপ নিবন্ধন নাই তাহার তাদৃশ লাভ ও হয়না রোগাদিও যায়না ॥

৫। অস্মদ্বচনং। দোহাই ঈশ্বরের এসকল কথা অব হজ্ঞ তাহাকে কহুন যাঁহার ব্রহ্মজ্ঞান কিম্বা পরকাল

সাধনে প্রুয়োজন আছে, মহাবিজ্ঞের সহিত এসকল ন্যায় বাদে কি প্রুয়োজন যে হেতুক তাহাঁর জন্মদেখা যায় নাই বটে কিন্তু কর্ম্মেতেই তাহা অনুমান হয়। অপরঞ্চ উত্তম কুলে জন্ম প্রুকাশ হওয়াতেই তিনি সেই লেঠাতে পড়িয়া সংসারসুখবিষয়ে কএক নিন্দনীয় কার্য্যস্বীকার করিয়া তাহাতে অন্যের আপত্তি করা সম্ভব জানিয়া তন্নিবার নার্থ বাবুঠকানিয়া কতগুলিন কথা কহিয়াছেন ইহাতে তাঁহার নিকটে এতত্ত্ব কথা কহা অতি অযোগ্য ॥

৬। মহাবিজ্ঞ কহেন যে সগুণউপাসনা হইতে নির্গুণউ পাসনা উত্তম বটে একথা বেদ বেদান্তেও নির্ণয় হইতেছে তথাপি লোকসকল কোন গুণবিশিষ্টের উপাসনা কেন করে। আর নানাদেশীয় এবং এতদ্দেশীয় দিগের মধ্যে অনেক লোকে নিরঞ্জন ব্রহ্মের উপাসনা করিতেছে ইহা দেখিয়াও তাহারা কেন সাকার পূজা পরিত্যাগ করেনা ॥

৬। অবহুজ্ঞ বলিতেছেন যে যদ্যপি এসকল কথা মিথ্যা নহে তথাপি বক্তার উক্তির প্রণালিতে এমত নির্বুদ্ধিতাপ্র কাশ হইল যে তাহা সাধারণ মনুষ্যেতেও দেখিতে পাওয়া যায় না কেননা যে লোকের চক্ষু আছে তাহাকেও কহে যে তোমার হস্তে পঞ্চাঙ্গুলি আছে দেখ, এবং যাহার স্পর্শেন্দ্রিয় আছে তাহাকেও বলে যে সূর্য্য উষ্ণ অনুভব কর, তন্ন্যায় মহাবিজ্ঞের কথা যেহেতুক গায়ত্রী উপাসনা ব্রাহ্মণাদির প্রুথমোপাসনাহয়তাহার অর্থে মূর্ত্তিমত্তা নাহি

এবং ইদানীন্তন লোকাচারপুরবর্ত্তক নবদ্বীপবাসি রঘুন ন্দনভট্টাচার্য্যকৃত আহ্নিকতত্ত্বে প্রথম ব্রাহ্ম্যমুহূর্ত্ত ক্রি য়াতে লিখেন যে অহংদেবো নচান্যোস্মি ব্রহ্মৈবাহং নশোকভাক্। সচ্চিদানন্দরূপোহং নিত্যমুক্তস্বভাববান্ ইত্যাদি ॥ এবং ভবিষ্যপুরাণং। গতকামভয়দ্বন্দ্বো রাগ মাৎসর্য্যবর্জ্জিতঃ। আত্মানংপূজয়িত্বাচ সুগন্ধিসিতবাস সা॥ সমুহূর্ত্তে যজেদ্দেবান্ স্বকীয়াসনসংস্থিতান্ ইত্যাদি। কিঞ্চযোগবাশিষ্ঠে। অবিষ্ণুঃ পূজয়ন্ বিষ্ণুংন পূজাফল ভাগ্‌ভবেৎ। বিষ্ণুর্ভূত্বাযজেদ্বিষ্ণুময়ং বিষ্ণুরহংস্থিতঃ। ইহাতেও উপাস্যের উদ্দেশ পাওয়াযায়। আর শ্রীমদ্ভা গবতে দ্বিতীয়স্কন্ধে কেবল উপাস্যের নির্ণয় করিয়াছেন এবং ঐ পুরাণের অন্যান্য স্থলেঅবতার ও গুণবর্ণনাদি লি খিয়াছেন, আর স্মৃতি তন্ত্রাদিতেও মূর্ত্তিমানের উপাসনা নাই তথাহি। চিন্ময়স্যাদ্বিতীয়স্য ইত্যাদি॥ এবং গীতা তেও কহিয়াছেন যে। ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহ র্ষয়ঃ। অহমাদির্হি দেবানাং মহর্ষীণাঞ্চ সর্ব্বশঃ ইত্যাদি॥ বিশেষতঃ ঐ গীতার তৃতীয়াধ্যায়ে ইহার বিচার এবং চতু র্থে ও পাঞ্চমে ইহার সিদ্ধান্ত স্পষ্টরূপে আছে, এবং মনু তেও উক্তআছে। যে যোসাবতীন্দ্রিয়গ্রাহ্যঃ সূক্ষ্মোঽব্যক্তঃ সনাতনঃ। সর্ব্বভূতময়োঽচিন্ত্যঃ সএব স্বয়মুদ্বভৌ॥ শ্রীম দ্ভাগবতে চতুর্থস্কন্ধে২৯ অধ্যায়ে কহিয়াছেন যে, শাস্ত্রে ষ্বিয়ানেবসুনিশ্চিতো নৃণাংক্ষেমস্য সধ্র্যক্‌ বিমৃষেষু হেতুঃ। অসঙ্গ আত্মব্যতিরিক্ত আত্মনি দৃঢারতির্ব্রহ্মণি নির্গুণে

চ যা ॥ তথা শাক্তানন্দতরঙ্গিনীতে ষষ্ঠউল্লাসে । আত্ম স্থাং দেবতাং ত্যক্ত্বা বহির্দেবং বিচিন্বতে । করস্থং কৌস্তুভং ত্যক্ত্বা ভ্রমতে কাচতৃষ্ণয়া । এবং যোগবাশিষ্ঠে ১৭ সর্গে ২৭ । সংত্যজ্য হৃদ্গুহেশানং দেবমন্যং প্রয়ান্তি যে । তে রত্নমভিবাঞ্ছন্তি ত্যক্তহস্তস্থকৌস্তুভাঃ । তথা শ্রীভাগবতে দ্বিতীয়স্কন্ধে । এবং স্বচিত্তে স্বত এব সিদ্ধ আত্মা প্রিয়োঽর্থোভগবাননন্তঃ । তংনির্বৃতংনিয়তার্থো বভূব সংসারহেতুশ্চ নিবৃত্তি রত্র ॥ এসকল শাস্ত্র প্রায় সকলে জানেন এবং সগুণের উপাসনার আকাঙ্ক্ষা কেহ করিতে চাহেন না কিন্তু আবাঙ্মনসগোচর যে ব্রহ্ম তাঁহার উপাসনা হঠাৎ এবং সকলের অসাধ্য । আর তাহা সকলেও বুঝিতে পারেন। তথাচ । ব্রহ্মবৈবর্ত্তকে ব্রহ্মখণ্ডে ২৮ অধ্যায়ে মহাদেব উবাচ । অহংব্রহ্মা চ বিষ্ণুশ্চ শেষোধর্ম্মোমহান্ বিরাট্ । সর্ব্বংনিরূপিতং ব্রহ্মান্নস্মাভিঃ শ্রুতিভি র্নবা ।। যদ্বিশেষংযুক্তঞ্চ দৃশ্যং প্রত্যক্ষমেবচ । তন্নিরূপিতমস্মাভির্বেদৈ র্ব্বেদবিদাম্বরৈঃ ।। তথা গণেশখণ্ডে ৩২ অধ্যায়ে । তঞ্চ বাঙ্মনসঃ পারং কো বিদ্বান্ স্তোতু মীশ্বরঃ ॥ এবংবিষ্ণুপুরাণং । অপক্ষয় বিনাশাভ্যাং পরিনামর্দ্ধিজন্মভিঃ । বর্জ্জিতঃ শক্যতে বক্তুং যঃ সদস্তীতি কেবলং । তথাচশ্রুতিঃ । যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেতি । যে হেতুক ঈশ্বর যে পঞ্চ ইন্দ্রিয় দিয়াছেন তাহাতে কেবলংবিষয় অর্থাৎ গন্ধরস রূপ স্পর্শ শব্দজ্ঞান হয় ইহার অতিরিক্ত কিছু বহ্যেন্দ্রিয়

গ্রাহ্য নহে ঈশ্বর গন্ধাদিপদার্থাতিরিক্ত। যথা পঞ্চধাত্ত স্বয়ং যষ্ঠ আদত্তে যুগপৎ প্রভুরিত্যাদি যাজ্ঞবল্ক্যঃ ॥ সুত রাং ঈশ্বরকে ইন্দ্রিয়গণে বোধ করিতে পারেনা যদিবল যে যদ্যপি কোনরূপে মানসগম্য হয়েন তবে তাহার প্র স্তাব করণে বাধা কি। উত্তর ইক্ষুমিষ্টগুড়মিষ্ট শর্করা মিষ্ট দুগ্ধ মিষ্ট রম্ভা মিষ্ট ইহার প্রভেদ রসনেন্দ্রিয় গ্রাহ্য হইলেও তাহার ভিন্নতা যেমন কহাযায়না এইমত ভক্ত চিত্তে প্রসন্ন ঈশ্বরের প্রকাশ হইলেও তাহার প্রকারতা কোনরূপে বাগিন্দ্রিয়গোচর নহে। এমতে শান্তিশ কোপি ৬৮। বুদ্ধেরগোচরতয়া ন গিরাং প্রচারো দূরেগুরু প্রথিতবন্ধুকথাবতারঃ। তত্ত্বং ক্রমেণ করুণাদিগুণাবদাতে শুদ্ধাবতাং হৃদিপদং স্বয় মাদধাতি ইতি॥ তথা যোগবা শিষ্ঠে নির্ব্বাণ প্রকরণে ২৮সর্গে। শাস্ত্রার্থৈ বুধ্যতে নাত্মা গুরোর্বাচা ন চানঘ। বুধ্যতেস্বযমেবৈষ স্ববোধবশতঃ স্বতঃ। ১২৩। তবে কি শাস্ত্র ও গুরূপদেশ ব্যর্থ হয় ফলে তাহাও নহে কেননা স্বকীয়বোধে ব্রহ্মলাভ হয় সেই বোধ ঐশাস্ত্রআরগুরূপদেশ বিনা হয়না। তত্রৈব। ক্রমেগুরূদেশাদৌ প্রবৃত্তেশিষ্যবোধতঃ। অনির্দ্দেশ্যো প্যদৃশ্যোপি স্বয়মাত্মা প্রসীদতি। গুরূপদেশশাস্ত্রার্থৌ বিনা চাত্মান বুধ্যতে। এতৎসংযোগসত্ত্বেব আত্মজ্ঞান প্রকাশিনী॥ কিন্তু এই জ্ঞানমার্গ অতিকঠিন হয়। এবং গীতা ত্রয়োদশাধ্যায়ে। ক্লেশোঽধিকতর স্তেষামব্যক্তা সক্তচেতসাং। অব্যক্তা হি গতি দুঃখং দেহবদ্ভিরবা প্যতে॥ আর প্রকৃতিখণ্ডে ৫৬অধ্যায়ে। নিরাধারং তথা

ধ্যেয়ো যথাত্মাচ তনুং বিনা ॥ আর বিশেষ কারণ এই যে বিশেষণবহির্ভূতের উপাসনাতে মনের সুস্থিরতা চাহি তাহা হওয়াও বড় দুঃসাধ্য হয় যেহেতুকযেসকল লোক সাক্ষাৎ ব্রহ্মোপাসনার অধিকারী হয়েন তাঁহাদের কতগুলিন কঠিন কার্য্য স্বীকার করিতে হয় অর্থাৎ অহিংসা সত্য মস্তেয়ইত্যাদি ॥সমলোষ্টাশ্মকাঞ্চন ইত্যাদি ।। এবংবীত রাগভয়োবিপ্র ইত্যাদি ॥ তথা বাশিষ্ঠে ॥ প্রাণে গতে যথা দেহঃসুখংদুঃখংন বিন্দতি । তথাচেৎ প্রাণযুক্তোপি স্বকৈ বল্যাশ্রমে বসেৎ ইত্যাদি ॥ এবং বৃহন্নারদীয়ে ৩১ অধ্যায়ে সর্ব্বসঙ্গপরিত্যাগী সমাধিগুণসংযুতঃ । কামাদ্যৈর্ব্বি জ্জিতোযোগী লভতে পরমংপদং ॥ সেইসঙ্গত্যাগ মমত্ব নাশ না হইলে হয়না ।। তথাচ মার্কণ্ডেয়পুরাণং । সঙ্গ দুঃখোদ্ভবং দুঃখংমমত্বাসক্তচেতসাং । তস্মাৎসঙ্গংপ্র যত্নেনমুমুক্ষুঃসংত্যজেন্নরঃ।।এমত নাহইতে পারিলেব্রহ্মো পাসনা সিদ্ধ হয়না তথাচ যোগবাশিষ্ঠে উপশমপ্রক রণে ২৬ সর্গে । সত্তাসামান্যকোটিস্থে দৃাগিত্যেব পদে যদি । পৌরুষেণ প্রযত্নেন বলাৎ সংত্যজ্য বাসনাং ॥ স্থিতিংবধ্নাসি তত্বজ্ঞ শীঘ্র মাসাদ্যতে পদং । তত্বজ্ঞানং মনোনাশো বাসনাক্ষয় এবচ ।। মিথঃ কারণতাংগত্বা দুঃসাধ্যানি স্থিতান্যথ । অসঙ্গব্যবহারত্বাৎ ভবভাবন বর্জ্জনাৎ ।। শরীরনাশদর্শিত্বাৎ বাসনা ন প্রবর্ত্ততে । বাসনাবিভবে নষ্টে ন চিত্তং সংপ্রবর্ত্ততে ।। যাবদ্বিলীনং

ন মনো ন তাবন্নাসনাক্ষয়ঃ ॥ দুঃসাধ্যো বাসনাত্যাগঃ সুমেরূন্মূলনাদপি । বিমূঢাঃ কর্ত্তুমুদ্যুক্তা যে হঠাৎ চেতসো জয়ং ॥ তে নিবধ্নন্তি নাগেন্দ্রমুন্মত্তং বিসতন্তুভিঃ ॥ যতঃ । স্বানুভূতেঃ সুশাস্ত্রস্য গুরোশ্চৈবৈকবাক্যতা । যস্যাভ্যাসেন তেনাত্মা সন্ততেনাবলোক্যতে ॥ অতএব এরূপ ভাব হইবার উপায় বাস্কল কহিয়াছেন । যথা প্রায়শ্চিত্তমিতাক্ষরায়াং । কুটুম্বপুত্রদারাংশ্চ বেদাঙ্গানিচ সর্ব্বশঃ । কেশান্ যজ্ঞোপবীতঞ্চ ত্যক্ত্বা গূঢ়শ্চরে মুনিঃ ॥ তাহারও মর্ম্ম দক্ষ স্পষ্টকরিলেন যে সঙ্গথাকিলে ঐ মত ঘটেনা তদ্যথা । একোভিক্ষু র্যথোক্তঞ্চ দ্বাবেব মিথুনং স্মৃতং । ত্রয়োগ্রামঃ সমাখ্যাত ঊর্দ্ধন্তু নগরায়তে ॥ রাজবার্ত্তাদি তেষান্তু ভিক্ষাবার্ত্তা পরস্পরং । অপি পৈশুন্য মাৎসর্য্যং সন্নিকর্ষান্ন সংশয়ঃ ইত্যাদি ॥ সেই সঙ্গযোগের মাহাত্ম্য মার্কণ্ডেয় কহেন যে সঙ্গাভাবাৎ মমেত্যস্য খ্যাতেহানিঃ প্রজায়তে । নির্ম্মমত্বং সুখায়ৈব বৈরাগ্যাৎ দোষদর্শনাৎ । জ্ঞানাদেবচ বৈরাগ্যং জ্ঞানং বৈরাগ্যপূর্ব্বকং ॥ ঐসকল ধর্ম্ম সাধারণমনুষ্যের অসাধ্য এমতেই ধ্যান ধারণাদি বাহ্যপূজার সৃষ্টি হইয়াছে এবং ঈশ্বর কোন বিশেষ প্রয়োজনবশতঃবিশেষ মূর্ত্তি যাহা তোমারআমার ইষ্টকামাদিসাধনের কারণহয় তাহাগ্রহণ করিয়াছেন যথা প্রকৃতিখণ্ডে প্রথমাধ্যায়ে । স্বেচ্ছাময়স্যেচ্ছয়াচ শ্রীকৃষ্ণস্য সিসৃক্ষয়া । আবির্ব্বভূব সহসা মূলপ্রকৃতিরীশ্বরী ॥ তদাজ্ঞয়া পঞ্চবিধা সৃষ্টি

কর্ম্মাণি ভেদতঃ। অথ ভক্তানরোধাদ্বা ভক্তানুগ্রহবিগ্রহা ইত্যাদি। তদনুসারে আরম্ভকালে সাকার উপাসনা কর্ত্তব্য হইল। ক্রমে২ মনও ইন্দ্রিয়সকল মূর্ত্তিবিশিষ্টেতে অভিনিবেশ করিতে২ তজ্জন্য সুকৃতি গুণলব্ধ হইলে ঐ সকলরূপগুণবিশিষ্ট জ্ঞানানন্তর সর্ব্বেক বুদ্ধি জ্ঞান প্রাপ্তহইয়া যোগদ্বারা মুক্ত হয় তথাচ যোগবাশিষ্ঠে। এক স্তাবদ্গুরুপ্রোক্তাদনুষ্ঠানাৎ। শনৈঃ২ জন্মনা জন্মভি র্বাপি সিদ্ধিদঃ সমুদাহৃতঃ॥ আর ইহার বিস্তারিত বেদান্তে ও গীতাও মনও শ্রীমদ্ভাগবতাদিশাস্ত্রে আছে। যথা। সা মুক্তি ব্রহ্মণাচৈক্য মনৈক্যং প্রাকৃতৈ গুণৈঃ। মুক্তির্যোগাৎ তথা যোগঃ সঙ্কত্যাগাম্মহীপতে॥ অত এব পাতঞ্জলে। যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ ইত্যাদি॥ সেই যোগজ্ঞানে আদিপরম্পরা কারণাপেক্ষ্য হইয়াছে। এমতে ভগবতীগীতা। জ্ঞানাৎ সংজায়তে মুক্ত র্ভক্তি র্জ্ঞানস্য কারণং। ধর্ম্মাৎ সংজায়তে ভক্তি র্ধর্ম্মো যজ্ঞাদিকো মতঃ॥ তস্মান্মুমুক্ষু র্ধর্ম্মার্থং মদেদং রূপমাশ্রয়েৎ॥ তথাচ ব্রহ্মবৈবর্ত্তপুরাণে গণেশখণ্ডে ষষ্ঠাধ্যায়ে। সেবনং ধ্যানদেবানাং কৃত্বা সপ্তসু জন্মসু ইত্যাদ্যুপক্রম্য। প্রাপ্নোতি পরিপক্কাঞ্চ ভক্তিং ভক্তো নিষেবয়া ইত্যাদি॥ অথবা ঐ সকল সগুণ উপাসনা করিয়া তাহা প্রাপ্ত হয়। যথা। বেদান্তে। ৪। ৪। ১৯। দ্বিকারাবর্ত্তি চ তথাহি স্থিতি মাহপরে কালে। নিত্যসুখসাক্ষাৎ ব্রহ্মে লীন হয় কিম্বা কামিরা ঐসকল ধ্যানমূর্ত্তিবিশিষ্টের উপাসনাতে

আপনং কামনাসিদ্ধি করেন যথা। স্বর্গকামোঽশ্বমেধেন যজেত ॥ তাহাও উচিত কেননা যাবৎ অহঙ্কার লোপ নাপায় তাবৎ কাম দূরহয়না এবংমুক্ত হয়না তথাচ শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে ১১ অধ্যায়ে। ন যাবদেনাং তনুভৃৎ নরেন্দ্র বিধূয় মায়াং বয়ুনোদয়েন। বিমুক্তসঙ্গো জিতষট্‌সপত্নো বেদাত্মতত্ত্বং ভ্রমতীহ তাবৎ।। অত্রবয়ুনোয়েনজ্ঞানোদয়েন্য। সুতরাংসুখদুঃখ অনুভবথাকে সেই নিমিত্তেঐ কাম্যসুখলাভ ও অকাম্যদুঃখনাশ ঐরূপগুণালয়ের উপাসনা নাকরিলেসিদ্ধিহয়না।।যথা ব্রহ্মবৈবর্ত্তকে গণেশখণ্ডে ৭ অধ্যায়ে। যদ্রূপং চিন্তয়েৎযোহি তচ্চ তৎফলদায়কং। তথাচ। ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ ইত্যাদি ॥ এইসকলকারণবশতঃ রূপগুণযুক্তের উপাসনার আবশ্যকতা হইল বিশেষতঃ জ্ঞানিদিগেরো কোন শাস্ত্রমূর্ত্ত্যাদিতে মনকে নিবেশ করা উচিত যেহেতুক মনের বিকার সহজ দুর্নিবার সততই মন বিষয়াবলম্বি হয় এমতে প্রবোধচন্দ্রোদয়ে উক্ত আছে। নিত্যং স্মরন্ জলদনীল মুদারহার কেয়ূর কুণ্ডলকিরীটধরংহরিংবা ॥ অতএব গীতা। সক্তাঃ কর্ম্মণ্য বিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত। কুর্য্যাৎ বিদ্বাংস্তথা শক্তঃ ইত্যাদি ॥ আর প্রাণায়াম আসনশুদ্ধিও মুদ্রান্যাসও ভূতশুদ্ধি উভয়মতে অর্থাৎ সগুণ নির্গুণ উপাসনাতে যুক্ত হয় যেহেতুক তাহাতে শরীর ও মনের স্থিরতা ও ইন্দ্রিয় দমনও ক্ষোভবারণতা আছে তথাহি। প্রায়শ্চিত্তনিতাক্ষ

রায়াং। কর্ত্তব্যাশয়শুদ্ধিস্তু ভিক্ষুকেন বিশেষতঃ। জ্ঞানোৎ পত্তিনিমিত্তত্বাৎ স্বাতন্ত্র্যকরণায়চ। এবং যোগবাশিষ্ঠে। শুদ্ধয়া পুণ্যয়া সাধো ক্রিয়য়া সাধুসেবয়া। মনঃ প্রয়াতি নৈর্ম্মল্যং নিকষেণেব কাঞ্চনং॥ এবং গৌতমীয় তন্ত্রে। ৩১ অধ্যায়ে। যমং নিয়ম মাসনঞ্চ প্রাণায়াম স্ততঃ পরং। প্রত্যাহারং ধারণাখ্যং ধ্যানং সার্দ্ধং সমাধিনা॥ অষ্টাঙ্গান্যাহু রেতানি যোগিনো যোগসাধনে ইত্যুপক্রম্য। ইত্যাদি কথিতং বিপ্র কামাদিষটকনাশ নং॥ তথা যোগবাশিষ্ঠে। তণ্ডুলস্য যথা চর্ম্ম যথাতাম্রস্য কালিমা নশ্যতিক্রিয়য়া পুত্র পুরুষস্য তথামলং ইত্যাদি॥ যদি কহ যে ঐসকল কর্ম্মের মধ্যে কোন এক কর্ম্মে মন স্থিরাদি করহ। তাহার উত্তর এই যে অনেক কার্য্য তাহার অনেক কারণ চাহি যদ্যপি এক২ কার্য্যের নিমিত্তেও দুই তিন কারণ আছে তাহাতেও আপত্তি হইতে পারেনা যেহেতুক ঘটোৎপত্তির প্রতি দণ্ড ও চক্র উভয়ের কারণতা দেখিতেছি এমতে যোগবাশিষ্ঠে উক্তআছে যথা। মোক্ষদ্বারে দ্বারপালা শ্চত্বারঃপরিকীর্ত্তিতাঃ। শমো বিচারঃ সন্তোষ শ্চতুর্থঃ সাধুসঙ্গমঃ॥ আর ঐ মহাবিজ্ঞ গীতাদিশাস্ত্র যাহাতে ঐ সগুণ ও নির্গুণ উপাসনার মীমাংসা স্পষ্টরূপে আছে তাহার কথা না কহিয়া শ্রুতিসমন্বয়ের শাস্ত্র বেদান্তকে ঐবিষয়ের কেন প্রমাণ করেন তাহার কারণ কিছু বুঝাযায়না এবং কোন২ বেদের কোন২ শ্রুতিতে সগুণ উপাসনার নিষেধ আছে

তাহাও ব্যক্তরূপে লিখেননা ফলে সমস্ত চারিবেদ দৃষ্টি করিলে এসকল সন্দেহ দূর হয় বিশেষতঃ যে ব্যাসদেব বেদান্ত করিয়াছেন তিনি স্বয়ং পুরাণাদিতেওগীতাতে তাহার মীমাংসা করিয়া সগুণের উপাসনার নানাবিধি বিধান লিখেনতবেঐপুরাণের লিখিত কথা কেন অগ্রাহ্যহইবেক আর। ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেবচ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতি রষ্টধা॥ অপরেয় মিতস্তন্যাং প্রকৃতিং বিদ্ধি মেপরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ইত্যাদি ভগবদ্বাক্যানুসারে যদি ঈশ্বর জীব হয়েন তবেতাঁহার অবস্থান্তরসম্ভব নহে আর যদি ঈশ্বর হইতে জীব ভিন্ন হয়েন তথাপি। অচ্ছেদ্যোঽয়মদহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্যএবচ। নিত্যঃ সর্ব্বগতঃস্থানুরচলোঽয়ং সনাতনঃ। ইত্যাদিগীতাদিপ্রমাণে জীবের নিত্যতাহেতুক কোনকালেই লোপাভাবে মুক্তির যুক্তি কি এবং কে মুক্ত হয় এমত আপত্তিও করিতে পার না যেহেতুক মুক্তির যুক্তি লক্ষণ নানাজনে নানামত কহিয়াছেন যথা সাংখ্যঃ। অথ ত্রিবিধদুঃখস্যাত্যন্তনিবৃত্তিরত্যন্তপুরুষার্থঃ ॥ এবংন্যায়ঃ। দুঃখজন্মপ্রবৃত্তিদোষমিথ্যাজ্ঞানানামুত্তরোত্তরাপায়ে তদনন্তরাপায়াদপবর্গঃ॥ এবং পাতঞ্জলঃ। যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ তদাদ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানং ইত্যাদি॥ সেই২ শাস্ত্রেই ইহার বিস্তার জানা যাইতেপারে তথাচ যোগবাশিষ্ঠে। যতঃ কুতশ্চিদুৎপন্নং চিত্তং তৎ কিঞ্চিদেবহি। নিত্যমাত্মবিবেকায় যোজয়েৎ

মুক্তিযুক্তিষু ॥ আর আত্মমনোযোগেও বুঝিতে পারাযায়যে বন্ধ যে তাহারি বিপরীত মোক্ষ যেমন কোন ব্যক্তি কারা গারে ও শৃঙ্খলাতে বদ্ধথাকে তাদৃশ শৃঙ্খলার ও কারাগা রের দূর হইলেই ঐ ব্যক্তিকে মুক্ত কহাযায় অতএব বন্ধ মুক্ত দশাতে ব্যক্ত্যন্তর হয়না বরংনিশ্চয় জানাযায় যে ঈশ্বর সৃষ্টিসংকল্পজ অবিদ্যা মায়া প্রকৃতিজন্যবুদ্ধিতত্ত্বা শ্রিত প্রতিবিম্বাভাসে অন্তঃকরণোজ্জ্বলিতরূপে ভ্রান্তিজ্ঞা নজন্যসুখদুঃখ ভোগী সংসারীব্যক্তি হইয়াছেন তিনি তা দৃশভ্রান্তিজ্ঞাননাশে তাদৃশঅবস্থার বিপরীতে স্বরূপাবস্থা প্রাপ্ত হইলেই মুক্তহন তদ্যথা বৃহদারণ্যকে চতুর্থপ্রপাঠ কে দ্বিতীয়ব্রাহ্মণে ষষ্ঠশ্রুতিঃ। স বা অয়মাত্মা ব্রহ্মবিজ্ঞান ময়োমনোময়োবাঙ্ময়ঃ প্রাণময়শ্চক্ষুর্ময়ঃ শ্রোত্রময়আকাশ ময়ো বায়ুময়স্তেজোময়আপোময়ঃপৃথিবীময় স্তেজোময়ো ইতেজোময়ঃ কামময়োঽকামময়ঃ ক্রোধময়োঽক্রোধময়ো হর্ষময়োঽহর্ষময়ঃ ধর্ম্মময়োঽধর্ম্মময়ঃ সর্ব্বময়স্তদ্যদিদং ময়োঽদোময় ইতি। যথাকারী যথাচারী তথা ভবতি সাধু কারী সাধুর্ভবতি পাপকারী পাপো ভবতি পুণ্যঃ পুণ্যেন কর্ম্মণা ভবতি পাপঃ পাপেনেতি ॥ ৬ ॥ তথা ৩১ শ্রুতিঃ। স বা এষ মহানজ আত্মাঽজরো ঽমরো ঽভয়ো ঽমৃতো ব্রহ্মাঽভয়ং বৈ ব্রহ্মাভয়ং হি বৈ ব্রহ্মভবতি য এবং বেদ ॥ ৩১ ॥ তথাচ যোগবাশিষ্ঠে। অব্যুচ্ছিন্নচিদাত্মৈকঃপুমা নস্তীহ নেতরৎ॥ স্বসংকল্পবশাদ্বদ্ধো নিঃসংকল্পস্তু মুচ্যতে। ইহা যুক্তিতেও পাওয়াযায় যে চেতনাবুদ্ধিতত্ত্বাশ্রিত সেই বুদ্ধিতত্ত্ব অহঙ্কারাদিসপ্তদশকের সহিত ধর্ম্মাধর্ম্মা

দির আশ্রয় হইয়া লিঙ্গশরীররূপে খ্যাত সেই লিঙ্গশরীর স্থূলদেহাশ্রিত তাদৃশ স্থূলশরীরসম্বন্ধের আশ্রয় হয়। সম্বন্ধ নানাবিধ অঙ্গ অঙ্গ্যাদি যেআছে তাহার মধ্যে স্বামিত্বসম্বন্ধ মহাব্যাপক সুতরাং তদ্ঘটিত দুঃখসম্বন্ধও তাদৃশ হয়। দেখ স্বামিত্বসম্বন্ধে লোকের ধন কি ভূম্যাদি সম্পর্ক দেশকালভেদে নানাস্থানে নানাপ্রকারে যতই প্রচুর হয় তাহার উপচয়ে যেমত অনেক সুখহয় সেইমত তাহার অপচয়েও অনেক দুঃখ হয় অতএব একথা দৃঢ় হইল যে তাদৃশ ধন ও ভূম্যাদিসম্পর্ক নাহইলে তাদৃশ সুখ দুঃখও সম্ভবেনা যথা। যৎকিঞ্চিদপিসংকল্প্য নরোদুঃখে নিমজ্জতি। নকিঞ্চিদপিসংকল্প্য সুখমক্ষয়মশ্নুতে ॥ বন্ধোহি বাসনাবন্ধো মোক্ষঃস্যাৎবাসনাক্ষয়ঃ।বাসনাস্তংপরিত্যজ্য মোক্ষার্থিত্ব মপি ত্যজ ॥ যদিবল যে সুখহয়না বটে কিন্তু ধনাদ্যভাবে আশার পূর্ণতাভাবে অবশ্যই দুঃখহয়। উত্তর আশারঅবধিনাই আশার পূর্ণতা এইসংসারে কাহার কখননাই এমতে সকলেই দুঃখী যথা। নিঃস্বো বষ্টিশতং শতী দশশতং লক্ষং সহস্রাধিপঃ ইত্যাদি। অতএব তৃণং ত্রিভূবনং রাম নৈরশ্যালং কৃতাকৃতেঃ ইতি। এমতে যে ব্যক্তি আশাকে জয়করে সেই মুক্তহইতেপারে যথা। আশয়া যে কৃতা দাসাস্তে দাসা জগতা মপি। আশাদাসী কৃতা যেন তস্য দাসায়তে জগৎ। বৈরাগ্যাৎ পূর্ণতামেতি মনোনাশাবশানুগং। পূর্ণে মনসি সংপূর্ণং জগৎসর্ব্বং সুধারসৈঃ ॥ ৭ ॥ তথাচ সাংখ্যসূত্রং ॥ নিরাশঃ সুখী

পিঙ্গলাবৎ। তথাচ যোগবাশিষ্ঠে। সর্ব্বাশাঃ কিল সংত্যজ্য ফলমেতদবাপ্যতে। যেনাশাবিষবল্লীনাং মূল মালা বিলূয়তে॥ তবে বিবেচনা কর্ত্তব্য যে এক স্বামিত্ব সম্বন্ধাভাবে কত দুঃখ যায় এইমত স্থূলদেহনাশে তাহার সংসৃষ্ট দুঃখযায় তাহার পর লিঙ্গশরীরনাশে ধর্ম্মাধর্ম্মাদি দুঃখসম্বন্ধ নাশহয় তখন বুদ্ধিতত্ত্বের আশ্রিত প্রতিবিম্ব নাশে চেতনাত্মা মুক্ত হয় ও তজ্জন্য অত্যন্ত দুঃখের বিনাশ হয়। তথাচ ন্যায় সূত্রং। বাধনালক্ষণং দুঃখং তদত্যন্ত বিমোক্ষোঽপবর্গঃ॥ কিন্তু ঐ মুক্তি তপস্যা ও পরিশ্রম ও একান্তচিত্ততা ও পরাভক্তি ও দোষরাহিত্য নাহইলে কথায়ং কি দুই চারিটা ফাক্কিকায় কোন রূপে হইতেপারে না তদ্রূথা যোগবাশিষ্ঠে। চিন্তাক্রমণমাত্রাত্তু পরমাদৌ স্বধাদৃতে। প্রযত্নেনাপি সংসারমহারোগো নশাম্যতি॥ স্বপৌরুষেণ সাধ্যেন স্বেপ্সিতত্যাগরূপিণা। মনঃপ্রশম মাত্রেণ বিনা নাস্তি শুভা গতিঃ॥ অতএব পাতঞ্জলে। অ ভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ॥ অন্যচ্চযোগবাশিষ্ঠে। এবমভ্যাগতাভ্যাসং মনোমত্তমতঙ্গবৎ। নিরুধ্য সর্ব্ব ভাবেন পরং শ্রেয়ো হি গম্যতে॥ এবং ন্যায়কারিকা। নিষ্কামধর্ম্মাচরণাৎ অধর্ম্মদ্বেষাৎ চিরেণ শ্রবণাদিজেন। তত্ত্বার্থবোধেন জনস্য মুক্তি রাত্যন্তিকী দুঃখনিবৃত্তি রেব॥ যদি বল নানা শাস্ত্রের নানামতএবং মুক্তির প্রকারতাও নানাঅতএবপরস্পরবিরোধ হেতুক কোন শাস্ত্রেরই

প্রামাণ্য গ্রহ না হউক। উত্তর যদ্যপি কথার প্রণালিতে নানা হয় তথাপি বাস্তবিক কোন বিভেদ নাই মুচ ধাত্তর মোক্ষার্থ তাহা ক্লেশবন্ধ হইতে মোচন হইলেই হয় অত এব সর্ব্বশাস্ত্রের তাৎপর্য্য এই যে মুক্তিদশাতে ক্লেশ থা কেনা। তথাচ যোগবাশিষ্ঠে। ন মোক্ষোনভসঃ পৃষ্ঠে ন পা তালেন ভূতলে। সর্ব্বাশাসংক্ষয়ে চেতঃক্ষয়ো মোক্ষ ইতী ষ্যতে॥ আর শাস্ত্রসকলের আবান্তরিক বিষয়ে যদ্যপিও মতান্তর আছে ফলে তাৎপর্য্যনির্ণয়ে সকল বৈদিক শাস্ত্রের ই ঐক্য মত হয়॥

৬ অস্মদ্বচনং। হে অবহুজ্ঞ তুমিইষ্ট কামাদি এবং মোক্ষাদিসাধনের ও সাধনানুকূলের নিমিত্তে এত কথা কেন কহিতেছ মহাবিজ্ঞের যদি ঐসকল প্রয়োজন হইত তবে তাহাতে অবশ্য মনোযোগ করিতেন ফলে নির্গুণ উপাসনার বিষয়ে ইব্রাহীমপ্রভৃতি যবনদেশীয় লোকসকলের কতক কথা যাহা এখনকার রাজ্যাধিপতিরাও মানেন সেই কথা শুনিয়া মহাবিজ্ঞ কএকটা আপত্তির কথা কহিয়াছেন ইহাতে তোমার এ বাগাড়ম্বরির প্রয়োজন কি বরং এমত প্রস্তাবে সম্প্রতি অপ্রস্তুত হইতে হয় কেননা প্রবোধচন্দ্রোদয়কাব্যছলে ৫ অঙ্কে পূর্ব্বে মহামোহকে কহিয়াছেন যে। বিষ্ণোরায়ত নান্য পাস্য সরিতাং কূলান্য রণ্যস্থলীঃ। পুণ্যাঃপুণ্যবতাং মনাংসি চ ভবান্ম্লেচ্ছান্ ব্রজেৎসানুগঃ॥ ইহাতে পরাস্ত হইয়া সেই অবধি মহামোহ যেখানে আশ্রয় লইয়াছিল

এখন তাহারি প্রাধান্য। আর ব্রহ্মবৈবর্ত্তকেরপ্রকৃতি খণ্ডে
র ৬অধ্যায়েরউক্ত রীতিসকল প্রবর্ত্ত হওনআরম্ভ হইয়াছে
তথাচ। অলীকবাদিনো ধূর্ত্তা শঠাশ্চ সত্যবাদিনঃ। বা
মাচাররতাঃ সর্ব্বে মিথ্যাকাপট্যসংযুতাঃ। হরিপ্রসঙ্গ
বিমুখা মহাহঙ্ককারসংযুতাঃ। প্রজানাঞ্চৈবগ্রামাণাংবস্তূ
নাঞ্চ বিশেষতঃ॥ অলীকবাদিনঃ সর্ব্বে ভবিষ্যন্তি কলৌ
যুগে। এবংকলৌ সংপ্রবর্ত্তে সর্ব্বে ম্লেচ্ছময়ে ভবে॥ ম্লেচ্ছা
কারা ভবিষ্যন্তি বর্ণা শ্চত্বার এবচ। ম্লেচ্ছশাস্ত্রং পঠি
ষ্যন্তি জনানাং মন্দকারিণঃ॥ পণ্ডিতাস্তেভবিষ্যন্তি বঞ্চকা
জ্ঞানদুর্ব্বলাঃ। অন্নানাংনিয়মস্তেষাং যোনীনাঞ্চ বিনশ্যন্তি॥
ইহাতে কি সাহসে তুমি পুনর্ব্বার ঐ নিগূঢ় কথা কহ।
এপ্রকার লোককে এসকল কথা কহিতে নিষেধও আছে
তথাচ যোগবাশিষ্ঠে। পূর্ব্বাপর সমাধানেক্ষয়বৃদ্ধাবনিন্দি
তে। পৃষ্টং প্রাজ্ঞেঃ প্রবক্তব্যং নাধমে পশুধর্ম্মিনি॥
আর মহাবিজ্ঞ কেবল বেদের স্থূলাভিপ্রায় ও বেদান্তের
কতক কথা লিখেন তুমি তাহাতে যে আপত্তি করিলা তা
হার দুই উত্তর এক এই যে তিনি বেদ ও গীতাদিশাস্ত্র সম্য
করূপে দেখেন নাই অতএব ঐ সকলশাস্ত্রের মর্ম্মকিরূপে
জানিবেন। অথবা ঐ সকল শাস্ত্র দেখিয়াও আপনমত
সংস্থাপনের পথ তাহাতে নাপাওয়াতে ধ্যানগতদেবতার
নাম নাই এই হেতুক কেবল বেদান্তের কতক কথাই লি
খিয়াছেন ফলত ইহাও যুক্ত হয় কেননা যে আপন মত
চালাইতে চাহে সে তদনুযায়িশাস্ত্রের অনুসন্ধানকরে॥

৭ মহাবিজ্ঞ কহেন যে স্বকর্তৃক গঠিত যে বস্তু তাহা কে দেবতা অর্থাৎ সৃষ্টা বলিয়া মানা অকর্ত্তব্য কেননা ঐ সকল কাষ্ঠাদি কি শিলা কি তৃণরজ্জ্বাদিবিশিষ্ট মৃন্ময় প্রত্যক্ষ বস্তু মাত্র উহাদিগের এমত চৈতন্য কি আছে যে পূজাদি গ্রহণ করে আর তুলসী ও বিল্ব ও ধাত্রী প্রভৃতি যে সকল পদার্থ তাহারা কেবল বৃক্ষাদি মাত্র। এবং সালগ্রাম প্রস্তরখণ্ডমাত্র ও গাঙ্গা কেবল জলস্বরূপা সুতরাং এই সকল বস্তুর উপাসনা করা অনুচিত ॥

৭ অবহুজ্ঞ কহিতেছেন যে ঐসকল কথা যে অতি ভ্রান্তিজন্যা এমত বুঝা যায়না বরং জন্মান্ধ ও বধিরের বাক্যের ন্যায় হয় কেননা ঐ সকলপ্রতিমাদির যাদৃশ অবস্থা তাহা প্রত্যক্ষে দেখাযাইতেছে এবং এমত কোন মনুষ্য নাই যে প্রতিমাদির স্বাভাবিকী যোগ্যতা ও ক্ষমতা না জানে তথাপি উহাদিগকে সমাদর পূর্ব্বক যে আমরা পূজাদি করি ইহার কারণ জিজ্ঞাসা না করিয়া ইহা খণ্ডন করাতে অতিঅবোধতা প্রকাশ করা হয় ফলিতার্থ আমরা মূর্ত্তিকে পূজা করিনা এবং তুলসীকে বৃক্ষ জানি ও সালগ্রাম সিলাখণ্ড বটেন ও গঙ্গা জলময়ী হয়েন ইহাতে সন্দেহ কি তবে বলিনা যে করকি উত্তরতাহা শুন মূর্ত্তিতে ও সালগ্রামেতে ও তুলসীদ্বারা ও গঙ্গাজলে তত্তৎগুণ সম্বন্ধে অর্চ্চনা করি। ইহাতে যদি আপত্তি কর যে অন্যজল হইতে গঙ্গাজলের ভেদকি তবে বলাযায় যে রাজাহইতে ইতর গ্রাম্যের ভেদকি যদি কহ যে রাজাকে তাহারঅধীন

সকলে মান্যকরে । আমিও কহি গঙ্গাকে সকল বৈদি
কেরা মান্যকরে । যদিবল রাজা দণ্ডদিতে পারেন আমি
কহি যে গাঙ্গাও সুখদা মোক্ষদা । যদিকহ রাজার বীর্য্য
প্রত্যক্ষ আমিও কহি যে গঙ্গার মাহাত্ম্য অনুমেয় । যদি
তুমি অনুমান নামান তবে আমিও তোমার যে চক্ষু আছে
তাহা মানিনা যে হেতুক তুমিতো তাহাদেখনা কেবল অনু
মান সিদ্ধ হয় । যদিবল গঙ্গাকে না মানিলে কি করিতে
পারেন আমিও কহি যে রাজার কথা মন্ত্রিআদি কেহ না
মানিলে কি করিতেপারেন । যদিবল রাজার আজ্ঞামানার
প্রতি ঈশ্বরের বিশেষ ইচ্ছা আমিও কহিতে পারি যে
গঙ্গারূপে ঈশ্বরের বিশেষ ইচ্ছা । এইরূপ প্রতিমাদিসর্ব্বত্র
জানিবা । এমতে সমান্যজলে ও পুষ্পে ও পুস্তকাদিতে
পূজাকরি প্রমাণং যথা । অথাতঃ সংপ্রবক্ষ্যামি পূজা
ধারং সুদুর্লভং । সালগ্রামে মণৌ যন্ত্রে প্রতিমায়াং ঘটে
জলে ॥ পুস্তিকায়াঞ্চ গঙ্গায়াং শিবলিঙ্গেপ্রসূনকে ।। গবা
গবাক্ষতন্ত্রে । লিঙ্গস্থাংপূজয়ে দ্দেবাংমণ্ডলস্থাং তথৈবচ
ইত্যাদি ।। তথা একাদশীতত্ত্বে গৌতমীয়তন্ত্রং । সাল
গ্রামে মণৌ যন্ত্রে স্থণ্ডিলেপ্রতিমাসুচ । নিত্যংপূজা হরেঃ
কার্য্যা নতু কেবল ভূতলে ইত্যাদি ।। অতএব পূজার কর্ম্ম
ঐ মূর্ত্ত্যাদি নহেন বরং পূজার আধার হয়েন । যদ্যপি পর
মেশ্বর সর্ব্বব্যাপী তথাপি সালগ্রামাদিতেই পূজা কর্ত্তব্যা
প্রমাণং যথা । পদ্মপুরাণে পাতালখণ্ডে ১১ অধ্যায়ে
যদা কাষ্ঠে স্থিতো বহ্নি র্মন্থনেচ প্রকাশতে । যথাতথা

হরি র্ব্যাপী সালগ্রামে প্রকাশতে ইত্যাদি ।। আর ঐ তুল সীর ঐহিক সুখদাতৃত্বও আছে যথা । আধিব্যাধিহরা নিত্যং তুলসি ত্বং নমো ইস্তুতে। দীর্ঘজীবিত্ব মারোগ্যং বলং পুষ্টিংপ্রযচ্ছ মে ইত্যাদি॥ সুতরাংএবিষয়ে আপত্তি করিয়া ঐ মহাবিজ্ঞ বিজ্ঞতাই প্রকাশ করিয়াছেন । যদি কহ ঐ মূর্ত্ত্যাদিতে পূজা কেন করহ। ইহার উত্তর এইযে সংসারবিষয়বাসনাজন্য যে উত্তেজনা তাবৎ ব্যক্তির মনে বিরাজমানা সুতরাংতাহাসত্ত্বে কাহারওএমত সাধ্য নাইযে বিষয় নিবৃত্তিপূর্ব্বকঈশ্বরে মনোনিবেশকরে অথবা কথন এমত সম্ভাবনা নাই যে সাংসারিক কর্ম্ম সাঙ্গো পাঙ্গ নির্ব্বাহ করিয়া ঈশ্বরে মনোযোগ কেহ করিতে পারে অতএব আধারস্বরূপে আরাধনাতে যদিমন নিতা ন্ত নিপুণ না হয় তথাপি সংসারীয় নানাকার্য্যের ন্যায় কথন২ তত্তদ্বিষয়ে কিছু মনঃসংযোগ হয়। অপর আমা দিগের মন যদ্যপি পরমেশ্বরপদে নিযুক্তনাথাকুকতথাপি পাদাদি শিরোপর্য্যন্তঅঙ্গপ্রত্যঙ্গকে ঈশ্বরীয় উদ্দেশ্যক্তাপ্র কারক অনুষ্ঠানে নিয়োগ করাই । বিশেষত যাঁহাকে দেখি নাই তাঁহার ধ্যান করা অসাধ্য । তথাচ যোগ বাশিষ্ঠে । অনাখ্যত্বা দনন্তত্বা মনঃ ষষ্ঠেন্দ্রিয়স্থিতেঃ । চিন্মাত্রমেব মাত্মাণু রাকাশাদপি সূক্ষ্মগঃ ॥ অতএব ব্রহ্ম বৈবর্ত্তকে বৃদ্ধখণ্ডে ৩ অধ্যায়ে। দেবাশ্চবিদুষাং শ্রেষ্ঠাঃ স্তোতুং শক্তাশ্চ লক্ষতঃ। নির্লক্ষং কঃ ক্ষমঃ স্তোতুং তন্নি রীহং নমাম্যহং॥ তথা ১৮ অধ্যায়ে।,সেবা ধ্যানং মম

টতে ভক্তানাং বিগ্রহং বিনা। ফলত তাদৃশ বিগ্রহওঅন্য
বস্তু হয়না। তথাচ যোগবাশিষ্ঠে। চিদ্ব্যোম কেবল মনন্ত
মনাদি মধ্যং বুদ্ধ্যেতি ভাতি নিজচিত্তবশাৎ স্বয়ম্ভুঃ। আকার
বানিবপুমানিব বস্তুতস্তু বন্ধ্যাতনূজইব তস্যতু নাস্তিদেহঃ॥
অন্যচ্চ॥ শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে ২৬ অধ্যায়ে। শ্রুত্বা
স্থূলং যথা সূক্ষ্মং রূপে ভগবতো যতিঃ। স্থূলে নির্জ্জিত
মাত্মানং শনৈঃ সূক্ষ্মং ধিয়া নয়েৎ॥ এইরূপে ঐমূর্ত্তি
সকলের অঙ্গপ্রত্যঙ্গের যাহা কেবল ঈশ্বরীয় মাহাত্ম্য পরি
পাটিক্রমে ধ্যানগত নির্ম্মিত হইয়াছে তাহাতে ক্রমশ
মনকে নিবেশদ্বারা ভগবৎসম্পূর্ণমহিমা অবগত হইবার
উপায় করাবায়। যদিবল আকার বিনাও ধ্যানসাধ্য
বটে তবে ডম্বুথম্বু শব্দবাচ্যের আকৃতি ও চিন্তার যোগ্য
হইতে পারে। অপরঞ্চ প্রত্যক্ষ হইতেছে যে বিদ্যুৎজ্যোতি
তাহার ও স্বরূপ মনে আইসেনা একারণ ম্লেচ্ছন মানেরা
তচ্ছুয়ফ্ করিতে হইলে কোন এক তেজঃপুঞ্জের চিন্তা
করে তাহাদিগের মতে আকৃতি পূজাদি নাই তথাপি নিরা
কারে উপাসনা অসাধ্য জানিয়া এক তেজঃ পুঞ্জকে ঈশ্বর
স্বীকার করিয়াছে। যদি কহ যে ঈশ্বরের উদ্দেশ নাপাও
য়াতে যদি অন্যবস্তুকে তদ্রূপে অবলম্বন করাহয়
তবে সেএইরূপ হইতেপারে যে রামদাসেরঅদর্শনেতাহার
নিমিত্ত যে দেয় বস্তু তাহা হরিদাসকে দেওয়া হয় ইহাতে
নিরর্থক বোধ হয়। উত্তর বৈদিক মতে জগৎ ব্রহ্ম ভিন্ন
নহে সুতরাং বুক্ষের স্বরূপ লক্ষণ উপলব্ধি নাহওয়াতে তা

হার তটস্থ লক্ষণে অর্চ্চনা করাহয় এমতে ঐ ব্রহ্মের যে তটস্থ লক্ষণরূপে ঐশ্বর্য্যপরিপাটিপ্রকারক গুণাকার সেব্য সেই২ গুণাকারে নানা অবয়বকল্পিত প্রতিমাদি রূপ হয় বস্তুতস্তু ঐ প্রতিমাদিঘটক পদার্থ কোনরূপেই ব্রহ্মাতিরিক্ত নহে যেহেতুক ব্রহ্ম সর্ব্বময়রূপে প্রকাশ আছেন। তথাচযোগবাশিষ্ঠে। ন বাহ্যাভ্যন্তরং দেহেষ্বধ ঊর্দ্ধঞ্চদিক্ষুচ। ইত আত্মাতথেহাত্মা নাস্ত্যনাত্মসনংক্কচিৎ। সমস্তং খল্বিদং ব্রহ্ম সর্ব্বমাত্মৈব বিস্তৃতং। অপি ব্রহ্ম হকারান্ত মশেষাকারসংস্থিতং। অজস্রমস্ফুরস্তং স্বং স্বমাত্মান মুপাশ্মহে। জগদাখ্য মহাস্বপ্নে স্বপ্নাৎ স্বপ্নান্তরং ব্রজন্। রূপং ত্যজতি নো শান্তং ব্রহ্মশান্তম্ বৃংহিতং ॥ একবস্তু জগৎসর্ব্বং চিন্মাত্রং বারিবাম্বুধিঃ। ব্রহ্ম চিন্মাত্র মমলং সত্যমিত্যাদিনামকং॥ অপরঞ্চ রামদাসহরিদাসের ন্যায় এস্থলে ভিন্ন পদার্থ উপলব্ধিহয় না কেননা রাজার অদর্শনে তৎপ্রতিনিধির সমীপে তৎকার্য্য সাধন হয় এমত দেখাযায় অতএব পরম ব্রহ্ম নানাব্রহ্মাণ্ডের কার্য্যে জীবাদিরূপে পৃথক২ উপাধি ধারণ করিয়াছেন তাহাতে ঐ জীবাত্মা প্রকাশ চৈতন্যের মাহাত্ম্য ঘটিতাকারপ্রকারক অর্চ্চনা কোন রূপেই নিরর্থক হইতে পারেনা তথাচ যোগবাশিষ্ঠঃ। আঅহো জ্ঞাতমেতেন ভেদ্যোল্লেখকলঙ্কিনাজীবোজীবতি জীর্ণেন চিদ্রূপেণত্মারূপিণী॥ মহাচিদে কৈবাস্তীহ সত্তাসত্ত্বেতিযোচ্যতে। নিষ্কলঙ্কা সমাশুদ্ধা নিরহঙ্কাররূপিণী। শুদ্ধসংবেদনাকাশশিবংচিন্মাত্র মক্ষয়ং।

সদ্ব্রহ্মপরমাত্মাদিনামভি র্যাভিধীয়তে । একং চিন্মাত্র মস্তীহ শুদ্ধং শূন্য মলেপকং । সূক্ষ্মাৎ সূক্ষ্মতরং শান্তংনজগৎ নজগৎক্রিয়া । এতাবদেবাবিদ্যাত্বং নেদং ব্রহ্মেতি নিশ্চয়াৎ । এষএব ক্ষয়োহস্যা যৎব্রহ্মেদ মিতি নিশ্চয়ঃ ॥ বিশেষতঃ প্রত্যক্ষে দেখিতেছ যে বরমা ও মোছলমান ও ইঙ্গরাজপ্রভৃতি সকলনিরাকারবাদিরা কিরূপে মন্দীরও দরগাহ ও গিরজাদিস্থানবিশেষকে দেবায়তন বলিয়া যাতনিক হইতেছে এবং ঐ সকল স্থান বিশেষে তাহারা তীর্থযাত্রী হইয়া যাইতেছে যদ্যপি ঐ সকলস্থানে ঈশ্বর প্রত্যক্ষ নহেন তথাপি অনিয়তরূপে মনোনিবেশের উপায় নাজানিয়া তন্নিমিত্তে ঐ এক ২ প্রকারে অবলম্বনের অনুকূলন্যায় এক ২স্থানকে শ্রেষ্ঠ রূপে মানিতেছে নতুবা দরগাহ ও গিরজাপিভৃতি স্থানের যাদৃশ শোভা তাহা অন্যান্য স্থানের শোভার সহিত তুল্য হইলে তথায় বিশেষ কি আছে। এবং ঐসকল জাতীয় দিগের ভাষাতেঐ২ স্থানকে ঈশ্বরালয় বলিবারপ্রয়োজনকি সেখানেতোঈশ্বর পরিছিন্নরূপেবাসকরেননা তবে সাধারণ মতেযদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত মূর্ত্তি ও তুলসীপ্রভৃতিকেই ঈশ্বর উদ্দিশ্যে নিস্তারের কারণজানিয়া সেবাকরে তাহাতে যে তাহার শ্রম মিথ্যা হয় এমত নহে বরং ইহাযুক্তইবটে কেননা তাহাতে উদ্দিশ্যত্বরূপে, ঈশ্বরেরই অর্চ্চনা করা হয় । এবং মান্য ও উপাস্য সম্বন্ধীয় তাবৎ বস্তুকেই

মান্যকরা সেই প্রধানের গৌরব করা হয় এইমত লোক প্রসিদ্ধ আছে এপ্রযুক্ত দার্ঢ্যনিমিত্তেপ্রকৃতিখণ্ডে২৭অধ্যায়ে যম সাবিত্রীকে কহিয়াছেন। যথা। শ্রীকৃষ্ণেচ তদর্চ্চায়াং মৃন্ময়্যাং প্রকৃতৌ তথা। শিবেচ শিবলিঙ্গেচ সূর্য্যে সূর্য্য মণৌ তথা॥ গণেশে বা তদর্চ্চায়ামেবং সর্ব্বত্র সুন্দরি। যঃ করোতি ভেদবুদ্ধিংব্রহ্মহত্যাংলভেত্তুস ইত্যাদি॥ অর্চ্চাপ্রতিমা ইত্যর্থঃ॥ অতএব যাবৎ ভজন আবশ্যক হয় তাবৎ কোন মূর্ত্তিস্বরূপ বা তেজঃপ্রভৃতি অন্য কোন বেদবিহিত ঈশ্বরীয় আকৃতিকে অবশ্যই চিন্তা করিতে হইবে। যথা। গৌতমীয়ে ৩২ অধ্যায়ে। যাবন্মনো লয়ংযাতি কৃষ্ণে স্বাত্মনি চিন্ময়ে। তাবৎকৃষ্ণমনুং মন্ত্রী জপহোমৈঃ সমভ্যসেৎ॥ এবং বরাহপুরাণে একাদশী তত্ত্বে। যথা। যাবৎ সর্ব্বেষু ভূতেষু সদ্ভাবো নোপজায়তে তাবদেব মুপাসীত বাঙ্মনঃকায়কর্ম্মভিঃ॥ অন্যচ্চ যোগ বাশিষ্ঠে। পদ মতুল মুপৈত্ত মিছতোচ্চৈঃ প্রথমমিয়ং মতিরেবনালনীয়া। ফলমভিলষতা কৃষীবলেন প্রথম তরং ননুকৃষ্যতে ধরৈব॥ এমতে যখন ভজন সমাপন হইয়া জ্ঞানোদয় হয় তখন রূপচিন্তার অনন্তর ব্রহ্মজিজ্ঞাসায় প্রবর্ত্ত হয় এবং তখন সর্ব্বস্বরূপ ঈশ্বর জগৎকর্ত্তা জগৎপাতা ইত্যাদিবিশেষণমাত্রেতে বিশ্বাস জন্মে। যথা। ইতিহাসসমুচ্চয়ে ৪১ অধ্যায়ে। নমোস্তু বিশ্বেশ্বরসৃষ্টিকারিণে নমোস্তু লোকত্রয়কর্ম্মসাক্ষিণে। ইতি প্রমাণাভিরতা স্ত্রিবিক্রমে তরন্তি সংসার সমুদ্র মশ্রমং

ইত্যাদি ॥ আর সোহং অহং তৎইত্যাকারভাবোদয় হয়। যথা। পাতঞ্জলসূত্রং। তদাদ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানং॥ এবংবিষ্ণুপুরাণং। যথা। অহংহরিঃ সর্ব্বমিদংজনার্দ্দনো নান্যৎ ততঃ কারণকার্য্যজাতং। ঈদৃক্ মনো যস্য নতস্য ভূয়ো ভবোদ্ভবা দ্বন্দ্বগদা ভবন্তি ইত্যাদি ॥ তথা উত্তমভক্তলক্ষণে শ্রীমদ্ভাগবতে। সর্ব্বভুতেষু যঃ পশ্যেৎ ভগবদ্ভাব মাত্মনঃ। ভূতানি ভগবত্যা অন্যেষ ভাগবতো ত্তমঃ॥ এবংগীতা। সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ ॥ একঃ সমস্তং যদিহাস্তি কিঞ্চিৎ তদচ্যুতো নাস্তিপরং ততোঽ ন্যৎ। সোঽহং সচত্বং সচসর্ব্ব মেতদাত্মস্বরূপংত্যজ ভেদমোহং ॥ তথা। আহ্নিকতত্ত্বে। অহং দেবো ন চান্যোস্মি ব্রহ্মৈবাহং নশোকভাক্। সচ্চিদানন্দরূপোঽ হং নিত্যমুক্ত স্বভাববান্ ॥ তথা। শ্রীমদ্ভাগবতে চতুর্থ স্কন্ধে ৩১ অধ্যায়ে উক্ত হইয়াছে যথা। দয়য়া সর্ব্বভূতেষু সন্তুষ্ট্যা যেন কেনবা। সর্ব্বেন্দ্রিয়োপশান্ত্যাচ তুষ্যত্যাশু জনার্দ্দনঃ ॥ এবং অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানা মন্ত এবচ ॥ এইমতে প্রত্যক্ষ গোচর হন এবং তখন সম্পূর্ণ বুদ্ধি জন্মে। যথা গীতা॥ তেষাং সততযুক্তানাংভজতাং প্রীতিপূর্ব্বকং। দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযা ন্তি তে॥ তথাহি স বুদ্ধিমান্ মনুষ্যেষু ইত্যাদি॥ আর সমলোষ্ট্রাশ্মকাঞ্চনং ইত্যাদিভাবোদয় হয় তখন প্রকৃত ভজনের সাবকাশ থাকেনা। যথা। গৌতমীয়ে

৩২অধ্যায়ে। তালবৃন্তেন কিংকার্য্যংলব্ধে মলয়মারুতে ॥ অপর আমরা যে প্রকার ভজন ও পূজাদি করি অর্থাৎ দৃষ্ট ও অদৃষ্ট সাকার ও নিরাকার দেবতা পিতৃলোক পিশাচ নর জলচর বনচর পক্ষী কীট প্রস্তর ইট পৃথিবী জল বায়ু অনল আকাশ বৃক্ষ ধর্ম্ম অধর্ম্ম জ্ঞান অজ্ঞান প্রভৃতিকে পূজাকরি। এবংযাঁহাকে নিরাকার কহিয়া থাকি তাঁহাকে সাকার করিয়া মানি এবং যাঁহাকে সগুণ কহি তাঁহাকে নির্গুণ রূপে জানি অধিক আর কি কহিব তর্পণের মন্ত্র যাহা বৈদিক সকলেই জানেন যথা। দেবা যক্ষা স্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোহ সুরাঃ। ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জৃম্ভগাঃখগাঃইত্যাদি ॥ তথা আব্রহ্মভুবনা লোকা ইত্যাদি ॥ এই প্রকার সমস্তরূপেই ব্রহ্মোপাসনা হইতেছে। যথা। পঞ্চদশী বেদান্তপ্রকরণে। ঈশসূত্রৌ বিরাড় বেধোবিষ্ণুরুদ্রেন্দ্রবহ্নয়ঃ। বিঘ্নভৈরবমৈরালা মারিকা যক্ষরাক্ষসাঃ॥ বিপ্রক্ষত্রিয়বিট্‌শূদ্রা গবাশ্বমৃগ পক্ষিণঃ। অশ্বত্থবট চূতাদ্যা যববৃীহিতৃণাদয়ঃ ॥ জলপাষাণ মৃৎকাষ্ঠবাশ্যাঃ কুদ্দালকাদয়ঃ। ঈশ্বরাঃ সর্ব্ব এবৈতে পূজিতাঃ ফলদায়িনঃ ইত্যাদি ॥ ইহাতে ব্রহ্মবাদি যেসকল লোক তাহারা আমাদিগকে অবশ্যই ব্রহ্মজ্ঞাণী কহিবেক কারণ ঈশ্বর সকলবস্তুতে আছেন এমত তাহারা মানেন। যথা। বেদান্তে১ অধ্যায়ে ২ প্রকরণে ১ সূত্রং। সর্ব্বং খলিদং ব্রহ্ম ইতি। তথা। গীতা। যথা কাশঃ স্থিতো নিত্যং ইত্যাদি ॥ আর আমরাও সকল বস্তুকে

সামান্যতও বিশেষত পূজাকরি তবে কি আপত্তিথাকিল যেহেতুক বিষ্ণুপুরাণে কহিয়াছেন। যথা। দেবা মনুষ্যাঃ পশবঃপক্ষিবৃক্ষসরীসৃপাঃ। রূপ মেতদনন্তস্য বিষ্ণো র্ভিন্ন মিতি স্থিতং॥ এতদ্বিজানতা সর্ব্বংজগৎস্থাবর জঙ্গমং। দ্রষ্টব্য মাত্মবদ্বিষ্ণু র্যতোঽয়ং বিশ্বরূপধৃক্॥ এবং জ্ঞাতে স ভগবাননাদিঃ পরমেশ্বরঃ। প্রসীদত্যচ্যুত স্তস্মিন্ প্রসন্নে ক্লেশসংক্ষয়ঃ॥ অন্যচ্চ যোগবাশিষ্ঠে। অবিদ্যমান মেবেদং বিদ্যমান মিব স্থিতং। আভাস মাত্রং ত্রিজগৎ সম্বিদং বিদ্ধি কেবলাৎ। ন মনাগপি ভেদোঽস্তিদ্বৈতৈককলনাত্মকঃইতি।সুতরাং বিশ্বে ও ঈশ্বরে ভেদ কোনমতেই নাই। তথাচ মহাভারতে নানাবিচারান্তে ঈশ্বরনামসহস্রমধ্যে। বিশ্বং বিষ্ণু র্বষট্কারো ভূতভব্যভবৎপ্রভুঃ। ইত্যাদি নামগণনায় বিশ্বপদ প্রথম নিয়োগ করিয়াছেন। আর যদি ব্রহ্মজ্ঞানী ঐ প্রকারজ্ঞান না করেন তবে তাঁহার নাম ব্রহ্মজ্ঞানী হয়না। তথাচ ইতিহাসসমুচ্চয়ে ৪১ অধ্যায়ে। কুচিৎ প্রমাণং কুচিদপ্রমাণং কুচিদ্বিকল্পঃ কুচিদপ্রবোধনং। কুচিচ্চপূর্ব্বানুভবৈক সাধনং ভবত্যতত্ত্বাস্পদচিত্তবৃত্তিনাং ইত্যাদি॥ যদি কহ যে তবে সকলকেই সাক্ষাৎব্রহ্মোপাসনায় নিযুক্ত করা উচিৎ কেননা উভয়মতে ব্রহ্মই উপাস্যহইয়াছেন। যথা প্রবোধচন্দ্রোদয়নাটকে পঞ্চমাঙ্কে কহিয়াছেন। জ্যোতিঃ শান্ত মনন্ত মব্যয় মজং তত্ত্বদগুণোন্মীলনাৎ ব্রহ্মেত্যুচ্যত ইত্যুমাপতি রিতি. প্রস্তূয়তে হন্দেকধা। তৈ স্তৈরেব সদা

গমৈঃ শ্রুতিমুখৈর্নানাপথপ্রস্থিতৈর্গম্যোঽসৌ জগদীশ্বরো জলনিধি র্বারাং প্রবাহৈরিব ইতি ॥ তাহার উত্তর এই যে সকলমতে ব্রহ্ম উপাস্য হইলেও শমদমাদিগুণরহিত সকলকে ব্রহ্মোপাসনায় নিযুক্ত করণ অতিঅসঙ্গত হয় তথাচ। যোগবাশিষ্ঠে নির্ব্বাণপ্রকরণে। আদৌ শমদম প্রায়ৈ র্গুণৈঃ শিষ্যংপ্রবোধয়েৎ পশ্চাৎ সর্ব্বমিদংব্রহ্ম শুদ্ধং ত্বমিতি বোধয়েৎ ॥ অজ্ঞস্যার্দ্ধপ্রবুদ্ধস্য সর্ব্বং ব্রহ্মেতি যো বদেৎ। মহানরকজালেষু স তেন বিনিযোজিতঃ॥ এবংসাধারণসকলের সাক্ষাৎব্রহ্মোপাসনা অকর্ত্তব্য যেহেতুক সকলে সম্পূর্ণ বুদ্ধি রাখেনা আর অপূর্ণ বুদ্ধির সংসারে অনবকাশ ও কুকার্য্যপ্রবৃত্তির কথা স্থানে২ কহিলাম সুতরাং সাক্ষাৎ ব্রহ্মোপাসনা হইতে ইতো নষ্ট স্ততোভ্রষ্ট হইয়াযায় অতএব যোগবাশিষ্ঠে বৈরাগ্য প্রকরণে ৪ সর্গে ব্রহ্মা বশিষ্ঠকে কহেন যে। তত্র ক্রিয়া কাণ্ডপরা ত্বয়াপুত্র মহাধিয়ঃ। উপদেশ্যাঃ ক্রিয়াকাণ্ড ক্রমেণ ক্রমশালিনা ॥ বিরক্তচিত্তাশ্চ তথা মহাপ্রজ্ঞাবিচারিণঃ। উপদেশ্যা ত্বয়া সাধো জ্ঞানেনানন্দদায়িনা ॥ এবংগীতা। নবুদ্ধিভেদং জনয়েদ জ্ঞানাং কর্ম্মসঙ্গিনাং। যোধয়েৎ সর্ব্বকর্ম্মানি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ইত্যাদি। এবং এই অভিপ্রায়ে আখলাক্ জালালির প্রথমে তর্কাদিবিদ্যার বিষয়ে স্পষ্টকরিয়া বোক্রাতের কথা কহিয়াছেন যে দোষরহিত না হইলে তর্ক অপকার করে সুতরাং পাতালখণ্ডে ১০ অধ্যায়ে তাদৃশব্যক্তির পক্ষে

কহিয়াছেন যে । অপ্সু দেবা মনুষ্যাণাং দিবি দেবা মণীষিণাং । কাষ্ঠলোষ্ট্রেষু মূর্খানাং মুমুক্ষো রাত্মদেবতা॥এমত হইলেও তথাপি আত্মসদৃশ কোন মনুষ্যকে গুরু বলিয়া মানার ফলকি ইহাও কহিতে পারনা যেহেতুক । শরীর মগুলে চাত্মা গুরুজ্ঞানং ততো হি যৎ ॥ ইত্যাদি মার্কণ্ডেয়পুরাণে থাকাতেও গুরুরূপে মনুষ্য মান্য হওয়ার দুই কারণ এক এই যে যাঁহা হইতে জ্ঞানলাভ হয় সেই গুরু যথা । অখণ্ড মণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরং । তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥ এবং অজ্ঞান তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া । চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ইতি ॥ দ্বিতীয় এই যে পিতা গুরুঃ পিতা দেবঃ পিতা ধর্ম্মঃ সনাতনঃ । তুষ্টে পিতরি পুত্রাণাং তুষ্টাঃস্যুঃ সর্ব্বদেবতাঃ ॥ শরীরং সম্পদোদারা বিদ্যা লোকাশ্চ শাশ্বতাঃ । যস্য প্রসাদাৎ প্রাপ্যন্তে কোনা পূজ্যতম স্ততঃ ॥ পূর্ব্বে বয়সি পুষ্ণাতি পিতা পুত্র মিতি শ্রুতঃ উত্তরে পিতরং পুত্রস্তস্মাৎশক্তুন্ প্রযচ্ছ মে ইতি ॥ অতএব বৃদ্ধ নররূপে পিতৃমাতৃস্বরূপ মান্য হইলেও সম্বন্ধ কার্য্য ভেদে মান্য আছেন তাহাতে জ্ঞানদ গুরু তৎপ্রযুক্ত ঈশ্বর রূপে মান্য হওয়ার বাধা কি । তথাচ মনুঃ । উৎপাদকব্রহ্মদাত্রো র্গরীয়ান্ ব্রহ্মদঃ পিতা ব্রহ্মজন্মহি বিপ্রস্য প্রেত্য চেহচ শস্যতে ইতি ॥ ইহাতে কহিতে পার যেগুরুবৎগুরুপুত্রেষু গুরুবত্তৎসুতাদিষু ইত্যাদি কেন উত্তরমান্য ব্যক্তির সম্বন্ধীয়বস্তুকে মান্যকরা সে তাঁহারি গৌরব যথা

রাজপুরুষ ও রাজপরিচ্ছদকে কেহ. অবহেলা করেনা। তবে কহিবা যে সাধারণ পণ্ডিত যাহার ব্যবহার ও অন্তঃকরণ শুদ্ধ নহে তাহাকে মান্যকেন করাযায় উত্তর ব্যক্তির গুণ পূজ্য তাঁহার ব্যবহার বিবেচনা অকিঞ্চিৎকর কেননাযেমন আমরা কোন বৃক্ষেরফল উৎকৃষ্টরূপেগ্রহণ করিও গাভীর দুগ্ধ লই অথচ তাহারা তাহার আস্বাদজানেনা এইমত আ. মরা যাহার নিকট উত্তম পথ পাই তিনি যদি তদনুসারে ব্যবহারো নাকরেন তথাপি আমাদিগের ইষ্টসিদ্ধির বাধা নাই ॥

৭ অস্মদ্বচনৎ। হে অবহুজ্ঞ তুমি কি জ্ঞান কর যে তোমার মত সকলেরই বুদ্ধি ও মন এমত কদাচ জ্ঞান করিবা না বহুরত্না পৃথিবী কতমত লোক কতস্থানে আছে তাহার নৈয়ত্য কি যদি মহাবিজ্ঞের মন ও বুদ্ধি বিশেষ রূপে থাকে যে তিনি যাহা না দেখিয়াছেন ও না শুনিয়া ছেন তাহারও প্রত্যক্ষে জ্ঞানওধ্যানকরিতে পারেন কিম্বা যেমত ইদানী অনেক ২ অবোধ আপনার বুদ্ধিকে প্রধান করিয়া জানেন ও দুইচারিপাত টেড়া বেঁকা পড়িয়া আপ নাকে পণ্ডিত বুঝেন সেইমত যদি এই আহার ব্যবহা রাদি কার্য্যসমস্তদ্বারা তাঁহার বুদ্ধিকে তৎসঙ্গিলোকে কিম্বাতিনি নিজেই পূর্ণবুদ্ধি বুঝিয়া থাকেন তবে তোমার এসকল কথা কোথায় থাকিবেক কেননা তোমার মতেও পূর্ণবুদ্ধি যার ব্রহ্মজ্ঞান তার এমত কহিলা সুতরাং মহাজ্ঞা নী যে ব্রহ্মজ্ঞানী হয়েন ইহা মানাও আশ্চর্য্য নহে অথবা

ঐ আত্মলাকজালালিতে কিঞ্চিৎ তর্ক পাঠ হেতুক স্মৃতি বিরুদ্ধাচারির যে কথা প্রথমেই কহিয়াছেন মহাজ্ঞানীও সেইমত হইয়া থাকিবেন ইহাতে ক্ষান্ত থাকাই তোমার শ্রেয়ঃ কর হয় ॥

৮। মহাবিজ্ঞ কহেন যে সগুণ উপাসনা ও প্রতিমা পূজা যদিও কর্ত্তব্য হয় তথাপি নানাদেবতার উপোসনার ফল কি ॥

৮। অবহুজ্ঞ কহেন যে নানাদেবতা কোথা ব্রহ্মাদি ষষ্ঠী পর্য্যন্ত যত দেবতা সকলিতো পরমেশ্বর যদি কহ যে নানাধ্যান ও নানা মূর্ত্তি এতপরমেশ্বর কিরূপে সম্ভব। উত্তর নাম অনেক বটে এবং ধ্যানগতমূর্ত্তিও অনেক ইহাতে সাধারণ লোকে অনেক দেবতাই বোধকরে ফলত তাহা নহে কেননা এক পরমেশ্বর তিনিই নানারূপে উপাস্য। তথাচ যোগবাশিষ্ঠে। দিক্কালাদ্যনবচ্ছিন্ন মদৃষ্টো ভয়কোটিকং চিন্মাত্র মক্ষয়ংশান্ত মেকংব্রহ্মাস্তি নেতরৎ॥ এবং। চিন্ময়স্যা দ্বিতীয়স্য নিষ্কলস্যা শরীরিণঃ। উপাস কানাং কার্য্যার্থং ব্রহ্মণো রূপকল্পনা ইত্যাদি॥ যদিবল যে বিশেষণগত বৈলক্ষণ্য থাকাতেও যদিবিশেষ্য গত বৈলক্ষণ্য গ্রহ নাহয় তবে নানাবিধবিশেষণভেদেও কোন পদার্থের পৃথকত্ব নিশ্চয় হইতে পারেনা। উত্তর বিশেষণগত বৈলক্ষণ্যদ্বারা যদ্যপি শাব্দবোধে ভেদগ্রহহয় তথাপিএক বস্তুনিষ্ঠ নানাবিশেষণের তাৎপর্য্য একই বি

শেষ্য হয়। যথা একদন্ত ও গজানন ও লম্বোদর ইত্যাদি শাব্দবোধে পার্থক্য থাকাতেও সমস্ত বিশেষণ একগণেশ রূপ বিশেষ্যকেই প্রতিপাদন করে। সেইরূপ সমস্ত ধ্যান গম্য এক পরমেশ্বরই হইয়াছেন বস্তুন্তর ও ব্যক্তিভেদ হই লে তাদৃশ আপত্তির সঙ্গতি হইতে পারিত যেহেতুক ঈশ্বর এক এবং যে সকল ধ্যানভেদ তাহাও তাঁহারই ধ্যান হয় তথাহি শাণ্ডিল্যসূত্রং। ভজনীয়েনা দ্বিতীয় মিদং কৃৎস্নস্য তৎ স্বরূপত্বাৎ। তবে ইহাতে পদার্থান্তরের আশঙ্কা কি আছে যদি কহ যে ইহা কিরূপে যুক্ত হয় যেহেতুক বস্তুসক লের পার্থক্যজ্ঞানের প্রতি তাহাদিগের পৃথক্ অবস্থা ও পৃথক্ পরিমাণ ও পৃথক্ আধার ও পৃথক্ আকারাদিই কারণ হইয়াছে। নামরূপাদিভেদেও বস্তুভেদ গ্রহ না করিয়া যদি নানাদেবতার ঐক্য স্বীকার করাযায় তবে বস্তুভেদ জ্ঞানের নিমিত্ত জগতে অন্য কি উপায় আছে অতএব লম্বোদরের সাদৃশ্য যে উক্ত হইল তাহাতে তুল্যাধিকর ণতা আছে। তবে শিব বিষ্ণু আদিতে যে ভিন্নাধিকরণ তার উপলব্ধি হয় তাহাতে এরূপ সিদ্ধান্তের সঙ্গতি ঘটেনা উত্তর দেবতাবিষয়কজ্ঞানে ভিন্নাধিকারণতা কোথা দেখ শিবত্ব স্বরূপলক্ষণে উক্ত আছে যে। অনন্ত মজমব্য ক্ত মক্ষরংশান্তমচ্যুতং। অপ্রতর্ক্য মবিজ্ঞেয়ং যৎশিবং শুদ্ধমব্যয়ং ॥ অপিচ যোগবাশিষ্ঠে। শূন্যং প্রকৃতিবেদী তি ব্রহ্মবিজ্ঞান মিত্যপি শিবঃপুরুষ ঈশানোনিত্যমাত্মে তি কথ্যতে ॥ অন্যচ্চ জ্ঞানংনৈবাত্মনো ধর্ম্মো ন গুণোবা

কথঞ্চন। জ্ঞানস্বরূপএবাত্মা নিত্যঃ সর্ব্বগতঃশিবঃ॥ তথাচ শিবপুরাণং। যস্মাৎসৃষ্টিঃ সমুৎপন্না সা যেন প্রতিপাল্যতে উপসংহ্রিয়তে যেন সোহসৌ রুদ্রঃ প্রকীর্ত্তিতঃ। স কীর্ত্তিবাসা হেমাঙ্গঃ সর্ব্বভূতান্তরস্থিতঃ। সর্ব্বদর্শী চ সর্ব্বজ্ঞঃ সর্ব্বেশ্বরপতি র্ভবঃ ইত্যাদি॥ তদনন্তর শিবের ধ্যানগত পদার্থসকলের তাৎপর্য্য স্পষ্ট কহিয়াছেন যথা। আব্রহ্মস্তম্বপর্য্যন্তং ভস্মীভূতং চরাচরং। মহাপ্রলয়কালেচ শ্মশানে চরতে হরঃ। অশেষজগতাংশেষঃ স শেষঃ পরিকীর্ত্তিতঃ। ত্রয়ো বেদা জটাখ্যাতা স্তদ্যোগাজ্জটিলঃস্মৃতঃ। ব কারঃপাযূষং বিদ্যাদতুলোহসৌ সনাতনঃ। তস্মাদসৌবাতুলস্তমুনিভিঃ পরিগীয়তে॥ পূতিমাংসযুতংপাপলংঘাতং হরতি স্মৃতঃ। কঃস্বর্গঃপালিতো যস্মাৎপুরা ত্রিপুরদানবাৎ তস্মাৎশিবঃ কপালীতি মুনিভিঃ স্তূয়তেসদা। করৈরলংভূষিতশ্চ বিবস্বান্ পরিকীর্ত্তিতঃ॥ অষ্টমূর্ত্তিধরত্বাচ্চ করালীতি প্রচক্ষতে। পৃথিব্যাদীনি ভূতানি তেষাং বেতালকো গণঃ। ততো হসৌ প্রোচ্যতে সদ্ভি র্ভূতবেতালসংবৃতঃ। পাদৌ যস্যতু পাতালংকটি র্ভূর্দ্যৌঃ শির স্তথা॥ দিশো বাসাংসি যস্যাসন্ দিগ্বাসা স্তেন সম্মতঃ ইত্যাদি॥ এবং বিষ্ণুস্বরূপকথনে বিষ্ণুপুরাণংযথা। সর্ব্বাণি তত্র ভূতানি বসন্তি পরমাত্মনি ভূতেষুচ স সর্ব্বাত্মা বাসুদেব স্ততঃস্মৃতঃ ইতি॥ পরে বিষ্ণুর ধ্যানগতপদার্থালোচনে কহিয়াছেন যে। আত্মানমস্য জগতো নির্লেপ মগুণামলং॥ বিভর্ত্তি কৌস্তুভ মনিস্বরূপংভগবান্ হরিঃশ্রীবৎসসংস্থানধর মনন্তেচ সমা

শ্রিতং। প্রধানং বুদ্ধির প্যাস্তে গদারূপেণ মাধবে। ভূতা দি মিন্দ্রিয়াদিঞ্চ দ্বিধাহঙ্কার মীশ্বরঃ। বিভর্ত্তি শঙ্খরূপেণ শার্ঙ্গরূপেণচ স্থিতং। চলংস্বরূপ মত্যন্তং জবেনান্তরিতা নিলং। চক্রস্বরূপঞ্চ মনো ধত্তে বিষ্ণুঃ করে স্থিতং। পঞ্চ রূপাতুষা মালা বৈজয়ন্তী গদাভৃতঃ॥ সা হেতুভূতসংঘাতা ভূতমালাচ বৈ দ্বিজ। যানীন্দ্রিয়াণ্য শেষাণি বুদ্ধিকর্ম্মাত্মি কানিবৈ। শররূপাণ্যশেষাণি তানিধত্তেজনার্দ্দনঃ। বিভর্ত্তি যচ্চাসিরত্ন মচ্চুতো ত্যন্তনির্ম্মলং। বিদ্যাময়ন্তু তজ্জ্ঞান মবিদ্যাকোষসংস্থিতং। ইত্থং পুমান্ প্রধানঞ্চ বুদ্ধ্যহঙ্কার মেবচ। ভূতানিচ হৃষীকেশে মনঃ সর্ব্বেন্দ্রিয়াণিচ॥ বিদ্যা বিদ্যেচ মৈত্রেয় সর্ব্বমেতৎসমাশ্রিতং। অস্ত্রভূষণসংস্থানং স্বরূপংরূপবর্জ্জিতং। বিভর্ত্তি মায়ারূপোহসৌ শ্রেয়সে প্রাণিনাংহরিঃ। সবিকারং প্রধানঞ্চপুমাংশ্চেবাখিলংজগৎ ইত্যাদি॥ ব্রহ্মার বিষয়ে যথা। মনো মহামতি ব্র্হ্মা পুর্বুদ্ধিঃ ক্ষান্তিরীশ্বরঃ। তথাচ। গৃহীতা নিন্দ্রিয়ৈ রর্থান্ আত্মনে যঃ প্রযচ্ছতি। অন্তঃকরণরূপায় তস্মৈ বিশ্বাত্মনে নমঃ॥ এবং যোগবাশিষ্ঠে। ব্রহ্মা সংকল্পপুরুষঃ পৃথ্ব্যাদিরহিতাকৃতিঃ। কেবলং চিত্তমাত্রাত্মা কারণং ত্রিজগৎস্থিতেঃ। ব্রহ্মণা তন্যতে বিশ্বংমনসৈব স্বয়ম্ভুনা মনোময়মতোবিশ্বংযন্নাম পরিকীর্ত্ত্যতে। সংকল্পনং মনো বিদ্ধি সংকল্পাত্তন্নভিদ্যতে। যত্র সংকল্পনং তত্র মনোহস্তীত্যবগম্যতাং। অবিদ্যাসংস্থিতি শ্চিত্তংমনো বন্ধো মলস্তমঃ। ইতি সংকল্পজালস্য নামান্যেতানি রাঘব। তথাদশমসর্গে। অনন্তস্যাত্মতত্ত্বস্য সর্ব্বশক্তে র্ম

হ্যাত্মনঃ সংকল্পশক্তিখচিতং যদ্রূপং তন্মনো বিদুঃ।
চিদ্ব্যোমকেবল মনন্ত মনাদিমধ্যংবুদ্ধেতিভাতি নিজচিত্ত
বশাৎস্বয়ম্ভুঃ। আকারবানিব পুমানিব বস্তুতস্ত বন্ধ্যাতনুজ
ইব তস্যাতু নাস্তি দেহঃ ॥ সৃষ্টিরেব মিয়ংরাম সর্গেঽস্মিন্
স্থিতিমাগতা। বিরিঞ্চিরূপাত্মনসঃ পুষ্পলক্ষ্মীরিবক্রমাৎ।
তস্মাৎচিদাত্মতকতয়াত্মনিচিত্ততোয়ংনিত্যংস্বয়ং প্রকটভূ
মিপদেবদেবৈঃ। তেনৈব পদ্মজ ইতি স্বয়মাত্মনার্থঃ প্রোক্তঃ
স্বরূপ মিতি শাস্তমিদংসমস্তং ॥ গণেশবিষয়ে যথা। শ্রীম
দ্ভাগবতে। যং ব্রহ্ম বেদান্তবিদো বদন্তি পরপ্রধানং পুরু
ষংতথান্যে। বিশ্বোদ্গতেঃ কারণমীশ্বরংবা তস্মৈনমো বিঘ্ন
বিনায়কায় তথা। বিষয়জ্ঞানজন্য সাম্প্রদায়িক পশুধর্ম্মা
নুষ্ঠানরূপাকৃতিবিশেষঃ ॥ তথাচমুখাদৌ বাহ্যানুষ্ঠানে
মহাপশু র্গজাননাদিরস্তরস্ত চতুর্ভুজাদিঃ অপূর্ব্বদেবমূর্ত্তিঃ
ইতি। তাহার বাহন মূষিক যে ক্ষণে২ নিজাবাসাদি ছেদন
করে। অর্থাৎ বৈরাগ্যাদিবস্তু বিচার যে সংসারস্থ হইয়াও
তাহার অনিত্যতা নিশ্চয়দ্বারা বিরাগজন্মায় ইত্যাদি॥ ভগ
বতীবিষয়ে মার্কণ্ডেয়পুরাণং যথা। নিত্যৈব সাজগন্মূর্ত্তি
স্তয়া সর্ব্বমিদংততং ॥ প্রকৃতি স্ত্বংহি সর্ব্বস্য গুণত্রয়বিভা
বিনীইতি॥ এবংরাধাবিষয়ে নারদপঞ্চরাত্রে। অপূর্ব্বব্রহ্ম
রূপাচব্রহ্মাণ্ডপরিপালিনী। ব্রহ্মাণ্ডভাণ্ডমধ্যস্থাব্রহ্মাণ্ডভাণ্ড
রূপিণী॥তথাপদ্মপুরাণং। যাদুর্গানৈবললিতা ললিতাসৈব
রাধিকা। ইয়ংসাললিতা দেবীপুংরূপাকৃষ্ণবিগ্রহা॥তথা।
শুভেচ আশ্বিনে প্রাপ্তে মহামায়াংপ্রপূজয়েৎ। সৌবর্ণীং

ব্রাজতীং বাপি বিষ্ণুরূপাং সনাতনীং ॥ তথাচ বৃহজ্ঞান তন্ত্রে। প্রকৃতি র্বিষ্ণুমূর্ত্তিঃ স্যাৎ রামরূপাচ তারিণী। ছিন্ন মস্তানৃসিংহঃ স্যাৎবামনো ভুবনেশ্বরী ॥ যামদগ্নিঃ সুন্দরী স্যা স্মীনো ধূমাবতীভবেৎ। বগলা কূর্ম্মমূর্ত্তিঃস্যাদ্বলভদ্রস্তু ভৈরবী ॥ মহালক্ষ্মী র্ভবেদ্বৌদ্ধো দুর্গা স্যাৎকল্কিরূপিণী। স্বয়ংভগবতী কালী পুংরূপা কৃষ্ণবিগ্রহা ॥ আদ্যা রাধা স্বয়ংকালী রুক্মিনী গণবাসিনী। ললিতা ষোড়শী সাক্ষাৎ বিশাখা ভুবনেশ্বরী ॥ সত্যভামা ভৈরবী স্যাৎছিন্নমস্তাতি লোত্তমা। তুলসী ধূমাবতী বিদ্যা বগলা বৃন্দারিকা স্মৃতা। শ্রীমাতঙ্গী লক্ষ্মীরূপা মহালক্ষ্ম্য ম্বিকাত্মিকা। এতাদশ মহা বিদ্যাঃ সিদ্ধিভাবে প্রকীর্ত্তিতাঃ ॥ তথা সনৎকুমারসং হিতায়াং রাধাকৃষ্ণপ্রস্তাবে॥ ইয়ংদুর্গা হরী রুদ্রঃ কৃষ্ণঃ শক্র ইয়ং সচা। সাবিত্রীয়ং হরি র্ব্রহ্মা ধূমোর্ণাহংসৌ যমো হরিঃ। বহুনা কিংমুনিশ্রেষ্ঠ বিনাতাভ্যাংনকিঞ্চন। চিদচি ল্লক্ষণংসর্ব্বং রাধাকৃষ্ণময়ং জগৎ ইত্যাদি॥ তথাবিষ্ণু পুরাণং। দারুণ্যগ্নির্যথা তৈলংতিলে তদ্বৎ পুমানপি। প্রধা নেহবস্থিতোব্যাপী চেতনাত্মাত্মবেদনঃ ॥ তথা সাংখ্য সূত্রং। উপরাগাৎকর্তৃত্বংচিৎসান্নিধ্যাৎ২।। তথাহি যোগ বাশিষ্ঠে॥ নিরিচ্ছে সংস্থিতে রত্নে যথালোকঃ প্রবর্ত্তে। সত্ত্বামাত্রেণ দেবস্য তথৈবায়ং জগদ্গণঃ। অত আত্মনি ক র্তৃত্ব মকর্তৃত্বঞ্চসংস্থিতং। নিরিচ্ছত্বাদকর্ত্তাসৌ কর্ত্তাসন্নিধি মাত্রতঃ ॥ তথা আনন্দলহরী। শিবঃ শক্ত্যা যুক্তো যদি ভব তিশক্তঃ প্রভবিতুংনচেদেবংদেবো নখলু কুশলঃ স্পন্দিতু

মপি ইত্যাদি ॥ পুনঃ সনৎকুমারসংহিতায়াং ষটত্রিংশৎ পটলে ভগবদ্বাক্যং । ব্যাপকত্বাচ্চিদংশেন মাংবুদ্ধোজ্জি বিদু র্বুধাঃ । অকর্তৃত্বাৎ প্রপঞ্চস্যনিষ্ক্রিয়ংমাংবদন্তি হি ইত্যাদি । তথাচ বিষ্ণুপুরাণং ॥ বিষ্ণুশক্তিপরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা । অবিদ্যা কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তি রিষ্যতে ॥ ব্রহ্মবৈবর্ত্তে। বিবেচনা চাবরণী শক্তিঃ শক্তী দ্বিধা মতা। একয়া ম্যাত্যনাবৃত্তি মন্যয়া বর্ত্ততে পুনঃ ইত্যাদি ॥ আর শক্তি শক্তিমতের ভেদ নাই যথা অগ্নির দাহিকা শক্তি দুগ্ধের ধাবল্য ইত্যাদি ।। পুন র্মাকণ্ডেয় পুরাণং যথা ॥ রজো ব্রহ্মা তমোরুদ্রো বিষ্ণুঃ সত্ত্বংজগৎ পতিঃ । এতএব এয়ো দেবা এতএবত্রয়োগুণাঃ ॥ তথা মহিম্নঃস্তবে । ত্বমর্কস্ত্বংসোমস্ত্বমসি পবন স্ত্বংহুতবহ স্ত্বমাপ স্ত্বংব্যোম ত্বমুধরণি রাত্মাত্বমিতিচ ॥ তথা । ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ ॥ এবং মনুঃ ১২ অধ্যায়ে । এত মেকেবদন্ত্যগ্নিং মনুমন্যে প্রজাপতিং। ইন্দ্র মেবাপরে প্রাণ মপরে ব্রহ্ম শাশ্বতং ॥ এষ সর্ব্বাণি ভূতানি পঞ্চভি র্ব্যাপ্য মূর্ত্তিভিঃ । জন্মবৃদ্ধি ক্ষয়ৈ র্নিত্যং সংসারয়তি চক্রবৎ ॥ রুচিঃ । পিতৃ ন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ । প্রদান শক্তাঃ সকলেপ্সিতানাং বিমুক্তিদা যে নভিসংহিতেষু ॥ যোগবাশিষ্ঠে । যস্য বিশ্বাত্মকত্বেপি খণ্ড্যতে নৈকপিণ্ডতা । তস্মাত্রমময়ং তন্ত্রে কথ্যতে ব্রহ্ম শাশ্বতং । এবং গীতা । অহংক্রতুরহংযজ্ঞঃ স্বধাহমহমৌষধং । মন্ত্রোহম

মহমেবাজ্য মহ মগ্নি রহংহুতং ইত্যাদি ॥ এরংরাম বিষয়ে । বিদ্বন্মনোরঞ্জন্যাং ॥ বিদ্যাসীতাবিয়োগঃ ক্ষুভিতনিজসুখঃ শোকমোহাভিপন্নশ্চেতঃসৌমিত্রিমিত্রো ভবগহনগতঃ শাস্ত্রসুগ্রীবসখ্যঃ ॥ হত্বান্তে দৈন্যবালিং মদনজলনিধৌ ধৈর্য্যসেতুং প্রবধ্য প্রধ্বস্তাবোধরক্ষঃপতিরধিগতা জানকীস্বাত্মরামঃ ॥ এবমদ্ভুতরামায়ণে । রামোহচিন্ত্যো নিত্যচিৎসর্ব্বসাক্ষীসর্ব্বান্তঃস্থঃ সর্ব্বলোকৈককর্ত্তা । ভর্ত্তাহর্ত্তা নন্দমূর্ত্তি র্বি ভুর্বা সীতাযোগাচ্চিন্ত্যতে যোগবিদ্ভিঃ॥তথা । জানকীপ্রকৃতিঃ সৃষ্টেরাদিভূতা সনাতনী॥তপঃসিদ্ধিঃ স্বর্গসিদ্ধি র্ভূতি র্ভূতিমতী সতী ॥ বিদ্যাংবিদ্যাচ মহতী গীয়তে ব্রহ্মবাদিভিঃ ॥ ঋদ্ধিঃ সিদ্ধিগুর্ণময়ী গুণাতীতা গুণাত্মিকা । ব্রহ্ম ব্রহ্মা গুসংস্যৃতাসর্ব্বকারণকারণং । প্রকৃতির্বিকৃতি র্দেবী চিন্ময়ী চিদ্বিলাসিনী ॥ মহাকুণ্ডলিনী সর্ব্বানুস্যূতা ব্রহ্মসংজ্ঞিতা । যস্যা বিলসিতং সর্ব্বং জগদেতচ্চরাচরং॥ যা মায়াতুহৃদি ব্রহ্মন্ যোগিন স্তত্ত্বদর্শিনঃ । বিঘট্টয়ন্তীহৃদ্গ্রন্থিং ভবমোচনতৎপরা ইত্যাদি ॥ শ্রীকৃষ্ণবিষয়ে ব্রহ্মবৈবর্ত্তে নামার্থ কহেন যে ।কৃষেশ্চ সর্ব্ববচনোণকারশ্চাত্মবাচকঃ॥ সর্ব্বাত্মাচ পরং ব্রহ্ম তেনকৃষ্ণঃ প্রকীর্ত্তিতঃ । তথা কৃষ্ণস্বরূপকথনে পদ্মপুরাণং ॥ আসী দব্যাকৃতং ব্রহ্ম করকাম্বুতয়োরিব ॥ প্রকৃতিস্থো গুণান্ ভুক্ত্বাদূরীভূত্বা দিবংগতঃ ॥ ক্লীঁইতি কৃষ্ণবীজস্যার্থঃ । যথা গৌতমীয়ে । লকারাৎ পৃথিবী জাতা ককারাৎ জলসম্ভবঃ। ঈকারাদ্বহ্নিরুৎপন্নো নাদাদ্বায়ুরজায়ত । বিন্দোরাকাশসম্ভূতি রিতিভূতা

ত্মকো মনুঃ॥ গোপীজনবল্লভ ইত্যস্যার্থঃ। যথা। সম্মো হনতন্ত্রে। গোপীতি প্রকৃতিং বিদ্যাৎ জনস্তত্বসমূহকঃ।অনয়োরাশ্রয়ো ব্যাপ্ত্যা কারণত্বেনচেশ্বরঃ।সান্দ্রানন্দ পরং জ্যোতির্বল্লভেনচ কথ্যতে॥ অথবা। অনয়োর্বল্লভঃ প্রোক্তঃ স্বামী কৃষ্ণাখ্য ঈশ্বরঃ॥ তথা শ্রীমদ্ভাগবতে দ্বাদশস্কন্ধে ১১ অধ্যায়ে কৃষ্ণেরধ্যানগতপদার্থবিবরণ যথা॥ তান্ত্রিকাঃ পরিচার্য্যায়াং কেবলস্য জগৎপতেঃ। সাঙ্গোপাঙ্গ য়ুধাকল্পৈঃ কলয়ন্তিঃ যথৈববৈঃ। তন্নো কথয় ইতি প্রশ্নে কৃতে। উত্তরং। নমস্কৃত্বা গুরূন্বক্ষ্যে বিভূতী বৈষ্ণবী রপি। যাঃ প্রোক্তা বেদতন্ত্রাভ্যামাচার্য্যৈঃ পদ্মজাদিভিঃ। মায়াদ্যৈর্নবভিস্তত্বৈঃ সবিকারময়ো বিরাট্। নির্ম্মিতো দৃশ্যতে যত্রসচিৎকে ভুবনত্রয়ং॥এতদ্বৈ পৌরুষংরূপং ভূঃপাদৌ দ্যৌঃ শিরো নভঃ। নাভিঃ সূর্য্যো হক্ষিণীনাসে বায়ুঃ কর্ণৌ দিশঃ প্রভোঃ। প্রজাপতিঃ প্রজননমপানো মৃত্যুরীশিতুঃ। তদ্বাহবো লোকপালা মনশ্চন্দ্রোভ্রুবৌ যমঃ। লজ্জোত্তরোধরো লোভো দন্তা জ্যোৎস্না স্ময়ো ভ্রমঃ। রোমাণি ভূরুহা ভূম্নো মেঘাঃ পুরুষমূর্দ্ধজাঃ॥ যাবানয়ং বৈ পুরুষো যাবত্যা সংস্থয়া মিতঃ। তাবানসাবপি মহান্ পুরুষো লোকসংস্থয়া॥ কৌস্তুভব্যপদেশেন সাত্ম জ্যোতি র্বিভর্ত্ত্যজঃ। তৎপ্রভাব্যাপিনী সাক্ষাচ্ছ্রীবৎসমুরসা বিভুঃ। স্বমায়াং বনমালাখ্যাং নানাগুণময়ীং দধৎ। বাসশ্ছন্দোময়ং পীতং ব্রহ্মসূত্রং ত্রিবৃৎস্বরং। বিভর্ত্তি

সাংখ্যং যোগঞ্চ দেবো মকরকুণ্ডলে । মৌলিং পদং
পারমেষ্ঠ্যং সর্ব্বলোকনমস্কৃতং ॥ অব্যাকৃত মনন্তাখ্য
মাসনং যদধিষ্ঠিতঃ । ধর্ম্মজ্ঞানাদিভির্যুক্তং সত্ত্বং পদ্মমিহো
চ্যতে । ওজঃসহোবলযুতং মুখ্যতত্ত্বং গদাং দধৎ ॥
অপাং তত্ত্বং দরবরং তেজস্তত্ত্বং সুদর্শনং । নভোনিভ
মভস্তত্ত্ব মসিং চর্ম্মতমোময়ং । কালরূপং ধনুঃ শার্ঙ্গং তথা
কর্ম্মময়েষুধীঃ । ইন্দ্রিয়াণি শরানাহু রাকূতীরস্য স্যন্দনং ।
তন্মাত্রাণ্য স্যাভিব্যক্তিং মুদ্রয়ার্থক্রিয়াত্মতাং ॥ মণ্ডলং
দেবযজনং দীক্ষাসংস্কার আত্মনঃ । পরিচর্য্যা ভগবত আ
ত্মনো দুরিতক্ষয়ঃ । ভগবান্ ভগশব্দার্থং লীলাকমল
মুদ্বহন্ । ধর্ম্মং যশশ্চ ভগবান্ চামরব্যজনেঽভজৎ ॥ আত
পত্রঞ্চ বৈকুণ্ঠং দ্বিজাধামাকুতোভয়ং । ত্রিবৃদ্বেদঃ সুপর্ণা
খ্যো যজ্ঞং বহতি পূরুষং । অনপায়িনীভগবতী শ্রীঃসাক্ষা
দাত্মনো হরেঃ । বিষ্বক্সেন স্তন্ত্রমূর্ত্তি র্বিদিতঃ পার্ষদা
ধিপঃ । নন্দাদয়োঽষ্টৌদ্বাস্থাশ্চতেঽণিমাদ্যা হরে র্গুণাঃ ।
বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নঃ পূরুষঃ স্বয়ং । অনিরুদ্ধ ইতি
ব্রহ্মন্ মূর্ত্তি র্ব্যূহে ঽভিধীয়তে ॥ সবিশ্বস্তৈজসঃ প্রাজ্ঞ
স্তুরীয় ইতি বৃত্তিভিঃ । অর্থেন্দ্রিয়াশয়জ্ঞানৈ র্ভগবান্ পরি
ভাব্যতে ॥ অঙ্গোপাঙ্গায়ুধাকল্পৈ র্ভগবাংস্তচ্চতুষ্টয়ং ।
বিভর্ত্তি স্ম চতুর্মূর্ত্তি র্ভগবান্ হরিরীশ্বরঃ । দ্বিজ ঋষভ স এষ
ব্রহ্মযোনিঃ স্বয়ংদৃক্ স্বমহিমপরিপূর্ণো মায়য়ায়ঃ
স্বয়ৈতৎ । সৃজতি হরতি পাতীত্যাখ্যয়া নাবৃতাক্ষো
বিবৃত ইব নিরুক্ত স্তৎপরৈরাত্মলভ্যঃ ॥ শ্রীকৃষ্ণ কৃষ্ণসখ

বৃক্ত্যবভাবনীক্রুগ্রাজন্যবংশদহনানপবর্গবীর্য্যা। গোবিন্দ গোপবনিতা বৃজভৃত্য গীত তীর্থশ্রবঃ শ্রবণ মঙ্গলপাহি ভৃত্যান্ ইতি॥ সূর্য্যবিষয়ে। যথা জ্যোতিষে। তমস্তো মাবৃত্তে বিশ্বে জগদেতচ্চরাচরং। রাশিগ্রহোদু সংঘাতং সৃজন্ সূর্য্যোহভবত্তথা॥ শ্রুতিঃ। যদস্য প্রথম রেতসঃ সএব সূর্য্যঃ॥ আর সন্ধ্যামন্ত্রের সূর্য্যোপস্থানে। সূর্য্যাত্মা জগতস্তস্থুষশ্চ ইত্যাদি॥ এবং যোগবাশিষ্ঠে। আস্তে ইনন্তনিত্যোভাস্বানজো দেবো নিরাময়ঃ। সর্ব্বদা সর্ব্বকৃৎ সর্ব্বঃ পরমাত্মা মহেশ্বরঃ। ৭১। যতোবাচো নিবর্ত্তন্তে যো যুক্তৈরধিগম্যতে। যস্যচাত্মাদিকা সংজ্ঞা কল্পিতানস্ব ভাবজা। যঃ পুমান্ সাঙ্খ্যদৃষ্টীনাং ব্রহ্মবেদান্তবাদিনাং। বিজ্ঞানমাত্রংবিজ্ঞানবিদামেকান্তনির্ম্মলং। যচ্ছূন্যবাদি নাং শূন্যংভাসকো যোঽর্কতেজসাং। বক্তা মন্তাঋতং ভোক্তা দ্রষ্টা কর্ত্তা সদৈব যঃ। সন্নপ্যসন্জগতি যোদেহ স্থোপি দূরগঃ। চিৎপ্রকাশোহ্যয়ং যস্মাদালোক ইব ভা স্বতঃ। এষচিৎ সূর্য্য ইত্যুক্তঃ সর্ব্বমেতত্তপত্যসৌ। বিজ্ঞা নাত্মৈষপরমো ভাস্করোভাতিভাস্করঃ॥ যদি বলযে এইরূপ অঙ্গোপাঙ্গাদির বিষয় নিশ্চিত হইলেও বৈকুণ্ঠাদিস্থান ও বৃষাদি বাহন ও মৎস্যাদি অবতারাদিবিষয়ে কি গতি। উত্তর সেই২ শব্দার্থ বিবেচনা করিতে হয়। তথাচ অমর কোষঃ কুণ্ঠো মন্দঃ ক্রিয়াসু যঃ। অতএব তাহার বিপরীত যে তাহাকে বিকুণ্ঠ বলিতে পারি এবং সেই বিকুণ্ঠের যে ভাব তাহাকে বৈকুণ্ঠ বলাযায় কিনা অতএব তাহাতেই

যিনি প্রসন্নরূপে অধিষ্ঠান করেন তিনি কি উক্ত সনাতন হইতে ভিন্ন বোধহন। আর কিল নিশ্চয়ঃ। কিল আস্তে ইতি কিলাসঃ। নিশ্চয়অনুভবে যিনিআছেন অর্থাৎ সৎবুদ্ধতথাচযোগঃ। চিদ্ব্যোমৈকঃ কিলাস্তীহ পারাবার বিবর্জ্জিতঃ॥ তদ্বিষয়ক কিম্বা তাহার অনুসঙ্গি যে তত্ত্বজ্ঞান তাহাকে কৈলাস বলাযায় সেই কৈলাস অর্থাৎ তত্ত্ব জ্ঞানে যাহাকে পাওয়াযায় এমত আত্মারূপ শিব কৈলাসবাসী নতুবা হিমালয়ের একপ্রান্তে পাঞ্জাবের উত্তর কৈলাসনামে হিমাছন্নশুক্লপর্ব্বতে শিবনামক পুরুষবিশেষ কেহ বাটী করিয়া আছেন এমত অবোধ জ্ঞানকরাতো বৈদিকমতসিদ্ধনহে আর ইহাতো অবোধেও বুঝিতেপারে যেশিবের বাহনবৃষ বিষ্ণুরবাহন গরুড় ব্রহ্মার বাহন হংস গণেশের বাহন মূষিক একি যথার্থ রূপেই বাহনস্বরূপ হয় কেননা যদি ইহারা পৃথক্ ব্যক্তি হইত তবে একটা ঘোড়া হাতাতে নাচড়িয়া যাহা কোন মতে বাহনযোগ্যনহে তাহাতেই আরোহণাদি করার কি প্রয়োজন সুতরাং শিব পুরাণং। ধর্ম্মংবৃষভরূপিণং বাহ নার্থংদদৌ॥ তথাচ ধর্ম্মবিনা জ্ঞানাশ্রয় হইতে পারে না। আর শ্রীমদ্ভাগবতে। ত্রিবৃদ্বেদঃ সুপর্ণাখ্যো বহতিযজ্ঞ পুরুষং। অর্থাৎ যজ্ঞফলদাতা ঈশ্বরকে বেদই পাওয়ান অতএব বৈদিক মন্ত্রের অনেক ইঙ্গিত ও ভঙ্গী ও ব্যঙ্গ ও ব্যঙ্গব্যঙ্গ ও লক্ষণাদিও শক্তি গ্রাহকতারূপে পরমাত্মা বিষয়ে নানাশব্দ প্রয়োগ হইয়াছে এই কৌশল মহামহা

পণ্ডিত ও যাথার্থিকলোককর্তৃক অনেক ২ ভাষাতে আছে যথা মৌলবীরূমপ্রভৃতিসাধুরচিত গ্রন্থ আছে যে সকল লোকবিজ্ঞ ও শ্রেষ্ঠ ও বুদ্ধিমান্ তাহারা যে নানা কৌশলে ও কৌতুকে ও রূপকরূপে বচনরচনা করেন তাহার প্রমাণের প্রয়োজন নাই। এমতে সংস্কৃতের যে বাক্য কৌশল তাহা অতিশয়বিজ্ঞ না হইলে বুঝিতে পারে না কেননা মহামহাবিজ্ঞলোকের কথার ভঙ্গী মূর্খলোকে বুঝিতে অশক্ত। তাহার নিদর্শন এইযে নওসেরঁয়া বাদশাহ লোকমুখে শুনিলেন যে ভারতবর্ষে বড় ২ পর্ব্বত আছে তাহাতে এমত২ মহৌষধী আছে যে যাহার সেবনে মৃতব্যক্তিও জীবনপাইয়া সুখে থাকে তখন তিনি অন্য নানা উদ্যোগদ্বারা কৃতকার্য্য না হইয়া ঐঔষধ আনয়নার্থ বজরবিয়া হাকীমকে কহিলেন এবং তিনি অতি বিজ্ঞছিলেন এইহেতুক বিবেচনা করিলেন যে এই প্রস্তাবের ভাক্তার্থ যথার্থ নাহইবেক ফলত কিছু নিগূঢ়ার্থ হইবেক পরে স্বয়ং ভারতবর্ষে আসিয়া অনেক অনুসন্ধানে কোন পর্ব্বতেই তাদৃশ ঔষধী পাইলেননা অবশেষে পণ্ডিতদিগকে এই প্রস্তাব জিজ্ঞাসা করিলেন তাহাতে তাঁহারা হাস্য করিয়া কহিলেন যে মৃতব্যক্তি কখনই পুনর্জীবিত হয় না আর এই বাক্যের কৌশল আছে যে পর্ব্বত শব্দে, মহাপণ্ডিত ও ঔষধী শব্দে সদুপদেশ আর মৃতশব্দে জ্ঞানহীন মূর্খ অতএব মূর্খ তাদৃশ উপদেশ,পাইলে সজীব হয় অর্থাৎ জ্ঞানবান্

হয় এই অর্থ বজরবিয়া হাকীম শুনিয়া হিন্দুস্থান হইতে নানা বিদ্যার কিঞ্চিৎ২ অংশ লইয়া স্বদেশে গিয়া ঐ বাদসাহের নিকটে ব্যক্ত করিলেন। ইহাতে যদি বল যে সকলের জ্ঞানার্থ যে শাস্ত্র তাহাতে এমত কঠিন ভঙ্গির কি প্রয়োজন উত্তর যেমন তাঁতি তেলি গোপ মুচিআদি নীচলোকের সকল কথা মহৎলোকের বুঝিতে দুষ্কর হয় এই রূপে মহৎলোকের কথা সাধারণের বোধে কঠিন হয় ইহাতে যত্নকরিয়া কঠিনকরা হয়না ইহার প্রমাণ যাহারা উচ্চপদপ্রাপ্ত হইয়া লোকের হিতার্থ সর্ব্বসাধারণের জ্ঞানার্থ যে আইন করেন তাহাতো ইতর সামান্যের বুঝাভার তবে কি ইহা বলাযাইতেপারে যে ঐ সকল মহাশয়েরা লোকের জ্ঞানগম্য নাহইবার মানসে সেই রূপ রচণ করেন। এবং কোন২ জ্ঞানী কহেন যে অশ্বমেধ যজ্ঞ এই যেমন স্বভাব চঞ্চল অশ্বরূপ তাহাকে খণ্ড করণ অর্থাৎ তাহার বিকার অংশকে জ্ঞানরূপ অগ্নিতে অর্চ্চণা করণ অপূর্ব্ব যজ্ঞ হয় আর গোরূপ স্বভাব তাহাকেও জ্ঞানাগ্নিতে দগ্ধকরিলে গোমেধ যজ্ঞহয় এবং নররূপি অহঙ্কারকে জ্ঞানাগ্নিতে হবনকরিলে নরমেধমহাযজ্ঞ বলাযায় তথাচ যোগবাশিষ্ঠে স্থিতি প্রকরণে ১৫ সর্গে দাশূরমুনির বৃক্ষাগ্রস্থিতিপূর্ব্বক তপস্যাতে উক্ত আছে যে। 'অজ্ঞাতপরমার্থেন ক্রিয়ামাত্রেং বতিষ্ঠতা ফল কার্পণ্যযুক্তেন চেতসা সোহংকরোন্মথং' ॥ তত্রাদৌ দশ বর্ষাণি মনসৈবাযজৎ সুরান্। গবাশ্বনরমেধাদ্যৈ যজ্ঞৈর্ব্বি

পুংলদক্ষিণৈঃ ॥ আর পুরাণের রূপককবিতাতে যত ২ প্রসঙ্গ কহিয়াছেন তাহা সকলই উপনিষদর্থ স্পষ্টীকরণ রাজাদিপ্রস্তাবে ব্যাজরূপে তত্ত্বকথা না কহিলে সূক্ষ্মার্থ মূর্খে বুঝেনা তাহার প্রমাণ শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে পুরঞ্জনপুরঞ্জনীয়প্রসঙ্গ । এবং যোগবাশিষ্ঠের প্রস্তাব সকল বিশেষত উৎপত্তি প্রকরণে চিত্রোপাখ্যান দশম সর্গ ইত্যাদি। যদি কহ যে মহাভারতে অনেক কাটা কাটী মারামারী শুনি তাহার অভিপ্রায় কি। উত্তর যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুম ইত্যাদি। আর দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুম ইত্যাদি বচনার্থ কি জীবাত্মনিষ্ঠধর্ম্মাদি ওমন্যাদি পদার্থের বৈচারিক হ্রাসবৃদ্ধিবুঝায়না। সেই মত রামায়ণে রামআত্মা ও রাবণ অজ্ঞান এবং দেবীমাহাত্ম্যে দেবীবিদ্যা ও অসুর ক্রোধমোহাদি হইতে পারে না এবং বলিদানে কামক্রোধৌ ছাগবাহৌ ইত্যাদি কি কেহই মানিতে পারেনা আর সমুদ্রমন্থনের তাৎপর্য্য কি. সমুদ্ররূপশরীরস্থ দেবাসুররূপ গুণদোষ ঘটিত মন্থনরূপ চেষ্টাজন্যজ্ঞান সুখরূপ অমৃত ও ঐশ্বর্য্যরূপ লক্ষ্ম্যাদিপ্রাপ্তি বুঝাযায়না। তবে আর সন্দেহ কি আমরা কেবল দেবতার আকার ধ্যানকরি এমত নহে ধ্যানকৌশল ও গানবিদ্যাতে ও দেখ যে মনুষ্যকর্তৃক উচ্চার্য্যমান যে ধ্বনিবিশেষ তাহার ওঁ প্রকারতা ভেদ ও লক্ষণে লক্ষণাসম্বন্ধে রাগরাগিণীসকলের গ্রামও ওড়ো ও খাড়ো জাতিভেদে ধ্যান আকার বর্ণিত আছে। আর

মৎস্যাদি অবতার বিষয়ে এইমাত্র জ্ঞাপ্য যে যাবৎ মৎস্যকূর্ম্মইত্যাদি সকলই কি উপাস্য হইয়াছেন এমত নহে যেহেতুক জলে মৎস্য যেমন বলী এমত অন্য নাই একারণ ঈশ্বর প্রলয় কালাদিতে বিশেষ মৎস্যশরীর গ্রহণ করিয়া সত্যব্রত যাহাকে নূহ ও নোয়া ও নক্ষরূপে কেহ২ কহে তাহার নৌকায় আশ্রয়দানাদি করিয়া ছিলেন এবং তদ্রূপ মনুষ্য লোকে মনুষ্যাচার ও আকার গ্রহণদ্বারা যে মহা২ কার্য্যসাধন করিয়াছেন সেই২ শরীরনিষ্ঠমহদদ্ভুত গুণসামর্থ্যসম্বন্ধে জগৎকর্ত্তাই পূজ্য হইয়াছেন আর বিশেষ মনোযোগদ্বারা বুদ্ধিমান্ ব্যক্তি বুঝিতে পারেন যে শিববিষ্ণু দুর্গা নারসিংহী বারাহী বৈষ্ণবী ও কাল্যাদি দশমহাবিদ্যার স্থান ও জন্মাদি কোথা কিরূপ ইহাতে কি এমত দৃঢ় হয়না যে পরমেশ্বরের ধ্যান নানারূপে বর্ণিত। তাথচ। জ্যোতিঃশান্তমনন্তমব্যয়মজংতত্তদ্গুণোন্মীলনা দ্ধৃদ্ধেত্যচ্যুতইত্যুমাপতিরিতি প্রস্তূয়তে হনেকধা। তৈস্তৈরেব সদাগমৈঃ শ্রুতিমুখৈর্নানা পথপ্রাস্থিতৈ র্গম্যো হসৌ জগদীশ্বরো জলনিধি র্বারাং প্রবাহৈরিব ॥ যদি কহ যে ঈশ্বরসেবা সগুণরূপে আবশ্যক হইলেও শিবদুর্গাকালী রাধাকৃষ্ণরাম ইত্যাদি নানা রূপের মধ্যে কোন এক নামরূপ নিয়মিত হইলেই সিদ্ধ হইতে পারিত তাহাতে নানাতন্ত্রে ও নানাপুরাণে নানা দেবতার নানানাম ও নানাধ্যান আদি লিখিত হওয়াতে ভিন্ন২ রূপে পূজার পটলাদি বিধি করিয়া লোকসকলকে

ব্যস্ত করণের তাৎপর্য্য কিএবং পঞ্চায়তনীদীক্ষার উদ্দিশ্য কি যদি একই ব্রহ্ম উপাস্য তবে এককে পঞ্চ বলা পুনঃ পঞ্চকেএকবলাতে উপাসকের কি উপকার বরং নানাসাঙ্কর্য্য হেতুক চিত্তের ব্যস্ততা ও ভেদতাজন্য দোষ সমূহই বোধ হয়। উত্তর যেসকল অদ্বৈতমতের কথা স্থানে ২ কহিলাম তাহার মর্ম্ম বিবেচনা করিলেই ইহার সিদ্ধান্ত হয় তথাপি স্পষ্টার্থ অতিগোপনীয় তত্ত্বকথা কিছু বলিতে হইল তাহাশুন। পরমেশ্বর ইচ্ছা করিলেন যে অনেক হই তথাচ শ্রুতিঃ। অহং বহুস্যাং প্রজায়েত ইতি। তদনন্তর অনেক হইলেন তথাচ যোগবাশিষ্ঠে দাশূরমুনির প্রস্তাবে খোৎথরাজার কথার কৌশলে উক্ত আছে যে। পরমাত্মভগো জাতঃ সংকল্পঃ খোৎথউচ্যতে। জায়তে স্বয়মেবাসৌ স্বয়মেব বিলীয়তে ॥ ব্রহ্মবিষ্ণিন্দ্র রুদ্রাদীন্ তস্যৈবাবয়বান্ বিদুঃ॥ তাহার প্রমাণ অনেকজীব অনেক পদার্থ অনেকজাতি অনেকগুণ অনেক সংযোগ অনেক প্রকারতা অনেক বিশেষ তাহাতে কি তুমি কহিতে পার যে সকলপ্রকারের তাৎপর্য্য তুমি কি কেহই কখন বুঝিয়াছে। ফলে কোন লোক কিছুবুঝেনাই ইহার প্রমাণ ভূরি২ আছেঅতএব সেইঅনেকের মধ্যে যদি উপাসনার অনেকতা হয় তবে সে কি দোষাবহ হইবেক। অধিকন্তু দেখ মনুষ্যের অঙ্গাদিগতসাধর্ম্ম্যসত্ত্বেও লক্ষ২জনেরমধ্যে এক প্রকারতা নির্বিশেষে কোনকালে কোনদেশে হয়নাই

হইতেছেনা হইবেকনা । এমতে তাহাদিগের আকারা নুযায়ী স্বভাবও অসমান এবং স্বভাবানুযায়ি প্রবৃত্তি ও ব্যবহার স্বতন্ত্র সুতরাং রুচির বৈলক্ষণ্যপ্রযুক্ত উপাসনার নানাত্ব নিয়ম কি যুক্তনহে। অপিচ নানাউপকরণ ও সুখ জ্ঞানাদিবৎ প্রবৃত্ত্যনুযোগিউপাসনার ভেদ অত্যাবশ্যক বোধহয় কিন্তু ফলের ঐক্যপ্রযুক্ত তাহাতে দোষ নাই তদ্যথা। মহিম্নঃস্তবে। রুচীনাংবৈচিত্র্যাদৃজুকুটিলনানাপথ জুষাংনৃণামেকো গম্যস্ত্বমসিপয়সা মর্ণবইব॥ যদিবল যে ইহার সঙ্গতি কিমতে হয় যে সকলউপাসনায় একত্ব ঘটে উত্তর শুন। মনআত্মাজ্ঞানবুদ্ধি একতত্বনিষ্ঠ চারি পদার্থ সকলেই স্বীকার করেন এবং ব্রহ্মাবিষ্ণুশিবশক্তি এক ঈশ্বর এই চারিবিষয়ক উপাস্যকথন বৈদিকমতে আছে ঐচারিনামে এইচারি বিষয়কনাম সকলের সমন্বয় গুণ ও ক্রিয়া ও লক্ষণদ্বারা শাস্ত্রে আছে তথাচ বহ্নিবৈব র্ত্তকে শিববাক্যং ॥ পঞ্চভূতস্বয়ংবিষ্ণুর্মনোব্রহ্মা প্রজা পতিঃ। সর্ব্বজ্ঞানস্বরূপোহংশক্তিঃপ্রকৃতিরীশ্বরী॥ অপর জগদীশ্বর ও পরমাত্মারূপে আর একটা সংজ্ঞা সেই সংজ্ঞার সঙ্গী যিনি তিনি এই সকলরূপে পরিণতি স্বীকার করিলেন তথাচ মার্কণ্ডেয়পুরাণং । সর্ব্বহেত্ত্বরচিন্ত্যাত্মা জগদাদিরনাদিমান্। প্রকৃতিং পুরুষঞ্চৈব প্রবিশ্যাশু জগৎ পতিঃ। ক্ষোভয়ামাস বেগেন পরেণ পরমেশ্বরঃ।। তথা যোগবাশিষ্ঠে। ঋতমাত্মাপরংব্রহ্মসত্যমিত্যাদিকা বুধৈঃ। কল্পিতা ব্যবহারার্থংতস্য সংজ্ঞামহাত্মনঃ॥ এবং শ্রীমদ্ভা

গবতে। সত্ত্বংরজস্তমইতিপ্রকৃতে গুর্ণাস্তৈর্যুক্তঃ পরঃপুরুষ এক ইহাস্যধত্তে। সৃষ্ট্যাদিকে হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞা ইত্যাদি। এবং মার্কণ্ডেয়পুরাণং। যথৈকো ব্যাপকঃ ক্ষেত্রী পালকো লাবকস্তথা। তথা স সংজ্ঞামায়াতি ব্রহ্মবিষ্ণু শিবাত্মিকাং॥ অতএব নির্বিশেষ পরমব্রহ্ম সৎশব্দবাচ্য যথা শ্রুতিঃ। সদেব সৌম্যেদমগ্র আসীৎইত্যাদি। এবং তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং। এমত হইলেও ওঁকাররূপে তাহাকেই অর্চ্চণা করাযায় যথা।অ বিষ্ণুঃউব্রহ্মামশিবঃ নাদবিন্দুঃ শক্তিএতাব দাম্য তৎপর পরাৎপর তুরীয়স্থ তথাচ মাণ্ডুক্যশ্রুতিঃ। ওমিত্যেতদক্ষরমিদং তস্যোপব্যাখ্যানং যদ্ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব যচ্চান্যৎ ত্রিকালাতীতংতদপ্যোঙ্কার এব অয়মাত্মা ব্রহ্ম সোঽয়মাত্মা চতুষ্পাদিত্যাদি। সেই ওঙ্কারের আকার শিবলিঙ্গরূপে মৃৎপাষাণাদিগঠিতপ্রতিমা পূজিতা বস্তুতঃ শিবনামক শরীরিব্যক্তির পুরুষাঙ্গরূপশিবলিঙ্গের যে অর্থ ইতরেরা বোধ করে তাহা নহে। দেখ এক ব্রহ্ম কি প্রকারে সমস্ত ও ব্যস্তরূপে উপাস্য হইয়াছেন তথাচ মহিম্নঃস্তবে। ত্রয়ীং তিস্রোবৃত্তিঃ ত্রিভুবনমথ ত্রীনপিসুরান্ ককারাদ্যৈর্বর্ণৈস্ত্রিভিরভিদধ তীর্ণবিকৃতিঃ। তুরীয়ন্তেধাম ধ্বনিভিরবরুন্ধান মণুভিঃ সমস্তং ব্যস্তংত্বাং শরণদ গৃণাত্যো মিতি পদং॥ এবং লিঙ্গপুরাণং। ওঁকারং বিন্দুসংযুক্তংনিত্যংধ্যায়ন্তি যোগিনঃ। কামদংমোক্ষদঞ্চৈব ওঁকারায় নমোনমঃ।

তথাচ যোগবাশিষ্ঠে নির্ব্বাণপ্রকরণে ২৮ সর্গে। সর্ব্বপাপ ক্ষয়করং সর্ব্বকল্যাণবর্দ্ধনং। দেবার্চ্চনবিধানং তৎ কীদৃশংভবতিপ্রভো ॥ ৪৮ ॥ এইরূপে বশিষ্ঠকর্ত্তৃক প্রশ্ন হইলে। ঈশ্বর উবাচ। শৃণু ব্রহ্মবিদাংশ্রেষ্ঠ দেবার্চ্চন মনুত্তমং। নদেবঃ পুণ্ডরীকাক্ষো নচদেবঃ ত্রিলোচনঃ॥ নদেবো দেহরূপোহি নদেবশ্চিত্তরূপকঃ। অকৃত্রিম মনাদ্যন্তং দেবনংদেব উচ্যতে ॥ ৫০ ॥ চিদ্ব্যোমৈব কিলাস্তীহ পারাবারবিবর্জ্জিতং। সর্ব্বত্রাসম্ভবাচ্চেত্ত্যং সংকল্পান্তেষু শিষ্যতে ॥ ৫৩ ॥ পূজাক্রমেষু সর্ব্বেষু দেহবোধাপবিত্রকং। ত্যাজ্যং দেহাববোধাখ্যং গ্রাহ্যংযত্নাৎ পবিত্রকং ॥ ৬৯ ॥ তত্র ত্রিভুবনাধারংনিত্যংধ্যানেন পূজয়েৎ। চিদ্রূপং সূর্য্যলক্ষাভং সমস্তাভাসভাসনং ॥ অন্তঃস্থ চিৎপ্রকাশং স্বমহস্তাসারনাশয়ে। অপারপরমাকাশ বিপুলাভোগকন্দরং ॥ ৭১ ॥ প্রকাশপরমাকাশপারগাপারবিগ্রহং। ব্রহ্মেন্দ্রহরিরুদ্রেশপ্রমুখামরমণ্ডিতং ॥৭৪ ॥ বিবিধারম্ভকারিণ্যঃ ত্রিজগৎযন্ত্ররুজ্জরঃ। ইচ্ছাদ্যাঃ শক্তয়স্তস্য চিন্তনীয়াঃ শরীরগাঃ ॥ ৭৫ ॥ এবং দেবঃ স পরমঃ পূজনীয়ঃ সদা সতাং। চিন্মাত্রমনুভূতাত্মা সর্ব্বগঃ সর্ব্বসংশ্রয়ঃ। সর্ব্বতো মননাতীতং সর্ব্বত্রপরমং শিবং। ইতি সংচিন্ত্য দেবেশ মর্চ্চয়েৎ বিধিবত্ততঃ। সুখেন সর্ব্বরূপেণ স্ববুদ্ধ্যাত্মান মর্চ্চয়েৎ। আধিব্যাধিপরীতেন মোহসংরম্ভশালিনা। সর্ব্বোপদ্রবদুঃখেন প্রাপ্তেনাত্মান মর্চ্চয়েৎ ॥ ১৫ ॥ দারিদ্রেণাথ রাজ্যেন

স্বপ্রবাহগতাত্মনা । বিচিত্রচেষ্টাপুষ্পেণ বুদ্ধ্যাত্মানং সমর্চ্চয়েৎ ॥ ৮১ ॥ পূজয়িত্বা স্বমাত্মানং ঘটিকার্দ্ধং চিতিপ্রভং । অশ্বমেধসহস্রস্য ফলংপ্রাপ্নোতি মানবঃ । এষোহংসৌ পরমোযোগ ইয়ংসা পরমা ক্রিয়া । বাহ্য সংপূজনং প্রোক্তমেত দুত্তমমাত্মনঃ ॥ ৯১ ॥ নিত্যমেব শরীরস্থ মিমংধ্যায়েৎ পরংশিবং ইতি ॥ ১৪২॥ অপর গায়ত্রী যাহাকে বৃহদারণ্যকাদিঔপনিষৎশ্রুতিতে বিস্তারিত কহিয়াছেন যে দৃষ্টপদার্থশ্রেষ্ঠসূর্য্যমণ্ডলস্থঅবধারণানন্তর চক্ষুঃসত্বাব্যাজে অন্তরাত্মাই গায়ত্রীরূপউপাসনার তাৎপর্য্য দেবতার মন্ত্রও বীজও সেইরূপ কৌশল। তথাচ যোগবাশিষ্ঠে নির্ব্বাণপ্রকরণে। সর্ব্বদা সর্ব্বরূপেণ সর্ব্বাকারবিকারিণা । সর্ব্বংবুদ্ধেতি নিশ্চিত্য নিত্যমাত্মান মর্চ্চয়েৎ ইতি॥ আর ২ যেং দেবতা ধ্যানরূপে উপাস্য হয়েন তাঁহারা পটলক্রমে ভূতশুদ্ধিপ্রকারে পাপজ্ঞান নাশানন্তর সোহহংপ্রকারে পঞ্চবিংশতিতত্ত্ববিচারিত হইয়া প্রথম মানসোপচারে আত্মরূপেপূজিত হইয়া পরে তৎপ্রকটীকরণে নাসিকাদ্বারা সম্মুখবর্ত্তি আসনে স্থাপিতপূর্ব্বক বাহ্যপূজানুষ্ঠান সমাপনানন্তর সংহার মুদ্রাদ্বারা পনরাত্মস্বরূপে অবস্থাপিত হয়েন তথাচ শ্রীমদ্ভাগবতে ঈশ্বর আরাধ্যরূপে কোথা এই সংশয় দূর করিতেছেন। যথা। এবং স্বচিত্তে স্বতসিদ্ধ আত্মনি আত্মা প্রিয়োহর্থো ভগবাননন্তঃ। তংনির্বৃতং নিয়তার্থো ভজেত সংসারহেতুপরমশ্চ তত্র ॥ এবং যোগবাশিষ্ঠে উপশম

প্রকরণে ২১ সর্গে। সর্ব্বভাবান্তরস্থায় চেত্যমুক্তচিদাত্মনে প্রত্যক্ চৈতন্যরূপায় মহ্যমেব নমোনমঃ॥ ৬৮ ॥ মহ্যং তুভ্যমনন্তায় তুভ্যংমহ্যং শিবাত্মনে। নমো দেবাতিদেবায় পরায় পরমাত্মনে ইতি ॥ ফলত আত্মার দেবতা রূপে বাহ্যপূজাদিকরণের কারণ এই যে তিনি ব্রহ্মরূপী হইলেও সগুণত্বপুরস্কারে ইচ্ছাদ্বেষাদিদোষাভিভূতহেতুক আরাধনা বিনাস্বরূপ প্রকাশকরিতে পারেনন্না তথাচ যোগবাশিষ্ঠে। ঈহানীহময়ৈ রন্তর্যাচিদাবলিতামলৈঃ। সাহি নোপচিতুং শক্তা পাশবদ্ধেব পক্ষিণী। সুলভশ্চায়মত্যন্তং সুজ্ঞেয়শ্চাত্মবন্ধুবৎ। শরীরপদ্মকুহরে সর্ব্বেষামেব বট্পদঃ॥ তথা পুরুষসূক্তং। সহস্রশীর্ষাপুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং স র্বতো ভূত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং॥ পুনর্যোগবাশিষ্ঠে। এষএব সদা তোষ্যঃ স্তুত্যোধ্যাতব্যএবচ। জরামরণসম্মোহাদনেনোত্তীর্য্য গম্যতে ॥ এবং বেদান্তে ৩ অধ্যায়ে তৃতীয় পাদে ৫৪ সূত্রং। এক আত্মনঃ শরীরে ভাবাৎ॥ এমতে সর্ব্বজনের আত্মা প্রিয় হইলেও যে অন্নপানাদিকরে তদরিক্ত ঈশ্বররূপে সেই আত্মার উপাসনারপ্রয়োজন কি এমত আপত্তিও করিতে পারনা কেননা ঈশ্বর আত্মা হইলেও উপাসনা নাকরিলে তিনি ফল দেননা তথাচ। গবাংসর্পিঃ শরীরস্থং নকরোত্যঙ্গপোষণং। নিঃসৃতং কর্ম্মসংযুক্তং পুনস্তাসাং তদৌষধং॥ এবংসতি শরীরস্থসর্পির্বৎ পরমেশ্বরঃ। বিনা চোপাসনাদেব ন করোতি হিতংনৃষু॥ তথা। মার্কণ্ডেয়ে। আরা

ধৃতা সৈব নৃণাং ভোগস্বর্গাপবর্গদা। গারুড়ে। অমূর্ত্তোচেৎ স্থিরো নস্যাৎ ততো মূর্ত্তিং বিচিন্তয়েৎ॥ অগ্নিপুরাণে। সকলো নিষ্কলো জ্ঞেয়ঃ সর্ব্বজ্ঞঃ পরমো হরিঃ। দেহস্থঃ সকলো জ্ঞেয়ো নিষ্কলোদেহবর্জ্জিতঃ॥ যামলে। সগুণা নির্গুণাচেতি মহামায়া দ্বিধা মতা। সগুণা মায়য়া যুক্তা তয়া হীনাতু নির্গুণা॥ লৈঙ্গে। সর্ব্বেষামেব মর্ত্ত্যানাং বিভো র্দিব্যং বপুঃশুভং। সকলং ভাবনাযোগ্যং। যোগিনামপি নিষ্কলং॥ বৃহন্নারদীয়ে। ভক্তানাং মোক্ষদানায় ভবতো মূর্ত্তিকল্পনা॥ যামলে। স্থূলসূক্ষ্মবিভেদেন ধ্যানন্তু দ্বিবিধং ভবেৎ। স্থূলংমন্ত্রময়ং দেহংস্থূলবিগ্রহচিন্তনং॥ করপাদোদরস্যাপি রূপং যৎস্থূলবিগ্রহং। সূক্ষ্মঞ্চপ্রকৃতং রূপংপরংজ্ঞানময়ংস্মৃতং। সূক্ষ্মধ্যানং মহেশানি কদাচিৎ নহি জায়তে॥ স্থূলধ্যানং মহেশানি কৃত্বা মোক্ষমবাপ্নুয়াৎ। স্থূলসূক্ষ্ম একএব। ঘৃতস্য দ্বিবিধংদেবি কাঠিন্যং স্বচ্ছতা যথা। কাঠিন্যে স্বচ্ছতায়াস্তুঘৃতমেব নসংশয়ঃ॥ দেবতায়াঃ শরীরাণি বীজাদুৎপদ্যতে ধ্রুবং। তত্তৎবীজাত্মকং মন্ত্রংজপ্ত্বা ব্রহ্মময়োভবেৎ॥ তদিষ্টং ভাবয়েৎদেবি যথোক্তধ্যানযোগতঃ। বর্ণরূপেণ সা দেবী জগদাধাররূপিণী॥ তত্র॥ আরাধনা ধ্যানপূজাভেদজ্ঞানাত্মিকা ধ্যানভেদজ্ঞানার্থং ব্রহ্মণোরূপকল্পনা। ধ্যানন্তু তত্তদেবতায়া স্তত্তন্মন্ত্রঘটকীভূততত্তৎবর্ণোৎপন্নমুখহস্তপাদাদ্যবয়াববচ্ছিন্নশরীরজ্ঞানবিষয়ার্থমিতি তু নিষ্কর্ষার্থঃ ইতি শাক্তানন্দতরঙ্গিণ্যাংতৃতীয়ে ॥ অথবা পূজ্যপূজকয়োর

ভেদজ্ঞানার্থং ব্রহ্মণোরূপকাল্পনা ॥ তথাচকৌর্ম্মে। মন্যন্তে যে স্বমাত্মানং বিভিন্নং পরমেশ্বরাৎ। নতেপশ্যন্তিতং দেবংবৃথা তেষাং পরিশ্রমঃ ॥ এবং রুদ্রযামলে সর্ব্বদেবময়ীংদেবীংসর্ব্বদেব ময়ীংপরাং। আত্মানং চিন্তয়েৎ দেবীং পরমানন্দরূপিণীং। রুদ্রস্য চিন্তনাৎ রুদ্রো বিষ্ণুঃস্যাৎ বিষ্ণুচিন্তনাৎ ॥দুর্গাস্যাশ্চিন্তনাৎদুর্গা ভব ত্যেব নচান্যথা। ইতি গন্ধর্ব্বতন্ত্রে। অন্যচ্চ যামলে স্ত্রীরূপাং বাস্মরেৎদেবীংপুংরূপংবা স্মরেৎপ্রিয়ে। স্মরেদ্বানিষ্কলং ব্রহ্ম সচ্চিদানন্দরূপিণং ॥ তথা কূর্ম্মপুরাণং। মনুষ্যাণাং উমা দেবী তথা বিষ্ণুঃ সদাশিবঃ। যাযস্যাভিমতা পুংসঃ সাহি তস্যৈব দেবতা ॥ এবং শৈবে। একং প্রশংস্যমানস্তু সর্ব্বানেব প্রশংসতি। একংনিন্দতি যস্তেষাং সর্ব্বানেব বিনিন্দতি ॥অন্যচ্চ ভবিষ্যে। দেবীবিষ্ণুশিবাদীনাং একত্বং পরিচিন্তয়েৎ। ভেদকৃন্নরকং যাতি যাবদাহূত সংপ্লবং ॥ বারাহে। যথা দুর্গা তথাবিষ্ণুর্যথা বিষ্ণুস্তথাশিবঃ। এতৎ ত্রয়ন্ত্বেকমেব নপৃথক্ ভাবয়েৎ সুধীঃ। যোঽন্যথা ভাবয়েদেতাঃ পক্ষপাতেন মূঢ়ধীঃ। স যাতি নরকং ঘোরং রৌরবংপাপপূরুষঃ ॥ যামলেচ। ধ্যানগম্যংপ্রপশ্যন্তি রুচিভেদাৎ পৃথক্‌ধিয়ঃ ॥ তন্ত্রে ॥ একৈবহি মতাময়া নাম্ন ভেদসমাশ্রিতা ॥ প্রবৃত্তিমার্গসংস্থস্তু ভিক্ষাভেদেন পূজয়েৎ ইতি ॥ ফলিতার্থ. মনুষ্যভেদে আত্মারতো প্রকার ভেদ নাই তবে আত্মারূপ ধ্যেয়দেবতার আকার তাহাতে কিরূপে ভিন্ন হইতে পারে তথাচ। শিবস্থানংশৈবা

ইত্যাদি । সুতরাং বস্তু ভিন্ন না থাকিয়াও রুচিভেদে রূপ ও পূজাভেদ জ্ঞান হয় তথাচ শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে । যথেন্দ্রিয়ৈঃ পৃথক্ দ্বারৈরর্থোবহুগুণাশ্রয়ঃ । একোনানেয়তে তদ্বৎ ভগবান্ শাস্ত্রবর্ত্মভিঃ ॥ এবং জৈমিনি সূত্রং । নানাদেবতা পৃথক্‌জ্ঞানাৎ ॥ এইরূপে কেহ নিরামিষ্যদ্বারা ঈশ্বরকে বিষ্ণুরূপে ভোগসেবা করে কেহ সামিষদ্বারা ভৈরবরূপে বলিসেবা করে তাহাতে সেবার প্রকরণভেদস্বীকারে সাধকের আত্মরুচিই কারণ হইয়াছে । তদ্যথা আত্মবৎ সেবা পুত্রবৎ স্নেহ শক্রবৎ শঙ্কা এই প্রাকৃতভক্তের উদ্যোগবিধান । ইহাতে যেমন যে ভালবাসে যাহাতে যাহার মনঃপ্রাশস্ত্য হয় সেইমতে ভগবদর্চ্চনার প্রয়োগানুষ্ঠান করে তাহাতো কোনমতেই দূষ্য নহে তথাচ গীতা ।যো যো যাংযাংতনুংভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতু মিচ্ছতি । তস্য তস্যাচলাং ভক্তিং দদামি ভক্তিভাবতঃ। তথা পঞ্চায়তনীদীক্ষাতে বিশেষ তাৎপর্য্য এই দেখা যায় যে শিব বিষ্ণু ও শিবসূর্য্য ও বিষ্ণুসূর্য্য ওবিষ্ণুগণেশ ও গণেশ শিবাত্মজ ও হরি হর ও হরগৌরী তাহাদিগের মধ্যেও বাহিরে দুর্গা শক্তি এমত পৃথক্ ধ্যান ও পৃথক্ রূপের জ্ঞানবত্তা থাকাতেও নির্ব্বিশেষে একমাত্রই উপাস্য বটেন ইহা অবোধ সকলেও বুঝিবেক তথাচ ব্রহ্মবৈবর্ত্তকে । [illegible]াদয়ো হরিরুমাপতি,রেব শেষো ব্রহ্মাদয়ঃ সুরগণা মনবো মুনীন্দ্রাঃ । বাণী শিবা ত্রিপথগা কমলাদি

কায়া সঞ্চিন্তনায় ভগবচ্চরণারবিন্দং ॥ তবে ছিন্নমস্তা মন্ত্রে মাংসবলি ও বাসুদেবমন্ত্রে তুলসীপ্রদান ইত্যাদি মন্ত্রের ভেদক পূজার মর্ম্ম না জানিয়া যে ভাক্ত ভক্তগণে পরস্পর দ্বেষ রাগ প্রকাশ করে সে ভ্রান্তিমাত্র কেনন বৈদিক শাস্ত্রে দ্বেষের উপদেশ কোথাও নাই অনুরাগের যে কথা আছে তাহার তাৎপর্য্য তত্তৎ উপাস্যতারদার্ঢ্যার্থং তথাচ। উভয়োঃ প্রকৃতি স্ত্বেকাপ্রত্যয়ভেদাদ্বিভিন্নবদ্ভাতি। কলয়ন্তি কশ্চিন্মূঢা হরিহরভেদং বিনাশাস্ত্রং ॥ ফলে বৈদিকমন্ত্রসকলের তাৎপর্য্য একই মাত্র। তাথাচ শাস্ত্রে স্বিয়ানেক নিরূপিতো নৃণাং ক্ষেমস্য সধ্রুক্ বিমৃষেষু হেতুঃ। অনঙ্গ আত্মব্যতিরিক্ত আত্মনি দৃঢা রতি ব্রহ্মণিনির্গুণেচ যা ॥ অধিক কি কহিব স্বস্তিবাচন ও সন্ধ্যামন্ত্র ও আসন শুদ্ধি ও ব্রত যজ্ঞ ও শ্রাদ্ধ শান্তি ওসংস্কারাদি যত বিধান আছে সকল মন্ত্রার্থই পরমেশ্বর স্মরণ ও পূজাবিধি জানিবা তথাচ শ্রুতিঃ। সর্ব্বে বেদা যৎপদ মামনন্তি।এবং যোগবা শিষ্ঠে২৬ অধ্যায়ে। যচ্ছূন্যবাদিনাংশূন্যং ব্রহ্ম ব্রহ্মবিদাং তথা। বিজ্ঞানমাত্রং বিজ্ঞানবিদাং যদমলাস্পদং।পুরুষঃ সাংখ্যদৃষ্টীনাং ঈশ্বরো যোগবাদিনাং। শিবঃ শৈবমত স্থানাং কালঃ কালৈকবাদিনাং। আত্মাত্মক শুদ্ধি দুষাং নৈরাত্ম্যং তাদৃশাত্মনাং। মধ্যং মাধ্যমিকানান্ত সর্ব্বঞ্চ সমচেতসাং। যৎসর্ব্বশাস্ত্রসিদ্ধান্তো যৎসর্ব্ব হৃদয়ানুগং। যচ্ছুদ্ধং সর্ব্বগং সর্ব্বং যদ্বস্তুতদসৌ স্থিতঃ ইত্যাদি। বৈদিকশাস্ত্রের সমন্বয় এই বোধ হয় তদিতর

পাষণ্ডশাস্ত্র ও পাষণ্ডআগম ও নাস্তিকাদিমতের গ্রন্থের তাৎপর্য্য ভিন্ন তাহার কথাতে প্রয়োজন কি ॥

৮। অস্মদ্বচনং। হে গোবিন্দ একিদায় অবহুজ্ঞ মহাবিজ্ঞের পূর্ব্বপক্ষের সমাধানএমতে করিতেছেন যে কোন প্রকারেই আর পূর্ব্বপক্ষ রক্ষাপায়না ফলে মহাবিজ্ঞ ইহার কোন কথাই মানিতে পারেননা যেহেতুক তাহাতে তাঁহার স্বভাবপ্রবৃত্তধর্ম্ম টেকেনা তিনি জানেন যে ঘোর কলিকাল প্রবর্ত্ত তাহাতে সকলেরি উণ্টা কার্য্য কর্ত্তব্য এমতেই তিনি বিবেচনা করিয়া স্ত্রীপুরুষসংযোগসন্তানোৎপত্তির উণ্টা যাহারা স্ত্রীমাত্রপ্রসূত সন্তানসন্ততমতাবলম্বি এবং প্রায়শ্চিত্তাদিক্লেশ ভোগাবসানরূপ পাপক্ষয় বিধানের উণ্টা তাদৃশস্ত্রীজন্যপুত্রোৎপত্তির বিশ্বাস দ্বারা ভাবিপাপাদিরও ক্ষয়নিশ্চয়পূর্ব্বক কোনপাপ করণেই ভয় রাখেননা বরং প্রতারণা ও মিথ্যাকেও ধর্ম্ম গ্রহ করেন তাহাদিগের আচরণ দৃষ্টে উপকারি পশুর স্নেহ সতত কর্ত্তব্যতাবিধানের উণ্টা গোপশু যাহার পর আর মনুষ্যের উপকারি জন্তু নাই তাহার মাংস ভক্ষণ ও সদ্বুদ্ধিনাশক নিন্দনীয় মদিরাপান নিষেধেরউণ্টা যথেষ্ট ভক্ষণ করাতে রুচিকরিয়াছেন ইহাতে উণ্টাপাণ্টা ঈশ্বরারাধনার রুচিপন্থা দর্শানের অবহুজ্ঞের কি প্রয়োজন। অপরঞ্চ মহাবিজ্ঞের পরিবারেরা যে মাংস মদ্য ভক্ষণ করেন সেতো কোন পেগম্বরের মাংস রক্ত হইতে বিশেষ বটে বিশেষতঃ যম কহেন যে। গাবঃ প্রতিষ্ঠা ভূতানাং

গাবঃ স্বস্ত্যয়নং মহৎ । অন্নমেব পরং গাবো দেবানাং হবিরুত্তমমিত্যাদি ॥ তাহাতে মহাবিজ্ঞ অন্ন শব্দ দেখিয়া মোটাবুদ্ধিপ্রযুক্ত দুগ্ধাদিপদার্থে বুদ্ধি নিক্ষেপ করিতে নাপারিয়া গোমাংসকেই অন্ন করিয়া লইয়াছেন তাহাতো বৈদিক মতে কোন দেবতার ভোগে লাগেনা তবে দেবতার নানান্নবিষয়ে আপত্তিকরণে আপত্তি কি ॥

৯। মহাবিজ্ঞ কহেন যে পূজাতে দ্রব্যের প্রয়োজন কি আছে মানসিক পূজাতেই পূজাসিদ্ধ হয় তথাপি লোকের ভ্রান্তিক্রমে দ্রব্য আয়োজন করে ফলত দ্রব্য দেবতারা গ্রহণ করেন না তদ্রূপই থাকে ॥

৯। অবহুজ্ঞ কহিতেছেন যে ইহা আমরাও বুঝিএবং ঐ দ্রব্য পরে মনুষ্যাদির খাদ্য হয তথাপি দেবতাকে দেওয়া যায় ইহার কারণ কেবল শ্রদ্ধাও প্রবৃত্তি জানিবা বিশেষত ঐ সকল কর্ম্ম অর্থাৎ দেবতোদ্দেশে দ্রব্যায়োজনদ্বারা মনের দৃঢ়তা ও মানসের অনুকূলতা জন্মিয়া শ্রদ্ধার আধিক্য হয় এবং শ্রমজন্য দেবতা সন্তুষ্ট হয়েন তবে কহিবা তুমি হেথা ও দ্রব্যবর্ত্তমান দেবতা কোথায় যে তিনি ইহা জানিবেন আর দেবতার দ্রব্যগ্রহণজ্ঞান কিরূপে হয় । ইহার উত্তর এই যে আমরা ইহা কদাচ ভ্রমেতেও বিশ্বাস করিনা যে দেবতা দ্রব্য উত্তোলন করিয়া ভক্ষণার্থে গ্রহণ করেন তবেই তিনি সেই দ্রব্যের স্বাদ পান বরং দেবতা সর্ব্বজ্ঞ ও সর্ব্বব্যাপিরূপে অন্তর্যামি সুতরাং তিনি ভূত ভবিষ্যদ্বর্ত্তমান ত্রৈকালিক পদার্থ গ্রহণ করেন তদ্রূপে

আমার আয়োজনকৃতদ্রব্যবিষয় গ্রহ করেন এই রূপে আমার শ্রম ও তজ্জন্য শ্রদ্ধা জানিবেন সুতরাং তুষ্ট হইবেন শ্রমও শ্রদ্ধাহেতুক যে তুষ্ট হয়েন ইহার নিদর্শন ইহলোকেই অনেক প্রত্যক্ষ আছে নতুবা দেবতার গোচর অনেক দ্রব্য তোমার আমার অবিজ্ঞাত উত্তম থাকিবে তথাপি আমার দ্রব্যআয়োজন কেবল শ্রদ্ধাও শ্রমদর্শন। যেমন রাজাকে কেহ এক দিবসের পথ হইতে আনাইয়া দুটি আম্রফল দিল তিনি তাহাহইতে উৎকৃষ্ট শতাধিক আম্র ভোজন করিয়াছেন তথাপি ঐ ব্যক্তির শ্রম ওশ্রদ্ধাতে বড় প্রীতিপান আর পূজাতে দ্রব্যের উৎকৃষ্টতা অবধারণ নাই কেবল শ্রদ্ধা ব্যক্তকরা মাত্র। যথা গীতা। পত্রংপুষ্পংফলং তোয়ংযো মে ভক্ত্যা প্রযচ্ছতি। তদহংভক্ত্যুপহৃত মশ্নামি প্রযতাত্মনঃইতি। এমত কোন২ মোছলমান তাহাদিগের তাজিয়া দরগাহ সমীপে কিং দ্রব্য আয়োজন নাকরেন এবং খৃষ্টিয়ানেরাও গির্জাতে যেরূপদ্রব্য আয়োজন করে তাহাও জানা চাহি বিশেষত ঐ সকল দ্রব্যায়োজনরূপকার্য্যদ্বারা হস্তপাদাদি সমস্তকে কুকার্য্য হইতে নিবর্ত্ত করিয়া ঈশ্বরোদ্দেশে নিযুক্ত করাযায়। তথাচ পদ্মপুরাণে পাতালখণ্ডে ০অধ্যায়ে। গৃহোপসর্পণঞ্চৈব যথা নুগমনং হরেঃ। ভক্ত্যা প্রদক্ষিণঞ্চৈব পাদয়োঃ শোধনং পুনঃ।. পূজার্থং পত্রপুষ্পাণাং ভক্ত্যৈবোত্তোলনং হরেঃ। করয়োঃ সর্ব্বশুদ্ধীনা মিয়ং শুদ্ধির্বিশিষ্যতে ইত্যাদি॥ আর অভিগমনমুপাদানং

যোগঃ স্বাধ্যায় এবচ । ইজ্যাপঞ্চপ্রকারাশ্চ ইত্যাদি। আর মানস পূজাতে মনের স্থৈর্য্য চাহি তাহা আমা দিগের হওয়াভার কেননা সাংসারিক চিন্তা অনেক রাখি আর সকলেই তাদৃশ বুদ্ধিমান নহি প্রায় অনেকেই ধরা বেগারের মত ক্রিয়াকরি তথা শ্রীমদ্ভাগবতে ৪ স্কন্ধে ২৫ অধ্যায়ে। গৃহেষু কূটধর্ম্মেষু পুত্রদারধনার্থধীঃ । ন পরং বিন্দতে মূঢো ভ্রাম্যন্ সংসারবর্ত্মসু ॥ যদ্যপি মন দৃঢ় হয় তবে মানসে উত্তম পূজা নির্ব্বাহ হয় আর যদ্যপি এইমন স্থির না হওয়াতেও যে কিছু পূজা করি তাহা সম্পূর্ণ নাহউক তথাপি যৎকিঞ্চিৎ যে ফল হয় তাহাই উত্তরকালে মন দৃঢ় হইবার সাধন হয় যদি স্যাৎ এই দ্রব্যের ও মূর্ত্তির আয়োজন নাকরাযায় তবে নির্ব্বোধ ও সাংসারিক সকলেরই কিছুই সিদ্ধ হয় না কেননা তাহাদের মন শুদ্ধ নহে এবং স্থিরও হয়না তাহার প্রমাণ হিন্দুরা অমনোযোগে যে কিছু উদ্যোগ করে বুদ্ধি বিহীন মোছলমান ও খ্রিষ্টিয়ানাদিরা কিছুকালমাত্রও ঈশ্বরোদ্দেশে তাদৃশ শ্রদ্ধার অনুষ্ঠান করেনা যদিবল যে দেবতা অন্তর্যামী এমতে তাঁহার পূজা দ্রব্যের সঙ্গতিহয়। পরন্তু শ্রাদ্ধ তর্পণাদির প্রয়োজন কি যেহেতুক মৃত ব্যক্তির উদ্দেশে দ্রব্যত্যাগ এবং তাহারা দেবতা নহে ফলত তাহারা কোথায় যদি জন্মান্তর গ্রহণ করে তবে শ্রাদ্ধ কে ভোগকরে। উত্তর শ্রাদ্ধ মৃতব্যক্তির নামসংক্রান্ত হইলেও তাহা শ্রাদ্ধকর্ত্তারই মহৎ ক্রিয়া এবং তাহাতে পরমে

স্বরেরই পূজা সিদ্ধহয় ইহার বিস্তার মার্কণ্ডেয়পুরাণে রুচিস্তবেই প্রকাশআছে। এবং এই আপত্তির সিদ্ধান্ত যাজ্ঞবল্ক্য স্পষ্ট কহিয়াছেন যে শ্রাদ্ধতে দেবতা সন্তুষ্ট হইয়া মৃতব্যক্তির সুখ প্রদান করেন এবং শ্রাদ্ধকর্ত্তার ঐ কর্ম্মজন্যপুণ্যদ্বারা সুখপ্রদান করেন এই উভয় কার্য্য সাধন হেতুক দেবপূজা অপেক্ষাও শ্রাদ্ধ মহৎকার্য্য জানিবা। তথাচ শ্রাদ্ধদেবতানির্ণয়ে। বসুরুদ্রা দিতিসুতা পিতরঃ শ্রাদ্ধদেবতাঃ। প্রীণয়ন্তি মনুষ্যাণাং পিতৄন্ শ্রাদ্ধেন তর্পিতাঃ। এবং বিষ্ণুঃ ২০ অধ্যায়ে। দেবত্বে যাতনাস্থানে তির্য্যগ্যোনৌ তথৈবচ। মানুষ্যেচ তথাপ্নোতি শ্রাদ্ধং দত্তং স্ববান্ধবৈঃ। প্রেতস্য শ্রাদ্ধকর্ত্তুশ্চ পুষ্টিঃ শ্রাদ্ধে কৃতে ধ্রুবং। তস্মাৎ শ্রাদ্ধং সদা কার্য্যং শোকং ত্যক্ত্বা নিরর্থকং॥ এবং যজ্ঞবিধিও পরমেশ্বরের অর্চ্চনা আর পুত্রসংস্কারাদিও তদ্রূপ জানিবা।

৯। অস্মদ্বচনং। হে অবহুজ্ঞ তুমিকি বুঝিয়াছ যে মহাবিজ্ঞের অভিপ্রায় এই যে মানসপূজা করিবেন কিদ্রব্যদ্বারা পূজা করিবেন এমত কদাচ নহে ফলত এতোমার ভ্রম কেননা মহাবিজ্ঞের এই দুইপ্রকারের একপ্রকারও মনোগত নহে কারণ তিনি সাংসারিক কার্য্যে সর্ব্বদা ব্যাকুল কখন অবকাশ পাইবেন যে ঐদুইপ্রকারের এক প্রকার পূজা করিবেন তবে যে দ্রব্য আয়োজনদ্বারা পূজাহইতে মানস পূজার আধিক্য ও উত্তমতা কহিয়াছেন ইহার তাৎপর্য্য এই যে দ্রব্যপূজার বিধান নষ্ট নাহইলে কতক দ্রব্য

লইয়া বসিতে হয় তাহাতে মনস্থির হউকবা নাহউক ঐ মত অনুষ্ঠান নাকরিলে লোকে মন্দ কহিবে যদি মানস পূজার উত্তমতা প্রতিপাদনদ্বারা বাহ্যপূজা লোপ হয় তবে মানস পূজা করেন না করেন কেহ দেখিবেনা এবং কিছু কহিতে পারিবেনা যদি কেহ কখন আপত্তি করে তবে করিয়াছি এইকথা কহিলেই পূজা অকরণজন্য নিন্দা বারণ হইবেক পুষ্পাদুর্ব্বাদি চিহ্ন দেখানর আবশ্যক থাকিবেনা ॥

১০। মহাবিজ্ঞ কহেন যে তীর্থ অন্যস্থান হইতে বিশেষ কিছু নহে তবে লোকের তীর্থ পরিশ্রম ও তীর্থে ধন ব্যয় নিরর্থক বোধ হয় বিশেষতঃ। স্নাতং তেন সমস্ততীর্থ সলিলে দত্তাচ সর্ব্বাহবনিঃ যজ্ঞানাঞ্চ সহস্রকৃত্য মখিলা দেবাশ্চ সংপূজিতাঃ। সংসারাচ্চসমুদ্ধৃতাশ্চ পিতর স্ত্রৈলোক্য পূজ্যোহপ্যসৌ যস্য ব্রহ্মবিচারণে ক্ষণমপি স্থৈর্য্যং মনঃপ্রাপ্নুয়াৎ ॥

১০। অবহজ্ঞ উত্তর করিতেছেন যে যদ্যপি ইতিহাস সমুচ্চয়ে ২৯ অধ্যায়ে কহিয়াছেন যে। সত্যং তীর্থং ক্ষমা তীর্থং তীর্থমিন্দ্রিয়নিগ্রহঃ। সর্ব্বভূতদয়া তীর্থং তীর্থং মজ্জন মেবচ ॥ দানং তীর্থং দম স্তীর্থং সন্তোষ স্তীর্থ মুচ্যতে। ব্রহ্মচর্য্যং পরং তীর্থং তথাচ প্রিয়বাদিতা। জ্ঞানংতীর্থং তপস্তীর্থং ধৃতিস্তীর্থ মুদাহৃতং। তীর্থানামপি তীর্থঞ্চ বিশুদ্ধি র্মনসস্তথা ॥ আত্মা নদী সংযমপুণ্যতোয়া সত্যাবহা শীলতটা দয়োর্ম্মিঃ। তত্রাভিষেকং কুরু পাণ্ডুপুত্র

ন বারিণা শুদ্ধ্যতি চান্তরাত্মা । এবং মনুঃ ॥ যমো বৈব হতো দেবো যস্তবৈষ হৃদি স্থিতঃ । তেন চেদবিবাদস্তে মা গঙ্গাং মা কুরূন্ গমঃ॥ নিগৃহীতেন্দ্রিয়গ্রামো যত্রৈব বসতে নরঃ । তত্র তস্য কুরুক্ষেত্রং ক্ষেত্রং বৈ নৈমিষং তথা ॥ ইহাতে মানস তীর্থই প্রধান হয় তথাপি ন্যায়মতে ভৌমাদিতীর্থ সর্ব্বধারণরূপে শ্রেষ্ঠ হয় যেহেতুক ঐ অধ্যায়ে উক্ত আছে যে । যথা শরীরস্য দেশাঃ কেচিন্মেধ্যতমাঃ স্মৃতাঃ । তথা পৃথিব্যাং সদ্দেশাঃ কোচৎ পুণ্যতমাঃ স্মৃতাঃ ॥ এবং । প্রভাবাদ্ভূতাদ্ভূমেঃ সলিলস্য চ তেজসা । পরিগ্রহান্মুনীনাঞ্চ তীর্থানাং পুণ্যতা স্মৃতা । তস্মাৎ ভৌমেষু তীর্থেষু মানসেষুচ নিত্যশঃ । উভয়েষ্বপি যঃস্নাতঃ স যাতি পরমাং গতিং॥ আর মোছলমানেরা মক্কা ও খৃষ্টীয়ানের মধ্যে জরুজেলম্ কিরূপে মান্য তাহাও জানা চাহি । দেখ সর্ব্বত্র সমান অধিকার হইলেও যেমন রাজার ধর্ম্মাধিকরণ অর্থাৎ কাচারিরূপ কোন স্থান নির্দ্দিষ্ট না করিলেই নয় । আর যেমন সর্ব্বত্র সমানস্থানথাকাতেও জনসমূহের হাটবাজাররূপ এক স্থান স্থির করিতেই হয় সেই যুক্তিক্রমে কি ভূমণ্ডলে সংসারাসক্ত লোকদিগের অনুরাগ ও শ্রদ্ধাবিশেষের নিমিত্ত তীর্থ আবশ্যকই হয়না । অপরঞ্চ তীর্থরূপ স্থানবিশেষে ও গ্রহণ সংক্রান্ত্যাদি কালবিশেষে নবানুরাগ ও বিশিষ্ট সাধুসঙ্গ ও নানা প্রকার লোকযাত্রা ও চমৎকার ব্যাপার সকল দর্শন ও

ঈশ্বরীয় ভজনানুষ্ঠানবিশেষদ্বারা অপূর্ব্বজন্মানুকূল হইয়া থাকে এবং তীর্থযাত্রাপ্রযুক্ত ঐহিকেও প্রেমমৈত্রী আদি ও দিগ্‌দর্শন ও বহুসমারোহপ্রযুক্ত নানারূপ উপকারতা আছে তাহা বিজ্ঞলোকে দেখিতেইপান ইতি ॥

১০। অল্পবচনং। হে অবহুজ্ঞ তীর্থবিষয় যেসকল প্রমাণ দিলা ইহা তাহারাই মান্যকরে যাহারা পরমার্থের আকাঙ্ক্ষারাখে মহাবিজ্ঞ সেতোতো কিছুই রাখেননা তবে ইহাঁরপ্রতি এমত তীর্থমাহাত্ম্য কহাঅপ্রয়োজন ।যদিবল যে ইহাতে প্রবোধপাইয়া তীর্থসেবনদ্বারা স্বকীয় পাপমোচনের চেষ্টা করিবেন এমত ভরসা করামিথ্যাতিনি কখনো কোনতীর্থ করিবেননা বরংকোন যোগপাইলে ইউরোপে যাইতেপারেন তাহাতে যদিমরণহয় সেওভাল। বিশেষত তিনি রঙ্গপুরে ভুটিয়ালোক দেখিলেন যে তাহারা জলশৌচাদি করেনা আরো বিলক্ষণ কদর্য্য অতএব তাহার অভিমান হইয়াছে যে আমিতো ইহাহইতে হেয় নহি যেদেশে গেলে জলস্পর্শরূপ ব্যবহার নাথাকে তথায় যাইবইহাতে তীর্থছল নাথাকাবলিয়া এইজল শুচি বৈদিক বেটারা যদি কিছু কহে তবে তীর্থ কি এই আপত্তিতে তাহাদিগকে পরাস্ত করিয়া স্বচ্ছন্দেথাকিব এইবিষয় মনে ভাবিয়াছেন ॥

১১। মহাবিজ্ঞ কহেন যে দেবতাপূজাও যদি করহ কিম্বা ব্রহ্মোপাসনা যদি করহ তবে আচারের কিপ্রয়োজন কেননাদেবতাতেওব্রহ্মেতে আচারের কোনসম্বন্ধনাইআর

স্মৃতিতে মদ্য ও মাংসাদিকে যে অমেধ্য কহে তাহা আগমেতে মেধ্য কহিয়াছে এবং শাস্ত্রে আছে যে মনঃ শুদ্ধি সর্ব্বোৎকৃষ্টপবিত্র যথাবৃহন্নারদীয়ে ৩১ অধ্যায়ে । মৃদাং ভারসহস্রৈস্তু কোটিকুম্ভজলৈ স্তথা । কৃতশৌচোহ বিশুদ্ধাত্মা স চাণ্ডাল ইতিস্মৃতঃ ॥ আর দেবতাপূজার মুখ্য উপকরণ ভক্তি তাহাতে আচার ওবর্ণবিচারের অপেক্ষা কিছুইনাই । তথাহি বৃহন্নারদীয়ে ৩২ অধ্যায়ে । চাণ্ডালোহপি দ্বিজশ্রেষ্ঠো হরিভক্তিপরায়ণঃ । হরিভক্তি বিহীনশ্চ দ্বিজোহপি শ্বপচাধমঃ ॥ এবং গুহক আদিরঈশ্বরপূজা পূর্ব্বেপ্রত্যক্ষসিদ্ধ হইয়াছে ইহাতে আচার ও বর্ণবিচার মিথ্যা বোধহয় ॥

১১। অবহুজ্ঞ কহিতেছেন যে মহাবিজ্ঞ এই কথাটি যে কহিয়াছেন ইহা উত্তমবটে কিন্তু ইহার তত্ত্ব আরো কিছুকথা য়াছে সে কেবল বুদ্ধিসাধ্য আর ঐ ভক্তি জন্মিলে আচার ও বর্ণবিচারের আবশ্যক দেখাযায়না বটে কিন্তু ভজন ও বুদ্ধিবিনা ভক্তি জন্মেনা । তথাচ ভগবতীগীতা ॥ জ্ঞানাৎ সংজায়তে মুক্তি র্ভক্তি র্জ্ঞানস্য কারণং । ধর্ম্মাৎ সংজায়তে ভক্তি র্ধর্ম্মো যজ্ঞাদিকো মতঃ ॥ আর সেই বুদ্ধির স্থৈর্য্য ইন্দ্রিয়নিগ্রহ বিনাসম্ভবেনা এই নিমিত্তআচার ও বর্ণবিচার আবশ্যক হইল আর অঙ্গাদিশুদ্ধি মানস শুদ্ধির অনুকূল হয় অতএব উত্তমমতেই আচার কর্ত্তব্য এবং আচার ও বর্ণবিচার দ্বারা শরীরশোধন ও ইন্দ্রিয়দমন ও কুসঙ্গ হইতেত্ত্ব ত

হওন লাভহয় তদন্তে ক্রমে চিত্ত প্রসন্ন হইয়া শুদ্ধ হয়
এইরূপে পরে অনায়াসেই ভক্তিলাভ হয়। এই সকল
বিষয়ের মধ্যে কোনবিষয় অন্তরঙ্গ ও কোনবিষয় বাহিরঙ্গ
বটে যেমন ক্ষুন্নবর্ত্তক ভোজনের প্রতি অন্নই মুখ্য হেতু
ব্যঞ্জন অন্তরঙ্গ দীপাদি বহিরঙ্গ কারণ হয় এইরূপ প্রয়ো
জন মীমাংসাদর্শনে ন্যায়মালাবিস্তারের ৮ অধ্যায়ের
১ পাদের তৃতীয়াধিকারের দ্বিতীয়বর্ণকে লিখিয়াছেন যো
ইষ্ট্যগ্রাগ্রসোমানাং মূলপ্রকৃতিতা নহি। অস্তিবা মা
লৌকিকত্বাদিয়ত্তানবধারণাৎ॥ লোকবৎসন্নিপত্যারাদু
পকারিদ্বয়শ্রুতেঃ। ইয়ত্তায়া নিশ্চিতত্বাৎমূলপ্রকৃতিতা
ত্রিষু॥ যদি কহ যে ঐ দুইবিনা কি কেবল বুদ্ধিদ্বারা চিত্ত
শুদ্ধি হয়না। উত্তর ঐ দুইব্যতিরেকেও চিত্তশুদ্ধি হয় বটে
কিন্তু সে সাধারণবুদ্ধির কার্য্য নহে বরং জ্ঞানোন্মুখ
বুদ্ধি এমত কার্য্য হইতেপারে কিন্তু তাহা সকলের কোথা
যে ঐরূপ হইবে কেননা লোকসকল মন্দবুদ্ধিপ্রযুক্ত
সাংসারিক অতিশয়দুঃখদায়ক অথচ আশু সুখজনক
যে সকল বিষয় তাহাতে এমত প্রবৃত্ত হয় যে কিছুকাল
পরে ঐ প্রবৃত্তির নিন্দা আপন মুখেই ব্যক্ত করে আর
অশীতিবৎসর উত্তীর্ণবয়োবৃদ্ধ শতবৎসর নির্ব্বাহযোগ্য
বস্তুর সম্ভাবনা থাকাতেও অপর উপার্জ্জনে কষ্ট পাইয়া
থাকে। আরো দেখ কেহ মরিলে তজ্জন্যশোক করা বৃথা
ইহাজানিয়াও পুত্রশোকাদিতে নানাপ্রকার রোদন ও
বিলাপ করত অযত্নেই কষ্টস্বীকার করে। অতএব

বুদ্ধিহীন ব্যক্তিরা যদি আচার ও বর্ণবিচার নাকরে তবে তাহাদিগের সংসর্গাদি উত্তমাধমবিষয়ে কিছুই অবধান থাকেনা আর মনুষ্যজাতির স্বাভাবিকী গতি ও জীবনধারণার্থ বহুতরজনসংমীলিত এক ধর্ম্ম ও এক স্থানে কালক্ষেপণ না করিলেই উপায়ান্তর নাই সেই জনসমূহমধ্যে সুবোধ কদাচিৎ অল্প অবোধই অনেকথাকে সুতরাং লোকসকল ক্রমে কদর্য্য হওয়াতে বুদ্ধিহ্রাস হয় এবং এইরূপেই কুকর্ম্মার্হ ও বিদ্যাবিহীন হইয়াযায় পরে কুসন্তান উৎপন্ন হওয়াতে এককালে পারমার্থিক অনুষ্ঠানের লোপপায় এবং ঐহিক ভোগেরও ব্যাঘাত হয় এই হেতুকই খ্রিষ্টিয়ান ও মোছলমান ও ভুটিয়া প্রভৃতিরা আপন২ বর্গেতে কোন বর্ণবিচার না থাকাতেও উত্তম অধম শ্রেণিতে আপনাদিগকে বিভক্তকরে এবং ঐ সকল শ্রেনির ব্যবহারেরও অনেক পার্থক্য দেখাযায় সুতরাং আচারই প্রধান ইহাতে অশেষ লাভ হয় । তথাচ গৌতমীয়তন্ত্রে৩১ অধ্যায়ে । আচারাল্লভতে কামমাচারাল্লভতে যশঃ । আচারাদ্ধন মাপ্নোতি দীর্ঘমায়ু রবাপ্নুয়াৎ ॥ সদাচারেণ মনুবিৎজয়ী লোকদ্বয়ে খলু । অনাচারোহিলোকেষু নিন্দিতঃ সর্ব্বকর্ম্মসু ইত্যাদি ।। তথা বৃহন্নারদীয়ে ৩ অধ্যায়ে । নিষ্কামীবা সকামীবা কুর্য্যাৎ কর্ম্ম যথাবিধি । আশ্রমাচারহীনস্তু পতিতঃ প্রোচ্যতে বুধৈঃ ॥ তথা ১৪ অধ্যায়ে । যঃ কর্ম্মাণি পরিত্যজ্য ভক্তিমাত্রেণ জীবতি । ন তস্য তুষ্যতে বিষ্ণু রাচারাৎ পূজ্যতে যত ইত্যাদি

তথা যোগবাশিষ্ঠে। পরমং পৌরুষং যত্নাদাস্থায়াদায় চোদ্যমং। যথা শাস্ত্রমনুদ্বেগমাচরন্ কো ন সিদ্ধিভাক্ ॥ তথা সাংখ্যপ্রবচনে ১ অধ্যায়ে। নিয়তকারণা দিত্যাদি সূত্রব্যাখ্যায়াং স্মৃতিঃ। জ্ঞানিনা অজ্ঞানিনা বাপি যাবদ্দেহস্য ধারণং। তাবদ্বর্ণাশ্রমপ্রোক্তং কর্ত্তব্যং কর্ম্ম মুক্তয়ে ॥ এবং গীতা। কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসাস্মরন্। ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ সউচ্যতে ॥ এবং যোগবাশিষ্ঠে। যাবৎসত্বং হি দেহস্য স্বভাবেনোপবর্ত্ততে। তাবৎ বিধেয়কর্ম্মাণি কুর্ব্বীত প্রয়তঃ সুধীঃ ॥ এইরূপে জ্ঞানিদিগের মনঃ শুদ্ধি আবশ্যক যে আছে তদতিরিক্ত বাহ্যভোগাসক্ততাও নিতান্ত নিষিদ্ধ কেননা জ্ঞানসম্পন্নতাভিমানে বাহ্যভোগাসক্ততা অতিকদাচারলক্ষণা এই হেতুক তাহা গর্হিত। কেহ বোধ করেন যে এই অভিপ্রায়ে শিব নির্ম্মাল্য গ্রহণ নিষেধ আছে। যথা অগ্রাহ্যং শিবনির্ম্মাল্যংপত্রং পুষ্পং ফলং জলং। এবং ঐ শিবনির্ম্মাল্যগ্রহণজন্য কুক্কুরযোনি প্রাপ্ততা রামায়ণে দর্শিত আছে ফলেতাহার তাৎপর্য্য এই যে জ্ঞানস্বরূপ শিবসান্নিধ্যে সংসার সুখাস্বাদরূপ বস্তু উৎসর্গ কর্ত্তব্য পুনর্ব্বার জ্ঞানিত্বাভিমানে ঐ আস্বাদ তৃষ্ণা অতিকদর্য্য কার্য্য হয় তথাচ যোগবাশিষ্ঠে। বুদ্ধাপ্যভ্যস্তবৈরস্যংযঃপদার্থেষু দুর্ম্মতিঃ। বধ্নাতি ভাবনাং ভূয়ো নরোনাসৌ স গর্দ্দভঃ। যদিবস যে। বনেঽপি দোষাঃ প্রভবন্তি রাগিণো গৃহেঽপি পঞ্চেন্দ্রিয়নিগ্রহ স্তপঃ। অকুৎসিতে

কর্ম্মণি যঃ প্রবর্ত্ততে নিবৃত্তরাগস্য গৃহং তপোবনং ॥
এমতে জনকভীষ্মাদির ন্যায় গৃহধর্ম্মে থাকিয়াও জ্ঞাননিষ্ঠ
হইলে মোক্ষপ্রাপ্তি হইতেপারে । তাহার উত্তর এই যে জন
কাদির মত ব্যবহারসিদ্ধ অথচ নিবৃত্তরাগ হইলে তাহা
নিন্দনীয় নহে বরং উৎকৃষ্টই হয় কিন্তু যে ব্যক্তি তাদৃশ
সুস্থিরচিত্তগৃহী হয় তাহার বর্ণাশ্রমধর্ম্মানুষ্ঠানেও কোন
বাধা থাকেনা বরং আচারহীনতা তাহার নিতান্তই অপ্রিয়
তথাচগীতা । কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ । এ
কসংগ্রহ মেবাপি সংপশ্যন্ কর্ত্তুমিচ্ছসি । অতএব নিবৃ
ত্তরাগ নাহইলে সংসারতৃষ্ণাসম্বন্ধে ঘোরউৎপাত ঘটে ।
যথা শ্রীমদ্ভাগবতে । ভয়ংপ্রমত্তস্য বনেষ্বপি স্যাৎ যতঃ স
আস্তে সহষট্ সপত্নঃ । জিতেন্দ্রিয়স্যা আত্মরতের্ব্বুধস্য গৃহা
শ্রমঃ কিংনু করোত্যবদ্যং ॥ সুতরাং নিবৃত্তরাগ অপ্রমত্ত
পুরুষ ব্যতিরিক্ত যেসকলব্যক্তি তাহাদিগের বর্ণাশ্রমধর্ম্ম
অবশ্য অনুষ্ঠেয় তাহাবিনা গৃহী হউক কি উদাসীনইবা
হউক সে জঘন্য এপ্রযুক্ত ঐরূপ ভ্রষ্টাচারিদিগের প্রতি
উক্ত আছে যথা । পুংসাং জটাধরণমৌণ্ড্যবতাং বৃথৈব
মোঘাশিনা মখিলশৌচ বহিষ্কৃতানাং । পিণ্ডপ্রদান
পিতৃতোয়বিবর্জিতানাং সম্ভাষণাদপি নরা নরকং প্র
যান্তি ॥ তথাচ মহানির্ব্বাণ তন্ত্রে রঙ্গিন্যাং ১২ উল্লাসে. তন্ত্রঃ ।
নেন্দ্রিয়াণাং যথা বৃদ্ধি স্তথা ভুঞ্জীত সাধকঃ । ইত্যাদি
প্রমাণে ভক্ষ্যাভক্ষ্য বিবেচনা নাথাকিলেও ঐ মত দুর্দ্দশা
ঘটে কেননা আশু গুণদায়ক ও সদ্য কামজনক ও আনন্দ

বর্দ্ধক যেসকল ভক্ষ্য তাহাতেই মনুষ্য স্বতঃ প্রবর্ত্ত হও য়াতে তজ্জন্য বুদ্ধিনাশ ও ব্যাধিপীড়িত ও কুমন্ত্রালোৎপত্তি হয় সুতরাং তাদৃশ ব্যক্তি হইতে ইহকাল ও পরকালের সুখভোগ এক কালেই লোপ পাইয়াযায়। যথা। মার্কণ্ডেয়পুরাণে ৩০ অধ্যায়ে। গৃহস্থেন সদা কার্য্য মাচারপরিপালনং। নহ্যাচারবিহীনস্য সুখমত্র পরত্রচ॥ এবং যোগবাশিষ্ঠে। দেহদুঃখং বিদুর্ব্যাধি মাধ্যাখ্যং বাসনাময়ং। মৌর্খ্য মূলেহি তে বিদ্যাৎ তত্ত্বজ্ঞানপরিক্ষয়ে। অতত্ত্বজ্ঞানবশতঃ স্বেন্দ্রিয়াক্রমণং বিনা। হৃদি তানবজ্ঞমুৎ সুরাগদ্বেষেষনারতং। ইদং প্রাপ্তমিদং নেতি জাড্যাত্মবনমোহদাঃ। আধয়ঃ সংপ্রবর্ত্তন্তে বর্ষাসু মিহিকা ইব। ভৃশং স্ফুরন্তীষ্বিচ্ছাসু মৌর্খ্যে চ ঘনতাং গতে। অবামাভ্যবহারেণ দুর্দ্দেশাক্রমণেন চ। দুষ্কালাভ্যবহারেণ দুষ্ক্রিয়াস্ফুরণেন চদুর্জ্জনাসঙ্গদোষেণ দুর্ভাবোদ্ভাবনেনচ। ক্ষীণত্বাচ্চাতিপূর্ণত্বৎ নাড়ীনাং রন্ধ্রসন্ততেঃ। প্রাণে বিধুরতাং যাতে কায়েচ কবলীকৃতে। দৌস্থিত্যকারণা দোষাৎ ব্যাধি র্দেহে প্রবর্ত্তকে॥ এবং। সংক্ষোভাৎ সৌম্য মুৎসৃজ্য বহন্তি প্রাণবায়বঃ। অসমং বহতি প্রাণে নাড্যো যান্তি বিসংস্থিতিং। কুজীর্ণত্ব মজীর্ণত্ব মতিজীর্ণত্ব মেববা। দোষায়ৈব প্রয়াত্যন্নং নাড়ী প্রাণবিপর্য্যয়াৎ। যাধ্যন্নানি বিরোধেন তিষ্ঠত্যন্তঃ শরীরকে তদ্যেব ব্যাধিতাং যান্তি পরিণামস্বভাবতঃ। প্রাক্তনী বহ্নিকীচাপি শুভাবাস্য শুভাগতিঃ। যৈবাধিকাদৈব তথা

ভ্যামিন যোজয়তি ক্রমে। আংগয়ো ব্যাথয়ৈষ্টৈব জায়ন্তে ভূতপঞ্চকে ইত্যাদি ॥ এইহেতুক মোছলমানেরা আচারকে আদরুলরই বলে ও ইংরেজেরা রিগুলেশন্ মানে যদি স্বাভাবিক চরিত্র ভালই হইত তবে তাহাকেন মানে ইহাতে বুঝাযায় যে স্বভাবনিদ্ধাচারপ্রতিরোধক শাস্ত্র মানা অবশ্য উচিত তাহা নাথাকিলেই লোকের ভদ্রতা থাকেনা তাহার প্রমাণ প্রত্যক্ষ দেখ যে অন্ত্যজজাতি সকল ও গারোখশাইপ্রভৃতি উত্তমজাতির সহিত প্রকৃত মনুষ্যত্বে সমান হইয়াও যথেষ্টাচার ও কার্য্যানবধানতা প্রযুক্ত তাহারা উত্তমজাতিলোকের নিকট প্রায় পশুর ন্যায়। আর আহার বিবেচনা বিষয়ে নিষেধ বিধি যদ্যপি শ্রুতিস্মৃতিতে কতক আছে তথাপি আয়ুর্ব্বেদাদি প্রত্যক্ষপ্রমাণসিদ্ধশাস্ত্রে তাহার বিস্তারিত নিদর্শন আছে। যদি বল যে নবমীতে অলাবু ভক্ষণ নিষেধ ইত্যাদি যে সকল বিধি তাহার ফল কি। উত্তর শীতকাল ও গ্রীষ্ম কাল উভয় কালেতে অগ্নিসেবার যে সুখদুঃখাদিরূপ ফল তাহাপ্রত্যক্ষ আছে এমতে কালভেদে দ্রব্যভেদের ফল সিদ্ধি হয় এবং পৌর্ণমাস্যাদিতে সমুদ্রের জলবৃদ্ধি ও শরীরের জলপীড়ারবৃদ্ধি দেখিতেছি অষ্টমীতে তাহানহেএমতে কালের অতিসূক্ষ্মভাগ গুণবিশেষের কারণ হয় তবে তিথিরূপসূক্ষ্মকালে সূক্ষ্মদ্রব্যনিষ্ঠ সূক্ষ্মরূপে অপকারক গুণ হওয়া কি বোধগম্য নহে। অপিচ সূক্ষ্মরূপে বৃক্ষের অঙ্কুর

হইয়া পরে বৃহৎ হয় এবং ব্যাধিও সেইরূপ। যদিস্যাৎ হঠাৎ নবনীতে অলাবুভক্ষণের দোষ প্রকাশ দৃষ্ট নাহয় তথাপি সূক্ষ্মরূপে দোষ উৎপন্ন হইয়া পরে বৃহৎ হইতে পারে ইহা অসম্ভব কি। আর মোক্ষার্থির ভক্ষ্যের প্রতি অস্বচ্ছন্দতাও যুক্ত বটে। তথাহিমনুঃ। ভক্ষ্যে প্রসক্তোহি যতি র্বিষয়েষ্বপি সজ্জতি। ইত্যাদি॥ তবে আচার নিয়মাভাবে ঈশ্বরভজনযোগ্য বৈরাগ্যধর্ম্মের লোপ সম্ভব হইল তথাচ বিষ্ণুপুরাণং। বর্ণাশ্রমাচারবতা পুরুষেণাপরঃ পুমান্। বিষ্ণু রারাধ্যতে পন্থা নান্যস্তৎতোষকারকঃ॥ আর বিবিধাকার ঘোড়া ও কুকুরাদিকে দেখিয়াও প্রবোধ নাপাইয়া ব্রাহ্মণাদিজাতি কি ইহা যদি অবোধেরা বুঝিতে চাহে তবে ক্ষণেক চিন্তাকরিলে জানিতে পারে যে পুষ্প ও ফলাদির বীজোৎকর্ষে কিরূপে উৎকর্ষ হয় সমান রূপাদি হইয়াও বিশেষ উৎকৃষ্ট গুণ কিরূপে ঘটে অতএব প্রাক্‌কালাবচ্ছেদে যে উৎকৃষ্টবীজজনিতাহি সেই জাতিরূপে ভাগ হয়। তথাচ গীতা। চাতুর্বর্ণং ময়া সৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ। এমতে ইংরেজলোক নোবিলিটি ও মোছলমানেরা আলিখানদান্ তুকুফ্ যে মানে তাহার ফল দৃষ্টই আছে যদ্যপি পাদরিরা মুচি হাড়ি ডোমকেও পাদরিরূপে মান্যকরিতে পারেন তথাপি তাঁহারা নীচ ও মহৎশব্দ কিরূপে ব্যবহারকরেন, আর সদ্বংশজাত ব্যক্তিরগুণ ও কুবংশজাত ব্যক্তির দোষ প্রাজ্ঞাগ্রে প্রকাশ আছে যে ইতরেরা মহোচ্চপদ পাইলে অবশ্যই কদর্য্যা

লুণ্ঠন ও ছলাদিদ্বারা প্রবঞ্চনাতে ও চাতুর্য্যেতে নিপুণহয়। আর ব্রাহ্মণাদি বৈদিকবর্ণে কেবল এইমাত্র তাৎপর্য্য দেখাযায় যে বিদ্যাব্যবসায় ও যুদ্ধ ও রাজকার্য্য ও বাণিজ্য ও কৃষ্যাদিকার্য্য আর সেবাকার্য্য লোকে বংশ পরম্পরা করিলে তত্তদ্বিষয়ে অতিনিপুণ হয় যদি তাহার ব্যত্যয়হয় তবে যে ফল তাহা ছোটলোকে বড়কার্য্য পাইয়া যেমত কদর্য্য কার্য্য করিতেছে তাহাতেই তাহার নিদর্শন আছে। তথাপি যদিবল যে ভদ্রলোকের সন্তানেও ঐ সকল অসৎকার্য্যের অংশী আছে তাহার উত্তর বংশ যেমন কারণ তেমন সংসর্গও কারণ হয়। যথা॥ হীয়তে হি মতি স্তাত হীনৈঃ সহ সমাগমাৎ। সমৈশ্চ সমতা মেতি বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাং॥ বস্তুতস্তু একজনক জননীজাত দশপুত্র যদি একনৌকারোহণ করে তথাপি কেহ দাঁড়ি কেহ মাঝি কেহ মধ্যেকর্ত্তা কেহ পরিচারক রূপে নির্দ্দিষ্ট কর্ম্মে নিযুক্ত নাহইলেই নয় সুতরাং তত্তৎ রূপে অভিমানহয় যদিব্যত্যয় হয় তবে নৌকা ডুবিলে সকলেই মরে সেইমত এইজগতে সকল মনুষ্য একোদ্ভব হইলেও উত্তমাধম মধ্যম প্রভেদে কর্ম্ম বিভাগার্থ আর তাহাই বংশপরম্পরারূপে ব্যবসায় নৈপুণ্যার্থ বৈদিক মতে জাতিকল্পনা যুক্তিসিদ্ধ হয়। যদি কহ যে মোছলমান ও ইংরেজ ও ভুটিয়াপ্রভৃতিজাতির কিছু বর্ণবিচার ও আচার নাই তবে কি তাহাদের কার্য্য নিষ্পন্ন হয়না তাহার উত্তর এই যে ঐসকল লোকের মধ্যেও বিবেচনা করিলে

ইহার উদ্দেশ পাওয়া যায় কেননা সকললোকই এক মত নহে যাহারা২ উত্তম তাহাদের সহিত অধমলোকের ব্যবহার নাই এবং যাহারা পারমার্থিক ওজ্ঞানি ও বুদ্ধিমান ওবিদ্বান তাহাদের আচার ওব্যবহারের সাবধানতা আছে তাহার প্রমাণ আখলাকজালালী ওআখলাক নাছরি ইত্যাদি পুস্তকআছে। এবং আচার বস্তুবিচারে এই নির্ণয় হয় যে কতক দ্রব্যসংযোগ আর কতক দ্রব্যের অসংযোগ শরীরে করণমাত্র সুতরাং দ্রব্যগুণবিচারে দ্রব্যবিশেষে এবং দ্রব্যসংযোগবিশেষে অবশ্য গুণতারতম্য প্রত্যক্ষ বটে যদি তদ্দৃষ্টে বুদ্ধিনিক্ষেপ করাযায় তবে সহজেই শান্তিশ্রদ্ধাদিজনক দ্রব্যবিশেষের গ্রহণ ও তদ্বিপরীত দ্রব্যবিশেষের অগ্রহণ রূপ আচারের মর্ম্ম অনায়াসে বুঝাযাইতেপারে। যদিকহ আচার যাহারা করেন তাহাদিগের কিফল প্রত্যক্ষহয়। উত্তর আচার ক্রমশ ফল দেন তথাচ যোগবাশিষ্ঠে। যথাশাস্ত্রং বিহবতা স্বরা কার্য্যান সিদ্ধিষু। চিরকালপরীপাকা সিদ্ধিঃ পুষ্টফলা ভবেৎ। অতএব বীতশোকভয়ায়াস মগর্ভক মযত্নং। ব্যবহারো যথাশাস্ত্রং ক্রিয়তাং মাবিনশ্যতাং॥ আর আগমে যদ্যপি মদ্যমাংসাদির বিধানাভাস দেখা যায় তাহাতেও বিশেষ নিমিত্তঘটিত আছে যেহেতুক ক্বাচারে অধিকারিনির্ণয় করিয়াছেন। যথা শাক্তানন্দতরঙ্গিণ্যাং প্রথম ও দ্বাদশউল্লাসে তন্ত্রঃ। কামক্রোধলোভমোহরাগদ্বেষবিবর্জ্জিতঃ। পূজাপমানসন্তুষ্টো স্তু

ধিকারী সঞ্চরহি । মহাবলো মহাবুদ্ধিঃ ইত্যাদি ॥ এবং শিববাক্যং । যথা নশক্যতে হধুনা কর্তুং শক্তিহীনৈ রি ন্দ্রিয়ৈঃ । অপিচেৎ ত্বৎসমা নারী মৎসমঃ পুরুষোহি পিবা । তদা সর্ব্বাণি সিদ্ধ্যন্তি অন্যথা হাস্যতাং ব্রজেৎ ॥ তথাচ আগমোক্তদিব্যবীরপশুলক্ষণানি । যথা দিব্যস্ত তত্ত্বজ্ঞানিসমানক্রিয়াবান্ বীরস্ত তত্ত্বজ্ঞানী সন্ বাহ্যান্তঃক্রিয়াবান্ । পশুস্ত সংশয়জ্ঞানীসন্ ক্রিয়াবান্ । অতএব নিশ্চিত জানা আছে যে সত্ত্বগুণাবলম্বী যেমহাপুরুষ তত্ত্বজ্ঞানী তিনিঐ সকল বিষয়ে অধিকারী এইমত অধিকা রিভেদে অনুষ্ঠানবিশেষ শ্রীমদ্ভাগবতের চতুর্থস্কন্ধে ৪ অ ধ্যায়ে ২০ শ্লোকে উক্তআছে । যথা । কর্ম্ম প্রবৃত্তঞ্চ নিবৃত্ত মপ্যৃতবেদে বিবিচ্যোভয়লিঙ্গ মাশ্রিতং । বিরোধি তদ্যোগ পদৈককর্ত্তরি দ্বয়ং তথা ব্রহ্মণি কর্ম্ম নচ্ছর্তি ॥ সুতরাং ইহাতে কোন বিরোধ হইলনা যেহেতুক বিশেষ জ্ঞানি লোকের ভক্ষ্যাভক্ষ্য আচার বিচার বিশেষ হয় । তথাচ গীতা ত্রয়োদশাধ্যায়ে । য এনংবেত্তি পুরুষং প্রকৃতিঞ্চ গুণৈঃ সহ । সর্ব্বথা বর্ত্তমানোপি ন স ভূয়ো হভিজায়তে॥ উদ্ধতমানসঃ সর্ব্বং গ্রাহ্যং ইতিচ ১২ উল্লাসে শাক্তা নন্দতরঙ্গিণ্যাং । যদ্যপি এমত পুরুষসকলের লোকা চার নাথাকাতেও লোকসংগ্রহের দোষ জন্মেনা তথাপি তাহারা লোকধর্ম্মে থাকিয়া তাদৃশ কার্য্য না করিয়া শিষ্ট মতেই চলেন । তথাচ যোগবাশিষ্ঠে । যে হি রাঘব সত্ত্বস্থা জাতা ভুবি মহাগুণাঃ । তে নিত্যমেবাভ্যুদিতা মুদিতাঃ

পরমেপদে সাপদি প্রাণিমাত্রান্তি নিশি ছেমায় জং যথা॥ দেহস্থেপ্রাকৃতাদন্যৎ রমন্তে শিষ্টবর্ত্মনি ॥ কেননা তাঁরা দেখেন যে। ব্রহ্ম চিদ্ব্রহ্ম ভুবনং ব্রহ্মভূতপরম্পরা। ব্রহ্মাহং ব্রহ্মশত্রুব্র্হ্মমিত্রবান্ধবাঃ॥ ফলে শিষ্টাচারেতে তাহাদিগের সম্বন্ধে সংসার ক্লেশদায়ক হয় না ॥ তথাচ অজ্ঞস্য দুঃখৌঘময়ং জ্ঞস্যানন্দময়ং জগৎ ॥ অন্ধং ভুবনমন্ধস্য প্রকাশন্তু সচক্ষুষঃ ॥ অথবা ॥ আশ্রমান্তর গ্রহণ করিয়া যদি গৃহে থাকে তবে। শক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত। কুর্য্যাদ্বিদ্বাংস্তথা শক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহং ॥ এতদনুসারে সদাচারের অনুষ্ঠান অবশ্যইকরে। গৃহস্থ হইয়া আচার না করিলে নির্ব্বোধ ব্যক্তিরা ঐ আচার দেখিলে কারণকলাপ নাজানিয়া প্রবর্ত্ত হইয়া নষ্ট হয় তথাহি। গীতা। যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥ এবং ইতিহাসসমুচ্চয়ে ৪০ অধ্যায়ে। একে নাহ্না নৃপো ধর্ম্মমধর্ম্মঞ্চ করোতিযঃ। বহুনা কিমু কালেন তৎকরোতীতরোজনঃ॥ অপরঞ্চ আগম প্রসিদ্ধ বীরাচারাদির অন্য গূঢ়ার্থ আছে তাহাতে মদ্যাদি শব্দের অর্থ প্রকৃত রূপে ঈশ্বরীয়প্রেমাদি হয় তাহা জানা ও তদনুষ্ঠান করা বড় কঠিন তথাচ শ্যামারহস্যে২ পরিচ্ছেদে তন্ত্রঃ। চন্দ্রার্কানল সংঘট্যাৎ গলিতঞ্চ পরামৃতং। তেনামৃতেন দিব্যেন তর্পয়েৎ পরদেবতাং। অমায় মনহঙ্কার মরাগমমদং তথা। অমোহ কামদণ্ডঞ্চ দ্বেষা ক্ষোভকৌ তন্ত্রঃ।

অমাৎসর্য্য মলোভঞ্চ দশপুষ্পং বিদু র্বুধাঃ। অহিংসা পরমং পুষ্পং পুষ্প মিন্দ্রিয়নিগ্রহঃ। দয়াপুষ্পং ক্ষমাপুষ্পং জ্ঞানপুষ্পঞ্চ পঞ্চমং। ইত্যষ্টসপ্তভিঃ পুষ্পৈঃ পূজয়েৎ পরদেবতাং ॥ তথাচ কুমারীকল্পে। এতাস্ত্বমাংসৈ র্ভোগৈর্গন্ধপুষ্পৈঃ সদীপকৈঃ। সুরয়া বলিযুক্তৈশ্চ পূজয়েদ্বৈ যথাবিধি ॥ তথাচ জ্ঞানার্ণবে। শিবশক্তি সমাযোগো যোগ এব নসংশয়ঃ। শীৎকারো মন্ত্রজাপস্তু যচনং স্তবনং ভবেৎ। আলিঙ্গন ন্তু কস্তূরী কর্পূরং চুম্বনং ভবেৎ। নখদংষ্ট্রাক্ষতান্যত্র পুষ্পানি বিবিধানিচ। মথনং তর্পনং বিদ্ধি বীর্য্যপাতো বিসর্জ্জনং॥ তথাচ তন্ত্রান্তরে। গোমাংসং ভক্ষয়েন্নিত্যং পিবেদমৃতবারুণীং। কুলীনং তমহং মন্যে ইতরে কুলঘাতকাঃ। ইত্যস্যানুবাদস্তত্রৈব ॥ গোশব্দোচ্চারিতা জিহ্বা তৎসংযোগশ্চ তালুনি। চন্দ্রঃক্ষরতি যৎসারং তৎ স্যাদমৃতবারুণী ॥ ইত্যাদিবচন সকলের অনুবাদ আর অভিধেয় বিবেচনা ক্রমে অর্থকরিলে আগমার্থও কৌশল জ্ঞান হয়। যদিকহ যে যে সকল স্পষ্ট বচন আছে এবং তাহার অর্থ কোনরূপে তাদৃশ ক্রিয়ামাত্র অর্থবিনা আরকোন ভাব্রি অর্থসঙ্গতি নাই যথা মদিরা পান অগম্যাগমনাদি যেসকল শাস্ত্রের তাৎপর্য্য কোনমতে তাদৃশ কৌশল ও ভঙ্গিবোধ হয়না। উত্তর এমত স্পষ্টার্থ বিরুদ্ধশাস্ত্র বৈদিক মতে নাই তবে কোন ২ পুঁথি সেইরূপ দেখাযায় বটে কিন্তু তাহাতে ইহাও জানা চাই যে সংস্কৃত হইলেই সকল পুস্তক বৈদিক

মার্গানপারি নহে যেহেতুক নাস্তিকমতের অনেক দর্শন ও শাস্ত্র ও তন্ত্র সেই ভাষাতে আছে তাহারা কখনও বেদপন্থার সঙ্গে ঐক্যবাক্য হয় না । এবং তারাতন্ত্রে স্পষ্টই কহিয়াছেন যে বেদবিরুদ্ধ বৌদ্ধমত কহি ইত্যাদি। অতএব আগমতন্ত্রাদির মধ্যে সৎ অসৎ আগম প্রভেদ আছে কলে অসৎ আগম বৈদিক হিন্দুর গ্রাহ্য নহে এবং তাহা যে বুঝিতে নাপারে সেব্যক্তি সেশাস্ত্রেও অধিকারী নহে তথাচ । যোগিনীহৃদয়ে। সর্ব্বহিংসা বিনির্ম্মুক্তঃ সর্ব্বপ্রাণিহিতে রতঃ। সোঽস্মিন শাস্ত্রে ঽধিকারী স্যাৎ তদন্যোভ্রষ্টসাধকঃ ॥ এমত শাস্ত্রাধিকারির নিয়মের তাৎপর্য্য স্পষ্ট আছে কেননা সত্ত্বগুণাবলম্বী তত্ত্বজ্ঞানী না হইলে মনুষ্য তমোগুণাক্রান্ত ঐশাস্ত্রোক্ত মদ্য মাংসাদিশব্দের অর্থ সাধারণরূপে করিয়া নষ্ট হয় তথাচ । অগস্ত্যসংহিতা । কলৌ প্রায়েণ সর্ব্বেশি রাজসা তামসা স্তথা । নিষিদ্ধাচারণাঃ সন্তো মোহয়ন্ত্যপরান্ বহূন্। আবাভ্যাং পিশিতং রক্তং সুরাঞ্চৈব সুরেশ্বরি। বর্ণাশ্রমাচার ধর্ম্মমবিচার্য্যার্পয়ন্তি যে । ভূতপ্রেতপিশাচাস্তে ভবন্তি ব্রহ্মরাক্ষসাঃ ॥ তথা কুলচূড়ামণৌ । চক্রসঙ্কেতকং বৎস গুরুসঙ্কেতকং তথা। নামসঙ্কেতকংচৈব মন্ত্রসঙ্কেতকং তথা। সময়াচারসঙ্কেতংন জ্ঞাত্বা যেহত্র বর্ত্ততে। জপপূজার্চ্চনা হোমোঽভিচারায় প্রকল্পতে। এমতে স্মৃতির লিখনে বুদ্ধি সাধ্যক্রমেও সিদ্ধহইল। তথাচ লোক সংগ্রহার্থংমনুঃ ১ অধ্যায়ে । যথা। আচারঃ পর

যো ধর্ম্মঃ শ্রুত্যুক্তঃ স্মার্ত্তএবচ। তস্মাদস্মিন্ সদাযুক্তো নিত্যং স্যাদাত্মবান্ দ্বিজঃ।১০৮। আচারাদ্বিচ্যুতো বিপ্রো নবেদফল মশ্নুতে। আচারেণতু সংযুক্তঃ সম্পূর্ণফলভাগ্ ভবেৎ। ১০৯॥ এব মাচারতো দৃষ্ট্বা ধর্ম্মস্য মুনয়ো গতিং। সর্ব্বস্য তপসো মূলমাচারং জগৃহুঃ পরং। ১১০। অধিকন্তু এই অল্পকালে আখলাকজালালার ২ লামার ৪ লমার অন্তঃপাতীয় দ্বিতীয় প্রকার রাজ্যাধিপের সময় হওয়াতে এবং তৎ প্রেরিত জনমধ্যে কোন২ পুরুষের অধর্ম্মাচরণ দৃষ্টে যে কিছু বর্ণাশ্রমধর্ম্মশাসনের লোপ হইয়াছে তাহাতে কি পর্য্যন্ত চপলতা ও প্রবঞ্চনাদির প্রবৃত্তিএপ্রদেশে হইয়াছে তাহা কিঞ্চিৎ মনোযোগেই জানিতে পারাযায় যদিবল যেঅনেকে সুখীও হইয়াছে কিন্তু যেমত কেহ সুখী হইয়াছে তদপেক্ষা লক্ষ২ জন এককালে সর্ব্বস্বান্তে নির্ম্মূল হইয়া দুঃখী হইয়াছে আর এমত সুখাভিলাষ করিলে দস্যুবৃত্তিও সদ্বৃত্তিমধ্যে গণনায় হইতে পারে।

১১। অস্মদ্বচনং। নারায়ণ২ অদ্য এই অবহুজ্ঞের কথা শুনিয়া আমার বিস্ময় হইল কারণ উদ্দিশ্য নাবুঝিয়া ব্যস্ত সমস্ত হইয়া নানামত প্রকাশকরিলেন কেননা মহাবিজ্ঞের এমত অভিপ্রায় নহে যে আচার ও বর্ণাশ্রমধর্ম্ম রক্ষাতে পরমার্থসিদ্ধি হয় আর অধিক উপকার হয় কি তদ্ধর্ম্ম নারাখিলে তাহার হানি দর্শে ইহাবিবেচনা করেন এবং এই তাঁহার মুখ্য প্রয়োজন যেমন সাধারণ ইংরেজ আদিজাতি

যাহারা মদ্যমাংসাদি যখন তখন যেভাবে সেভাবে খায় ও প্রায় ইচ্ছামতেই ব্যবহার করে সেই মত তাঁহার আহারাদি হইলে সুখানুভব হয় এই কথা সকলে গ্রহণ করুক ও তিনি যদি স্বয়ং করেন তবে কেহ কিছুনা বলুক যদি ইহাতে ঐহিক কি পারলৌকিক কোন হানি হয় তাহাতে ক্ষতি কি এবং দেখিতেওছি যে তিলার্দ্ধ কাল সুখাভিলাষী হইয়া বেশ্যাদি গমন করে তাহাতে উপদংশাদিরোগে যাবজ্জীবন যাতনা পায় আর কিঞ্চিৎকাল মাদকজন্য সুখইচ্ছাতে মদ্য পান করিয়া জাতিভ্রষ্ট হইয়া কি গর্ত্তাদিতে পতিত হইয়া অঙ্গভঙ্গাদিদ্বারা চিরকাল দুঃখ পায় না তথাপি লোক সেই২ কর্ম্মেপ্রবর্ত্ত হইতেছে এসকল লোক অপেক্ষা কিমহাবিজ্ঞ ছোট হইবেন যে তাঁহার উপর এমত কথার আড়ম্বরি কর।

১২। মহাবিজ্ঞ কহেন যে পরমার্থ বিষয়ে অনেক ধর্ম্ম আছে নানামত নানাপ্রকার অর্থাৎ হিন্দু ও মোসলমান ও ইংরেজ ও ভুটিয়া ওচীনও নানকপন্থীপ্রভৃতি তাঁহাতেও যে পরস্পর বিরোধ দেখিতেছি কেহ গোপূজা করে কেহ গো বধকরে কেহমূর্ত্তিমানে কেহমূর্ত্তি মানেনা কেহ অনাহারে পূজাকরে কেহ কৃতাহারে পূজাকরে কেহ আচারপূত কেহ অনাচারযুক্ত অতএব ঐপরমার্থ বিষয়ে সন্দেহ হইল কারণ্ যদি এই সকল কথা ঈশ্বরীয় হইত তবে সকলেরি একমত হইত ইহাতে বুঝাযায় যে যে২ দেশে যে২ ব্যক্তি আপন২ লাভের ও মর্য্যাদার সুধারা

যে কোন প্রণালীতে ভাল বুঝিয়াছেন সেই২ প্রণালীতে এক পরমার্থ কল্পিত করিয়াছেন সুতরাং সে সকল কথার প্রমাণ কি আর তাহা মানিয়া জীবনাবধি ক্লেশস্বীকার করায়ইবা ফল কি।

১২। অবহুজ্ঞ কহিতেছেন যে সম্প্রতি সামান্য লোকের মধ্যে একথা অপ্রকৃত বোধ হয়না কিন্তু মন্বাদি স্মৃতিও পুরাণ ও দেশাচার ও কুলাচার ও জাত্যাচার ও জ্যোতিষ ও আয়ুর্ব্বেদ ও ইতিহাস বিশেষত রাজচরিত্র ও কাল ভাগও প্রাচীনগাথাইত্যাদিশাস্ত্র সকল ওকোরাণওবাইবেল ও জেন্দা ও লামছাপটর দোমানামথা ওতওয়ারিখ ও আখলাক দেখিলে ইহার মর্ম্ম জানিতে পারাযায় তথাপি এই আপত্তির সিদ্ধান্ত বক্ষ্যমাণ ৭ প্রকারে লিখিতেছি।

প্রথম। এই যে বৈদিক ধর্ম্মের সমান অন্য ধর্ম্ম নহে তাহার কারণ সপ্তপ্রকার হয়। এক এইযে ইহা অতিপ্রাচীনতম হয় তাহার প্রমাণ মুশার বাইবেলে এবং নানা তওয়ারিখে ও লোকশ্রুতিতেও জানাযায় বিশেষত ইউরোপীয়েরা মানেন যে নোয়ার সময়ে জলপ্লাবন হইয়াছিল এমত তাহাদিগের বাইবেলে আছে কিন্তু কোন দেশের নোয়া তাহা কিছু সবিশেষ কহিতে পারেননাই তথাপি যে দুইচারিটা কথা ঐবিষয় ঐ বাইবেলে পাওয়াযায় তাহা শ্রীমদ্ভাগবতের অষ্টম স্কন্ধ দেখিলে জানাযায় যে বৈবস্বত মন্বন্তরের কথাতে যাহাকে সত্যব্রতরাজা বলে তিনি ঐ নোয়ানামে খ্যাত হিন্দুস্থানীয়

দ্রাবিড়দেশে ছিলেন এবং ঐ জলপ্লাবনবিষয়ের সম্যক পারিপাট্য বৈদিকশাস্ত্রেই আছে তাহাই অন্যত্র কেহ২ কিছুজানিয়া থাকিবেন। দ্বিতীয় মুশার মতে নোয়া মোছলমানের মতে নুহ আরপারসীরজরতস্ত আর ভুটিয়ারলামছা পট চীনের মান ইত্যাদি সকলেই এই পথবর্ত্তী পূর্ব্বে ছিলেন এমত তাহাদিগের গ্রন্থের স্পষ্টাক্ষরে ও আভাসে ব্যক্ত আছে আর মুশার পুস্তকেতে যে যজ্ঞাবধি পাওয়াযায় এবং পারসীধর্ম্মেতে যে অগ্নিপূজার বিধি আছে সে কি বৈদিক ধর্ম্মের অনুযায়ী নহে আর পশ্চিম দেশীয় কেহই যে পূর্ব্বে বেদপথে নাছিল এমত নহে তথাহি পূর্ব্বকালীন হিন্দুস্তানের রাজশাসনেই অন্য২ দেশীয়লোকেরা যাহারা পূর্ব্বে বেদপথাবলম্বি ছিল তাহার মধ্যেও অনেকে ধর্ম্মবহিষ্কৃত হইয়াছে পারসী ও যবন দেশ যাহাকে আরবদেশীয়েরা ইয়ুনান বলে এবং পূর্ব্বে ইয়ুরোপে আয়োনিয়া বলিয়া সংজ্ঞিতকরিয়াছিল সেইদেশীয়লোকেরা প্রকারান্তর হইয়া উল্টালেখাপড়া সৃজন করত কতক হিন্দুর বিপরীত হয় তথাচ হরিবংশে। সগরস্তাং প্রতিজ্ঞাঞ্চ গুরোর্ব্বাক্যং নিশম্যচ। ধর্ম্মংজঘান তেষাংবৈ বেশান্যত্বং চকারহ। অর্দ্ধাংশকানাং শিরসো মুণ্ডয়িত্বা ব্যসর্জ্জয়ৎ। যবনানাং শিরঃসর্ব্বং কাম্বোজানাং তথৈবচ। পারদা মুক্তকেশাশ্চ পহ্লবাঃশ্মশ্রুধারিণঃ। নিঃসাধ্যায়বষট্কারাঃ কৃতাস্তেন মহাত্মনা। বশিষ্ঠবচনাৎ রাজন্ সগরেণ মহাত্মনা॥ তথা বিষ্ণুবৌধায়নৌ।

তে চাত্মধর্ম্মসংত্যাগাৎ ম্লেচ্ছত্বং যযুরেবচ । গোমাংস খাদকো যস্তু বিরুদ্ধংবহুভাষতে । সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে ॥ এবং হৈহয় তাল জঙ্ঘপ্রস্তাব পুরাণেই বিদিত আছে । তৃতীয় যখন অন্যান্য অনেকানেক ধর্ম্মসৃষ্টি নাহইয়াছিল তখন নওশেরওয়াঁপ্রভৃতি রাজারা এই হিন্দুশাস্ত্রের প্রশংসা করিয়া গ্রহণ করিয়াছিলেন আর পারসীদিগের প্রাচীনপুস্তকে স্পষ্টই আছে যে পূর্ব্বে লোকসকল চারিবর্ণে স্বীয়২ কার্য্যে নিযুক্ত ছিল তাহাদিগেরনাম বহমা অর্থাৎ ব্রাহ্মণও চতরঅর্থাৎ ক্ষত্রিয় বাশ অর্থাৎ বৈশ্য আর শূদা অর্থাৎশূদ্র এবং ঐ পুস্তকে জানাযায় যে গ্রহপূজা পূর্ব্বকালে তথায় প্রচলিত ছিল এবংনানাস্থানে গ্রহের প্রতিমাছিল । আর মক্কা মোসলমানের মান্যস্থান যে আছে তাহাও পূর্ব্বে চন্দ্রের মন্দির ছিল কেননা পারসীরা চন্দ্রমাকে মাঃ কহে আর গৃহকে গাঃ বলে এমতে মাঃ গাঃশব্দ কহিত পরে মোসলমানেরা তাহাকে মক্কা কহে আর ঐ মক্কাতে যে কালপাথর আছে সে কি শনিগ্রহের মূর্ত্তির একভাগ নহে । এবং সপ্ত বার ও দ্বাদশ রাশি আর খগোলীয় যাম্য শাম্য আকৃতি সকল ও ক্ষেত্রবিদ্যা যাহা প্রথম এই হিন্দুস্থান পূর্ব্বকালে প্রচার হয় তাহা পরে ক্রমে মেচ্ছ ও যবন ও চীনদেশে ব্যবহার হইয়াছে অদ্যাপিও সে সকল পদার্থ তত্তদ্দেশে প্রচলিত এবং বেদবিরুদ্ধ নাথাকা প্রযুক্ত এদেশের প্রাচীনতাই প্রমাণ হয় কেননা ভারত

বর্ষের মুনিরাতো কখনই অন্যদেশে গিয়া বিদ্যাভ্যাস করেন নাই। চতুর্থ সকল ধর্ম্মের এক উৎপত্তিসময় আছে এই বৈদিক ধর্ম্মের উৎপত্তির সময় নির্ণয় নাই॥ পঞ্চম। সকল ধর্ম্মের গ্রন্থকর্ত্তা জানাযায় এই বেদের কর্ত্তা সাধারণ ব্যক্তি কেহইনহে। ষষ্ঠ অন্যান্য ধর্ম্মে একের মতকে নিরাশ করিয়া স্বমতকে প্রধান করিয়া লিখিয়াছেন এখানে তাহার কিছু প্রসঙ্গ নাই। সপ্তম ইহার ভাষা সংস্কৃত যে সমস্ত রাজ্য এখনতক দৃষ্ট ও শ্রুত হইল সেইসকল রাজ্যের ভাষাতে এইসংস্কৃতভাষা মিশ্রিত আছে কিন্তু ইহাতে অন্যকোন ভাষা মিশ্রিত নাই যদি কহ যে যেসকল ভাষাতে এই সংস্কৃত ভাষা পাওয়া যায় সেই সকল ভাষা ঘটিতই এই সংস্কৃত ভাষা হউক। উত্তর যেসমস্ত ভাষাতে এই সংস্কৃত শব্দ সকল পাওয়াযায় তাহাতে ঐশব্দসকলের যোগার্থ ঘটেনাকেবল রূঢ় মাত্র হয় যথা আদম ও মাদয় ও ফাদর ও ব্রাদর ইত্যাদি কিন্তু সংস্কৃতেও যদিরূঢ় হয় তথাপি যোগরূঢ়বটে আর যোগার্থদ্বারা ভাষা নির্ণয় কেবল আমি করিতেছি এমতনহে যেহেতুক আরবির লোগত কামুছে কময়ছশব্দার্থ নির্ণয় গয়ূমর্ত্তশব্দে করিয়া তাহাকে পারসী বলিয়াছেন বিশেষতঃ সংস্কৃত যেস্বতন্ত্র ভাষা তাহার প্রমাণ, বীরমিত্রোদয়ের প্রতিজ্ঞা পাদে নারদবচন। যথা সংস্কৃতৈঃ প্রাকৃতৈর্ব্বাক্যৈ র্যঃ শিষ্য মনুরোধতঃ। দেশভাষাদ্যুপায়ৈশ্চ বোধয়েৎস

গুরুঃস্মৃতঃ। এবং দণ্ডী। সংস্কৃতং নাম দৈবী বাগন্বাখ্যা তা মহর্ষিভিঃ। তদ্ভব স্তৎসমো দেশীত্যনেকঃ প্রাকৃত ক্রমঃ ইত্যাদি। ইহাতেই দৈবী ভাষার সূচনা হইতেছে এবং তন্ত্রাদিতে পুরশ্চরণপ্রমাণেও আছে যে দেবতা প্রসন্নরূপে স্বপ্নাদিতে প্রথম সংস্কৃতই কহেন পরেপ্রাকৃত অতএব পুরাণ ধর্ম্ম এই হয় ইহার পর যেমকধর্ম্ম হয় সকলি কল্পিত সুতরাং পুরাণধর্ম্মের দোষ না দেখাইলে এবংকল্পিত যে সকল ধর্ম্ম তাহার কোন উত্তমতা নাদর্শা ইলে অপ্রামাণিক কোন নূতন মত গ্রাহ্যহইতে পারেনা। আর বিজ্ঞেরা প্রাচীন ওসপ্রমাণ ও ন্যায়যুক্ত ও উপকারি কথা প্রধানরূপে মানেন কিন্তু অবিজ্ঞেরা মানেনা কেন না তাহারা ঐসকল কারণ বুঝিতে পারেনা। যেমনপিতা পুত্রকে খেলাইতে বারণ করেন লিখিতে কহেন পুত্র তাহার মর্ম্ম নাবুঝিয়া ভালবাসেনা। আর যেমন চোর সকলকে রাজা চুরিকরিতে বারণ করিয়া গৃহস্থ হইতে শাসন করেন তাহারা তাহার ফল না বুঝিয়া ঐ চৌর্য্য কর্ম্মেই রত থাকে ইহাতে বস্তুত ক্ষতিনাই।

দ্বিতীয়। এই যে ভারত বর্ষ ইহাসর্ব্বোৎকৃষ্ট কেমনা ইহাতে অন্যদেশের মত কোন অধিক গুণকি দোষ নাই যেমন কোনদেশের লোক শুক্লবর্ণবটে কিন্তু সেই দেশে শস্যাদি কিছু উৎপন্ন হয়না কোন, দেশে প্রায় জলাভাব এবং কোন দেশে হিম অতিশয় কোনস্থানে কেবল পর্ব্বত ময় কোনদেশ বালুকাময় কোনদেশে কখন

দিবসের পরিমাণ অতিঅল্প হয় কোনদেশে কখন রাত্রের পরিমাণ অতিঅল্প হয় কোন দেশের মনষ্য বিকৃতাকার কোনদেশে কোনরোগ প্রধান কোন স্থানে পক্ষির ভয় অতিশয় কোনস্থানে বাতাস অতিমন্দ বহে কোনদেশে জলজন্তুর অতিশয় ভয় কুত্রাপি কীটের ভয় কিন্তু এদেশে এমত কোন প্রধান দোষনাই। আরমনুষ্যের অক্লেশ জীবনের হেতুযে সকল দ্রব্য ওবস্তু তাহার উৎপত্তিএই দেশেই হয় অধিক কি কহিব অর্ব্বদেশীয় লোকেরা এই হিন্দুস্থানের যে এক অঞ্চল বাঙ্গালা তাহাকে জেন্নৎ অর্থাৎ বৈকুণ্ঠ বলিয়া সংজ্ঞিত করিয়াছে। এইসকল কারণেতে জানাযায় যে প্রাক্‌কালের আদ্যক্ষণে যেনি উত্তম ব্যক্তি উৎপন্ন হইয়াছিলেন তিনি এই উৎকৃষ্টস্থানে বাস করিতেন এবং এই ধর্ম্ম যাহা জন্মমাত্রেই ঈশ্বর স্বয়ং কিঈশ্বর যে কোন ব্যক্তিরূপে তাহার জন্মদাতা ও উপদেশ কর্ত্তা হয়েন তাহাঁর মুখে শ্রবণ করিয়া এবং ঈশ্বর প্রসন্নতাপূর্ব্বক আত্মবুদ্ধি প্রকাশানুসারে স্থিরকরিয়া এসকল ব্যবহার করিলেন তথাচশ্রুতিঃ। যোব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যোবৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ। তংহদেব মাত্মবুদ্ধিপ্রকাশং মুমুক্ষুর্বৈ শরণ মহং প্রপদ্যে ॥ আর মনুঃ ১ অধ্যায়ে ৩৩ শ্লোক। তপস্তপ্ত্বাঽসৃজদ্যন্তুসস্বয়ং পুরুষো বিরাট্। তং মাং বিত্তাস্য সর্ব্বস্য সৃষ্টারং দ্বিজসত্তমাঃ। ইদং শাস্ত্রন্তু কৃত্বা ঽসৌ মামেব স্বয়মাদিতঃ। বিধিবদ্গ্রাহয়ামাস মরীচ্যাদীং স্ত্বহং মুনীন্। এবং শ্রীমদ্ভাগবতে

তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি যৎসূরয়ঃ ইতি।
এমতে বেদব্রহ্ম ঈশ্বরপ্রণীতই বটেন আর যদি নিত্য এই
সংসার উৎপন্ন হয় তথাপি তাহার আদিতে কোনকাল
সম্ভব আছে ইহাতে ঐ আদিক্ষণপদের দোষ নাই ইহার
প্রমাণ বৃদ্ধমন্বাদি শব্দও বটে। এবং যথাপূর্ব্বমকল্প
য়ৎ ইত্যাদি মন্ত্রলিঙ্গং। আর শ্রীমদ্ভাগবতে। এবং
পুরা ধারণয়াত্মযোনি র্নষ্টাং স্মৃতিং লব্ধ বরিষ্ঠওষ্ঠাৎ।
তথা সসর্জ্জেদ মমোঘদৃষ্টি র্যথাপ্যয়াৎ প্রাক্ ব্যব
সায়বুদ্ধিঃ। আর ঐ উক্ত কথা স্মৃতিতেও পাওয়া যায়
যথা। মনুমেকাগ্র মাসীন মভিগম্য মহর্ষয় ইত্যাদি।
এবং২ অধ্যায়ে। সরস্বতীদৃষদ্বত্যো র্দেবনদ্যোর্যদন্তরং।
তন্দেবনির্ম্মিতং দেশংব্রহ্মাবর্ত্তংপ্রচক্ষতে। ১৭। তস্মিন্
দেশে যআচারঃ পারম্পর্য্যক্রমাগতঃ। বর্ণানাং সান্তরা
লানাংস সদাচার উচ্যতে। ১৮। কুরুক্ষেত্রঞ্চ মৎস্যাশ্চ
পাঞ্চালাঃ শূরসেনকাঃ। এষব্রহ্মর্ষিদেশো বৈ ব্রহ্মাবর্ত্তাদন
ন্তরঃ। ১৯। এতদ্দেশপ্রসূতস্য সকাশাদগ্রজন্মনঃ। স্বংস্ব
ঞ্চরিত্রং শিক্ষেরন্ পৃথিব্যাং সর্ব্বমানবাঃ। ২০। ইহাতেই
অনুমানে ও শাস্ত্রপ্রমাণে জানাযায় যে এদেশ প্রাচীন
এবং ইহার ধর্ম্মও প্রাচীন ঈশ্বরপ্রযোজিত ইহার তুল্য
অন্যান্য ধর্ম্ম নহে। আর এইদেশ হইতে লোক সকল
অন্যত্র যাইয়া আচারভ্রষ্ট হইয়া কিম্বা আচারভ্রষ্ট হইয়া
দিগ্দিগন্তর যাইরা অথবা রাজশাসনে কিম্বা যুদ্ধাদিতে

কাতরতা হেতুক পলায়ন করিয়া পর্ব্বতাদিতে লুকাইয়া থাকাতে এধর্ম্ম লোপ পাইয়া কালান্তরে ঐসকল লোকেরমধ্যে কেহ গমনাগমন করিয়া এই দেশের ধর্ম্মা নুষ্ঠান দেখিয়া স্বদেশে গিয়া কোন এক পুস্তক রচনা করিয়া প্রচার করত আপনাকে ঈশ্বরের সন্তান কি সখা কি অংশ কি ঈশ্বরইবা স্বয়ংএইরূপে জানাইয়া এক২ পথ সৃষ্টিকরিয়াছেন পরে কোনকালে সুবুদ্ধিলোকঐসকল স্থানে জন্মিয়া তাহার বুদ্ধ্যনুসারে কতক২ব্যবস্থা ওপ্রণালি করিয়া ঐ পুস্তকমতাবলম্বী হইয়াছেন তাহা তত্তদ্দেশীয় ব্যক্তিরা অদ্যাপিও মানেন । এবং কোন ব্যক্তি অন্যের কতক কথা গ্রহণ করিয়া অপরকে নিন্দা করিয়া এবং কাহারো শ্লাঘা করিয়া স্বমত প্রকাশ করিয়াছেন । আর নানক প্রভৃতি জ্ঞানী তাহার শিষ্য যেসকল লোক হইয়াছিল তাহারা অজ্ঞানবশত তাহার আচার স্বীকার করিল কিন্তু তাহার যোগ্যতা বুঝিতে পারিলনা সুতরাং ইতো নষ্ট স্ততোভ্রষ্টঃ কর্ম্মকারহকারবৎ হইল । ইহাতে এই বিবেচনা কর্ত্তব্য যে পরকাল কোন ব্যক্তির দৃষ্ট নহে অতএব পূর্ব্বতনের যে ঈশ্বরসান্নিধ্যতাদ্বারা তাহার মর্ম্মজ্ঞতা প্রত্যয় হইতে পারে তাহারন্যায় আধুনিক পৈগাম্বরাদিতুল্য কল্পিতমতস্থাপকদের মত কিরূপে বিশ্বাস্য হয় যে ঐ কথারপর কোন প্রত্যয়জনক প্রমাণ ব্যতিরেকেই জনশ্রুতিতে শুনিয়া পরকালের প্রতি নির্ভর করাযায় অতএব এই উৎকৃষ্ট দেশের ধর্ম্ম ও আচার

গ্রাহ্য হয় ও তাহার তুল্যাভাবাৎ প্রতিযোগিতাভাব জানিবা।

তৃতীয়। এইযে এদেশের প্রথম বসতির প্রমাণ পূর্ব্বোক্ত পরমতে ও স্বমতে নানাপ্রকার পাওয়া যাইতেছে। তথাহি। কান্যকুব্জা দ্বিজাঃ সর্ব্বে মাথুরং মাগধংবিনা ইতি। আর মোছলমানআদি অনেকে কহে যে প্রথম মনুষ্য অর্থাৎ আদম এই হিন্দুস্থানে বাস করিয়াছিলেন অতএব তাহাদিগের পৈতৃক ধর্ম্ম এই জানাযায় অন্যধর্ম্ম সকল আধুনিক তাহাদ্বারা এশাস্ত্র উপমেয় কিনিন্দনীয় কিম্বা খণ্ডনীয় হইতে পারেনা।

চতুর্থ। এইযে ভারতবর্ষ যাহার শাস্ত্র বেদ ও তদনুযায়ী ঐ ধর্ম্ম হয় সেই কর্ম্মভূমি অর্থাৎ সেই স্থানে অদৃষ্ট জন্মে তাহাইজীব অন্যত্র ভোগ করে ইহার বিশেষ ব্রতযজ্ঞাদি কেবল পারলৌকিক ক্রিয়া এস্থানে থাকাতে এবংঅন্যত্র তাদৃশ কার্য্য নাথাকাতে অনুভূত হয় এমতেই ব্রহ্মবৈবর্ত্তকেরপ্রকৃতিখণ্ডে ২৪ অধ্যায়ে ব্যক্ত আছে। শুভানা মশুভানাঞ্চ কর্ম্মণাং জন্ম ভারতে। পুণ্যক্ষয়েঽত্র সর্ব্বত্র নান্যত্র ভুঞ্জতে জনাঃ। সুরা দৈত্যা দানবাশ্চ গন্ধর্ব্বা রাক্ষসাদয়ঃ। বিশিষ্টজীবিনঃ কর্ম্ম ভুঞ্জতে সর্ব্বযোনিষু। শুভাশুভংভঞ্জতেচ কর্ম্মপূর্ব্বার্জ্জিতং পরং। নরশ্চ কর্ম্মজনকো নসর্ব্বে জীবিনঃসন্তি,ইতি। যদি কহ ভারতবর্ষীয় অল্পলোক এতাবতা অল্পজীব যে শুভাশুভ কর্ম্ম করে তাহা সমস্ত ব্রহ্মাণ্ডস্থ তৃণকীটাদি প্রভৃতি

চেতনাচেতন সমূহ জীবরূপে ভোগের কারণ কিমতে হইতে পারে তাহার উত্তর এইযে একমানবীয় শারীরিক কর্ম্ম এমত আছে যে কল্পান্তপর্য্যন্ত তাহার ভোগাবসান হয়না এবং ক্ষণিকজীবনশীল ব্রহ্মাণ্ডে অনেক আছে আর এক জীব কায়ব্যূহ অর্থাৎ অনেক শরীরী হইয়া নানারূপে নিজকর্ম্ম ভোগকরে এমত প্রমাণ শাস্ত্রে আছে এমতে ঐআপত্তি সঙ্গত হয়না তাথাহি । ব্রহ্ম বৈবর্ত্তে প্রকৃতি খণ্ডে ২৬ অধ্যায়ে যমস্তোত্রপ্রস্তাবে । মহাপাপী যদিপঠেন্নিত্যং ভক্ত্যাচ নারদ । যমঃ করোতি তংশুদ্ধং কায়ব্যূহেন নিশ্চিতং ।

পঞ্চম । হিন্দুর যেমত দৃঢ় ধর্ম্ম এমত ইংরেজ ও মোছলমানআদির নহে কেননা তাহারা যে ঈশ্বরকে নিরাকার কহে তাহাঁর জ্যোতির্ম্ময়ত্ব কোহতূরে প্রত্যক্ষ হওন ও আদমের সঙ্গে তাহাঁর কথোপকথন এবং মহম্মদের তাহাঁর নিকটে গমন এবং ইছায় তাহাঁর পুত্র হওন ইত্যাদি কথা কিরূপে স্বীকার করিতে পারে এবং তাহারা ঈশ্বরকে বড় কহেবটে কিন্তু সয়তানকে তাহাঁ হইতে বড়জানে কেননা ঈশ্বর যাহা না চানতাহা সয়তান করে এমত তাহারা মানে সয়তানের কাছে পরাস্ত যে ঈশ্বর তাঁহাকে মানাতে ফলকি । অতএব তাহারা নির্ব্বোধ যে এমত মহৎদোষ তাহারা দৃষ্টিকরেনা যে নিরাকারে আকারের কার্য্য কিমতেসম্ভব হয় আমরা নিরাকারের কিছু কার্য্য নিযুক্ত করিনা যখন ঈশ্বরের কার্য্য

যোগ স্বীকার করি তখন অবশ্য তাহাঁকে সাকার মানি অতএব অন্যান্য শাস্ত্র নির্ব্বোধের করা আর আমাদিগের শাস্ত্র বেদ অনাদি দেবপ্রণীত যাহা প্রসিদ্ধই বটে ইতি।

ষষ্ঠ। যদিস্যাৎ এমত কহযে অন্যান্য ধর্ম্মাবলম্বিরা আপন ২ ধর্ম্মপুস্তক ঈশ্বরীয়গ্রন্থ বলিয়া মানেন বৈদিকেরাও বেদ মানেন অতএব উভয়ত্র প্রত্যক্ষ প্রমাণাদির অভাব প্রযুক্ত শব্দপ্রযোজক গ্রন্থমাত্রাবশিষ্ট দেখাযায় ইহাতে শব্দপ্রমাণ মান্য মাত্র ইতর বিশেষ তাহাতে কিআছে যে বেদ মান্য হয় আর কোরাণ ও বাইবেল ও জেন্দা আদি গ্রন্থ কিকারণেইবা অমান্য হইতে পারে। উত্তর যদ্যপি শব্দবোধজ্ঞানানুশীলনে উভয়ের সাম্য হউক তথাপি বক্তার সিদ্ধতা ও বাক্যের তাৎপর্য্যদ্বারাঅবশ্যই শাব্দবোধের তারতম্য আছে তথাচ। গৌতমসূত্রং। ৭। আপ্তোপদেশঃ শব্দঃ। অতএব আমাদিগের বেদে যেমত পদার্থ সকলের নির্ণয় ও প্রকৃত উপাস্যত্ব বিবরণ আছে তাহা বিশিষ্ট মনোযোগ করিলেই তত্তদ্বিষয়ে অনায়াসে বুদ্ধিযুক্তিবলে অন্তঃকরণের প্রত্যয় হইতে পারে যথা। আত্মতত্ত্ব ঈশ্বরসত্তা ইত্যাদি। সুতরাংতাহাতে বেদের যাথার্থ্যজ্ঞান হয় আর আমাদিগের বৈদিকধর্ম্মের মূল এই মাত্রই প্রচুর। সেই মত কি কোরাণ আদির তাৎপর্য্য অনুভবসিদ্ধ প্রত্যয় হইতে পারে ফলত তাহা কদাচিৎ নহে এবং ঐ২ ধর্ম্মাবলম্বিদিগের এক২ কথা এমত যে তাহাতেই প্রত্যয়

নাহইলে তাহাদিগের ধর্ম্মের মূলচ্ছেদন হয় যথা মহ
ম্মদের ঈশ্বরসখা হওন ও ঈশ্বরসমীপে তাহার গমন
ও কথন ইত্যাদি অথবা ইছার ঈশ্বরপুত্র হওন ও মরিয়া
পুনর্জ্জীবিত হওন ইত্যাদি। ইহাতো শাব্দ বিনা
অন্যকোনরূপেই প্রত্যয়যোগ্য হইতে পারেনা সুতরাং
ঐপ্রস্তাববক্তার যাথার্থ্য কোনমতে অনুভূত নহে। অপ
রঞ্চ। বাইবেল ও জেন্দা ও কোরাণাদি যে সাধারণ
লোকের করা ইহারতো প্রমাণ দিবার অপেক্ষা নাই
কিন্তু বেদের বিষয় তাদৃশ প্রস্তাব হইতে পারেনা যেহে
তুক বৈবস্বত মন্বন্তরের যে প্রমাণ শ্রীমদ্ভাগবতের ৮
স্কন্ধে বিস্তারিত আছে তাহা বাইবেলেও জলপ্লাবন
রূপ কাল কথনদ্বারা ব্যক্ত হয় তাহাতে ঐ প্রলয়কালে
দ্রবিড়দেশীয় সত্যব্রত রাজা যে বেদাদি শাস্ত্র ওসর্ব্ববীজ
ওনর বংশআদি যে নৌকাতে স্থাপন করিবাতে মৎস্যরূপে
সেই জলে ঈশ্বর নৌকাদি রক্ষা করিয়াছেন তাহাতেই
বেদরক্ষা মৎস্যাবতারের মুখ্যকার্য্য প্রচার আছে ইহাতো
ঐ বাইবেলবাদিরা না মানিয়াই বাঁচেনা। এমতে পূর্ব্বক
ল্পীয় বেদের বিশেষ প্রামাণ পাওয়াযায় যে জলপ্লাবনের
পূর্ব্বকালীন এই বেদই ছিল এবং তাহা ঈশ্বরীয় ক্ষম
তাতে সৃষ্ট ও রক্ষিত হইয়াছে। ইহাও জানা কর্ত্তব্য যে
মোছলমান্ ও খ্রিষ্টিয়ান প্রভৃতি ধর্ম্মাবলম্বিদিগের মধ্যে
যাহারা প্রকৃত সুবোধ তাঁহারাতো ঐ২ ধর্ম্মের পুস্তক ও
প্রণালীতে বিশ্বাস করেননা তাহার প্রমাণ মনছুরহোলাজ

যাহাকে শরাওয়ালারা বধকরিয়াছে এবং মৌলবি রূম যে প্রকারান্তরে কোরাণকে সংস্থাপন করিয়াছে ও মোছল কোদ্দীন মখদুম শেখসাদিও হাফেজ এবং অনেক২ ছুফী লোক সকল যাহারা কেবল বেদধর্ম্মকেই প্রকারান্তরে স্বীকার করে আর অপর দিনশ হইল আকবর শাহা বাদশাহ ফয়জী আ. . ল ফজল প্রভৃতি যাহারা কেবল বৈদিক ধর্ম্মকেই মান্য করিয়াছে আর শেকন্দর শাহা যাহাকে ইয়ুরোপীয়েরা আলেকজেণ্ডর দি গ্রেট কহেন তিনি হিন্দুস্থানে আসিয়া এতদ্দেশের ধর্ম্ম দেখিয়া নিজধর্ম্মকে অশ্রদ্ধা করিয়াছেন। আর নেপোলিয়ন্ বোনাপার্টি বেন্জামিন্ ফ্রাঙ্কলিন্ মেৎ হিউম্ ও অন্যান্য অনেকানেক মহাজনেরা নিজ২ ধর্ম্মে দৃঢ়তা জ্ঞান করেন নাই। বৈদিকধর্ম্মেতো এমত কেহ হয় নাই তবে যে কোন ব্যক্তি ভ্রষ্টাচারধর্ম্মান্তর হইয়াথাকে তাহারা যে নির্ব্বোধ ও দোষী ইহার প্রমাণ দিবার অপেক্ষা নাই যদি বর্ত্তমান কেহথাকে তবে সমক্ষাচারেও তাহার অবোধতা সাব্যস্ত হইতে পারে আর এধর্ম্মের দৃঢ়তা ইহাতেও জানাযাইতে পারে যে বৈদিকমতে অন্যপথাবলম্বি কোনলোককে স্বমতে প্রবেশ করাইবার যত্নের আবশ্যকতা নাইকিন্তু পৈগম্বরির মততো তাদৃশ নহে যেহেতুক দুষ্যমতাবলম্বী ও দুষ্ট যে সকললোক তাহারা সততই অন্যকে আপনমতেআনিতে বলে ও ছলেও কৌশলে যত্নবান্ হয় যথা। মোছলমানেরা তলওয়ারের বলে আপন ধর্ম্মচালান ও খ্রিষ্টিয়ানেরা নানা

ছলে ও বাক্‌কৌশলেও নানাপুস্তকে নানা মিথ্যা আরোপ ও নিন্দাবাক্যবিন্যাসে লোকের মতিচ্ছন্ন করেন ইহাতে কেবল অবোধ ও দুষ্ট যাহারা তাহারাই প্রবেশ করিয়া তত্তমতে স্বচ্ছন্দে থাকে ফলত তাদৃশ দোষী ও স্বেচ্ছাচারী অবোধ ব্যক্তিরা বৈদিকমতে থাকিতেই পারেনা কেননা নির্দ্দোষী না হইলেই বৈদিকমতে পতিত ও জাত্যন্তর হয় যদিবল যে এখনতো অনেক দুষ্ট পতিত হয়না উত্তর তাহার মূল রাজশাসন জানিবা। যথা বাশিষ্ঠে। রাজা চোরকারণং ইত্যাদি।

সপ্তম। যেহেতুক সর্ব্বশাস্ত্রার্থ এই যে এই জগৎ পরস্পর হিংসক হইয়াও মনুষ্যনিষ্ঠজ্ঞানবিশেষবশত ইহাদিগের পরস্পর দ্রোহ ও অবজ্ঞারূপ পাপ অকর্ত্তব্য বরং তাহার বিপরীত অদ্রোহ ও অনবজ্ঞারূপ ধর্ম্ম হয় সুতরাং তাহার আনুসঙ্গিক অন্যধর্ম্মও ধর্ম্মমধ্যেগণ্যহয় সেইমাত্র এ শাস্ত্রের স্থূলতাৎপর্য্য জানিবা তথাচ বুদ্ধজ্ঞানাদিতে তাদৃশ তাৎপর্য্য ১২ অধ্যায়ে মনু কহিয়াছেন। যথা। সর্ব্বমাত্মনি সংপশ্যেৎ সচ্চাসচ্চসমাহিতঃ। সর্ব্বং হ্যাত্মনি সংপশ্যন্নাধর্ম্মে কুরুতেমনঃ। অতএব ঐ যেসকল মজহব অর্থাৎ পরমার্থপথের কথা কহিলাম তাহার স্থূলাংশের সহিত ইহার সূক্ষ্মাংশের বিরোধ নাই স্থূল সংখ্যাএইযে। ঈশ্বরোপাসনা আর অহিংসা ও অকৌটিল্য ও পরদার গমননিষেধ ও প্রবঞ্চনাবিরহ ও মিথ্যা নাকহা ও সত্য কথা কহা ও অপরিমিত কুপথ্য

ভোজন নিষেধ ও অস্তেয় ও কামক্রোধ ইত্যাদির বারণ ও সর্ব্বদা সন্তোষ ও মনঃসুস্থিরতাদ্বারা অন্তার প্রসন্নতা করণ ও শুদ্ধরূপে থাকন ও অনায়াসে জীবনধারণ ও নিন্দা নাকরণ ও পিত্রাদির সেবা ও কুটুম্বভরণ ও দয়া ও লোক লজ্জা ও নির্দ্দোষতাও চিত্তানিদ্দোষিতা ও অলোভ ওক্ষমাও যথাযোগ্য সংসারকরণ ও অতিথিসেবন ও দীনকে দান ও বিদ্যাভ্যাস ও আত্মতত্ত্বজ্ঞান ও দুষ্টদমন ও শিষ্টেরপালনও ভক্তি ও শ্রদ্ধাও অসময়ে উপকার করণ এই সকলই ধর্ম্ম বটে তথাচ মিতাক্ষরাপ্রায়শ্চিত্তাধ্যায়ে। সত্য মস্তেয় মক্রোধো হ্রীঃশৌচংধীর্ধৃতি র্দমঃ। সংযতেন্দ্রিয়তা বিদ্যা ধর্ম্মঃ সর্ব্ব উদাহৃতঃ। এবং ইতিহাসসমুচ্চয়ে ৪০অধ্যায়ে ॥ সত্যংদমস্তপঃশৌচং সন্তোষো হ্রীঃ ক্ষমার্জ্জবং। জ্ঞানং শমো দয়া ধ্যান মেষ ধর্ম্মঃ সনাতনঃ। আর ৬ অধ্যায়ে ॥ অদ্রোহঃ সর্ব্বসন্তোষঃ ক্ষমা সত্য মথার্জ্জবং। সর্ব্বেন্দ্রিয় জয়ঃ ক্ষান্তি স্তপঃ স্বর্গস্য সাধনং। ইহাতে বর্ণাশ্রমাদি অপেক্ষা করেনা তথাচ মনুঃ। দূষিতোপি চরেদ্ধর্ম্মং যত্র তত্রাশ্রমে বসন্। সমঃ সর্ব্বেষু ভূতেষু নলিঙ্গং ধর্ম্ম কারণং। এবং ইতিহাসসমুচ্চয়ে ৪০ অধ্যায়ে। ন জাতিঃ কারণং তাত গুণাঃ কল্যাণহেতবে। বৃত্তস্থো২পিহি চাণ্ডালঃ সোহপি স্বর্গতি মশ্নুতে ॥ ঐ সকল প্রয়োজনসিদ্ধ হইবার কারণ যে কতক প্রায়শ্চিত্ত ওদণ্ড ওব্যবহার আছে তাহা পৃথক২ বটে এমতে অনুভব এই যে কেহবা দেশা

নুসারে ও কালানুসারে করিয়াছে। অপর আচার অভাবস্তা আর ভোজনের বিস্তারতা যে আছে তাহাও দেশানুসারে ও পৈতৃকভুক্তাচারে যাহা সুধরিতে পারেনা তদনুসারে বিশেষত অন্যদেশীয়ের তত্তৎকারণকলাপ অনুসন্ধান না করিয়া কল্পিত করিয়াছে তাহার প্রমাণ এই যে ঐ সকল লোকমধ্যে যাহাদিগকে হকীম কহ তাহাদিগের সামান্যলোকের অনুরূপ ব্যবহার ছিলনা বরং আমা দিগেরপণ্ডিতের ও জ্ঞানিদিগেরন্যায় ব্যবহার ছিল আর কেহ সূর্য্য ও কেহ অগ্নি ও কেহ নিরাকার ভজন করে তা হাও আমাদিগের মত ছাড়া নহে তবে কোন বিষয়ে আর সন্দেহ হইতে পারেনা সকল মতেই আমাদিগের শা স্ত্রেরও তদুক্তরীতির প্রধানতা সিদ্ধ হইল। আর ইতিহাস সমুচ্চয়ে ৫০ অধ্যায়ে যথা। বিপ্রাশ্চ নাবমন্তব্যা ত্রৈলো ক্যস্থিতিহেতবে। দেববৎ পূজনীয়াশ্চ দানমানার্চ্চনা দিভিঃ। ইত্যাদি বচন ও ঐরূপ সর্ব্বশাস্ত্রে বহুং বচনাদি লিখনপ্রযুক্ত ইংরেজের পাদরিআদির মত এব্রাহ্মণ দিগকেপ্রতারক অনুভূত হইয়া শাস্ত্রপ্রতি অবজ্ঞা জন্মিতে পারেনা যে হেতুক ঐ অধ্যায়ে উক্ত আছে যে। বিদ্যা মানধনো যশ্চ প্রতিগ্রহরুচি দ্বিজঃ। চৌরবন্নরকং প্রাপ্য তত্রৈবপারিপচ্যতে। এবংমনুঃ। অতপাস্ত্বনধীয়ানঃপ্রতি গ্রহরুচি দ্বিজঃ। অম্ভস্যশ্মপ্লবেনৈব সহ তেনৈব মজ্জতি। এবমত্রিঃ। দেবোমুনির্দ্বিজোরাজা বৈশ্যঃ শূদ্রোনিষাদকঃ। পশুম্লেচ্ছোপিচাণ্ডালো বিপ্রাদশবিধা স্মৃতাঃ। তেষাংমধ্যে

ব্রহ্মতত্ত্বং নজানাতিব্রহ্মসূত্রেণগর্বিতঃ। তেনৈবসচ পাপেন বিপ্রঃপশু রুদাহৃতঃ। ক্রিয়াহীনশ্চ মূর্খশ্চ সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতঃ। নির্দ্দয়ঃ সর্ব্বভূতেষু বিপ্রশ্চাণ্ডালউচ্যতে। সুতরাং দরিদ্রসৎব্রাহ্মণকে ধনদান কিভোজন করানঅথবা বিদ্বান ব্রাহ্মণকে গৌরবকরণ ওআপ্যায়িত করণ সকল মজহবে দ্বারাই যুক্ত হয় বরং ইহাতে দীনদয়া আর বিদ্যা ও গুণ জন্য মর্য্যাদাই এশাস্ত্রের আধিক্য বুঝাযায় নত্তুবা ব্রাহ্মণের গুণবিশেষ ও অবস্থাবিশেষ সংস্থাপনপূর্ব্বক সদ্বক্তের পূজা ও অসদ্বক্তের তিরস্কারকরণ বিবেচনা কেন করিবেন এই সকল কথার পর সন্দেহ কর তবে সে কেবল শিশুতা।

১২ দ্বাদশাধ্যায়। অস্মদ্বচনং হে অবহুজ্ঞ এসকল কথাতে কেবল তোমার বিজ্ঞতা প্রকাশ কেননা মহাবিজ্ঞের কিছু শাস্ত্রে বিশ্বাস করা তাৎপর্য্যনহে অথবা বৈরাগ্যাদ সাধন নহে যে তুমি তাহার এমত হেতুবাদ করিলা তিনি কতক পুঁথি ও কেতাব দেখিয়া সহজে অনৈক্য বুঝাতে আর আয়ারদানসের দুইবাবের কতক কথা শুনাতে এমত কথা কহিয়াছেন তাহাতে তোমার এমত উক্তির আবশ্যক কি বিশেষত তুমি তাহার প্রতি শিশুতার কথা কহিলা তিনি কোন প্রকারে শিশু নহেন যেহেতুক শিশু কেবল মনুষ্যদুগ্ধ খায় কিন্তু তিনি পশুদিগের দুগ্ধও মাংস যথেষ্টরূপে ভোজন করেন আর শিশুর হিংসা ও কামনাই কিন্তু তাহার কামের চিহ্ন নানাবর্ণে সন্তান

বিদ্যমান এবং প্রতিদিন মাংস ভোজন করেন ইহাতে কাম ও হিংসা না থাকার সম্ভাবনা কি যদি কহ যে তিনি প্রায় ছাগাদির শিশু ভোজন করেন এমতে লক্ষণা করিয়া তাহাকেও শিশু কহিলাম তাহাও অনুচিত কেননা কত২ ব্যাঘ্র কত২ মনুষ্যশিশু খাইতেছে তাহাতেও সেই ব্যাঘ্রকে কেহই শিশু কহেনা তুমি ছাগশিশু যাহাকে শির খোরা বলিয়া মোগলেরা খায় তাহাই ভক্ষণ হেতুক ঐ মহাবিজ্ঞকে কিমতে শিশু কহিতে পার কেননা ব্যাঘ্র হইতে তিনি বড় হিংসক নহেন সুতরাং তুমি অন্যায় রূপে একথা কহিলা।

১৩ অধ্যায়। মহাবিজ্ঞ কহেন যে নানা শাস্ত্র পৃথক২ আছে এবং যত শাস্ত্রানুসারে সংগ্রহকর্ত্তারা ব্যবস্থা করিয়াছেন তাহাও দৃষ্টিও পাঠকরা একজন্মের সাধ্য নহে কেননা অনেক২ গ্রন্থ বিশেষত একত্র কোনস্থানে পাওয়া যায়না এবং এমত কোন ব্যক্তি দেখিনা যে সর্ব্বশাস্ত্র জ্ঞাত আছে অতএব শাস্ত্রবিষয়ে কোন কথার সন্দেহ হইলে আপাততঃ সাধারণ সকলেই কহেন যে অনন্ত শাস্ত্র তাহার কথা কিমতে সিদ্ধান্ত হইবেক আজানি কোনখানে কিরূপ লিখিয়াছেন আর এই ন্যায় করিয়া প্রায় সকলেই আত্মবুদ্ধিকে মূলানুসন্ধান করণে প্রবেশ করানানা।

১৩ অধ্যায়। অবহুজ্ঞ কহিতেছেন যে মহাবিজ্ঞের এই কথাটি আদ্যন্ত সমস্তই সত্যবটে যদ্যপি বৈদিক

শাস্ত্র এক তথাপি প্রকরণভেদে নানা রূপে প্রকাশ আছে
একারণ উচিত যে শাস্ত্রৈকদেশ দৃষ্টি করিয়া কি কোন
লোকের এক কথা শুনিয়া হঠাৎ কোনবিষয়ে সন্দেহ
করা কর্ত্তব্য নহে বরঞ্চ যে কথার অনুসন্ধান না জানাযায়
তাহাতে এই জ্ঞান করিতে হয় যে আমার বুদ্ধি অল্প এ
নিমিত্তে বুঝিতে পারিলামনা আর যে শাস্ত্র দেখিনাই
তাহাতে ইহার বিবরণ থাকিবেক যথাপ্রাতরুত্থানের
আশুফল দৃষ্ট নহে বরং প্রাতর্নিদ্রাজন্য সুখানুভবের
বাধা হয় কিন্তু আয়ুর্ব্বেদে নির্ণয় হইল যে প্রাতরুত্থানে
শরীরের আরোগ্য ও চক্ষুর তেজোবৃদ্ধি ও মনোবুদ্ধির
স্থৈর্য্যহয় আর তাহার অন্যথাতে বিপরীত বরঞ্চপিত্তাদির
বৃদ্ধি আর কফের ক্রূরতা জন্মে। আর দুগ্ধ ও লবণ
সংযোগে প্রকাশে কোনপ্রকারে দোষ জানাযায়না ফলে
তাহার তুল্য মন্দ আরনাই কেননা শরীরের রক্তের
বিকার জন্মায়। আর পলাণ্ডু ভক্ষণ যে আছে তাহা সদ্য
কামোদ্রেক জন্মায় একারণে উত্তম বোধহয় তাহা ব্রাহ্ম
ণের প্রতি নিষেধের স্পষ্টহেতু জানাযায়না কিন্তু সেই
পলাণ্ডু ব্রাহ্মণ ও যতি যাহারা কামমদের চেষ্টিত নহে ও
মনোনিষ্ঠাকাঙ্ক্ষী তাহাদের প্রতি অতিশয় মন্দকারি
হইবেক কেননা তাহাদের ঐ দ্রব্য ভক্ষণেতে কামোদ্রেক
হইয়া বুদ্ধিভ্রম হইবেক এবং মনের বৈকল্য জন্মিবেক
ইত্যাদি জানিবা অতএব যেব্যক্তি বেদবেদান্ত ও স্মৃতিও পুরাণ
ও আয়ুর্ব্বেদ ও ধনুর্ব্বেদ ও গান্ধর্ব্ববেদ ও আরং অন্য

শাস্ত্র ও নীতিশাস্ত্র ও ষড়্‌দর্শন ও তর্ক ও সকলদেশাচার ওকুলাচার ও দেশধর্ম্ম ও গুণাগুণ অবগত হইতে পারে তাহার উচিত যে যদিকোন কথার সন্দেহ হয় তবে তাহার মূলঅনুসন্ধানের চেষ্টাকরে এই প্রকারযাহার তথ্য ওতদন্ত জানিবার ইচ্ছা থাকে সে ঐ সমস্ত শাস্ত্র পূর্ব্বে দেখিয়া ন্যায়বাদ করে নতুবা জাহাজের বৃত্তান্ত শ্রবণ না করি য়াই সমুদ্রমধ্যদিয়া গমনাগমনে সন্দেহ করা অতি অনু চিত অতএব আমাদিগের ইহা অবশ্য কর্ত্তব্য হইল যে দেশওকুল ওশিষ্টাচার ও পৈতৃক সৎপ্রণালি যাহা অনাদি রূপে নানাশাস্ত্রসিদ্ধ ও বহুবিবেচকলোককর্ত্তৃক সংগৃহীত হইয়াছে তদনুসারে কার্য্য করি আর তাহার কার ণানুসন্ধান যদিও করি কিন্তু তাহা মিথ্যাজ্ঞান করিয়া নরকের পথ নাকরি তথাহি যোগবাশিষ্ঠে ৪ সর্গ ১০৪। নতুতার্কিকতা মেত্য নাশনীয়াপ্রবুদ্ধতা। অনুভূত্যপলাপৈ স্তু রূপবিত্রৈ র্বিকল্পিতৈঃ। সুতরাং ঐসকল সন্দেহি লোকেরনিমিত্তেপূর্ব্বে মুনিরাঐসকল বচনরচনাকরিয়াছেন তথাহি মনুঃ। যেনাস্য পিতরো যাতা যেন যাতাঃ পিতা মহাঃ। তেনযায়াৎসতাং মার্গং তেন গচ্ছন্ন রিষ্যতে। ত থাচ মহেশঃশিষ্টানাং ব্যবহারোঽপিপ্রমাণং বেদবদ্ভবেৎ যস্মিন্ দেশে কুলে যদ্যদাচারাঃ পরিকীর্ত্তিতাঃ। তৎকৃতে ধর্ম্মরক্ষা স্যাৎ ধর্ম্মলোপোঽন্যথা ভবেৎ। যদি কহ যে বৈদিক সর্ব্ব শাস্ত্রেরঐক্য কিরূপে হইতে পারে যেহে তুক মহাভারতের ইতিহাসসমুচ্চয়ে কহিয়াছেন যে।

তর্কো ২প্রতিষ্ঠঃ শ্রুতয়ো বিভিন্না নাসাবৃষি র্যস্য মতং নভিন্নং। ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং মহাজনো যেন গতঃ সপন্থাঃ । ইত্যাদিপ্রমাণদ্বারা শাস্ত্রের অনৈক্যই প্রতিপাদন হইতেছে তাহার উত্তর এইযে এস কল বচন কেবল শিষ্টদিগের সৎপথের ঔৎকর্ষ্যজ্ঞাপক হয় নতুবা নরলোকের সর্ব্বপ্রকারে স্বাচ্ছন্দ্য ধর্ম্ম সংস্থা পনার্থ যে বেদ অনাদি ব্রহ্ম প্রথিত আছেন সেই বেদ মূলক যে নানা শাস্ত্র তাহাদিগের পরস্পর অনৈক্য কোন রূপেই সম্ভব নহে। যদি কহ যে নানামতাভাস কেন দে খাযায় । উত্তর ঈশ্বর স্বীয়মহিমার গৌরব ব্যক্তীকর ণার্থ জগৎ সৃজন করত সূর্য্যমণ্ডলাদি স্থূল ও রেণুআদি সূক্ষ্ম অচেতনপদার্থ এবং মীন হস্তীআদি বৃহৎ এবং কীটাদি অতিক্ষুদ্র সচেতন জীব সৃষ্টিকরিয়া কুত্রাপি তা দৃশ মাহাত্ম্যগৌরবের সংপূর্ণ যোগ্যতার অভাব প্রযুক্ত মনুষ্যরূপ এক ঈশ্বরীয় মহিমাধার সৃজন করিয়াছেন যদ্য পি আহারাদি ও প্রত্যক্ষজ্ঞানকার্য্য সামান্যত সকল জীবেই সমান তথাপি মনুষ্যব্যতিরিক্ত স্বাভাবিকা বস্থাতে সকল জীবেই স্বজাতির অনধীন এই প্রযুক্ত তাদৃশ জীবসমূহ হইতে যে কার্য্য হইতে পারেনা এ মত কার্য্য সিদ্ধার্থ কি রাজা কি প্রজা মনুষ্য মাত্রকে স্বজাতীয়াধীন করেন সেই অধীনতা হেতুক মনুষ্যে এক বিশেষ জ্ঞান উৎপন্ন হয় তাহার নাম অনুমান জ্ঞান যথা গৌতমসূত্রং। অথ তৎপূর্ব্বকং ত্রিবিধ মনুমানং পূর্ব্বং

শেষবৎ সামান্যতো দৃষ্টমিতি ।। সেই অনুমানদ্বারা মনুষ্য চরাচরতাবৎজগতের আধিপত্য প্রাপ্ত হইয়াছেন। মনুষ্য ব্যক্তিতে সেই আধিপত্যের সংস্থান অযোগ্য প্রযুক্ত মনুষ্যত্বজাতিতেই সেই আধিপত্যের প্রকাশ আছে দেখ বাল্য যৌবন বৃদ্ধাবস্থা আর ধনিত্ব দারিদ্র্য ও পরস্পর সংযোগ বিয়োগ ও সুখ দুঃখ ও জ্ঞানাজ্ঞানভাবে এইনর জাতিব্যাপ্য সকলের উন্নতি অবনতিতে সমুদ্রতরঙ্গের ন্যায় ঐ আধিপত্যে কি আশ্চর্য্যরূপে প্রকাশ পাইতেছে যে ঈশ্বর উপচয় অপচয় হ্রাস বৃদ্ধি যেখানে যখন যাহা ইচ্ছা করেন সেইরূপই এই নরদ্বারা হইতেছে এইবীচি তরঙ্গরঙ্গলহরী প্রাজ্ঞলোকেরা বিলক্ষণ দেখেন যথা মার্ক ণ্ডেয়পুরাণং। প্রাজ্ঞঃ প্রাসাদমারুহ্য হ্যশোচ্যান্ শোচ তো নৃণান্ । ভূমিষ্ঠানিব শৈলস্থঃ পশ্যন্ প্রাজ্ঞো ন শোচতি। কিন্তু ঐ তরঙ্গে মগ্ন যে সকল ব্যক্তি তাহারা কেবল ডুবে আর ভাসে অতএব প্রতিব্যক্তিনিষ্ঠ অহংকারের প্রাবল্যপ্রযুক্ত মনুষ্যব্যক্তিতে ঐ আধিপত্য নাহইবার কারণ মনুষ্য মাত্রের যেমন মুখাদিআকৃতির বৈলক্ষণ্য সেইমত প্রকৃতিরও বৈষম্য করিয়াছেন ইহাতেই সকল মনুষ্য আত্মাত্মভাবে ভিন্ন২ ও রাগদ্বেষ ও লোভ ক্রোধ ও ইচ্ছা কামবিষয়ে একের বিপরীত অন্য হইয়াছে এবং তদনুযায়ি অনুষ্ঠান ও পৃথক২ হয় সুতরাং তাদৃশ অনুষ্ঠানে পরস্পর দ্রোহ হিংসাদির প্রচুরতাই ঘটে একারণ সকর্ম্মমনুষ্যের স্বাভাবসিদ্ধ ব্যবহার না হইবার

উপায় আবশ্যক হইয়াছে যদ্যপি সৎপ্রীতি এক পদার্থ তদর্থেই হয় কিন্তু তাহাতে কেবল সাত্ত্বিকীধর্ম্মতাপ্রযুক্ত কদাচিৎ কোনব্যক্তিতে বিরলপ্রচাররূপে সৎপ্রীতি পাওয়াযায় একারণ ন্যায়রূপ এক অপূর্ব্ব পদার্থে সৃষ্টি হয় যাহাদ্বারা সাত্ত্বিকী ওরাজসী ওতামসীস্বভাবকে যথাযোগ্যসাম্যরূপে সংস্থাপন করাযায় অতএব সেই ন্যায় প্রতিপালনকারণ রাজত্বরূপে এক পদ ও ঐ মনুষ্যমধ্যে সৃষ্ট আছে কিন্তু সেই রাজত্ব রাজা ও মন্ত্রী ও প্রাড়্বিবাক অর্থাৎ বিচারকর্ত্তা আদি নানা কার্য্যকারক ও বাদী ও প্রতিবাদী ও সাক্ষী ও উদা সীন প্রভৃতি বহুজন সম্বন্ধি হওয়াতে সর্ব্বত্র সর্ব্বদা সর্ব্ব প্রকারে সেই ন্যায় ঘটিতে পারেনা এমতে সেইন্যায় মত্তমতঙ্গতুল্য অহংকারি তাবৎমনুষ্যের হৃদয়ঙ্গ হইবার কারণ শাস্ত্ররূপ এক অঙ্কুশের সৃষ্টি হয় সেই শাস্ত্র সামান্যরূপে বেদ কিন্তু বিশেষরূপে সেই এক শাস্ত্র অষ্টাদশধা বিভক্ত হয় । তদ্যথা । শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাংচিতিঃ । জ্যোতিষাং নিচিতি শ্চৈব ষড়ঙ্গো বেদ ইষ্যতে ॥ অঙ্গানি বেদা শ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরং । ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যাহ্যেতাশ্চতুর্দ্দশ । আয়ুর্ব্বেদো ধনুর্বেদো গান্ধর্ব্বশ্চেতি তে ত্রয়ঃ । অর্থ শাস্ত্রঞ্চ বিজ্ঞেয়ং বিদ্যা অষ্টাদশৈবতু ॥ তাহার বিবরণ এই যে শিক্ষাশাস্ত্রে বর্ণোৎপত্তি বর্ণ

বিবেক । কল্পশাস্ত্রে শব্দবিধান। ব্যাকরণে শব্দসাধন। নিরুক্তে শব্দসংস্থাপন । ছন্দঃশাস্ত্রে উচ্চারণপ্রভেদ জ্যোতিষে ভূগোল ও খগোলীয়ভেদে ব্রহ্মাণ্ড ব্যক্তীকরণ এই বেদের ষড়ঙ্গ শাস্ত্র ইহা না জানিলে বেদ বোধগম্য হয়েন না ঐ অঙ্গশাস্ত্রসেব্য বেদ ব্রহ্ম ঋক যজুঃ সাম অথর্ব্ব অর্থাৎ সত্ত্ব রজ তমো মিশ্রপ্রাকৃতিক কর্ম্ম জ্ঞান ভক্তি মিশ্রব্যাপারাত্মক একই বেদ চতুর্ধা হইয়াছেন। তথাচ নীলকণ্ঠঃ । নমঃ সাংখ্যায়যোগায় ব্যক্তাব্যক্তায় বৈ নমঃ। রজসেচৈব সত্ত্বায় তমসে ব্যক্ত্যযোনয়েঋক যজুঃসাম সংজ্ঞায়পুরুষায়েশ্বরায়চ ॥সেই বেদ শ্রুতির ব্যবস্থা মীমাংসাতে হয়। তাহাতে যে উপপত্তি ও অনুপপত্তি তাহা দর্শনশাস্ত্রে সমাধাহয় তাহার বিবরণ এইযে ন্যায়দর্শনে প্রমাণের পরিপাটী সিদ্ধ হয়। বিশেষদর্শনে আত্মেতর পদার্থের নির্ণয় হয় । সাংখ্যদর্শণে আত্মগত প্রকৃতি ও বিকৃতি ও চেতন পুরুষপদার্থালোচনের সিদ্ধি হয়। পাতঞ্জলদর্শনে সেই আত্মার স্বরূপাবস্থার প্রযোজক যোগ ও যোগাঙ্গের বিবরণ লাভ হয়। সেই যোগাঙ্গ যমনিয়মাদির অন্তঃপাতিযজ্ঞপূজাদি পদার্থের মীমাংসা মীমাংসাদর্শনে লাভ হয় । বেদান্তদর্শনে সেই আত্মা ও ঈশ্বরের স্বরূপ ও তটস্থলক্ষণদ্বারা বেদের ও শ্রুতি সকলের ভিন্ন২ তাৎপর্য্যাভাসের সিদ্ধান্ত সমাধা হয় । আর ধর্ম্মশাস্ত্রে তাবৎ যথাযোগ্য রূপে মনুষ্যের হিতাচার ও ব্যবহারের নির্ণয় হয়। পুরাণে বেদার্থ স্পষ্ট

করণও শ্রুতিসকলকে রূপক রূপে অবধেয় বোধগম্যকরণ তাৎপর্য্যএবংসৎআগমতন্ত্র গুজামলওউড্ডীশপ্রভৃতিও এই রূপআরআয়ুর্ব্বেদে দ্রব্যগুণ ও শরীরেরভাব ও রোগনিবারণ আছে। ধনুর্ব্বেদে যুদ্ধও সন্ধি ও রাজ্যরক্ষা। গন্ধর্ব্ব বেদে গান বাদ্য নৃত্য ও অঙ্গরাগ। আর উদ্ভিজ্জ বিদ্যা। নাব্যশাস্ত্র। বণিক্‌বিদ্যা। সূপশাস্ত্রওগৃহকার্য্য ও শিল্প শাস্ত্রাদির অঙ্গ প্রত্যঙ্গ বিভাগে বহুতর সুখসাধন আছে। আর অর্থশাস্ত্রে আয়ব্যয় ও সঞ্চয় ও সামঞ্জস্যধর্ম্ম ও উপার্জ্জনেতে দোষ গুণ ও উপায়সঙ্কেত ও উদ্যোগ পরীক্ষা ও সেবা ধর্ম্মাদি লৌকিক তাবৎ বিষয়আছে অতএব সকলশাস্ত্রের তাৎপর্য্যই কেবল ঐহিক ও পারত্রিকের সুখ সাধন ইহাতে অবোধ সকলের যে সংশয় ও ভ্রান্তিভেদ জ্ঞান হইয়া বিপথগতি হয় তাহারই মীমাংসার্থ সাধুপথ দর্শানের নিমিত্ত মহাভারতে ঐ সিদ্ধান্ত বচনজানিবা ইহাতে কপিলাদি বিজ্ঞলোকরচিত কি জনসমূহসম্মতরূপে বেদের যে নিন্দা কেহ২ করিয়াথাকেন সে কেবল অশেষ শাস্ত্র নাজানা ও তাহাদিগের অল্পবুদ্ধিতা প্রযুক্তই হয়।

১৩। অস্মদ্বচন। হে অবহুজ্ঞতুমিবাতুলের মত সকলকথারি উত্তর দিয়া চলিলা তোমার এঅতি অসঙ্গত ব্যবহার কেন না তুমি মহাবিজ্ঞকে দেখিয়াছ এবং তাহার দাঁড়া ও নীতি সকলি জান তথাপি কেন মাথাথাও২ বলিয়া কতক গুলি বাক্যব্যয় কর তুমি কি জাননা যে যদি মহাবিজ্ঞের সন্দেহ ভঞ্জন করা উদ্দেশ্য হইত তবে তুমি যেসকল শাস্ত্রের কথা

কহিলা তাহা দেখিয়া এমত্তকথা কহিতেননা আরএসকল শাস্ত্রের নাম তিনিজানেন তবে বলিবা যে কেন এমত্ত কহেন তাহার উত্তর শুন পূর্ব্বে২রাজকার্য্যাদির অবলম্বনেই লিপ্তথাকিতেন পরে তাহার কিছুই অবকাশ হইলে কথো পকথন করিতেন এইক্ষণ কেবল আপন খানগীর কার্য্যে দুই চারিদণ্ড যায় ইহাতে আটপ্রহর দিবারাত্র ক্ষেপণ করাভার সেই নিমিত্তে তাহার এসকল কথা এক অবল ম্বন নির্ব্বিশেষ জানিবা ইহাতে মহাবিজ্ঞ প্রসংশারযোগ্য বটেন কেননা নিরবলম্বনে থাকিয়া কতক২ লোক নিদ্রাতে কি খেলাতে কালকাটায় আর কতক২ লোক নানা প্র কার দুষ্কর্ম্ম করিতে প্রবৃত্তহয় তাহাহইতে মহাবিজ্ঞ উত্তম অবলম্বন অবশ্য রাখিয়াছেন যদিকহ যে এই পরমার্থ বাধককতকগুলিপারিভাষিকন্যায় যাহাইতরেরসঙ্গেআলাপ করিয়া তাহাদিগের মতিচ্ছন্ন করেন এও মহৎ দুষ্টকার্য্য হয় তথাপি চুরিডাকাইতি কার্য্যহইতে বড়মন্দকার্য্যনহে।

১৪ চতুর্দ্দশ অধ্যায়। মহাবিজ্ঞ কহেন যে এখনতক আচার ও নিয়ম ও শ্রাদ্ধ ও পূজাদির যে প্রণালি আছে এবংনানাশাস্ত্রেযাহাপাওয়া যায় ইহাতে লোকেরযথেষ্ট ক্লেশ হয় বিশেষত ব্রাহ্মণাদির অধিক কেননা অনেক উপবাসও শ্রম ও শীত বাতাদি সহিতে হয় একেমন ধর্ম্ম যাহাতেলোকের আর্ত্তি হয় তাহাকে ধর্ম্মবলা অনুচিত বরং অধর্ম্ম কহা বিহিত।

১৪ অধ্যায়। অবহজ্ঞ কহিতেছেন যে মহাবিজ্ঞের এ

পূর্ব্বপক্ষ অপ্রত্যক্ষ নহে দৃষ্ট হইতেছে এবং অনুভবও হইতেছে কিন্তু তাহার বস্তু কারণকলাপ জানিলে ইহাকে সুখ কহিতে হয় দুঃখ কহা অনুচিত জানিবা বিশেষতঃ পরকালে যে ফলোদয় হইবেক তাহার প্রমাণ এদেহেতে অনেক বোধ হইতেছে সেই প্রচুরফলসাধন করা এযৎকিঞ্চিৎক্লেশ ক্লেশ সংজ্ঞানহে কেননা ইহলোকেতেও ফলসাধন ক্লেশ প্রত্যক্ষ হইতেছে যে শিক্ষাইলোক পরে সুখ পাবে এমত বাঞ্ছাতে মরণ স্বীকার করিয়া যুদ্ধে প্রবর্ত্ত হয় বাঁচিলে কতইবা সুখহয়মরিলে এককালীন যায় তথাপি তাহাতে প্রবর্ত্ত দেখি আর এখানে পারলৌকিক ফল দৃঢ় প্রত্যয়িত ও ফলসাধন ক্লেশ কিছু বড় ক্লেশ নহে আর ইহ লোকে ও কারণ কলাপ আছে অতএব ছয় প্রকারে এই কথার উত্তর দিতেছি ।

প্রথম। এইযে যাদৃশ ক্লেশ ঐ সকল ধার্ম্মিকেরা পান তদপেক্ষা গুরুতর ক্লেশ মনুষ্যে ঘটনসম্ভব আছে সুতরাং সে সকল গুরুতরক্লেশ হইতে ঐ সকল ক্লেশ সুখই বটে যথা যে ব্যক্তি বসিয়া থাকে তাহার শয়ন করিয়াথাকা অপেক্ষা যদ্যপি তাহাতে ক্লেশ বোধ হয় কিন্তু দাঁড়াইয়া থাকা কিম্বা দৌড়িয়া যাওয়াঅপেক্ষা সে সুখ বটে যদি ইহাকেও তুমি ক্লেশ মাত্রকহ আর সুখ নাকহতবেপৃথিবীতে কেহই সুখী হইতে পারিল না যেহেতুক এক অপেক্ষা অন্যে সুখী আর এক অপেক্ষা অন্যে দঃখী বিনা সর্ব্বোপরি সুখী কিম্বা সর্ব্বাধম দুঃখী জগতে দুর্লভ। তথাচ।

অধোঽধঃ পশ্যতঃ কস্য মহিমা নোপজায়তে। উপর্য্যুপরি পশ্যন্তঃ সর্ব্বএব দরিদ্রতি ॥ অতএব সকলের ক্লেশ নহে বরং সুখই হয়।

দ্বিতীয়। এই যে অভ্যস্ত যে সকল কার্য্য তাহাতে কাহারও দুঃখ বোধ নাই বরং সুখবোধ হয় তাহার প্রমাণ মল্লসকল যাহারা মনের আনন্দে পীড়া স্বীকার করে আর সুখ অনুভব করে সেইমত বড় মানুষ যাহারা তৈল মর্দ্দন কি পাদসেবন করায় ইতি।

তৃতীয়। উপবাসাদি যদ্যপি ক্লেশকর হয় তথাপি তাহা শরীরের আরোগ্যের কারণ হয়। তথাচ ব্রহ্মবৈবর্ত্তকে। ১৬ অধ্যায়ে ব্রহ্মখণ্ডে। স্বধর্ম্মাচারযুক্তঞ্চ দীক্ষিতং হরিসেবকং। ব্রতোপবাসযুক্তঞ্চ সদাতীর্থ নিষেবনং। রোগাৎদ্রবন্তিতংদৃষ্ট্বা বৈনতেয় মিবোরগাঃইত্যাদি। অতএব শরীরসুস্থ রাখিবার নিমিত্তে যে২ কটুদ্রব্যাদি ও ক্লেশাদি লোকে স্বীকার করে তাহা ব্যক্ত আছে তবে কি মতে ঐ উপবাসাদিকে ক্লেশ মাত্র কহিতে পারাযায় যেমন পাঞ্চভৌতিকদেহের ব্যাধিনিবারণার্থ কটুতিক্তাদি ঔষধভক্ষণে ক্লেশ হইলেও সুস্থতালাভহেতুক তাদৃশ ক্লেশ শ্লাঘ্য সেই মত আত্মলিষ্ঠঅজ্ঞানতারূপব্যাধিনাশার্থ যমনিয়মাদিজন্য ক্লেশও শ্লাঘ্যহয়। বিশেষত ব্রাহ্মণেরপ্রতি যত২উঞ্ছবৃত্ত্যাদি কঠিন কর্ম্ম আছে সকলিং কাহারং স্ববশের নিমিত্ত আর সে মহৎসুখের কারণ। তদ্যথা মনুঃ। সর্ব্বং পরবশংদুঃখং সর্ব্বমাত্মবশং সুখং। এতদ্বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখ

দুঃখয়োঃ । এমতে স্বাধীনতারূপ সুখ পশ্বাদিরও অনুভূত দেখ যেসকল স্বাধীন পশুপক্ষী গহনাদিতে প্রকাশরূপে শীতবাতাদিতেও নানা ক্লেশ পাইতেছে তাহাদিগকে যদি পিঞ্জরাদিতে অতিশয় যত্নে রাখ তথাপি কদাচ সে তাহাতে সুখ জ্ঞান করেনা বরং অধীনতা পরিত্যাগের হেতু চেষ্টা করে । ইহাতে যদি এই ধনপ্রয়োগ কি রাজকার্য্যাদিকে যাহা কেবল আহারাদি কতক সুখ মিশ্রিত সর্ব্বদাপরাধীনতারূপমহাক্লেশের কারণ হয়তাহাকেসুখবলিয়া মানাযায় তবে সে ঐ পশ্বাদিহইতেও নির্ব্বোধতা প্রকাশ তথাচোক্তং । বুদ্ধাপ্যত্যন্তবৈরস্যং যঃ পদার্থেষু দুর্ম্মতিঃ । বধ্নাতি বাসনাম্ভূয়োনরোনাসৌসগর্দ্দভঃ। বিশেষতসন্তোষ শমগুণাদি জন্য যে সুখ সেইসুখ প্রধান তথাচ । ন রসায়ন পানেন নলক্ষ্ম্যালিঙ্গনেনচ । তথা সুখমবাপ্নোতি শমে নান্তর্যথাসুখং । কিঞ্চ । সন্তোষামৃততৃপ্তানাংযৎসুখম্ শান্তচেতসাং । কুত স্তদ্ধনলুব্ধানা মিতশ্চেতশ্চ ধাবতাম্ । অন্যচ্চ ভারতে । যচ্চকামসুখম্ লোকে যচ্চ দিব্যম্ মহৎ সুখং । তৃষ্ণাক্ষয় সুখস্যৈবকলাম্ নার্হান্ত ষোড়শীম্ । ইতি যোগমণিপ্রভায়াং পাতঞ্জলবৃত্তৌ । এবং ব্রাহ্মণরূপ জাতি গ্রহণ মাত্রে নিত্য সুখাভিলাষ পূর্ব্বক পরমার্থমাত্র সাধনানুষ্ঠান বিহিত এবং ভ্রমজ্ঞানজন্য যে সুখ তাহা ত্যাজ্য হয় কেননা যে বড়সুখী সে কখনক্ষুদ্রসুখাসক্ত নহেযেমন যে কোন ব্যক্তি অপূর্ব্বপরমান্নাদি ভোজনে রত হয় সে কি কখন শাকসিদ্ধ গ্রহণরূপ দারিদ্র্যাশ্রিত সুখকে

ঘুড়িউড়ান কি তোপ আওয়াজকরা ইত্যাদি যে অঙ্গনে ব্যবহারআছে যদ্যপি সে নিরর্থক কার্য্য বটে তথাপি তৎ সান্নিধ্যবর্ত্তী ইচ্ছুক যেব্যক্তি তাহা নাকরিতেপারে তাহার তাহাতে যথেষ্ট মনঃপীড়া হয় যদিবল বুদ্ধিমানেরএসকল বিষয়েতে মনোদুঃখহওয়ার বিষয় কি। তাহার উত্তরএই যে তাদৃক্ বুদ্ধিমান ব্যক্তি যাহার ঈর্ষা ও অসূয়া ও শোকাদি নাই তাহার কি রাগদ্বেষজন্য দুঃখ সুখ কিছুই আছে ফলে তাহা নাই তবে সে কথা তোমার আমারকহা অনুচিত কেননা তাহার জ্ঞান হইয়া থাকিবেক এবং অহঙ্কার মোচন হইয়া থাকিবেক সুতরাং তাহার নিকট। সমলো ষ্ট্রাশ্মকাঞ্চনং। তথাচ যোগবাশিষ্ঠে। যস্মান্নো দ্বিজতে লোকো লোকান্নোদ্বিজতে চ যঃ। হর্ষামর্ষভয়োমুক্তঃ স জীবন্মুক্তউচ্যতে ইতি॥ এমত পুরুষেরসকলই ভজন এবং সমস্তইতাহার ঈশ্বরারাধনাহয়এবংসেইশান্ত তথাচ যোগ বাশিষ্ঠেসর্গে। শ্রুত্বাস্পৃষ্ট্বাচ দৃষ্ট্বাচ ভুক্ত্বা ঘ্রাত্বাশুভাশুভং। নহৃষ্যতি গ্লায়তিযঃ সশান্ত ইতিকথ্যতে। যদিবলযেএমত শান্তপুরুষ সংসারদুঃখ কেন স্বীকার করিবেক। উত্তর। সংসারেও তাদৃশ পুরুষের দুঃখনাই যথা যোগবাশিষ্ঠে॥ বিরয়া বিষম্যভোগাঃ প্রবিচার্য্যপুনঃপুনঃ। মনসা সংপরি ত্যজ্য সেব্যমানাঃ সুখাবহাঃ। নত্যজন্তিনবাঞ্ছন্তি ব্যবহারং জগৎগতং। সর্ব্বমেবানুবর্ত্তন্তেপরাবরবিদোজনাঃ। ভবি ষ্যংনানুসন্ধত্তে নাতীতংচিন্তয়ত্যসৌ। বর্ত্তমাননিমেষন্তু হসন্নেবাভিবর্ত্ততে ॥

১৪ অধ্যায় অন্যবচন। আমি অবহজ্ঞের দৌরাত্ম্য দেখিয়া বিস্ময়াপন্ন হইলাম একি বুঝে ও কি কহে কেননা ইনি আপনি কহিতেছেন যে অভ্যস্ত কর্ম্ম না করিলে লোকের ক্লেশ হয় তবে মহাবিজ্ঞের দোষ কি যেহেতুক তাহাঁর অনেক দিবস হইতে এই সমস্ত ধর্ম্মাচারপরিত্যাগ পাইয়া অন্য প্রকার ক্রিয়া অভ্যাস হইয়াছে এখন তাহা পরিত্যাগ করিলে কিজাতীয় দুঃখহবে তাহা অনুমানেই বুঝিতেপার তবে তাহাকে এসকল কথা কহা অত্যলজ্জ হইল। যদিবল যে তিনি এসকল কথার অঙ্কুর উৎপত্তি করিলেন তাহার উত্তর এই যে ক্লেশবোধকারণ ধর্ম্মাচার করিতে পারেননা আর ঐ ধর্ম্মাচার না করাতেও লোকে নিন্দাকরে বরং সাক্ষাতেও কেহ কহে তাহাকে যদি এমত দুইচারিটা কথা না কহেন তবে কি বধির কিম্বা মূক হইয়া থাকিতে কহ অতত্রব মহাবিজ্ঞ নির্দ্দোষী হইলেন।

১৫ অধ্যায়। মহাবিজ্ঞ কহিতেছেনযে যেরূপ হিন্দুস্থানে সকলে ধর্ম্মজানে ও আচার করে তদ্বহির্ভূত অন্যান্য দেশীয় জাতিসকল অর্থাৎ পারসী ও ইংরেজ ও মোছলমান ও ভোট ও চীন ও মান ও বর্ম্মা ও আমেরিকাবাসী ও এফ্রেকাবাসী ও নবহলণ্ডাদি নানাদেশবাসী অনেকানেক লোক অন্যান্য প্রকার আচরণ করে ও ধর্ম্ম জানে তবে এই কিঞ্চিৎস্থানবাসিলোকেরাই স্বর্গে গমন করিবেক আর অন্য সকলে কি গমন করিবেনা অর্থাৎ তাহাদের কি গতি হইবেক।

১৫ অধ্যায় । অবছক্ত কহিতেছেন যে এই যেকথা কহিলা এপ্রকৃতার্থ সন্দেহস্থল বটে কিন্তু তাহার সিদ্ধান্ত বুদ্ধিসাধ্যএবংশাস্ত্রানুসারে এই জানিবা যে ঐসকল লোক মধ্যে যাহারা তত্ত্বজ্ঞানি তাহাদিগের সহিত আমারমতের ঐক্য আছে সুতরাং তাহাদিগের মোক্ষহইতে পারেএবং যাহারা ঐ২ ধর্ম্মের পুঁথিকে ব্রহ্মজ্ঞান করিয়া ও পৈতৃক ব্যবহারকে প্রসিদ্ধ ধর্ম্ম বুদ্ধিতে সত্যবাক্য ও অহিংসাদি যুক্তরূপে কালক্ষেপণ করে তাহাদিগেরো অসৎগতিনাই । তথাহিগীতা । যে যথামাংপ্রপদ্যন্তে তাংস্তথৈবভজাম্য হং । মমবর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থসর্ব্বশঃ । মাংহিপার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ । স্ত্রিয়োবৈশ্যা স্তথা শূদ্রাস্তেপি যান্তিপরাংগতিং॥ তথা যোগবাশিষ্ঠে । প্রাপ্তা জ্ঞানদশামেতাং পশুম্লেচ্ছাদয়োপিবে । সদেহাবাবিদেহা বা তেমুক্তানাত্রসংশয়ঃ ॥ এবংশিবপুরাণং । আরাধিতো ভক্তিযুক্তৈর্যত্র কুত্রাপি শঙ্করঃ । প্রকাশমেতিভক্তানাং পদ্মানামিবভাস্করঃ ॥ তথাচ মনুঃ । যেনাস্যপিতরোযাতা যেন যাতাঃপিতামহাঃ । তেনযায়াৎসতাংমার্গং তেন গচ্ছন্ ন ঋষ্যতেইতি॥ কিন্তুঐ২পথে যদিকোন দোষথাকে তবে তাহার নীতিকর্ত্তা যেসকল লোক তাহাদিগেরউপর উহাদিগের প্রত্যবায় থাকিবেক কেননা তাহারা অল্প বুদ্ধি হইয়াও কেন এমত সকল বিপরীত পথের প্রযোজক হইলএবং কেন লোকসকলকে বঞ্চনার পথ দেখাইল । তথাহি মনুঃ । যংবদন্তি তমোভূতা মূর্খাধর্ম্মমতদ্বিদঃ ।

তৎপাপংশতধা ভূত্বা তদ্বক্তৄননুগচ্ছতি ॥ এবংস্মৃত্যন্তরং। অবুদ্ধ্বা ধর্ম্মশাস্ত্রার্থং প্রায়শ্চিত্তং বদন্তি যে। প্রায়শ্চিত্তী ভবেৎপূতঃ তৎপাপং তেষু গচ্ছতি ॥ অতএব তাহাদিগের স্বর্গ ও কুপথপ্রয়োজকের নরক অতিসুগমে উপলব্ধি হইল। আর অল্প মনোযোগেও ইহা মহাবিজ্ঞ জানিতে পারিতেন তাহা নাজানিয়া সন্দেহ করিয়াছেন ইহাতে বোধহয় যে ঐ২ জাতিসকলের কতক কথা শুনিয়া অনবধানতাক্রমে এসমস্ত পূর্ব্বপক্ষ করেন কেননা ম্লেচ্ছাদির স্বর্গপ্রাপ্তি সত্যাদিধর্ম্মজন্য হয় এমত ইতিহাসসমুচ্চয়ে ৩৬ অধ্যায়ে কহিয়াছেন যথা। সত্যংসাধুতপঃ শ্রুতঞ্চচরমং ক্লেশাদিভির্ব্বাজ্জিতং॥স্বাধীনঞ্চসুদুর্লভঞ্চ জগতঃসত্যং পরংভূষণং। সাধূনাংনিকষঃসতাংকুলধনং সর্ব্বামরাণাং বরং যম্লেচ্ছোঽপ্যভিধায় গচ্ছতিদিবং তৎসংত্যজেত্বং কথং ॥ এমতে এক সত্যধর্ম্মেই সকলজাতির সদ্গতি সিদ্ধ আছে তাহাতে অহিংসাদি সাধারণ ধর্ম্মতো অনেক হয়। তদ্যথা। অহিংসা সত্যমস্তেয়ং হ্রীঃ শৌচংধীধৃতির্দমঃ। সংযতেন্দ্রিয়তা বিদ্যা ধর্ম্মঃ সর্ব্ব উদাহৃতঃইতি ॥ তবে এবিষয়ে আর কিআপত্তিহইতে পারে।তথাচ বিষ্ণুপুরাণে ৩ অংশে ১১ অধ্যায়ে। দোষহেতূনশেষাংস্তু বশ্যাত্মা যো নিরস্যতি। তস্য ধর্ম্মার্থকামানাং হানি র্নাল্পাপি জায়তে ইতি।

১৫ অধ্যায় অস্মদ্বচন। হে অবহুজ্ঞ তুমি যতটী কথাই কহিবা সকলি কি পক্ষপাত করিয়া কহিবা আর

তোমার কি কিছু বিবেচনা নাই মহাবিজ্ঞের উত্তরকালে কি মোক্ষবাঞ্ছা আছে যে তুমি তাহাঁকে মোক্ষের পথ দেখাও আর তাহাঁর কি স্বর্গকামনা আছে যে তুমি সেই কথার আলাপ কর পূর্ব্বোক্ত ঐ সকল লোকের সহিত অধিককাল সহবাস করাতে ঐ সকল নীতি তাঁহার মনে ভাল লাগিয়াছে এই নিমিত্তেই উক্তরূপ কথা কহেন তুমি তাহা না বুঝিয়া ও তাহার সাধক না দেখাইয়া ব্যস্ত সমস্ত কথা কহিয়া ব্যস্ত করহ এবড় অন্যায় হইতেছে। আর দেখ তোমারযাহাতে রুচি সেইমত পোষকতার কথা তুমি কহ। যদি এই মত মহাবিজ্ঞের হয় অর্থাৎতিনিএই ভাবিয়াছেন যে লোকে খ্যাত্যাপন্ন হওয়া এক কর্ম্মতাহা ভালরূপেই হউক কি মন্দরূপেই বা হউক এমতে আপনাকে বিখ্যাত করণের সৎপথ কিছু নাদেখিয়া বিপথ গমনের পথ দর্শাইয়া বড় হইবার মানসে আত্মরুচিক্রমে কথা কহেন তবে তাঁহার কি দোষ আছে। আর তুমি কহিলা যে তিনি ঐ সকললোকের কতক কথা শুনিয়া এমত কহেন তুমিওতো মৌলবি আনেহেদাদের নমাজেরা দেখিয়া সেই দাঁড়াতে তিন ভাগে কতক কথা কহিতেছে ইহাতে যদি মহাবিজ্ঞ কিছু শুনিয়া কহেন তবে ক্ষতি কি।

১৬ অধ্যায়। মহাবিজ্ঞ কহেন যে এই যেশাস্ত্রের মর্ম্ম সকল স্পষ্ট বুঝাযায় ইহা কি কেবল পারলৌকিকফলহেতুক হয় কি ইহকালেও কিছু কর্ম্মে আইসে ইহার নিশ্চয় কেহ বলেন না।

১৬অধ্যায়। অবহুক্ত কহিতেছেন যে এসকল কথায় ফল যাহা সাংসারিক কার্য্যে আছে তাহা মন্বাদি শাস্ত্রেও ব্যক্ত এবং তাহা পণ্ডিতেরা জানেন আর তাহার ফলভোগও করেনতাহার বিশেষএইযে জগৎসংসারে স্বাধীন কেহ নহে সকলেইপরস্পর পরাধীন আর ন্যায়মতে এই যে দেহের চক্ষুঃকর্ণাদি যত ইন্দ্রিয়গণ আছে ইহাদের সকলের প্রতি সমান স্নেহ নাথাকিলে কোন ব্যক্তিই সুখী হইতে পারে না। যেমন যে ব্যক্তি আশ্চর্য্যদর্শনে চক্ষুর অধিক সন্তোষ ইচ্ছাকরে তাহার কর্ণেন্দ্রিয় লোকনিন্দাতে দুঃখ পায়। আর যে বাগিন্দ্রিয়কে রাগপ্রাপ্তে কটুকষায় কথাদ্বারা সন্তুষ্ট করে তাহার ত্বগিন্দ্রিয় তাড়নাদিজন্য ক্লেশভাগি হয়। এবং কামেন্দ্রিয়াধীনপ্রযুক্ত অন্যাসক্ততাহেতুক স্বীয় ক্ষেত্রে প্রথমকালাবধি যদি সন্তানোৎপত্তি ও তৎপোষণ না করে তবে বার্দ্ধক্যে দুঃখ লাভ হয় এবং সকল ইন্দ্রিয়কে বশনারাখিলে জীবনধারণ শঙ্কট হয় ইত্যাদি। বহু দুঃখসাধ্য এই দেহধারণ ও সংসারভোগকরণ তাহাতে বিশেষরূপে সুখী হওয়া অধিক দুষ্কর কিন্তু শাস্ত্র ও ব্যবহার ও লোকাচার ও দেশাচার ও শিষ্টাচার ও কুলাচার ও ধর্ম্মকর্ম্ম সমস্ত বিবেচনা করিয়া কালক্ষেপ করিলে সর্ব্বতোভাবে সুখী হয় নতুবা কদাচ সুখসম্ভব নহে। তথাহি মনুঃ। অধার্ম্মিকো নরো যোহিযস্য চাপ্যনৃতং ধনং। হিংসা রতশ্চ যো নিত্যং নেহাসৌ সুখমেধতে॥ আর যে ব্যক্তি কোনবিষয়ে অনুরাগ ও কোনবিষয়ে বিরাগ করে

তাহার অনুরাগাংশে সুখ ও বিরাগাংশে দুঃখ হয় এসমস্ত প্রত্যক্ষ জানাযাইতেছে এবং ইহার প্রত্যক্ষই ফল দর্শিতেছে আর পারলৌকিক ফলের ইহলোকেই প্রত্যক্ষতা বুদ্ধিমান লোকের নিকট্যাছে। অপর আমরা দেখিতে পারি কিনা এমত যদি কহ তবে তাহার উত্তর এই যে যদি সেই২ কর্ম্ম যাহা ন্যায়সম্মত বুদ্ধিসাধ্য বটে তাহা করিতে পার তবে তোমরা ও দেখিতে পাও। তথাচ মনুঃ। বেদাভ্যাসেন সততং শৌচেন তপসৈবচ। অদ্রোহেণচ ভূতানাং জাতিং স্মরতি পৌর্ব্বিকীং। পৌর্ব্বিকীং সংস্মরন্ জাতিং ব্রহ্মৈবাভ্যসতে পুনঃ। ব্রহ্মাভ্যাসেন চাজস্রং অনন্তং সুখ মশ্নুতে॥ তবে সুতরাং জ্ঞানিব্যক্তি নিত্য ইহলোকে সুখী তাহার সহিত আমারতোমার কথা খাটেনা। আর এই পারলৌকিক ফল নাস্তিকেরা ও দূষিয়াছেন তথাপি তাহার মধ্যে কেহ পারলৌকিক অংশ পরিত্যাগ করিয়া এইসকল শাস্ত্রের মুখ্যপ্রয়োজন সংসার সুখসাধন এমত মানিয়াছেন অতএব যে ব্যক্তি সংসার ইচ্ছা করে তাহাকেও অবশ্যই এই সকল শাস্ত্র মানিতে হইল সুতরাং ইহলোক সিদ্ধির কারণতা ঐ শাস্ত্রেই আছে এমত যুক্তি সস্থির হইল এবং প্রত্যক্ষ ফল ঋণাদানাদি ধর্ম্ম শাস্ত্র প্রণীত বটে অধিক কি কহিব ধোপাদিগের কাপড় ধোয়া আদির নিয়ম ও দণ্ডাদি ঐ শাস্ত্রেআছে। তথাচ মনুঃ ৮ অধ্যায়ে ৩৯৬ শ্লোক। শাল্মলীফলকে শ্লক্ষ্ণে নেনিজ্যান্নেজকঃ শনৈঃ। নচ বাসাংসি বাসোভি

নির্হরে মচবাসয়েৎ ইতি ॥ এবং যাজ্ঞবল্ক্যঃ। বসান স্ত্রী ন্ পণান্ দণ্ড্যো রজকস্তু পরাংশুকং। বিক্রয়াবক্রয়াধান যাচিতেষু পণান্ দশ॥ আর মূষিকাদি ব্যাপ্তক্ষেত্র করণ নিষেধাদিও ইহাতে পাওয়া যায়। আর ব্রহ্মবৈবর্ত্তকের গণেশখণ্ডে ২৩ অধ্যায়ে লক্ষ্মির উক্তি আদি অনেক২ আছে এবং ব্রহ্মখণ্ডে ১৬ অধ্যায়ে ব্যাধিনির্ণয় ও সুস্থহেতু সমস্ত আছে। যথা। বসন্তে ভ্রমণং কুর্য্যাৎ নিদাঘে ২ নিল সেবনং। প্রাবিট্ চোষ্ণজল স্নায়ী ঘনতোয়ং নিষেবতে ইত্যাদি ॥ এবং মার্কণ্ডেয় পুরাণং। যচ্চাপি কুর্ব্বতো নাত্মা জুগুপ্সা মেতি পুত্রক। তৎ কর্ত্তব্যং বিশঙ্কেন যন্ন গোপ্যং মহাজনে। বিষ্ণুপুরাণমপি যথা। অপ্যল্পহানিঃ সোঢ়ব্যা বৈরেণার্থাগমং ত্যজেৎ। নাসমঞ্জসশীলৈস্তু সহাসীত কদাচন। সদ্বৃত্তং সন্নিকর্ষোহি ক্ষণার্দ্ধমপি শষ্যতে। অন্যচ্ছ পঞ্চধা বিভজন্ বিত্তং ইহামুত্রচমোদতে ধর্ম্মায় যশসে২র্থায় কামায় স্বজনায়চ ইত্যাদি ॥ অতএব এসকল ফলতো পারলৌকিক বুঝায়না। যদিবল যে যে প্রকার সংসার তুচ্ছজ্ঞান পূর্ব্বক পরমার্থপদার্থজ্ঞানের যুক্তি কথিত হইয়াছে তাহাতে সংসারপ্রবৃত্তি অযুক্তই বোধ হয়। উত্তর সংসার প্রবৃত্তি কোন পুরুষের যুক্তাযুক্ত অপেক্ষ্য নহে যেহেতুক ঈশ্বর নিত্যেচ্ছাদ্বারা এই সংসার সত্তাশক্তি আপনিই নিত্যাকরিয়াছেন। তথাচ শ্রুতিঃ। যতোবা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি

মৎপ্রয়াস্ত্যতি সংবিশন্তি । তবে এইমাত্র বিশেষ যে সংসারস্থওসংসার প্রবাহে পতিত হইয়াও বিবেক বশতঃ সংসার দোষে লিপ্ত না হওয়াযায় । সাধুপথ শাস্ত্রের তাৎপর্য্য হয় । এতাবতা জীবন্মুক্তরূপে সংসারে জীবনকারণ যুক্তিসিদ্ধ । তথাচশ্রুতিঃ । বিদ্বান হর্ষশোক জহাতীতি কিন্তু তাহাতে মনো নাশের কারণতা । তথাচ যোগবাশিষ্ঠে উপশম প্রকরণে ২৭ সর্গে ১৯ শ্লোক ॥ আপৎ কার্পণ্য মুৎসাহো মদোমাদ্যং মহোৎসবঃ যৎ নয়ন্তি নবৈরূপ্যং তস্য নষ্টং মনো বিদুঃ । বিদ্যমানং মনোবিদ্ধি সংসার শ্রমদোহদং ইতি । যদিকহ যে যদি মনো নাশেই কৃতকৃত্য হয় তবে সজীব বৃক্ষাদিরমন নাথাকাতে তাহারাই জগতে উত্তম হইতে পারে । উত্তর বৃক্ষাদি যে উত্তম নহে এমত আমিকহিতে পারিনা যেহেতুক জগতে যে কোন বস্তু আছে তাহারা সকলেই প্রকাশতঃ কোনবৈলক্ষণ্য সত্ত্বেও ঈশ্বরেচ্ছাতে বিশেষ২ গুণদ্বারা তদির হইতে অতিচমৎকার রূপেই উত্তমবোধ হয় । যথা সকণ্টক বৃক্ষেরসুগন্ধি পুষ্প ও সুস্বাদুফল । এবং ক্ষুদ্রকীটাদিরসাংহত্য বৃহৎ কার্য্যের কারণ ইত্যাদি ॥ তথাপি ঐ বৃক্ষাদি পদার্থ সকল দুঃখাবস্থাতেই আছে যেহেতুক তাহারা সত্তাসামান্যাশ্রিত মনঃ সংকল্পবর্জ্জিত তমোভাবাচ্ছন্ন অচেতন মাত্র । ইহাতে তাহাদিগের উৎকৃষ্ট সুখসত্তার অভাব ॥ অন্যচ্চ । যে বস্তু যাহার বিদ্যমান কি কৃতিসাধ্য থাকে তাহার তদ্বিষয়েই পৌরুষ সম্বন্ধ অন্যথা উত্তমাধম প্রয়োগ অনুচিত

দেখ যে ব্যক্তির ধন থাকে তাহা সৎপাত্রে দান করিলে দানব্যাপার হয় নতুবা নির্দ্ধনের ধনাভাব আর দাতার ধনধ্বংসাভাব তুল্য হইলে ও দরিদ্রেরদান সিদ্ধ নাই এইমত রাজাদির অধীন জনপ্রতি ক্রোধ শান্তি হইলে তাহাকে শান্তবলাযায় কিন্তু জন সকলের রাজাদি ব্যাপক লোকের প্রতি ক্রোধের অনুৎপন্নেই কেহ শান্তরূপেখ্যাত নহে। অতএব ক্ষম ও স্বতন্ত্র ব্যক্তি সুলভ সত্বে ও যদি পরদ্রব্যে ও পরস্ত্রীতে আসক্ত নাহয় সেই অলোভী ও জিতেন্দ্রিয় হয় নতুবা অরণ্যস্থাদি কি কারাগারস্থাদি যা হারা অর্থাৎ যাহারা কখন পরদ্রব্য দেখেনা ও পরস্ত্রীর মুখাবলোকনকরিতে পারেনা তাহারাতাহানহে। সুতরাং মনুষ্যের যেকদর্য্য গুণআক্রান্ত আছে তাহাকে যদিনির্ম্মল করিয়া শুদ্ধকরে তবে সেই বৈকারিক মনোনাশ জন্য উত্তম হয়। তথাচ যোগবাশিষ্ঠে। যে যে ২নর্থামহারম্ভা দুর্গুণাদুরুদাহৃতাঃ। এতে ব্রহ্মন্ মহাদোষাঃ সংসার ব্যা ধিহেতবঃ। মনাগপি নলুম্পন্তি চিত্তমেক সমাহিতং ॥ চিত্ত যক্ষদৃঢাক্রান্তং নশাস্ত্রাণি নবান্ধবাঃ। শক্ত বস্তিপরিত্রা তুং গুরবোনচমানবাঃ ॥ সেইমত বৃক্ষাদির মনথাকিলে যদি মনোজয় করিত তবে উত্তম সুখী হইত। তাহাতো নহে। অপরন্তু যদি কহ যে আমরা অন্য২ পশুরন্যায় যে কোন ভাবে সদসৎ অনুষ্ঠান করি তাহাতেঅবশ্যই ঈশ্বরে চ্ছাতে বিশেষ বটি ইহাতে শাস্ত্রের দিগ্‌দর্শনের প্রয়োজন কি। উত্তর পূর্ব্বকথিত হইয়াছে যে যাবৎবস্তু ও জীব

স্বকীয়২ স্বভাবে পৃথক২ কার্য্যবিশিষ্ট হইলে ও মনুষ্যজা
তিতে যে বিশেষ জ্ঞান যোগ্যতা আছে সেই হেতুক মহি
ষাদির মত ক্রোধী ও কুককুরাদির মত লোভী ও কাপোতা
দির মত কামী ও সর্পাদির মত হিংস্র হওয়া মনুষ্যের অক
র্ত্তব্য। তথা বদ্ধমূল অচেতন বৃক্ষেরন্যায় সংসারসুখাবদ্ধ
চিত্ত ও বিবেচনা হীন নিষ্পন্দ হওয়া যুক্ত নহে। অপিচ
অন্তরে সংকল্প ও আসক্তি ত্যাগ বাহ্যে ইন্দ্রিয় বিষয়জ
সংস্কার প্রবাহ নির্ব্বাহ করত স্ব২ বর্ণাশ্রম ধর্ম্ম প্রতি পা
লন পূর্ব্বক দেশজাতি কুলধর্ম্মকে অনাদর না করিয়া সাম
য়িক অনুষ্ঠানে রতথাকা মনুষ্যের মনুষ্যত্ব হয়। তথাচ
যোগবাশিষ্ঠঃ। যেষাং গুণেষু সন্তোষোরাগো যেষাং শ্রুতং
প্রতি। সত্যব্যবসিনো যেচ তেনরাপশবো ংপরে॥
তাহাতে স্বভাবজ দোষপ্রাবল্য প্রযুক্ত অপশ্চাদ্দর্শীরূপে
আশু সুখেচ্ছা বশতঃ কদর্য্যা নুষ্ঠানাদিতে পশ্চাৎ অনু
তাপীও পশুরন্যায়অজ্ঞান চিরদুঃখী না হইবার পরামর্শ
শাস্ত্রে পাওয়াযায় তাহার কারণ এইযে মনুষ্যের যে
পরমায়ুঃ সংখ্যাসে অতিঅল্প এমতে স্ব২ ব্যাপারানুষ্ঠানের
ফলাফল পরীক্ষাদ্বারা আত্ম বিবেক লাভ হওয়া অতি
দুঃসাধ্য যদি কেহ কদাচিৎ তাদৃশ পরীক্ষাতে পরীক্ষিত
ও হয় তথাপি আসন্নমৃত্যু প্রযুক্ত অথবাতাদৃশ কুকার্য্যের
ফলভোগে ব্যাপক কালক্ষেপ প্রযুক্ত সেই পরীক্ষা নিস্ফ
লাই হয় সুতরাং পূর্ব্ব২ পরীক্ষিত তাত্ত্বভাবরূপ দিগ্দর্শন
দ্বারা প্রাচীন বিজ্ঞ সকলে কৃপা করিয়া ভবিষ্যৎ লোকের

নিত্য সুখসাধানার্থে ক্রমশঃ স্বহ পরীক্ষিত বিষয় ব্যাখ্যা ও শাস্ত্রোপদেশ ও যুক্তি ও দৃষ্টান্ত ইতি হাসাদি কৌশল করিয়াছেন। তাহাতে অশ্রদ্ধা ও মূর্খতা করিলেতো সে পশুধর্ম্মানুষ্ঠান মাত্রেই হয়। তথাচ যোগবাশিষ্ঠঃ। অপি স্ফুটন্তি বিন্ধ্যাদ্রৌ বান্তি বা প্রলয়ানিলে। গুরুশাস্ত্রানুগো মার্গঃ পরিত্যাজ্যো নধীমতা॥ অতএব শাস্ত্র ও সাধুজন সঙ্গ বশতঃ আত্ম বিচারানু ভাবে লোক অল্পকালেই সুপরীক্ষিত ও বিবেকী হইয়া জীবন্মুক্তরূপে কালযাপন করিতে পারে তাহাতেই জন্ম সাফল্য। তথাচ যোগবাশিষ্ঠঃ। মৌর্খোন্মেষ নিমেষাভ্যাং কর্ম্মণাং প্রলয়োদয়ৌ। তদ্বিলীনং কুরুবলাৎ গুরুশাস্ত্রাত্ম সঙ্গমৈঃ॥ তাহাতে যাবৎ তাবৎ কথাই গ্রাহ্য করিবেক এমত নহে॥ তথাহি যোগবাশিষ্ঠঃ। যুক্তিযুক্ত মুপাদেয়ং বচনং বাল কাদপি। অন্যৎ তৃণমিব ত্যাজ্য মপ্যুক্তং পদ্মজন্মনা। যদিবল যে জীবন্মুক্তভাবে থাকিলে অন্য সংসারী হইতে বিশেষ কি উভয়ের অনুষ্ঠানতো তুল্যরূপেই হয়। উত্তর অন্য২ সংসারিলোকের সহিত তুল্যতা হইলে ও জীবন্মুক্তজন সকলের তত্ত্বজ্ঞানজন্য মায়াবন্ধনছেদ হেতুক যে বৈষম্য তাহাতেই সংসার গত দুঃখপ্রাপ্ত না হইয়া সর্ব্বত্র সর্ব্বদা সর্ব্বাবস্থাতে জীবন্মুক্তলোক অবিকলতা ভাবে থাকেন। যেমন কোন জলহ্রদাদিতে বদ্ধমূল তৃণধান্য ও দলপ্রভৃতি বায়ু আঘাতাদিবশতঃ জলতরঙ্গে নানারূপে ছিন্নভিন্নতা ও বিকলতা প্রাপ্তহয় সেই মত ঐ সকল বৃন্ত ও পদ্মনা ইত্যাদি

যাহাদিগের মূল বদ্ধ না থাকাতে তাহারা কদাচ সেইরূপ তরঙ্গাদিজন্য জলান্দোলনে বিকৃতাকার ও বিড়ম্বন প্রাপ্ত হয় না কেননা বায়ু ও জল বেগে যে দিগে যায় সেইদিগেই স্বচ্ছন্দ প্রবাহ বশতঃ গতায়াত করে। এবং জল বৃদ্ধি ও হ্রাসেতে তৎসঙ্গে সঙ্গী হইয়া নিজ অম্লানাবস্থাতে প্রফুল্ল থাকে। তাহার ন্যায় জীবন্মুক্ত ব্যক্তি সকল নির্ম্মম ও নিরহঙ্কার পূর্ব্বক রাগদ্বেষরূপ মনের সংসার সম্বন্ধি মূল চ্ছিন্ন হওয়াতে কেবল ঈশ্বরেচ্ছা প্রবাহেতে কি স্বদেশে কি বিদেশে কি ঐশ্বর্য্যে কি অনৈশ্বর্য্যে কি জনাশ্রয়ে কি নির্জ্জনে ইত্যাদি যে কোন ভাবেই থাকেন তাহাতে অলিপ্ত ও তৃপ্তরূপে কালযাপন করেন এবং এই বিশেষ যে অন্য সংসারিরা দুঃখ জনক রাগদ্বেষবশতঃ অনুষ্ঠান করে। জীবন্মুক্ত ব্যক্তি রাগদ্বেষবিহীন হইয়া সংসার প্রবাহ পতিত সুখাত্মক অনুষ্ঠান করে। তথাচ যোগবাশিষ্ঠঃ। জীবন্মুক্তো গতস্নেহঃ সস্নেহো বদ্ধ উচ্যতে এবং॥ অন্তর্বৈরাগ্যমা দায় বহিরাশো মুখ স্থিতঃ। বহিস্তপ্তো হৃন্তরঃ শীতঃ সর্ব্বাচারাত্ত বৃত্তিমান। আপ্তকর্ম্ম করোনিত্যং সংসারে নাবসীদতি। সুখিতে হস্তি সুখাসৌ নো দুঃখিতো দুঃখিতেজ্জনে। যস্মাৎনোদ্বিজতে লোকো লোকানোদ্বিজতেচযঃ। পরার্থেষ্বপি পূর্ণাত্মা ব্যবহার্য্যপি শীতলঃ। রাগদ্বেষ ভয়াদীনা মনুরূপং চরন্নপি। হর্ষামর্ষ ভয়োন্মুক্তঃ ফলবানপি নিষ্ফলঃ। সর্ব্বত্রাহ মকর্ত্তেতি দৃঢ় ভাবনয়া হনয়া। প্রবাহ পতিতং কার্য্যং, কুর্ব্বন্নপি নলি

শ্যতে। যস্য নাহং কৃতো ভাবো যস্যবুদ্ধির্ন লিপ্যতে।
যস্য নির্ব্বাসনং বোধঃ বিচারেণোদিতাত্মনঃ। যথাস্থিত
মিদং যস্য ব্যবহারবতোপি চ। অস্তং গতং স্থিতং ব্যোম
সজীবন্মুক্ত উচ্যতে। এমতে জীবন্মুক্তবিধানে উক্ত হই
য়াছে যথা। নিঃসঙ্কল্পো যথা প্রাপ্ত ব্যবহার পরোভব॥
অন্যচ্চ। দেশ ক্রমেণধন মল্পবিগ হণেনতে লাজ সাধুজন
মজ্জয় মান পূর্ব্বং॥ সৎসঙ্গমোক্ত বিষয়াদ্য বহেলেনম
সম্পাদ্বি চার বিভবেন ভবাত্মলাভঃ। কিঞ্চ। কর্ত্তানাস্মি
নচাহমস্মিসইতি জ্ঞাত্বৈব মন্তঃস্ফুটংকর্ত্তবাস্মি সমগ্রমস্মি
তদিতি জ্ঞাত্বাথবা নিশ্চয়ং। কোপ্যে বাস্মি ন কশ্চিদেব
মিতিবা নির্ণীয় সর্ব্বোত্তমে তিষ্ঠত্বং স্বপদে স্থিতাঃপদ্ধবি
দোযত্রোওমাঃসাধবঃ। যদিবল যে মনোনাশ হইলে তত্ত্ব
জ্ঞানী সংসারে কিরূপে থাকে কেননা মনোময় জগৎ
মনোনাশেতে জগৎ সংসার সম্বন্ধনাশ সম্ভব। উত্তর
মনের নাশ যে কথিত হইয়াছে সে বিকারাত্মক মনো
নাশ ফলে নির্ব্বিকারি মননাশ্য নহে বরং বিবেক
শুদ্ধমন মান্য হয়। তথাচ যোগবাশিষ্ঠঃ। ভৃত্যাভিমত
কর্ত্তৃত্বাৎ মন্ত্রী সৎকার্য্য কারণাৎ। সামন্তাশ্চেন্দ্রিয়
ক্রান্তাং মনোমান্য বিবেকিনঃ। লালনাৎ স্নিগ্ধ ললনা
পালনাৎ পালকঃ পিতা। সুহৃত্তমশ্চ বিশ্বাসাৎ মনো
মান্যং মনীষিণা॥ এতাবতা মনের বিকার নাশ্য হয়
কেননা নাশ্য আর মান্য মন দুই নহে। এই রূপ অহ
ঙ্কারের বিষয়েও উক্ত আছে যে দেহাত্মাভিমান রূপ

তৃতীয় অহঙ্কার নাশ্য হয় । আর অকর্ত্তা ও সর্ব্বকর্ত্তা রূপ প্রথম দ্বিতীয় অহঙ্কার দ্বয় সেব্য হয় । তত্রৈব। পর মাহঙ্কৃতিশ্চৈব দ্বিতীয়াহঙ্কৃতিঃ শুভা । মোক্ষায়ৈষা ন বন্ধায় জীবন্মুক্তস্য বিদ্যতে। যদিবল জীবন্মুক্ত ব্যক্তির মন এক প্রকার থাকে এবং অহঙ্কার ও কোন২ প্রকারে থাকে বিশেষতঃ সংসার দুঃখময় । তথাচ পাতঞ্জল সূত্রং পরিণাম তাপ সংস্কার দুঃখৈ র্গুণাতি বিরোধাচ্চ দুঃখ মেব সর্ব্বং বিবেকিনঃ ইতি। ইহাতে যদি। প্রাত্যহিক ক্ষুৎ প্রতীকারবৎ তৎপ্রতীকারচেষ্টনাৎ পুরুষার্থত্বং । এই সাংখ্য সূত্র ক্রমে যদি প্রত্যহ ক্ষুধার প্রতীকারের ন্যায় সংসার দুঃখ কে নানাউপায়দ্বারা দূরকরণক্ষমতার আদর করহ তাহা ও দুঃসাধ্য কেননা প্রমাণ কুশল পণ্ডিতেরা অনিত্যত্ব প্রযুক্ত তাদৃশ দৃষ্টসাধনকে অকিঞ্চিৎ করজ্ঞানে হেয় করি য়াছেন । তথাচ সাংখ্য সূত্রং । সর্ব্বত্র সর্ব্বদা সর্ব্বা সম্ভ বাৎ সম্ভবেপি সত্তা সম্ভবাদ্ধেয়ঃ প্রমাণ কুশলৈঃ॥ এমতে কি রূপে এই সংসার জীবন্মুক্ত ব্যক্তির সম্বন্ধে দোষাবহনা হইয়া অনুদ্বেগ কর হয় । উত্তর। জীবন্মুক্তের যে তত্ত্বজ্ঞান তাহাতেই এই বিশেষ হয় যে অজ্ঞানিদিগের যে সংসার দুঃসাধ্য দুঃখময় হয় সেই সংসার জ্ঞানিদিগের সুসাধ্য আনন্দময় হয় । তথাচ যোগবাশিষ্ঠঃ ॥ অজ্ঞস্য দুঃখৌ ঘময়ং জ্ঞস্যানন্দময়ং জগৎ। অন্ধন্তু বনি মন্ধস্য প্রকাশন্তু সচক্ষুষঃ যদেব গোষ্পদাদূনং জ্ঞধিয়ঃ পেলবং জগৎ ॥ তদেবা পারপর্য্যন্তমগাধ মমহাত্মনঃ । অন্যচ্চা যে কেচন

সমারম্ভা জনস্যাস্য ক্রিয়াক্রমঃ। তেসর্ব্বেদেহ মাত্রার্থা আত্মার্থাস্তু নকিঞ্চন ॥ অপিচ। নিত্য প্রবৃদ্ধ চিত্তাস্তু কুর্ব্বন্তোপি জগৎক্রিয়াঃ। আত্মৈকতত্ত্ব সান্নিষ্ঠাঃ সদৈব সুসমাধিয়ঃ। সমাহিতা নিত্যতৃপ্তা যথা ভূতার্থদর্শিনী। সাধোসমাধিশব্দেন পরাপ্রজ্ঞোচ্যতে বুধৈঃ যশ্চান্তরতি রেবান্তঃ কুর্ব্বন কর্ম্মেন্দ্রিয়ৈঃ ক্রিয়াঃ। স সন্তোষঃ ফল ত্যাগী সোহসংসক্ত উদাহৃতঃ। অসক্তং নির্ম্মলংচিত্তং মুক্তং সংসার্য্যপিস্ফুটং॥ এবং বিষ্ণুপুরাণং। দোষহেতু নশেষাংশ্চ বশ্যাত্মাযোনিরস্যতি। তস্যধর্ম্মার্থকামানাং হানির্নাপ্পোপিজায়তে। যদায়াতি তদায়াতু দেহস্যত্মা নলিপ্যতে ইতি। অতএব জীবন্মুক্ত ব্যক্তি যোগযুক্তজ্ঞা নেন যথা। কিন্তু পাদেয়মস্তীহ যত্নাৎকিং সাধয়ানিকিং সত্যংস্থিরস্য শুদ্ধস্যচিত্তঃ কামোহস্তিকল্পনা। তথামনুঃ। বেদশাস্ত্রার্থতত্ত্বজ্ঞোযত্রতত্রাশ্রমেবসন্। ইহৈবলোকেতিষ্ঠন সব্রহ্মভূয়ায়কল্পতে ইতি। এইকারণ তাহারা। নসংস্মর ত্যতীতঞ্চসর্ব্বমেব করোচিত। নাপেক্ষতে ভবিষ্যতে বর্ত্ত মানেনতিষ্ঠতি ॥ সুতরাং। অনাগতানাংভোগানামবাঞ্ছন মকৃত্রিমং। আগতানাঞ্চ সম্ভোগ ইতি পাণ্ডিত লক্ষণং ॥ মতঃ। পরিজ্ঞায়ো পভুক্তোহি ভোগোভবতিতুষ্টয়ে ॥ এ মতে। অযত্নোপনতেষ্বক্ষি দিগদ্রব্যেষু যথাপুনঃ। অন্নাগ মেব পততি তদ্বৎকার্য্যেষু ধীরধীঃ॥ যদিবল শ্রুত আছে যে তত্ত্বজ্ঞানি হইলেই উদাসীন হয় গৃহে থাকেনা তবে

সে কি। উত্তর। কুচিৎরাজ্যোপদ্রবে অথবা রাজার অন্যা য্যাচরণে কিম্বা দেশোপপ্লবে কখন ২ কোন ২ তত্ত্বজ্ঞানী বনবাসাদি স্বীকার করেন অথবা কেহ প্রথম বৈরাগ্যের প্রাচুর্য্যপ্রযুক্ত সংসার কারাগার গ্রহ হইয়া ঔদাসীন্যা শ্রম স্বীকার করিয়া পরে চিত্তস্থির হইলেও আশ্রম ভঙ্গ ভয়ে তদবস্থাতেই থাকেন নতুবা তত্ত্বজ্ঞানির গৃহপরি ত্যাগ ও বনগমনে প্রয়োজনাভাব। আর যে সকল লোক অর্দ্ধপ্রবুদ্ধ পরিপক্বতত্ত্বজ্ঞানী নাহইয়া থাকে তাহারাও বৈরাগ্যবশতঃ সংসারতৃপ্তিজনক হয় না বরং উদ্বেগ জনক হয় অতএব তাহাদিগের রাগাদিকষায়পাক নিমিত্ত ঔদা সীন্য বনবাসযুক্ত হয় কিন্তু সেই কষায়ের মূল মূর্খতা এমতে যোগবাশিষ্ঠে উক্ত আছে যে চুড়ালা রাজমহিষী আপন পতি শিখিধ্বজরাজাকে বনেতপস্যা করত শুষ্কশরীর দুর বস্থাপন্নরূপে দেখিয়া কহিয়াছিলেন যথা। অহোনুবিষ মং মৌর্খ্যং সর্ব্বশাস্ত্রার্থদর্শিনঃ। এবং বিধাঃ সমায়াস্তি দুর্দ্দশা যৎপ্রসাদতঃ ইতি॥ ফলে তাদৃশ মূর্খতার মর্ম্ম এই যে যে সকল উদাসীন দুঃখাত্মক বোধে সংসার ত্যাগ করেন অথচ সংসারের কারণ যে চিত্ত তাহাকে ত্যাগ ক রিতে পারেননা সেই মূর্খতা যদি কারণনাশে কার্য্যনাশ জানিয়া চিত্তকে ত্যাগ করিতে সমর্থ হয়েন তবেই সকল সংসারত্যাগ সিদ্ধ হয়। তথাচ যোগঃ। চিত্তত্যাগং বিদুঃ সর্ব্বত্যাগংত্যাগবিদোজনাঃ। চিত্তেত্যক্তেনয়ং যাতিদ্বৈত মৈকঞ্চ সর্ব্বতঃ। শিষ্যতে পরমংশান্তমেক মবমনাময়ং

ইতি ॥ অএএব তাদৃশ ত্যক্তচিত্ত ব্যক্তির সংসারত্যাগের আবশ্যক নাই এবং সংসার করণেও কিছু দোষ নাই। তথাচ যোগবাশিষ্ঠঃ। সমুদ্ভূতা যথা-প্রাপ্ত মপিবেদ্যবিদা সতা। অনিন্দ্যং সমুৎসারার্থং কিংতজ্জ্ঞেন কৃতংভবেৎ। যাবৎ দেহং যথাচারং দশাস্বঙ্গ বিজানতা। যথাস্থিতাহি নিয়তির্নসংত্যাজ্জ্যা কদাচন। নিয়তিঞ্চনমুঞ্চন্তি মহান্তো ভাস্করাইব। নত্যজন্তিন বাঞ্ছন্তি ব্যবহারং জগৎগতং। সর্ব্বমেবানুবর্ত্তন্তে পরাবরবিদোজনাঃ। এষদেহদশাদুঃখ পরিত্যাগো হ্যনুত্তমঃ। কর্ম্মেন্দ্রিয়ৈর্হিস্থাতব্যং নতুবুদ্ধী ন্দ্রিয়ৈঃ কৃচিৎ॥ কিঞ্চ॥ শান্তাহংকৃতি দোষণাং সুসমাহি তচেতসাং। গৃহমেধ গৃহস্থানাং বিজনাবনভূময়ঃ। যস্য মেচ্ছানচানেচ্ছা জ্ঞস্য কর্ম্মণিতিষ্ঠতঃ। নতস্য লিপ্যতে প্রজ্ঞাপদ্মপত্র মিবাম্বুভিঃ। ইতি॥ অতএব যে সকল পরা বরজ্ঞ তাহারা নিরর্থক সংসারাশ্রমকে পরিত্যাগ করিয়া ঈশ্বরীয় সংসার প্রবাহবাধক হইতে চাহে অথচ আপনার শরীর যাত্রারভারও অন্যান্য সংসারিরউপর চাপায়তাহা দিগের নিন্দাশাস্ত্রেস্বরূপতঃই উক্ত হইয়াছে। তথাচযোগ বাশিষ্ঠে। যে হ্যতত্ত্ববিদোমূঢ়া রাজন্ বালতয়ৈবতে। অব স্থাভ্যঃ পলায়ন্তে গৃহস্থাভ্যঃ স্বভাবতঃ। যাবৎ দেহমবস্থা সুসমচত্তত্তয়ৈব যে। কর্ম্মেন্দ্রিয়ৈর্নতিষ্ঠন্তি নতে তত্ত্ববিদঃ শঠাঃ॥ এবং গীতাএবং প্রবর্ত্তিতং চক্রংনানুবর্ত্তয়তীহযঃ। অঘায়ুরিন্দ্রিয়ারাম মোঘংপার্থ সজীবতি ইতি॥ ইহাতে এমত সংশয়ও হইতে পারেন। যে সংসারে নিপুনহইলে

জ্ঞানিব্যক্তির পরমার্থবিষয়ে মনোনিবেশ হইতে পারে কিনা কেননা সংসার নির্ব্বাহ আর পরমার্থ প্রাজ্ঞলোকের বিরুদ্ধধর্ম্মানুষ্ঠান হয়না। তথাহি। পুরুষানুপঙ্ক বিষয়েষ্বপ্যনুবর্ত্তমানোধীরো নমুঞ্চতি মুকুন্দপদারবিন্দং। সংগীত নৃত্যগতিতাল বশংগতাপি মৌলিস্থকুম্ভপরিরক্ষণধী র্নটীব॥ অন্যচ্চযোগবাশিষ্ঠে। পরব্যসনিনী নারী ব্যগ্রাপি গৃহকর্ম্মণি। তদেবাস্বাদয়ত্যন্তর্নবসঙ্গরসায়নং। এবং তত্ত্বে পরেশুদ্ধেধীরো বিশ্রান্তিমাগতঃ। তদেবাস্বাদযত্যন্ত র্বহির্ব্যবহরন্নপি ইতি॥ যদ্যপিবল যেগৃহির মোক্ষ হয় না অতএব ভিক্ষুকাশ্রম অবশ্য কর্ত্তব্য। উত্তর। এভ্রান্তিমাত্র বোধ যেহেতুক জ্ঞানিগৃহস্থের মোক্ষপ্রাপ্তি সর্ব্বতোভাবেই শাস্ত্রোক্ত। যথা যাজ্ঞবল্ক্যঃ। ন্যায়াগতধনো যস্তুজ্ঞান নিষ্ঠোহ তিথিপ্রিয়ঃ। শ্রাদ্ধকৃৎ সত্যবাদীচ গৃহস্থোপিহি মুচ্যতে ইতি॥ এবং গীতা॥ যতঃ প্রবৃত্তি ভূতানাং যেন সর্ব্বমিদংততং। স্বকর্ম্মণা তমভ্যর্চ্য সিদ্ধিং বিন্দতিমানবঃ ইত্যাদি॥ ইহা যুক্তিতেও পাওয়াযায় যে। উক্তপ্রতি বন্ধকাভাবে জ্ঞানিলোককে অবশ্য গৃহস্থধর্ম্মেই থাকিতে হয় কেননা জগৎকর্ত্তা সংসার প্রবাহদ্বারা সংসারকে নিত্য প্রবৃত্ত করিয়াছেন সেই সংসারে কতক গুলি বুদ্ধি পরামর্শ ও সদনুষ্ঠানের প্রয়োজন আছে। জ্ঞানিব্যতিরেকেও তাদৃশ পরামর্শ ও অনুষ্ঠান থাকেনা অতএব কতকগুলি অবোধসংসারির মস্তকে এইমহাব্যাপারাত্মক সংসারেরভার দিয়া জ্ঞানির আপন২ স্কন্ধাপনিয়া পলা

স্নন করণে অবশ্যই কৃতঘ্নতা দোষআশঙ্কা উপস্থিত হয়। এবং নবধাতুষ্টিবিচারে তন্তুজ্বিবধ ভঙ্গিতে সাংখ্যে অন্ধ তামিশ্রাদি নরক যে বিবেচনা করেন তাহাও জ্ঞাতব্য। বিশেষতঃ দেখ গীতাতে ভগবান সমস্ত ধর্ম্ম ও জ্ঞান ও ভক্তি ও যোগ অর্জ্জুনকে অবগতকরাইয়া শেষে বলেন যথা॥ যুদ্ধ স্ববিগতঃ জ্বরঃ। আর বলী ও প্রহ্লাদ ও জনক ও ব্যাস ও বশিষ্ঠআদিমুনিরা কি প্রকারে জীবন্মুক্তরূপে সংসার করিয়াছেন অতএব জীবন্মুক্তের গৃহী হওন সর্ব্ব শাস্ত্রাভিপ্রেত জানিবা ইতি॥

১৬ অধ্যায় অস্মদ্বচন। হে অবহুজ্ঞ তোমার কুটিল বুদ্ধি তেস্তব্দ হইলাম মহাবিজ্ঞ যেরূপে পূর্ব্বপক্ষ করেন তুমি তাহারিমত ঘোর পেঁচ করিয়া উত্তরদেও যে তিনি এখন পর্য্যন্ত অবসন্ন হইতেছেন উচিত যে তাঁহার মনোরথ যাহাতে সংপূর্ণহয় অর্থাৎ ছলে বলে কলে কৌশলে পরের ধন অপহরণ আর যথেষ্টাচার করণ যে সকলন্যায় মতে সিদ্ধ হইতে পারে তাহার উপায় চেষ্টাকর। তুমি কহিতেছ যে অদ্রোহ শিষ্ট লোকের ধর্ম্ম তুমি কি রূপমন্দ কার্য্য করিতেছ তাহাদেখ যে তাঁহার মনস্থের বিপরীত যুক্তিদ্বারা তাহার দ্রোহ জন্মাইতেছে তবে তোমাকে শিষ্ট লোকে অশিষ্ট কহিবে। আর তুমি পণ্ডিতের কথা উপস্থিত কর যে সকল ব্যক্তি বেদবিরুদ্ধে আত্মমত চালাইতে চাহে তাহারা কিকোন বেদশ্রোত পারগ কাহাকেও সম্মত করিয়া নিজমত প্রচার করিয়াছে বরং তাদৃশ পাণ্ড

তেরা সর্ব্বদা নূতন পথ সৃষ্টিকর্ত্তার বাধকতাচরণই করিয়া থাকেন তাহার প্রমাণ নানকপন্থী ও শিবনারায়নী ইত্যাদি। এবং অনেক ২ পেগাম্বর যখন নিজমত চালাইলেন তখন কতক ইতর লোক ঠকাইয়াই স্বমতের আরম্ভ করিয়াছেন তবে মহাবিজ্ঞের সঙ্গে পণ্ডিতের বিষয় কি যে তাঁহার কথাতে পণ্ডিতের কথা উপস্থিত কর ইহাতে নিশ্চয় বুঝাযায় যেতুমিপাণ্ডিত্যেরভক্ত নূতনমত মাননা।

১৭ অধ্যায়। মহাবিজ্ঞ কহেন যে যে সকলশাস্ত্রার্থ আছে তাহা ব্যবহার নাই আর যদি কাহার কোন অংশেভাল আছে কিন্তু তাহার অন্যাংশে দোষ। যথা সন্ধ্যা হবিষ্য করিয়া যবনীগমন করে। পূজাওজপাদি করিয়া মদ্য খায়। ব্রাহ্মণে দানদেয় ও জপযজ্ঞাদি করে অথচ নানা মত মিথ্যা ও প্রবঞ্চনা করিয়া লোককে ফাঁকি দিয়া ও পীড়াদিয়া অন্যায়রূপে ধনোপার্জ্জন করে। এবং লোক সকলের মুখে যতকথা শুনাযায় তাহাদিগের কার্য্যে তাহা পাওয়া যায় না এবং সকলের মানস সেপ্রকার শুদ্ধ নহে যদি বল মানস অদৃষ্ট তুমি কিরূপে প্রত্যক্ষ করিলা উত্তর এই যে ক্রিয়া মানসের প্রমাণ হয়। তথাচ প্রকৃতি খণ্ডে ৫৭ অধ্যায়ে। বচনেষুচনূব্রৌচ স্বভাবেচচরিত্রতঃ। আচারে ব্যবহারেচ জ্ঞায়তে হৃদয়ং নৃণাং। যাদৃক্ যেষাঞ্চহৃদয়ং তাদৃক্ তেষাঞ্চ মানসং॥ অতএব লোকের আচার ও ব্যবহার দেখিয়া বুঝি যে মানস তাহাদেরশাস্ত্রানুযায়ি নহে তবে এমতপরমার্থ মানা ও নামানা সমান হইল যদি

কথায় ২ পরমার্থ সিদ্ধি হয় তবে যাহাহউক নতুবা এখনে কার্য্যেকিছুই নাই।

১৭ অধ্যায়। অবহুজ্ঞ কহিতেছেন যেবটে তুমি যে সমস্ত দোষদিলা ইহানিরর্থক নহেফলেএসকল বিষয়ে লোকদিগের ক্রটিনাইবরং রাজশাসনের ক্রেটিক্রমেই কলিকালস্থ শতাএমত হইতেছে কেননা ধর্ম্মসংস্থাপন আরধর্ম্মলোপ প্রযুক্ত অধর্ম্মের বৃদ্ধিতে রাজার ন্যায় অন্যায় সম্বন্ধরাখে। তথাচ যোগবাশিষ্ঠে। অসমং বহুতিপ্রাণে নাড়্যোয়াস্তি বিসং স্থিতিং। অস্যমক সংস্থিতে ভূপে তথা বর্ণাশ্রম ক্রমাঃ ইতি॥ এবং মনুঃ ৯ অধ্যায়ে ৩০১। ৩০২ শ্লোকঃ। কৃতংত্রেতা যুগঞ্চৈব দ্বাপরং কলিরেবচ। রাজ্ঞোবৃত্তানি সর্ব্বাণিরাজাহি যুগমুচ্যতে। কলিঃপ্রসুপ্তো ভবতি সজাগ্র দ্দ্বাপরংযুগং। কর্ম্মস্বভ্যুদ্যস্ত স্ত্রেতা বিচরং স্তুকৃতং যুগং ইতি॥ পূর্ব্বকালীন আমাদিগের রাজারা যখন স্বেচ্ছাচারী নাহইয়া বিজ্ঞসভার পরামর্শাধীনে শাস্ত্রমতে চলিতেন এবং প্রকৃতি শাসনছিল তখন এমত ঘটিত না। তথাচ মনুঃপ্রজ্ঞা পতির্যস্মিন কালে রাজ্য মভূভুজৎ। ধর্ম্মৈকতানাঃ পুরুষাস্তদাসন সত্যবাদিনঃ ইতি॥ যদি বল যে ধর্ম্মবিষয়ে আর রাজশাসনে কি সম্বন্ধ কেননা রাজশাসন বাহ্যবিষয়ক আর ধর্ম্ম আন্তরিক সুতরাং উভয়ের পরস্পার সাপেক্ষ্যতা উপলব্ধি হয়না। উত্তর। ঈশ্বর লোক সৃষ্টি করিয়া স্বভাববৈপরীত্য সামঞ্জস্যার্থ বিচারপথ দুইরূপে করিয়াছেন। যেমন বুদ্ধিমান মুনি

প্রভৃতির ধর্ম্মতঃ হিতাহিত বিবেচনা দ্বারা লোকের নির্ম্মল সদন্তঃ করণ প্রকাশ হয় এবং তাহাতেই লোক ব্যবহারে সামঞ্জস্য থাকে সেইরূপ ঐ নরজাতি মধ্যে পরাক্রমবান্ রাজাদির শাসনতঃ দণ্ডভয়াদিদ্বারা লোকের মলিনান্তঃ করণ কুণ্ঠিত হইয়া ব্যবহার গত সামঞ্জস্য হয়। এই দুই উপায় পরস্পর ইতরেতরাশ্রিত যদি তাহার একতরের হ্রাস হয় তবে অন্য তরের ও হ্রাস জন্মে এমতে এদেশে রাজশাসনের ও লাঘবতাতেই ধর্ম্মের হানি পুন ধর্ম্ম হানি প্রযুক্ত রাজশাসনের ও ত্রুটি হইতেছে। যদি বল কলি কালের এই রীতি তাহা কিরূপে সুধরিতে পারে কালকৃত ব্যাপারে লোকের যত্ন অকিঞ্চিৎকর হয়। উত্তর অনেকেই এই বোঝেন বটে কিন্তু সে ভ্রান্তি মাত্র কেননা কাল সর্ব্বদাই সমান এবং যে পরমেশ্বর নিত্যেচ্ছা দ্বারা জগৎ প্রবাহ করেণ তিনি কাল শক্তিকে ও নিত্যা করিয়াছেন তাহার প্রমাণ দিবারাত্রি শীত গ্রীষ্মাদি সর্ব্বদাই সমানভাবে দেখাযায় তবে সূর্য্যগতিদ্বারা যে কিছু অল্পাল্প বৈলক্ষণ্য হয় তাদৃশ এই মনুষ্যের অন্তঃ করণ ও ব্যবহার হইতে পারে ফলে নরলোকের যে ভাব তাহাতে সর্ব্বদা বুদ্ধি ও যত্নের কারণতাই বোধ হয় তথাচ। সর্ব্বস্য দ্বে সুমতি কুমতী সম্পদা পত্তিহেতুঃ ইতি। অতএব কেহ বোধ করেণ যে সত্য ত্রেতা দ্বাপর কলি এই চারি সংজ্ঞার যোগার্থ এইরূপ যে বাদী ও প্রতিবাদী ও সাক্ষী ও বিচার কর্ত্তা এইচারিপদার্থ নিষ্ঠ চতুষ্পাদ ধর্ম্ম সকল সদবস্থা ও

দুরবস্থার কারণ হয়েন যখন এই চারিজন কৃত্ত সত্যকথা কহেন তখন সেইকালের নাম কৃত ও সত্য হয়। আর যখনবাদীও সাক্ষীও বিচারকর্ত্তা সত্যকহেন তখন তাহার নাম ত্রেতা হয়। আর যখন সাক্ষীও বিচারকর্ত্তা সত্য কথা কহেন তখন তাহার নাম দ্বাপর। যখন বিচার কর্ত্তামাত্র সত্যকথা কহেন তখন তাহার নাম একপাদধর্ম্ম যখন সকলেই মিথ্যাচরণ করেন তাহার নাম ঘোরকলি। যথা মিথ্যা তমসুকের নালিশ হয় ও মিথ্যা রশীদ দাখিল করে ও উভয়দলের মিথ্যাসাক্ষী গ্রাহ্য হয় ও বিচারকর্ত্তা মিথ্যা তজবিজে ডিগিরি বা ডিশ্‌মিশ্‌ করেন কেবল বলই মাত্র ন্যায়হয় বিচারকিছুই হয়না এমতেই মনূক্ত কৃতত্রেতা ইত্যাদি বচন উক্ত হইয়াছে। আরযদ্যপি। মৌলান্‌শাস্ত্র বিদঃশূরান্‌ লব্ধলক্ষান্‌ কুলোদ্গতান্‌। সচিবান্‌সপ্তচাষ্টৌবা প্রকুর্ব্বীতপরীক্ষিতান্‌। শ্রুতাধ্যয়নসম্পন্না ধর্ম্মজ্ঞাঃ সত্যবাদিনঃ। রাজ্ঞা সভাসদঃ কার্য্যা রিপৌ মিত্রেচ যে সমাঃ। ইত্যাদি বৈদিকমতানুদৃষ্টে পূর্ব্বকালে যেমত্ত স্বামীয়লোকেরা পরাক্রান্ত হইয়াছিল সেইরূপ ইংলিশ পার্লিমেণ্টেরগুণেকতক শিল্পনৈপুণ্য ওপরাক্রান্তসংপ্রতি এদেশের বর্ত্তমান রাজার বিষয়ে দেখাযায় তথাপি এই দেশশাসনকারি তাবৎ ইংগলণ্ডীয়কে সুবোধও প্রকৃত শাস্তা কহিতে পারাযায়না। আর রাজার রাজশাসন প্রকৃতধর্ম্মপালনমাত্র তথাচ অত্রিঃ। দুষ্টস্য দণ্ডঃ স্বজনস্য

পূজা ন্যায়েন কোষস্যচ সংপ্রবৃদ্ধিঃ। অপক্ষপাতোর্থিষু রাষ্ট্ররক্ষা পঞ্চৈব যজ্ঞাঃ কথিতা নৃপাণাংইতি॥এবংমনুঃ। যথোদ্ধরতি নির্দাতাঃ কক্ষংধান্যঞ্চ রক্ষতি। তথা রক্ষেন্নৃপো রাষ্ট্রং হন্যাচ্চ পরিপন্থিনঃইতি। তাহাতে ইহাদের যেমত তাহা ব্যক্তই আছে কেননা অন্যান্য সূক্ষ্মকার্য্যের কি কহিব স্থূলবিচার ন্যায়ানন্যায় যাহা ডিগিরি ডিশমিশে জানাযায় তাহার এই ধারা যে এক২ মোকদ্দমা জিলাতে ডিগিরি কোর্টে ডিশমিশ সদরে নানশুট্ ইত্যাদি॥ ইহাতেই সূক্ষ্মদৃষ্টি জানিবা যে কাহাকে কেহ জিজ্ঞাসা না করিয়া স্বেচ্ছাতে এক২ হুকুম দেন তাহাই লোকের অদৃষ্টের অনুকূলক ও কুপ্রবৃত্তির কারণ হয় যখন লোকের ধর্ম্ম ও পারলৌকিক ভয়মাত্র নাই এবং ঐহিকেও রাজশাসনের ভয়নাই তখন এইধারা কুধারা বিনা আর কি হইতে পারে কেননা ভয় নহিলে কখনই কেহ সুপথে থাকে না। তথাচ শ্রুতিঃ। ভয়াৎতপতি সূর্য্যো ভয়াদগ্নিঃ প্রভবতীত্যাদি॥ আর সকলের মূল আপিলের বিচার তদ্বিষয়ে আমাদের শাস্ত্র এমত নহে যেহেতুক যাজ্ঞবল্ক্য কহেন যথা। দুর্দৃষ্টাংস্তুপুনর্দৃষ্ট্বা ব্যবহারান্ নৃপেণতু। সভ্যাঃ সজয়িনো দণ্ড্যা বিবাদাদ্দ্বিগুণংদমংইতি॥ নারদোঽপি॥ দুর্দৃষ্টে ব্যবহারেতু সভ্যাস্তংদণ্ডমাপ্নুয়ুঃ। নহিজাতু বিনা দণ্ডংকশ্চিন্মার্গেঽবতিষ্ঠতি ইতি॥মনুশ্চ। অমাত্যঃ প্রাড্বিবাকোবা যে কুর্য্যুঃ কার্য্যমন্যথা। তৎসর্ব্বংনৃপতিঃ কুর্য্যাৎ তান্ সহস্রেণ দণ্ডয়েৎ ইতি॥ এবং বৃহস্পতিঃ। নিশ্চিত্য

বহুভিঃ সার্দ্ধংব্রাহ্মণৈঃ শাস্ত্রপারগৈঃ। দণ্ডয়েজ্জয়িনা সার্দ্ধং পূর্ব্ব সভ্যাংস্ত দোষিণঃ ইতি॥ আর ইহাঁরা সাপরাধব্যক্তিকে কোন সংশয়প্রযুক্ত এই ব্যক্তি নিরপরাধী বটে এমত সূক্ষ্ম বিবেচনা না করিয়াও খালাশ দেন এমত ধারা আমাদের নাই তথাচ মনুঃ। যাবান বধ্যস্য বধে তাবান্ বধ্যস্য মোক্ষণে। অধর্ম্মোনৃপতে দৃষ্টোধর্ম্মস্তুবিনিযচ্ছতঃ ইতি॥ আর সর্ব্বত্র সমান দৃষ্টি রাজার রাজত্ব তাহাতে ইহাঁরা যেমন তাহাতো ইংরেজের মানগৌরব ও অন্যদেশীয়দিগের পুরস্কার মর্য্যাদার তারতম্যেইপ্রকাশ আছে তথাচ যোগবাশিষ্ঠে। প্রভুত্বং সমদৃষ্টিত্বং রাজ্ঞঃ স্যাদ্রাজবিদ্যয়া। তামেব যো নজানাতি নাসৌমন্ত্রী নবা নৃপঃ ইতি। আর শূদ্রবিট্‌ক্ষত্রবিপ্রাণাং যত্রর্ত্তোক্তৌ ভবেদ্বধঃ। তত্রবক্তব্যমনৃতং তদ্ধি সত্যাদ্বিশিষ্যতে। ইত্যাদি মনূক্তবিধানে বৈদিকমতে মিথ্যা বাক্য কথন যুক্ত এমত বোধ হয় সেতো অতিশয় অযুক্ত ঘৃণার্হ ব্যাপার বটে ইহাতে কিমতে বৈদিকমত শ্রদ্ধেয় হয় উত্তর। যেমন কোন ২ মদ্যপ ব্যক্তি। নমাংসভক্ষণে দোষো নমদ্যে নচমৈথুনে। প্রবৃত্তি রেষা ভূতানাং নিবৃত্তিস্তু মহাফলা। ইত্যাদি মনুবচনের ভাবাবগত নাহইয়া মদিরা পানকে মনূক্ত গ্রহকরে তন্ন্যায় ঐ বচনের তাৎপর্য্য যাহাঁরা বুঝিতে না পারেন তাহাঁদিগের ঐ মত উদয় হয় বটে ফলে তাহার প্রকরণ ও মর্ম্ম জানিলে সে কি যুক্তিসিদ্ধ সদ্বিধান তাহা জ্ঞানিরা জানিতে পারেন যেহেতুক বৈদিক

ধর্ম্মে কোনরূপে ও কোনকালে অসত্য কথন বিধেয় নহে তথাচ মনুঃ । সত্যং ব্রুয়াৎপ্রিয়ং ব্রুয়াৎন ব্রুয়াৎ সত্য মপ্রিয়ং । প্রিয়ঞ্চ নানৃতং ব্রুয়াৎ এষধর্ম্মঃ সনাতনঃ । ব্রহ্মঘ্নো যে স্মৃতা লোকা যেচ স্ত্রীবালঘাতিনঃ । মিত্রদ্রুহঃ কৃতঘ্নস্যতে তে স্যুর্ব্রুবতো মৃষা । জন্মপ্রভৃতি যৎকিঞ্চিৎ পুণ্যং ভদ্র ত্বয়া কৃতং তৎতেসর্ব্বংশুনোগচ্ছেৎ যদিব্রুয়াঃ ত্বমন্যথা । অবাক্‌শিরা স্তমস্যন্ধে কিল্বীষীনরকং ব্রজেৎ । যঃ প্রশ্নং বিতথং ব্রুয়াৎ পৃষ্টঃ সন্ ধর্ম্মনিশ্চয়ে । অন্ধো মৎস্যানিবাশ্নাতি সনরঃ কণ্টকৈঃ সহ । যো ভাষতে ঽর্থ বৈকল্যমপ্রত্যক্ষং সভাংগতঃ । সাক্ষ্যে ঽনৃতং বদন্ পাশৈ র্বধ্যতে বারুণৈর্ভৃশং । বিবশঃ শতমাজাতী স্তস্মাৎ সাক্ষ্যে বদেদৃতং । সাক্ষী দৃষ্টশ্রুতাদন্যৎ বিব্রুবন্নার্য্য সংসদি । অবাঙ্নরক মভ্যেতি প্রেত্য স্বর্গাচ্চ হীয়তে । স ত্যেন পূয়তে সাক্ষী ধর্ম্মঃসত্যেন বর্দ্ধতে । তস্মাৎসত্যং হি বক্তব্যং সর্ব্ববর্ণেষু সাক্ষিভিঃ ইতি । তবে পূর্ব্বোক্ত বচ নের এইতাৎপর্য্য যে যখন রাজোপদ্রবে অন্যায্যরূপে লোকসকলের প্রাণদণ্ড হয় তখন যথাকিঞ্চিৎ সত্যাভাসে যদি লোকের প্রাণনাশ হওয়া সম্ভব হয় তখন সেই প্রাণি কে রক্ষার্থ অনৃতাভাসেও মহদ্দোষ নাই । নতুবা প্রজা দিগের পরস্পর বিরোধে কি অন্যকোনরূপে ধর্ম্মনির্ণয়ার্থ কোনস্থানেকি রাজসমীপে মিথ্যাকথা কহিতে বিধাননাই এমতে মনু ধর্ম্মনির্ণয়প্রকরণে সাক্ষিবিষয়ে সত্য কথন বিধান ও মিথ্যানিষেধের বিস্তার কহিয়া রাজবিদ্রোহী

শাস্ত্রাতে কহিয়াছেন যথা। তস্মান্‌ ধর্ম্মজ্ঞো হর্ষেষু জানন্ন পশ্যন্যথা নরঃ। নস্বর্গাচ্চ্যবতে লোকাদ্দৈবীং বাচং বদন্তি তাং শূদ্রবিট্‌ ক্ষত্রবিপ্রাণাং যত্রর্ত্তোক্তৌভবেদ্বধঃ। তত্র বক্তব্যমনৃতং তদ্ধি সত্যাদ্বিশিষ্যতে ইতি॥ আর রাজ্যোপদ্রবে অন্যায়মতে লোকের প্রাণদণ্ডের প্রমাণ দিবার আবশ্যক নাই তাহা সর্ব্বরাজ্যে সর্ব্বকালেই সকলের মধ্যে২ প্রায় দৃষ্ট হইয়াথাকে। এবং এই রাজার প্রথমসময়ে এবং মধ্যে২ অন্য নবীনরাজ্যশাসনকালে যে হইয়াছে তাহাও কেহ ২ মনে করিতেপারেন এবং এইরূপে পূর্ব্বে এদেশে ও চীনদেশে ও ইংরাজী সনের ৮৭ বৎসরপূর্ব্বে মিথ্রিডাটিশ ও শিহ্লারাজার প্রস্তাবে রোমীয় বহুতর ব্যক্তির প্রাণহত হয় তাহাও প্রায় অনেকেই জানেন তৎকালে যদি কেহ এমত কথাও কহিত যে অমুক ব্যক্তিকে রাজবিদ্রোহির গ্রামসমীপেএকবার দেখিয়াছি তবে তখনি সেই ব্যক্তি হত হইত। তখন ইহা কেহ বিচার করিতনা যে ঐ বধাহ ব্যক্তির রাজবিদ্রোহব্যাপারে কি সম্পর্ক ছিল। আর ইহা বিবেচনা করিলেও জানাযাইতে পারে যে যখন প্রজারা পরস্পর বিরোধকরে তখনরাজা অপক্ষপাতরূপে বিচার করিতে পারেন আর যখন রাজা স্ববিষয়ে ব্যস্ত হয়েন তখন তাঁহার বিপক্ষপক্ষকে দমন করা তাৎপর্য্য হয় তখন কোনছল কি সন্দেহ হই সেই শত্রুজ্ঞানে লোকের প্রাণহরণ করণে ত্রুটি করেননা তাহাতে অন্যায়রূপেই অনেকের বধ ঘটে এমতসময়ে ঐ

অনুক্ত বচন যুক্তই হয় এইকারণ মনু ব্রাহ্মণাদি ক্রম নাকরিয়া শূদ্রাদি বৈপরীত্যক্রমে রচনা করিয়াছেন। এবং তদ্বদন্ ইত্যাদি বচন কহেন কেননা রাজার যখন বিচার নাই ও সাক্ষির সত্য কথাতেই প্রাণিবধ হয় তখন সাক্ষী আপনিই ধর্ম্ম বিবেচনা করিতে যোগ্য হয় তাহাতে সত্য কথা কহিলেই লোক অন্যায়ে হত হয় ইহাতে ধর্ম্ম কি তাহা সাক্ষির বিবেচনা করিয়া কহা উচিত ইহাতো সকলও যাথার্থিক লোকের কথা হয় নতুবা আইনে নিষেধ করিয়া ব্যবহারে কুকার্য্যের অনুমতি দেওয়া কোনরূপেই যথার্থ ধর্ম্ম নহে যথা অল্পবেতনে চাকর রাখিয়া বৃহৎকার্য্য সাধনকরা অথচ তাহাদিগের দুর্নীতি দেখিয়াও নাদেখন এবং রাজগোষ্ঠীর বধার্হপাপের বিচারে নানা কৌশল ছলে বিচারকর্ত্তার স্বজাতীকে উদ্ধার করণ অথচ ভিন্ন জাতীয়পক্ষে প্রতাপ প্রকাশরূপ অপক্ষপাৎগ্রহ করান ইত্যাদি ক্রূরধর্ম্মাচরণ বৈদিকমতসিদ্ধ নহে তথাপি এদেশে রাজশাসনের ত্রুটিক্রমে মিথ্যাকথাতে দোষ নাথাকা ও গুরুবৈলক্ষণ্য ওপ্রতিবাসির অসভ্যতাহেতুক লোকসকল জঘন্যমত দৃষ্ট হয়। মিথ্যাকথাতে দোষনাথাকার লক্ষণ এই যে গুরুশিষ্যে ও পিতাপুত্রে ও স্বামিভৃত্যে মিথ্যাচলে কেহই তাহাতে বিরক্ত নহেন। আর গুরুর বৈলক্ষণ্যের প্রমাণ এই যে অষ্টাদশ শাস্ত্রে পারগ না হইলে বৈদিক ধর্ম্মের মর্ম্ম জানা কঠিন সেইশাস্ত্র বিনা ব্যাবৃত্তিরূপে অবগত না হইয়া আপনাতে গুরুত্ব গ্রহ করেন এবং অন্যকে

উপদেশ দেন সে কেবল স্বার্থপরতা ও ধনগ্রাহকতা মাত্র হয়। আর প্রতিবাসির অসভ্যতার চিহ্ন এই যে সকলেই প্রায়ব্যয় বিবেচনা করিয়া লোকের যশঅযশ কীর্ত্তন করেন ও তুষ্ট হয়েন ফলে সেই ব্যয়ের মূল যে আয় তাহাতে কিছু দৃষ্টিপাত করেননা এমতে অনেকেই ব্যয়ার্থ নানা অসদুপায় চেষ্টাতে ধনসংগ্রহ করিয়া থাকেন তদ্বিষয়ে কেহ কাহারও দোষ উত্থাপন করেননা। সে যাহাহউক যে সমস্ত লোকের দোষ দেখ তাহারা অশাস্ত্র কর্ম্ম করিয়া ও স্বয়ংবোধ করে যে অসঙ্গত কর্ম্ম করিলাম এবং যদি কেহ আপত্তি করে তবে প্রবোধ পাইয়াও কেহ ক্ষান্ত হয় কেহবা আপনি যে অসঙ্গত কর্ম্ম করে তাহা অন্যকাহাকে ও শিক্ষা করায়না এমতে ঐ কুক্রিয়াবান্ লোকেরা যাহারা পরমার্থ নামানে তাহাদিগের হইতে উত্তম হইল যদি বল যে ঐ সকল লোক অত্যন্ত পাপী যেহেতুক প্রত্যক্ষ। করিয়া মনে এক মুখে আরপ্রকাশকরে। উত্তরতথাপি তাহারা আপনাদিগকেই নরকে লইয়াযায় যেমন কেহ সংগোপনে বিষ খাইয়া মরে। আর যাহারা ধর্ম্ম নামানে এবং ধর্ম্মবিরুদ্ধ তর্কদ্বারা অন্যকে তৎপথবর্ত্তী করে তাহারা আপনাদিগকে ও অন্যলোককে উভয়কেই নরক গামী করে। অপরঞ্চ যেসন্তানাদি হয় তাহাদিগেরও ইহ লোক ও পরলোকে দুঃখপ্রাপ্তির হেতু হয় সে যেমন কেহ জলে ডুবিতে গিয়া অন্যকে ধরিয়া আপনিমরে ও অন্যকে মারে তাদৃশ অধর্ম ও নিন্দনীয় হইল। যথা ব্রহ্মবৈবর্ত্তকে

বৃহদ্ধর্ম্ম ৮ অধ্যায়ে ॥ পুত্রান্ দারাংশ্চ শিষ্যাংশ্চ সেবকান্ বান্ধবাংস্তথা। যো দর্শয়তি সন্মার্গং সদ্গতিঃ স ভবেৎ ধ্রুবং। যো দর্শয়ত্য সন্মার্গং শিষ্যে বিশ্বাসিতো গুরুঃ। কুম্ভীপাকে স্থিতি স্তস্য যাবচ্চন্দ্রদিবাকরৌ ইতি। এবং স্বধর্ম্মানুষ্ঠানে সর্ব্বাঙ্গশুদ্ধ নাহইলেও সেই শ্রেষ্ঠ। তথাচ গীতা। শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ ইতি॥ আর যাহারা একাংশে মন্দ আছে তাহাদিগের আবশ্যক নাই যে যেকোন উত্তম কার্য্য করে তাহা হইতেও নিবর্ত্ত হয় কেননা তাহাদের ধর্ম্ম শাস্ত্রাদিতে কতক নীতি বিধান করিয়াছে তথাপি সূক্ষ্ম দৃষ্টি করিলে জানিতে পার যে তাহাতে পত্ন্যাদিদ্বারা কি পর্য্যন্ত মনঃপীড়া ও দুঃখ তাহাদের মধ্যে হইতেছে বিশেষতঃ তাহাদের মধ্যে ক্ষুদ্র২ ও নির্ব্বোধ লোকেরা কিপর্য্যন্ত কদর্য্য হইয়া ওপরস্পর অসূয়াঈর্ষাদিপ্রযুক্ত মহৎদুর্দ্দশাপন্ন হইতেছে যে কার স্ত্রীকে কে গ্রহণ করেও তাহাতে কত হত্যা ও অঙ্গ ক্ষতাদি হইতেছে অতএব ঐ সকল লোকের মধ্যেপ্রধান প্রাজ্ঞেরা তাহাদেরশাস্ত্র লঙ্ঘন করিয়া ওপ্রকৃত ব্যবহার দূরকরিয়া যেমতে এইরূপ দুর্দ্দশাপন্ন নাহয় তাহাকরে যথা বিশিষ্ট মোছলমানের স্ত্রীরা নিকা করেনা ও সমান জাতি হইয়াও নীচ সংসর্গ করেনা এবং ব্রাহ্মণ শূদ্রাদির ন্যায় উত্তম অধম জাতি নাহইয়াও ইংরেজকে ইতর লোকের গালি দিলে অন্য লোককে মারণ হইতে অধিক শাস্তি দেন আরজন্মাদের সংহিত সংহসা বাদসাহের

[১৮৪ পৃষ্ঠার ৯ পংক্তির তাহাহইতেও নিবর্ত্ত হয়
কেননা, ইহারপর]

যাহার এক অঙ্গুলি কাটা গিয়াছে সেকি সমুদয় অঙ্গুলি কাটিবেক এমত নহে। তথাচ মনুঃ। দূষিতোপি চরেদ্ধর্ম্মং যত্র তত্রাশ্রমে বসন্। সমতা সর্ব্বভূতেষু নলিঙ্গং ধর্ম্মকারণং ॥ আর একাদশীতত্ত্বে অত্রি ও অঙ্গিরা কহিয়াছেন যথা। সর্ব্বপাপপ্রসক্তোপি ধ্যায়ন্নিমিষ মচ্যুতং। পুন স্তপস্বী ভবতি পংক্তিপাবনপাবনঃ ॥ তথা লিঙ্গপুরাণে। কামাসক্তোপি বৈ নিত্যং ভক্তিভাববিবর্জ্জিতঃ। সালগ্রামশিলাং পুত্র যো ঽর্চ্চয়েৎ সো ঽচ্যুতো ভবেৎ ॥ এবং পদ্মপুরাণং যথা। ভক্ত্যাবা যদিবা ভক্ত্যা চক্রাং পূজয়তে নরঃ। অপিচেৎ সুদুরাচারো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ এই সকল উপায় উহাদিগের আছে।

১৭ অধ্যায় অস্মদ্বচন। হে অবহুজ্ঞ তোমার কাণ্ড দেখিয়া ও ন্যায় বাক্য শুনিয়া বাকরোধ হয় কেননা একজনার অপরাধ আর একজনার ঘাড়ে কিমতে চাপাও ও তাহাকে দোষী করহ যেহেতুক মহাবিজ্ঞ আপন [illegible]মতে চলেন তাহাতে কেহ সাক্ষাতে গ্লানি করিয়া [illegible]না করিতে পাপারার নিমিত্তে দুইচারিটা কথা [illegible] দেখিয়া ঐসকল লোক পড়িয়া মরে তাহাতে

সেই সকল লোকের দোষবটে অতএব উচিত যে ঐ সকল লোকের নিকট তাহাদিগের কথা জিজ্ঞাসাকর নতুবা মহাবিজ্ঞের কি দোষ যে তাঁহাকে সে বিষয়ে দোষী ঠাহরাও যথা। দশাননো হরেৎ সীতাং বন্ধনং স্যান্মহোদধেঃ ইতি॥

১৮ অধ্যায়। মহাবিজ্ঞ কহেন যে যদি এই সকল ন্যায়দ্বারা ঐহিক সুখসাধন ও পারলৌকিক কার্য্য করণের উপায় লোকাচার ও ভজন এই উভয়কে শ্রেষ্ঠ মানিতেছ তবে ইহাতে আমি তিন পূর্ব্বপক্ষ করি। এক এই যে ইহকালেও পরকালে আত্মার সুখ হওয়াতাৎপর্য্য তাহাতে ঐহিকে অনেক ক্লেশ পাইয়া পরকালে সুখ করিতে হয়। যদ্যপি ঐহিকে সুখ করিয়া পরকালে ক্লেশ পাই তবে ক্ষতি কি কেননা উভয় মতই সমান অনুভব হয়। দ্বিতীয় এই যে ঐহিক নির্ব্বাহের মত লোকাচারমতে চলিয়া সংগোপনে যে বিশেষ সুখ করিতে পারি তাহা হইতে কেন ক্ষান্ত থাকি। যথা অল্প মাদক কিঞ্চিৎমদ্য সময়বিশেষে পান করণ আর কান্তারআদিস্থ পরস্ত্রীর স্বেচ্ছাপূর্ব্বক সংসর্গ করণ আর নির্জ্জনস্থ ব্যক্তিকে বধ করিয়া ধনগ্রহণ করণ ইত্যাদি॥ তৃতীয় এই যে ইংরাজ ও মোছলমানআদি এই হিন্দুশাস্ত্রের অনুযায়ী না হইয়া স্বচ্ছন্দরূপ আহার ব্যবহারাদি করাতে তাহাদের

লোকাচার কার্য্যে ও ঐহিকসুখে কি হানি হইতেছে বরং ঐহিকে তাহারা হিন্দুহইতে অধিক সুখীবটে তবে অনেকে একত্র হইয়া সেইমত সুখানুভবের উপায় যে কার্য্যসকল তাহাতে প্রবর্ত্ত হইলে ক্ষতি কি আছে ॥

১৮ অধ্যায় । অবচ্ছুক্ত কহিতেছেন যে ইহার প্রত্যুত্তর সকল প্রায় কৌশলে উক্ত হইয়াছে তথাপি স্পষ্টার্থে তিন প্রকারে উত্তর লিখিতেছি । প্রথম এই যে ঐহিকের অল্পক্লেশে পরকালের অধিক সুখ হয় । এবং ঐহিকের অল্পসুখে পরকালের অধিক ক্লেশ ঘটে এমত এই সকল শাস্ত্রে নিয়ম আছে । তাহাতে পারলৌকিক ফল প্রমাণ হয় তবে অল্পবিষয়ের কারণ অধিকলাভ ত্যাগ করণ অতিঅবোধতা কার্য্য এমতে বিজ্ঞলোকে তাহা করেননা নতুবা বালক ও পাগল আদিও আত্ম সুখেচ্ছা ব্যতিরেকে চেষ্টা করেনা তবে তাহাদের নিবারণ ও শিষ্টধারাতে প্রবর্ত্ত করাণ কি প্রয়োজন । আরো দেখ পূর্ব্বকালীন শ্রমাদিদুঃখজন্য পরেযে সুখ তাহা লোকের বাঞ্ছনীয় হয় কদাচ পূর্ব্বকালীন অনায়াস সুখ হেতুক পরক্ষণের দুঃখ সহিষ্ণুতা কৃতসাধ্যে কেহ বুদ্ধি পূর্ব্বক স্বীকার করেনা । যেমন পাকাদিজন্য দুঃখভোগান্তরে ভোজনজন্য যে পরে সুখ হয় তাহা সকলেই

স্বীকার করে। আর অনায়াসে তণ্ডুলভক্ষণ করিয়া পরে উদরাময়ে দীর্ঘতর পীড়া কেহ স্বীকার করেনা এবং কবি গানাদি শ্রবণজন্য সুখের কারণ লোকসকল সমস্তরাত্রি জাগরণ ও নানা উদ্বেগ ভোগ কিরূপে করিতেছে অথচ দুইএক পদবই শুনিতে পায়না এমতে এই স্থিরহয় যে মনুষ্যমাত্রে দুঃখপূর্ব্বক সুখেচ্ছাতে বিরত নহে কিন্তু তাহার বিপরীতে সকলেই বিরত হয়। তথাচ গীতা ১৮ অধ্যায়ে ভগবান কহিয়াছেন যথা। সুখন্ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্ষভ। অভ্যাসাদ্রমতে যত্র দুঃখান্তঞ্চ নিযচ্ছতি॥ যত্তদগ্রে বিষমিব পরিণামে মৃতোপমং। তৎসুখং সাত্ত্বিকং প্রোক্ত মাত্মবুদ্ধিপ্রসাদজং॥ বিষয়েন্দ্রিয়সংযোগাদ্যত্তদগ্রেঽমৃতোপমং। পরিণামে বিষমিব তৎসুখং রাজসংস্মৃতং॥ যদগ্রে চানুবন্ধেচ সুখং মোহন মাত্মনঃ। নিদ্রালস্য প্রমাদোত্থং তত্তামস মুদাহৃতং॥ দ্বিতীয় এইয়ে সংগোপনে যে সকল সুখ ইচ্ছা করিয়া লোকাচার স্থির রাখিতে চাহ তাহাও ঘটা সম্ভব নহে কেননা বস্তুর প্রথম লাভে যে তুষ্টি হয় তাহাতে পরে২ তততুষ্টি থাকেনা। তথাচ যোগবাশিষ্ঠে। যথা। প্রাপ্তিক্ষণে বস্তু তুষ্টয়ে প্রথমে তথা। অপ্রাপ্ত্যে রমণা দুর্ব্বিমিতিতৎ নানুভূতবান্॥ অতএব সুখের স্বধর্ম্ম এই

যে পর২ পূর্ব্বহইতে অধিক ইপ্সিত হয় । তথাচ মনুঃ ॥ নজাতু কামঃ কামানা মুপভোগেন শাম্যতি । হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে ॥ এমতে সুতরাং কোন কর্ম্ম কখনও আরম্ভ করিলে গোপনে থাকা সম্ভবনহে । তাহার নিদর্শন দেখ মাতালি ও ছেনালি ও দস্যুবৃত্তি যাহা ব্যক্ত আছে এসকল কি তাহারা ব্যক্তরূপে আরম্ভকরে বরং অনেকেই অতিসাবধানে চেষ্টাকরে ও কেহ জ্ঞান করে যে একবার কি দুইবার করিয়া ক্ষান্তদিব পরে তাহা ত্যাগ করিতে পারেনা এমতে পর২ মন্দই হয় । এবং অসদাগমের দুইচারিটা বচন শুনিয়াই কতমাতাল হইল ও তাহাতে কত২ ব্যাঘাত জন্মিতেছে ইহাত প্রত্যক্ষই বটে । তথাচ মনুঃ ১১ অধ্যায়ে ৯৬শ্লোক । অমেধ্যেবা পতেন্মত্তো ২ বৈদিকংবা প্যুদাহরেৎ । অকার্য্য মন্যৎ কুর্য্যাৎ বা ব্রাহ্মণো মদমোহিতঃ॥এবং যে রাজ্যাধিপতিরা তাহাদিগের অল্প অনিষ্টচিন্তা কি কিছু আইন অর্থাৎ ব্যবস্থা লঙ্ঘন করিলে অধিক শাস্তিদেন তাঁহাদিগকে অবশ্য নবোধ কহিয়া থাক । এমতে তাঁহাদিগকে ঐ যৎকিঞ্চিৎ অনঙ্গত প্রবৃত্তিনিষেধের কথা জিজ্ঞাসা করিলে ইহার মর্ম্ম জানিতে পার । এবং ইহাও মন্তব্য যে সংসারে পরস্পর বিশ্বাস নাথাকিলে কোন কার্য্য

নির্ব্বাহ হয়না সাধুব্যক্তি বিনাও বিশ্বাসের পাত্র হয় না সাধুতা ও সরলতা একই কথা অর্থাৎ অন্তঃকরণ বাক্যে ও কার্য্যে ঐক্য থাকিলে সরলতা হয় গোপনে কুকার্য্য করিলে তাহা ঘটেনা । তথাচ মনুঃ । মনস্যেকং বচস্যেকং কার্য্যেষ্বেকং মহাত্মনাং । মনস্যন্যৎ বচস্যন্যৎ কার্য্যেষ্বন্যৎ দুরাত্মনাং ॥ যদিবল যে এমত সারল্য নাথাকিলে ক্ষতি কি উত্তর প্রথম এইরূপ ভাবিতে পার বটে কিন্তু যদ্যপি তোমার সারল্য ব্যতিরেকে শঠতা ব্যক্তহয় তবে লোকে এমত ঘৃণাও অবিশ্বাস করিবেক যে তোমার সংসারে সুখসাধন মাত্রেরই উপায় থাকিবেনা ॥ তৃতীয় এই যে হিন্দুর শাস্ত্রে এমত কোন নিয়ম নাই যে লোকে নিরর্থক গোময় ভোজন করিয়া মলমূত্রে বেষ্টিত হইয়া শীতবাতাতপাদিজন্য ক্লেশ ভোগ করিবেক তবে তপস্যা শব্দের তাৎপর্য্য স্বতন্ত্র তাহা ১৬ অধ্যায়ে উক্ত হইয়াছে বরং শান্ত ও সুশীলতারূপে ঐশ্বর্য্যভোগ পূর্ব্বক নানা সুখামোদের বিধান অনেক আছে । তবে দারিদ্র্যাবস্থাতে যে ক্লেশ তাহা সকল দেশ ও সকল জাতি মধ্যেই ব্যক্ত আছে তথাপি ইংরাজ ও মোছলমান আদি যদ্যপি ঐহিক কতক সুখ ইচ্ছা করিয়া

গোষ্ঠি ভোজন করেননা আর নওয়াব মৌলবির পুত্র অতিদৈন্যগ্রস্ত হইয়াও ধনলোভে কাহারো হালালখোরি করেননা এপ্রযুক্ত স্থির হয় যে স্বাভাবিক প্রবৃত্তি ও ক্রিয়া সম্মত যে হিন্দুর শাস্ত্র অতিদূরদৃষ্টিমতে সৃষ্ট আছে এই মতই অতি উত্তম হয় তথাচ গীতা ১৮ অধ্যায় । ব্রাহ্মণ ক্ষত্রিয়বিশাং শূদ্রানাঞ্চ পরন্তপ । কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ । যদি এমত কহ যে ঐলোকের মধ্যে যেমত সকল লোক দুঃখ পায় তাদৃশ এই হিন্দু শাস্ত্রানুযায়িলোকের মধ্যেও ঘটে তবে কেবল কষ্টপাওয়াই অধিক । তাহার উত্তর এই যে কৃষিকার্য্যে শস্য বপন করাতে যদ্যপি তাহার অনেক ভাগ নষ্ট ও ভ্রষ্ট হয় এবং সকলেই সকলকালে ফলভাগী নাহয় তথাপি তাহাতে যত্ন করা প্রসিদ্ধ আছে এবং অবশ্য কর্ত্তব্য । আর শাস্ত্রশিক্ষাতে যদ্যপি সকলের গুণ না দর্শে তথাপি সকলের পিতা মাতা বালকদিগকে তাহাতেই নিযুক্ত করায় । আর যদ্যপি এই ইংরাজী আদালতে সকলে যথার্থ ন্যায় প্রাপ্ত নাহয় তথাপি রাজা তাহাহইতে ক্ষান্ত থাকেননা কি সকলের স্বেচ্ছাধীন কার্য্যের অভিপ্রায় করেননা । অতএব সুস্থির হইল যে ভালপথের পথ দেখান ও সৎকার্য্যে প্রবর্ত্ত করান ও স্বয়ং প্রবর্ত্ত হওন যুক্ত হয় । যদ্যপি তাহাতে সকলের ফলোদয় নাহয় তাহাতে ক্ষতি নাই । যদি বল যে তবে কি লোকসকল জ্ঞানের কি ধনের অনুসন্ধান

নাকরিয়া কেবল প্রাচীন মুনিপ্রণীতশাস্ত্র মাত্র দৃষ্টে তাহা
দিগের রীতিবন্ধে কলুর বলদপ্রায় চক্ষুতে ঠুলী বান্ধিয়া
সংসারের দুঃখে ঘুরিতেই থাকিবে। উত্তর শাস্ত্রের এমত
তাৎপর্য্য কদাচ নহে বরং সর্ব্বদা বিচারকরা ও উদ্যোগ
করা ও ব্যবস্থাকরা শাস্ত্রের তাৎপর্য্য হয় তথাচ মনুঃ।
ত্রৈবিদ্যোহৈতুকস্তর্কী নৈরুক্তো ধর্ম্মপাঠকঃ। ত্রয়শ্চাশ্র
মিণঃ পূর্ব্বে পরিষৎস্যাদ্দশাবরা। দশাবরা বা। পরিষৎ
যৎধর্ম্মং পরিকল্পয়েৎ। ত্র্যবরা বাপি বৃত্তস্থা তংধর্ম্মংন
বিচালয়েৎ॥ আর জ্ঞান ও ধনবৃদ্ধির যত্ন সততই কর্ত্তব্য
কেননা নরলোকে ঐ দুই পদার্থ বিনা মনুষ্যত্ব আর কিছু
তেই হয়না সে দুইতেই যত্নঅপেক্ষা করে অতএব সমস্ত
লোকের প্রার্থনীয় যে আত্মনিষ্ঠ উত্তমতা তাহা ঐ জ্ঞান
ও ধন বিনা সিদ্ধ হয়না কিন্তু তৎসাধনের ক্রম না পাও
য়াতে প্রায়স সাধারণ লোকসকলে সময় বিশেষে ও দেশ
বিশেষেওপাত্রবিশেষে নানামত উদ্যোগ ওব্যবহার করে
ফলে তাহাতে বিপরীত ঘটে। কিন্তু বিজ্ঞতম মহাশয়েরা
নিশ্চয় জানিতেপারিবেন যে প্রকৃতরূপে ঐ উত্তমতার
সাধন কিমতে হইতেপারে। বিশেষত আত্মনিষ্ঠ উত্তমতার
সাধনঐ দুই হয় তাহার এক ধন দ্বিতীয় জ্ঞান। ধনেরসাধন
দুইহয় এক আয়চেষ্টা দ্বিতীয় ব্যয়বিবেচনা। আয়চেষ্টা
দুই প্রকার এক ন্যায্য অলব্ধবস্তুর অনুসন্ধান দ্বিতীয়ন্যায্য
বস্তুর সংস্থাপন। অলব্ধবস্তুরঅনুসন্ধান দুইপ্রকার এক লাভ
হইতেপারে এমত বস্তুর প্রয়াস। দ্বিতীয়তাহারঅনুকূলক

প্রমাদি। লব্ধবস্তুর সংস্থাপন দুইপ্রকার এক প্রাপ্তবস্তুর নাশক নিবারণ। দ্বিতীয় প্রাপ্তবস্তুর বৃদ্ধিচেষ্টা। তথা ব্যয় বিবেচনা দুইপ্রকার এক আয়দৃষ্টিপূর্ব্বক ব্যয়। দ্বিতীয় অনা বশ্যকীয় ব্যয়নিবারণ। আয়দৃষ্টিপূর্ব্বক ব্যয় দুইপ্রকার। এক এই যে আমার দিন কি মাস কি বৎসরে এই আয় তাহাতে দিন কি মাস কি বৎসর এত ব্যয় হইতে পারে। দ্বিতীয় এই যে অমুক কার্য্যে এই ব্যয় সম্ভব তাহাতে আমার যে আয় আছে তাহাকুলাইবেক কিনা আরযদি না কুলায় তবে কি হইবে এতাবতা ঋণাদি করিলে তাহা কিরূপে পরিশোধ হইবে ও শোধ না দিতেপারিলে কি হইবে। আর অনাবশ্যকীয় ব্যয়নিবারণ দুইপ্রকার হয় এক এইযে অমুক কার্য্য নাকরিলে কি হানি তৎচিন্তা অর্থাৎযাহারা তাহা নাকরে তাহাদিগের শারীরিক ও সাংসারিক কিরূপে নির্ব্বাহ হইতেছে। দ্বিতীয় এই যে অমুক কার্য্য করিলে কি ফল দর্শিতে পারে অর্থাৎ ঐকার্য্যে যে ফল হবে তাহাতে সুখ অপেক্ষা দুঃখ সম্ভব অধিকআছে কিনা যদি দুঃখের অল্প কি সমান সুখ হয় তবে সেই কার্য্যে প্রবৃত্তিকরণ অনুচিত হয়॥ জ্ঞানের সাধন দুই হয় এক ঈশ্বরজ্ঞান দ্বিতীয় আত্মজ্ঞান। ঈশ্বরজ্ঞান ত্রই দুইপ্রকার হয় এক শাস্ত্র। দ্বিতীয় জগতের বৈচিত্র্যদর্শনশাস্ত্র দুইপ্রকারে অধিকৃত হয় একগুরূপদেশ। দ্বিতীয় গ্রন্থাবলোকন। গুরূপদেশ দুইপ্রকারেপ্রাপ্তহয় এক পরকীয়োদ্যোগ। দ্বিতীয় আত্মোদ্যোগ। পরকীয়োদ্যোগ দুই প্রকার এক তত্তৎকার্য্য নাকরিলে ক্ষতিসম্ভব। দ্বিতীয়

তত্তৎ কার্য্য করিলে লাভ সম্ভব। আত্মোদ্যোগ দুইপ্রকারে হয় এক আত্মরুচি। দ্বিতীয় উত্তম সংসর্গ। গ্রন্থাবলোকনের দুইধারা এক গ্রন্থপ্রীতি। দ্বিতীয় অবকাশ। গ্রন্থেরপ্রীতিদুই প্রকারে হয় এক এইযে গ্রন্থে কিকি কথা আর তাৎপর্য্য কি আছে তাহা জানা কর্ত্তব্য ইত্যাকার বুদ্ধি। দ্বিতীয় এইযে এইসকল কথা কি মর্ম্ম কোন২ গ্রন্থে আছে ইত্যাকার অনুশীলন। অবকাশ দুইমতে ঘটে এক আশার অল্পতা। দ্বিতীয় রাজসুশাসন। জগতের বৈচিত্র্যদর্শন দুইপ্রকারে ঘটে এক নানা দেশ ও জনদর্শন। দ্বিতীয় নানাদেশ ও নানা বস্তুর মর্ম্মজানন। নানাদেশ ও জনদর্শন দুই প্রকারে হইতে পারে এক পরকীয়োদ্যোগ। দ্বিতীয় আত্মোদ্যোগ। পরকীয়োদ্যোগ দুইপ্রকার এক পরাধীন কর্ম্মে নিয়োগ। দ্বিতীয় স্বেচ্ছাপূর্ব্বক পরকার্য্যসিদ্ধিতে প্রবর্ত্ত হওন। আত্মোদ্যোগ দুইপ্রকারে সম্ভব এক আত্মবিভবচেষ্টা বানিজ্যাদি। দ্বিতীয় আত্মরুচি ভ্রমণাদি। নানাদেশ ও বস্তুর মর্ম্মদুই প্রকারে জানাযায়। এক প্রাচীন মহাজনকৃত পরীক্ষা। দ্বিতীয় আত্মকৃতপরীক্ষা। প্রাচীনমহাজনকৃতপরীক্ষা দুই প্রকার একশাস্ত্রনির্ণীত পদার্থসকলেরদ্বারা মনোভিনিবেশ প্রত্যয়। দ্বিতীয় পদার্থভেদেরহেতুনির্ণয়। আত্মকৃত পরীক্ষা দুইমত হয়। এক কার্য্যের কারণানুসন্ধান। দ্বিতীয় কারণ দ্বারা কার্য্য ঘটান। আত্মজ্ঞান দুইমত হয় এক ভিন্নদেহ জ্ঞান। দ্বিতীয় নিজদেহজ্ঞান। ভিন্নদেহজ্ঞান দুই প্রকারেহয় এক অন্যব্যক্তিনিষ্ঠগুণদোষ। দ্বিতীয় অন্যব্যক্তিনিষ্ঠ গুণ

দোষের কারণ । অন্যব্যক্তিনিষ্ঠগুণদোষ দুইমতে জানা যায় । এক তাহার ব্যবহার দর্শন । দ্বিতীয় তাহার যথার্থ বিবরণ শ্রবণ । অন্যব্যক্তিনিষ্ঠ গুণদোষের কারণ দুইমতে অনুসন্ধান করাযায় । এক তাহার বংশওসংসর্গাদি বিবেচনা । দ্বিতীয় তাহার দেহঘটক সামগ্রীর বিবেচনা ॥ এবং নিজ দেহজ্ঞান দুইমতে ঘটে একআত্মনিষ্ঠ যোগ্যতার বিবেচনা । দ্বিতীয় আত্মমনোরথের বিবেচনা । আত্মনিষ্ঠ যোগ্যতা দুইরূপে পরিগ্রহ হয় । এক যাহা অন্যে অনায়াসে পারিতেছে তাহা নানাযত্নেও আত্মসাধ্য হয়কিনা । দ্বিতীয় যাহা অন্যের অনায়াসে সিদ্ধ আছে তাহা কোটি যত্নেও আত্মসাধ্য বটে কিনা । আত্মমনোরথের বিবেচনা দুইরূপে ঘটে এক আমি যে সকল উত্তম জ্ঞান করি ও অন্যকে বিধান দিই তাহা আমাহইতে কেন হয়না । দ্বিতীয় এইযে যাহাতে শত২ দোষ দেখিতেছি ও কখন তাদৃশ কার্য্য চিত্তেও সঙ্কল্প করিনাই এমত কার্য্য কিকারণে আমাহইতে হইতেছে ও যাহাতে আমার ফলভোগমাত্র নাহি তাহার কারণ আমি কেন হইতেছি ইতি । এই সকল বাগ্‌জালের তাৎপর্য্য এই যে এসমস্ত পুনঃ২ বিবেচনা করিলে ঈশ্বরের মহত্ত্ব ও আপন ক্ষুদ্রত্ব সুগমে অনভব করিয়া শারীরিক দোষ ত্যাগ ও গুণগ্রাহকতা পূর্ব্বক ধনসম্পত্যাদিযুক্ত হইয়া মানসিক ও দৈহিক সুখে জন সকল সুখী হয়েন. বিশেষতঃ পরকাল অনুসন্ধান করিতে পারেন ইত্যাদি ॥

১৮ অধ্যায় । অস্মদ্বচনং থাকিয়া২ অবহুজ্ঞের কথাতে আমার হাসি পায় যে মহাবিজ্ঞকে কেমন সুবোধ সাধু ঠাহরাইয়া গলাধরিয়া এসকল সৎপ্রবৃত্তির কথা কহিলা ফলে মহাবিজ্ঞ বড় সাধু হয়েনতো সেইরূপে সৎকার্য্য করিবেন যেমন প্রায় অনেকেই অন্যকে বুঝাইতে প্রাজ্ঞমত আচরণ করিয়া নিজে কত২ কুকর্ম্ম গোপনে করেন তথাচ । প[illegible] দেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং ভবেৎ । [illegible] মন[illegible]নং কস্যচিত্তু মহাত্মনঃ ॥ অপরঞ্চ পতঙ্গাদি [illegible]ট হইয়াও নিরর্থক প্রত্যক্ষ মরণকারণ দীপশিখাতে প্রবর্ত্ত হইতেছে । মহাবিজ্ঞ ও তৎপরিবার কি তাহাহইতে নির্ব্বোধ যে লোকাচার ও পরমার্থ ও পরকাল নাশের ভয়ে ঐহিক সুখানুভব হইতে নিবৃত্ত হইবেন । বিশেযতঃ যে সকল সূক্ষ্মদৃষ্টিদ্বারা হিন্দর মতকে প্রসংশা করিয়া মোছলমানাদির শাস্ত্রকে দোষী ঠাহরাও এত সূক্ষ্মদৃষ্টি একালে নাহি সে কাল গত হইয়াছে তথাচ। মনুঃপ্রজাপতি র্যস্মিন্ কালে রাজ্য মভূভুজৎ । ধর্ম্মৈকতানাঃ পুরুষা স্তদা সন্ সত্যবাদিনঃ ॥ তখন শাসনদ্বারা এমত ছিল যে লোক সত্যবিনা কহিতোনা এবং খতে ধর্ম্মসাক্ষীমাত্র লিখিতু হইত এক্ষণে সাক্ষিসকলে মিথ্যাবিনা কহেনা এমত সময় এত সূক্ষ্মদৃষ্টি অতি অনুচিত।আর হে অবহুজ্ঞ তুমি কদাচ এমতজ্ঞান করিবানা যে মহাবিজ্ঞ ও তৎপরিবার তোমার এইসকল কথাতে পাপহইতে নিবৃত্ত হইবেন যেহেতুক ইতিহাসসমুচ্চয়ে দ্বিতীয়াধ্যায়ে উক্তআছে যথা ।

বীজে যোনৌ তথাহারে ব্যবহারেচ যঃ শুচিঃ ॥ তস্য কৃচ্ছ্র গতস্যাপি নপাপে রমতে মতিঃ। প্রের্য্যমাণো হপি পাপে তু শুদ্ধাত্মা ন প্রবর্ত্ততে।বার্য্যমাণোপি পাপেভ্যঃ পাপাত্মা পাপমিচ্ছতি॥ বিদ্বদ্ভিঃশাস্যমানোপি পাপকর্ম্মরতির্নরঃ॥ ঘৃষ্যমাণ ইবাঙ্গারো নির্ম্মলত্বংনগচ্ছতি ॥ জন্মান্তরসহস্রেষু যা বুদ্ধি রূদিতা পুরা ॥ তামেব ভজতে জন্তুরূপদেশো নিরর্থকঃ ইত্যাদি।

১৯ অধ্যায় ॥ মহাবিজ্ঞ কহেন যে আমি যে ধারাতে যে ভাবে যে প্রকার কথা কহিয়াছি তাহার কিছু উত্তর ক্রমাগতরূপে নাই।

১৯ অধ্যায়। অবহুজ্ঞ কহেন যে প্রত্যেক কথার উত্তর ব্যাবৃত্তিরূপেই হইয়াছে তথাপি লিখিতকথাক্রমে সুশৃঙ্খলামতে উত্তর দিতে আরম্ভ করিলাম ইহাতে কোন কথার পৌনরুক্তি হইল এদোষ গৃহণ করিবেন না ॥

প্রথম মহাবিজ্ঞের কথা।বেদান্তের ভূমিকার আদিতে এক এই যে বেদের পুনঃ২ প্রতিজ্ঞাদ্বারা এবং বেদান্তের বিবরণদ্বারা এই প্রতিপন্ন হইয়াছে যে সকলবেদের প্রতিপাদ্য সদ্রূপ ব্রহ্মই হইয়াছেন।

প্রথম অবহুজ্ঞের উত্তর। এসত্য কিন্তু যেমন বেদে সদ্রূপ ব্রহ্ম প্রতিপাদ্য হইয়াছেন সেইমত বেদ গুণবিশিষ্ট ব্রহ্মকেও প্রতিপাদন করেন এবং তাহাতে ক্রিয়াও প্রতিপাদ্য হয় ইহাতে দুইপথ মুমুক্ষুকৃত বুদ্ধির কেবল সদ্ব্রহ্মজ্ঞানমাত্র সাধ্য। অন্য কামিদিগের কর্ম্মসাধ্য তথাচ॥

আত্মা বারে শ্রোতব্যো মন্তব্যো নিধিধ্যাসিতব্যঃ সাক্ষাৎ কর্ত্তব্য শ্চেত্যাদি। তথা স্বর্গকামোঽশ্বমেধেন যজেত॥ বরুণায় শ্বেত স্থাগল মালভেত ইত্যাদি॥ আর ঐ বেদে অর্থাৎ ঋগ্বেদান্তর্গত অথর্ব্ববেদে যাবতীয় দেবতার মন্ত্র ও পূজা ও নামাদি আছে এবং আচার ও সংস্কারাদি আধি কন্তু শত্রুনাশ ও অভিচারাদিও ঐবেদপ্রণীত বটে অতএব সমস্তবেদ সদ্ব্রহ্মমাত্র প্রতিপাদক নহেন বরঞ্চ জগৎকর্ত্তৃত্বা দিও অদৃষ্টফলজনকতা ও পূজ্যতা প্রত্যক্ষ ও পরম্পরারূপে কেবল ব্রহ্মেতেই আছে এমত জ্ঞাপক বেদ হইয়াছেন। আর বেদৈকদেশ দেখিয়া লোকাচার বিরুদ্ধ এমত পূর্ব্ব পক্ষ কি সিদ্ধান্ত করা মহাবিজ্ঞের অনুচিত তথাচ ব্রহ্মবৈবর্ত্তে গনেশখণ্ডে ৭ অধ্যায়ে পার্ব্বতুক্তরং॥ কেবলং বেদ মাশ্রিত্য কঃকরোতি বিনির্ণয়ং। বলবাল্লৌকিকো বেদাৎ লোকাচারঞ্চ কত্ত্যজেৎ। যাজ্ঞবল্কেঽপি। পুরাণ ন্যায়মীমাংসা ধর্ম্মশাস্ত্রাঙ্গমিশ্রিতাঃ। বেদাঃ স্থানানি বিদ্যানাং ধর্ম্মস্যচ চতুর্দ্দশ॥ অতএব এসমস্ত শাস্ত্রবিনা বেদাভিপ্রায় কিছু বুঝাযায় না। যদি কেহ জানিতে চাহে তবে তাহার বিড়ম্বনা হয়॥ তথাচ। পল্লবগ্রাহি পাণ্ডিত্যং ক্রয়ক্রীতঞ্চ মৈথুনং। ভোজনঞ্চ পরাধীনং তিস্রঃ পুংসাং বিডম্বনং॥

দ্বিতীয়। মহাবিজ্ঞের কথার চুম্বক এই যে যদি সংস্কৃত শব্দের ব্যুৎপত্তি বলদ্বারা ব্রহ্ম পরমাত্মাদি শব্দ হইতে কোন দেবতা কি মনুষ্যকে প্রতিপন্ন কর তবে কেবল

শব্দেরই কিছু অর্থ নিশ্চয় হইতে পারেনা কেননা ধাতু নানার্থবাচক এবং প্রত্যয়ও নানার্থে হয় ইতি । উত্তর আমরা যদ্যপি সংস্কৃতের ব্যুৎপত্তিবলে এতাবতা অর্থাৎ প্রকরণাৎ ইত্যাদিরূপে উপক্রম উপসংহারদৃষ্টে শব্দার্থের নিশ্চয় করি যথা । শব্দকাণ্ডাদি এবং সারমঞ্জরী । মুখ্যো লাক্ষণিকো গৌণঃ শব্দঃ স্যাদৌপচারিকঃ । যৌগিকো যোগরূঢশ্চ শব্দঃ ষোঢা নিগদ্যতে ॥ কিঞ্চ অর্থাৎ প্রকরণাৎ লিঙ্গাদৌচিত্যা দ্দেশকালতঃ । শব্দার্থাস্তু বিভজ্যন্তে ন রূপাদেব কেবলাৎ ॥ অন্যচ্চ শব্দগ্রহ ব্যাকরণোপমানকোষাপ্তবাক্য দ্ব্যবহারতশ্চ । বাক্যস্য শেষাৎ বিবৃতে র্ব্বদন্তি সান্নিধ্যতঃ সিদ্ধপদস্য বৃদ্ধাঃ ॥ এবং পদজ্ঞানস্তু করণং দ্বারং তত্র পদার্থধীঃ । শাব্দবোধঃ ফলং যত্র শক্তিধীঃ সহকারিণী ॥ লক্ষণা শক্য সম্বন্ধস্তাৎপর্য্যানুপপত্তিতঃ । আসত্তি যোগ্যতা কাঙ্ক্ষা তাৎপর্য্যজ্ঞান মিষ্যতে ॥ কারণমিত্যাদি ॥ তথাপি ঐ সন্দেহ হয়না কেননা যেকোন দেবতা কি মনুষ্যকে । কৃষি শ্চ সর্ব্ববচনো ণকার শ্চাত্মবাচকঃ । সর্ব্বাত্মাচ পরং ব্রহ্ম তেন কৃষ্ণঃ প্রকীর্ত্তিতঃ । ইত্যাদি যোগার্থদ্বারা ওবেদশব্দ দ্বারা প্রতিপন্ন করি তাহাতে এই সমস্ত কারণ ঘটিয়াও সামবেদের কাণ্ব শাখাদির বিশেষ২ শ্রুতি ও স্মৃতি ও পুরাণ ও তন্ত্রাদি স্পষ্টরূপে নির্ণায়ক হয়েন । যথা ঋগ্বেদে আস্যজানন্তো ত্বে ত্বাত্মকুশলা জনা হে বিষ্ণো তে তব

মহঃ প্রকাশং স্বরূপপ্রকাশিকাং সুমতিং শোভনাং মতিং ভজামহে ইত্যাদ্যা শ্রুতয়ঃ। যজ্ঞো বৈ বিষ্ণুরিতি শ্রুতিঃ॥ এবংগীতাতে। কেষুকেষুচ ভাবেষু চিন্ত্যোসি ভগবান্ ময়া। ইতি প্রশ্নে। আদিত্যানামহং বিষ্ণু জ্যোতিষাং রবিরংশু মানিত্যাদি উক্ত আছে অতএব বিষ্ণুস্তোত্রে। যানি নামানি গৌণানি বিখ্যাতানি মহাত্মনঃ। ঋষিভিঃপরি গীতানি তানি বক্ষ্যামি ভূতয়ে ইত্যাদি।

তৃতীয় কথা। যদি কোন দেবতা কি মনুষ্য বেদান্ত শাস্ত্রের বক্তব্য হইতেন তবে ঐ বেদান্তের কোনস্থানে সে দেবতা কি মনুষ্যের নাম থাকিত॥

তৃতীয়। ইহার সিদ্ধান্ত আদৌ এই যে বেদান্তের এমত উদ্দিশ্য নহে যে যজ্ঞাদিক্রিয়া কি দেবতা সকলের অর্চনা নিষেধ করেন বরং তাৎপর্য্য এইযে কোন২ শ্রুতি সাধারণরূপে অনৈক্য বোধ হয় অতএব তাহার সমন্বয় অর্থাৎ ঐক্য করেন। একথা মহাবিজ্ঞ আপনহস্তে প্রথম লিখিয়াছেন ইহাতে কোন দেবতার নাম না থা কাতে কি ক্ষতি। অপরন্তু যে বেদপ্রমাণদ্বারা কোন২তর্ক ও কপিলাদি স্মৃতিকে অনাদর করিয়াছেন সেই বেদে সে সকল দেবতার উপাসনা আছে তাহাতে বেদান্ত কোন মতে বাধা করিতেপারেননা। বিশেষতঃ ঐ বেদান্তের চতুর্থ অধ্যায়ের চতুর্থপাদের ১৯। ২০ সূত্রে ঈশ্বরের সগুণ রূপে উপাসনার বিধি স্পষ্ট পাওয়া যাইতেছে। আর প্রথম

অধ্যায়ের প্রথমপাদের ৩০ সূত্রে যে বামদেব মনুর প্রস্তাব আছে তাহা মনুর মতেও পাওয়া যায় তথাচ। এতমেকে বদন্ত্যগ্নিং মনমন্যে প্রজাপতিং। ইন্দ্রমেকে হপরে প্রাণমপরে ব্রহ্ম শাশ্বতং ॥ তবে এমত বামদেবাদি শব্দ থাকাতেও মহাবিজ্ঞ এরূপপ্রলাপ করিতে পারেননা। এবং শিষ্ট সকলের কথার আদর ঐ গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ের প্রথমপাদের ১২ সূত্রে ও দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয়পাদের ১৭ সূত্রে আছে সুতরাং শিষ্ট অর্থাৎ জৈমিনি ও গৌতম সনকাদির মত যেদেবতাদির অর্চ্চনা তাহাকোনপ্রকারেই বেদান্তের মতের অন্যথা নহে।

চতুর্থ কথা। ইহার তাৎপর্য্য এই যে যেমন বেদেতে কোন২স্থানে কোন২ রূপগুণবিশিষ্ট দেবতার কি মনুষ্যের ব্রহ্মস্বরূপে বর্ণন করিয়াছেনসেইরূপ আকাশ ও অন্নাদিরও স্থানে২ ব্রহ্মস্বরূপে বর্ণন আছে ইহাতে বেদের তাৎপর্য্য এইহয় যে ব্রহ্ম সর্ব্বময় হয়েন এইহেতুক তাঁহার অধ্যাস করিয়া সকলকে ব্রহ্মরূপে স্বীকার করাযায় নতুবা পৃথক পৃথককে সাক্ষাৎ ব্রহ্মবর্ণন করা বেদের তাৎপর্য্য নহে তবে অনেকেই পশু মৃত্তিকাদিকে উপাস্যকল্পনা করিয়া কি বুদ্ধিতে মনকে বদ্ধ করেন তাহা বোধ গম্য নহে ॥

চতুর্থ। ইহার সিদ্ধান্ত এইযে আকাশঅন্নাদির ব্রহ্মত্ব গৌণ কথন বেদে আছে ইহা বেদান্তেও ব্যক্তবটে আর ঐধারা যে কোন২ দেবতা ও মনষ্যের ব্রহ্মত্ব কথন আছে আমরা কেবল সেই ব্রহ্মত্ব কথনমাত্রদ্বারা সেসকল

দেবতাদির উপাসনা করি এমত নহে বরং ঐ বেদের মধ্যে সামবেদে ও কাণ্বশাখাদি নানাস্থানে যে সমস্ত দেবতাদির উপাসনার বিধান এবং মন্ত্রাদি স্পষ্টাভিধানে লিখিয়াছেন। এবং নানা শাস্ত্র অর্থাৎ মন্বাদি স্মৃত ও আগমাদি ও মীমাংসাদি দর্শনদ্বারা ঐ সকল দেবতাদির উপাসনা নিশ্চয় হইতেছে। এমতে আমরা সেইং বিশেষ২ রূপগুণবিশিষ্ট দেবতারএবং অবতারাদির উপাসনা করি। অতএব তোমার আপত্তি থাকিলনা।। অপরন্তু শরীরগ্রহণ না করিলে সৃষ্ট্যাদি কর্ম্মেও ব্রহ্মের অপগমতা হয় সুতরাং সৃজন পালনাদি কার্য্য সাধনার্থ তাঁহাকে রূপগুণবিশিষ্ট হইতে হইল তথাচব্রহ্মবৈবর্ত্তে গণেশখণ্ডে ৩২ অধ্যায়ে। সৃষ্টা পাতাচ সংহর্ত্তা কলয়া মূর্ত্তিভেদতঃ। স্বয়ং প্রকৃতিরূপশ্চ মায়য়া স স্বয়ং পুমান্ ইত্যাদি ॥ এমতে সেই২ রূপংগুণালয়ের উপাসনা কর্ত্তব্য কেননা উপাসনাজন্য তুষ্ট্যাদিজন্য অদৃষ্টজন্য ফলদাতৃত্ব ঐ২ রূপগুণবিশিষ্টেতে সম্ভব নতুবা ব্রহ্মেতে নির্গুণত্বাদিহেতুক অদৃষ্টাদি ফলদাতৃত্বের সম্ভাবনা কোন মতেই নাই এপ্রযুক্ত ব্রহ্মের উপাসনা ঐ রূপগুণবিশিষ্টেতে করি। এবং ঐ সকল উপাসনাতে ব্রহ্মের উপাসনা সিদ্ধি হয় তথাচ মনুঃ ১২ । ১২৩ এতমেকে বদন্ত্যগ্নি মিত্যাদি ॥ এবং পদ্মপুরাণে পাতালখণ্ডে পঞ্চমাধ্যায়ে ভগবদুক্তং। মামেকে প্রকৃতিং প্রাহুঃ পুরুষঞ্চ তথেশ্বরং ধর্ম্ম

মেকে ধনমেকে মোক্ষ মেকে হকুতোভয়ং । অন্য
মেকে ইভাবমেকে পরমাণু যথাপরে ॥ দৈব মেকে দেব
মেকে গ্রহমেকে মনঃ পরে ॥ বুদ্ধিমেকে কালমেকে শিব
মেকে সদাশিবং ॥ অপরে বেদশিরসি স্থিতমেকং সনা
তনং ॥ সদ্ভাবং বিক্রিয়াহীনং সচ্চিদানন্দবিগ্রহমিত্যা
দি ॥ তথা সপ্তমাধ্যায়ে । অহঞ্চ বাসুদেবাখ্যো নিত্য
কামকলাত্মকঃ । সত্যং যোষিৎস্বরূপোহং যোষিচ্চাহং
সনাতনী ॥ অহঞ্চ ললিতাদেবী পুংরূপা কৃষ্ণবিগ্রহা ।
যাদুর্গা সৈব ললিতা ললিতা সৈব রাধিকা এতাসা মন্তরং
নাস্তি সত্যংসত্যঞ্চ নারদ । নাহং নত্বং নৈবচেয়ং
জ্ঞানানন্দাত্মসংগ্রহঃ ॥ অপরঞ্চ ব্রহ্মবৈবর্ত্তকে গণেশ
খণ্ডে সপ্তমাধ্যায়ে নারায়ণেনোক্তং । সুরেশ্বরা মদং
শাশ্চ ব্রহ্মবিষ্ণু মহেশ্বরাঃ । কলাঃ কলাংশরূপাস্তা জীবি
নশ্চ সুরাদয়ঃ ॥ ১২ অধ্যায়ে বিষ্ণুঃ ॥ মহান্ বিরাট্ যদং
শশ্চ যল্লোমবিবরে জগৎ ইত্যাদি ॥ ৪১ অধ্যায়ে ॥
সর্ব্বপ্রসূতা প্রকৃতিঃ সা লক্ষ্মীঃ পরিকীর্ত্তিতেত্যাদি ॥
তবে যে পৃথকং উপাসনা করি সে নানাভোগাভিলাষী
হইয়া নানারূপে অর্চ্চনা করামাত্র বস্তুতঃ সাধ্য একই
হয় তথাচ । নৃণামেকো গম্য স্ত্বমসিপয়সামর্ণবইব
ইত্যাদি ॥ অধিকন্তু অল্পমনোযোগেই জানিতে
পারিবা যে রাজা যদ্যপি কোন লোকরীতি দর্শনেচ্ছা
করিয়া বস্ত্রান্তর ও বেশান্তর গ্রহণ করিয়া পদাতিকা
দিরূপে নগরে প্রবেশ করেন আর সেই পদাতিকের

অনুসন্ধান জানিলে যদি ঐ পদাতিককে মহারাজ কহি তবে কি সে অযোগ্য কথা হইবেক বরং অন্যান্য উপকরণাভাবে রাজত্বস্বরূপ ব্যাপার যোগ্য তাই ঐ পদাতিকাবস্থায় প্রত্যক্ষ হয়না অতএব ঐসকল গুণবিশিষ্টকে সাক্ষাৎ ব্রহ্মকহিলেও ক্ষতি নাই। যদি কহ যে ঈশ্বর সকলরূপ ও সকলবস্তু হইয়াছেন তবে ঐ সকল বস্তুকেই অর্চ্চনা কেনকর। তাহার তিন উত্তর এক এই যে যাহার এমত বিশ্বাস হইয়া সর্ব্বময়ত্ব জ্ঞানোদয় হয় সে অভেদরূপে সকলকেই উপাসনা করে কিন্তু তৎকালীন অহঙ্কার লোপ হেতুক কাম থাকেনা তবেই অদৃষ্ট উপাসনাও থাকেনা কেবল জ্ঞানমাত্র উপাসনা তাহার কর্ত্তব্য হয়। ২ এইযে যখন পর্য্যন্ত অহঙ্কারথাকে তাবৎ সেইকার্য্যে অনধিকারী হয় এমতে যে২ রূপে যে২ গুণকে ঐঈশ্বর ধারণ করিয়াছেন সেইমতে তত্তৎসিদ্ধিকামনাতে তাঁহাকে অর্চ্চনা করে যথা। ব্রহ্মবৈবর্ত্তকে গণেশখণ্ডে ৩২অধ্যায়ে শিবেরউক্তি। গণেশং বিঘ্ননাশায় ব্যাধিনাশায় ভাস্করং॥ আত্মনঃ শুদ্ধয়ে বহ্নিং শ্রীবিষ্ণুং মুক্তিহেতবে।জ্ঞানায় শঙ্করং দুর্গাং পরমৈশ্বর্য্যহেতবে। সংপূজনে ফলমিদং বিপরীত মপূজনে॥ তথাব্রহ্মখণ্ডে১৪ অধ্যায়ে। ব্রহ্মাণং ভজতে যোহি লভেৎ সোপি প্রজাং শ্রিয়ং ইত্যাদি॥ এবং আরোগ্যং ভাস্করাদিচ্ছেদিত্যাদি। আর ঐহিকেও সেইরূপ চৌরভায়াদিতে রাজাকে ও পিপাসা বারণার্থে জলকে আর ক্ষুধানিবারণার্থে অন্নকে সেবা

করে এমতেও সকলরূপে কার্য্যভেদে ব্রহ্ম উপাস্য হই
লেন ॥ ৩এই যে পারলৌকিক ব্যাপার সাধনার্থে বিশেষ
মূর্ত্তি পূজ্য হওনের তাৎপর্য্য এই যে ঐ সকলগুণাশ্রয়ে
তত্তৎকার্য্যসাধনতা আছে এমতে বেদেও সেই গুণাশ্র
য়েরপ্রতি বিশেষ২ মন্ত্রের উপদেশাদি করিয়াছেন তাহার
মধ্যে শিষ্টসকলে যে২ মন্ত্রে সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন তাহাই
আমাদিগের সেব্য কেননা দুর্গম্য স্থানগমনে প্রাচীন
প্রসিদ্ধ পথে গমনই যুক্ত হয় যেহেতুক নূতন পথবর্ত্তী
ব্যক্তি কুস্থানেপতিত হইলে শ্রমবৃথা হওন সম্ভবআছে ॥
আর ব্রহ্ম নানারূপে নানাকার্য্য সাধন করেন ইহা নানা
স্থানে নানামতেপ্রকাশ আছে তদ্যথা ব্রহ্মবৈবর্ত্তকেপ্রকৃতি
খণ্ডে ১১অধ্যায়ে ব্রহ্মাওসূর্য্যাদির প্রতিভগবদ্বিষ্ণুবাক্যং ॥
পাতাহং জগতাং দেবাঃ কর্ত্তাহং সন্ততং মুদা ॥ স্রষ্টাচ
ব্রহ্মরূপেণ সংহর্ত্তা শিবরূপতঃ। শিবোহং ত্বমহঞ্চাপি
সূর্য্যোহং ত্রিগুণাত্ততঃ ॥ বিধায় নানারূপঞ্চ করোমি সৃষ্টি
পালনং ॥ এবং শ্রীমদ্ভাগবতে প্রথমস্কন্ধে ১৫ অধ্যায়ে
প্রায়েণৈতৎ ভগবত ঈশ্বরস্য বিচেষ্টিতং। মিথোনিঘ্নন্তি
ভূতানি ভাবয়ন্তি চ যন্মিথঃ ॥ রূপগুণবিশেষে যোগ্যতার
নানাত্ব প্রত্যক্ষই আছে চন্দ্রসূর্য্য অগ্নিজল ভূমি আদি
আর এক বস্তুর নানাগুণত্ব ও রূপত্ব ও যোগ্যতার তার
তম্য প্রত্যক্ষ হয় যেমন বৃক্ষ মূলাবধি বৃক্ষত্বাবচ্ছিন্ন সর্ব্বা
ধার স্কন্ধ ততউপরি বৃহৎশাখা ও উপশাখা আধার
আধেয় বটে ততউপরি পল্লব আধেয় ও পত্রাদিরআধার

ঘটে ততউপরি পত্র সে চঞ্চল কিন্তু মূল অচঞ্চল আর যখন ঐ বৃক্ষ ফলপুষ্পাদি প্রদানকরে তখন প্রতিপল্লবে কি মূলে কি স্কন্ধে মঞ্জরী আদি উৎপন্ন হয় অতএব ঐ এক বৃক্ষের নানারূপ হওয়াও তাহাতে নানারূপ কার্য্যসাধন করাও সেইন্যায়। ক্ষমতা বিশেষেরদ্বারা কোন পশু পক্ষির পূজ্যত্বহওয়া আরতদাধাররূপ কোন মৃত্তিকা পাষাণকে পূজ্যস্বরূপে অবলম্বনকরা বুদ্ধির অগ্রাহ্য কথা নহে কিন্তু সম্যক বেদবেদাঙ্গাদি নাজানাতে সুতরাং বুদ্ধির অগম্য হওয়া সম্ভব। যদি কহ যে ব্রহ্ম যদ্যপি সর্ব্বময় হইলেন তবে বেদে কেন তোমার আমার ছাড়া কৃষ্ণবিষ্ণু স্বরূপে গৌরব করেন তাহার কথা এই যে অগ্নি যদ্যপি দীপে ও অঙ্গারে ও প্রস্তরাদিতে থাকেন তথাপি অঙ্গারস্থ অগ্নি স্বপ্রকাশ ও প্রস্তরস্থ অপ্রকাশ হইতে দীপস্থের গৌরব সুতরাংসিদ্ধ কেননা দীপস্বপ্রকাশ হইয়া অন্যান্য বস্তুর প্রকাশক হয়েন সেই মত ঐ ঐ কৃষ্ণ বিষ্ণু। অতএব শ্রীমদ্ভাগবতে ২ স্কন্ধে ৬ অধ্যায়ে উপাস্য নিরূপণে ব্রহ্ম স্বরূপযথা॥ বিশুদ্ধং কেবলং জ্ঞানংপ্রত্যক্ সম্যগবস্থিতং। সত্যং পূর্ণমনাদ্যন্তং নির্গুণং নিত্যমদ্বয়ং ইত্যাদি উপক্রম করিয়া। আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্যকালঃ স্বভাবঃ সদসন্মনশ্চ ইত্যাদি কহিয়া শেষে কহিলেন যে। প্রাধান্যতো যান্ ঋষয়ো মনন্তি লীলাবতারান্ পুরুষস্য ভূম্নঃ ইত্যাদি সুতরাং ঐকৃষ্ণাদি যে কল্মি সদৃশ হইয়াও আমাদিগের কর্ম্মসিদ্ধির উপায় কর্ত্তা বটেন তথাচ কার্ত্তিকো

পুরাণে ১১ অধ্যায়ে। যজ্জ্যোতিরুগ্রং স্বপরপ্রকাশং কূটস্থ মব্যক্ত মচিন্ত্যরূপং। নিত্যঞ্চ দীর্ঘাদিবিশেষণাদ্যৈহীনং পরং তস্য পরং নভিন্নাঃ ॥ এমতে আমরা ঐ রূপগুণা শ্রয় সকলকে নিজকর্ম্মসাধন করিতে উপাসনা করি সক লেরি কর্ম্মভোগ আছে ইহা যে আমরা জানিনা এমত নহে তথাচ ব্রহ্মবৈবর্ত্তকে গণেশখণ্ডে ১৩ অধ্যায়ে বিষ্ণুরুবাচ। ব্রহ্মাদি কীটপর্য্যন্তং জগদ্ভুঙ্‌ক্তে স্বকর্ম্মণা ফলমিত্যাদি ॥ অন্যস্য। ইন্দ্রঃ স্বকর্ম্মণা কীটযোনৌ জন্ম লভেৎসতি। কীটশ্চাপি ভবেদিন্দ্রঃ পূর্ব্বকর্ম্মফলেনবৈ॥ যেসকললোকে কোন রূপগুণবিশিষ্টের উপাসনা করিয়া থাকে তাহারা ইহা নিশ্চয়জানে যে যে পরমেশ্বর আপনাহইতে এইসূর্য্য চন্দ্র নক্ষত্র জ্যোতিঃ ও গগণমণ্ডল ও বায়ু ও মেঘ ও সমুদ্র ওপৃথিবী আদি সমস্ত সৃষ্টি করিয়া স্বীয়মাহাত্ম্যে অখণ্ড রূপেআছেন তিনিইপাঞ্চভৌতিক দেহপিণ্ডকে সেই সকল পদার্থাংশ গ্রহণপূর্ব্বক রচনা করিয়া স্বয়ংতাহাতে বিরাজ মান আছেন এবং ঐ সকলপদার্থ তাহাঁতে আশ্রয়করিয়া থাকে ও তাহাতেই লয় হয়। এমতে যত পূজা হয় তাহাতে ভূতশুদ্ধির আবশ্যকতা আছে সেই ভূতশুদ্ধির শব্দার্থ জানা কর্ত্তব্য। আর ভূতশুদ্ধিতে চক্ষুঃ ও রসনা ও ঘ্রাণ ও ত্বক্ ও শ্রবণ এইপঞ্চ জ্ঞানেন্দ্রিয় আর বাক্‌পাণি পাদ পায়ু অর্থাৎ গুহ্য ও উপস্থ এইপঞ্চ কর্ম্মেন্দ্রিয়। এবং রূপ রস গন্ধ স্পর্শ ও শব্দ এইপঞ্চ তন্মাত্র। আর পৃথিবী

জল তেজো বায়ু ও আকাশ এইপঞ্চভূত এই বিংশতি ॥ এবং মনোবুদ্ধি অহঙ্কার প্রকৃতি এই সকল মিলিয়া চতুর্ব্বিংশতি তত্ত্ব পরমশিবে চিৎস্বরূপে লীনকরণ আর পুনর্ব্বার সেই সকলের সৃষ্টিকরণের যে প্রণালি সেইত একব্রহ্ম হইতে জগৎরূপে নানা পদার্থ প্রকাশ হওয়া। আর তাহাতে লীন হইবারও এক ব্রহ্মাতিরিক্ত পদার্থান্তর না থাকার বিলক্ষণ নিদর্শন। সুতরাং রাম কৃষ্ণাদি উপাস্য নামরূপের অন্যাকারাদিতে সাম্য হইলেও ভগবৎ মাহাত্ম্যের প্রাচুর্য্যই উপাস্যতার কারণ। তবে ইতর লোকেরা আপনাদিগের কদর্য্যপ্রকৃতির অনুসারে অন্য জ্ঞান করে ॥ যথা শ্রীমদ্ভাগবতে প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ॥ তমযং মন্যতে লোকোহ্যসক্তমপি সঙ্গিনং। আত্মোপাম্যেন মনুজং ব্যাপৃণ্বানং যতোহবুধঃ ॥ আর মৌলবি রূম ও জাদোলমোসাফেরাণে এইমত অনেক কহিয়াছেন যে কদর্য্যপ্রকৃতিকলোক সাধারণদৃষ্টিতে ঈশ্বরীয় মহিমা জানিতে পারেনা ॥

পঞ্চম। কথা এইযে এরূপ কল্পনা কেবল অল্পকালের পরম্পরাদ্বারা এদেশে প্রসিদ্ধ হইয়াছে ॥

পঞ্চম। উত্তরএইযে একথা মিথ্যা কেননা সকলদেশেতেই মূর্ত্তির অর্চ্চনা ও যজ্ঞাদি পূর্ব্বকালাবধি প্রসিদ্ধ ছিল এমত প্রমাণ চীনে ও ভোটাণ্ডে ও মুশাবগ্রন্থে ও পারসীতে ও অর্ব্বদেশে ও ইব্রাহীমের প্রস্তাবে পাওয়া যাইতেছে তবে ঐসকল গ্রন্থাদি যে না দেখিয়া থাকে সেও কহিতে

পারেনা কেননা অতিপ্রাচীন বেদবেদাঙ্গাদিগ্রন্থেও সুন্দররূপে একথা স্পষ্টাভিধানে বিধিব্যাবৃত্তিদ্বারা ব্যক্ত আছে ॥

ষষ্ঠ। কথা এইযে লোকেতে বেদান্তশাস্ত্রের অপ্রাচুর্য্য নিমিত্ত স্বার্থপর পণ্ডিতসকলের বাক্যপ্রবন্ধে এবং পূর্ব্ব শিক্ষা ও সংস্কারের বলেতে অনেকানেক সুবোধ লোক এই কল্পনাতে মুগ্ধ আছেন ॥

ষষ্ঠ। উত্তর এইযে একথা সকল মিথ্যা নহে কেননা পণ্ডিতের কথা শ্রবণকরা সুবুদ্ধির প্রমাণ হয় আর মূর্খের কথা শ্রবণকরা নির্ব্বোধের লক্ষণ। কিন্তু যদ্যপি বেদান্ত শাস্ত্রের কথা তাঁতি জোলা বেণ্যা শুঁড়ি ইত্যাদি লোকের মধ্যে অপ্রাচুর্য্য বটে তথাপি বিশিষ্ট ও শান্ত ও বিজ্ঞ ও মহল্লোকমধ্যে বেদান্তশাস্ত্র অব্যক্ত নহেন তাহার প্রমাণ এই যে ঐ শাস্ত্র শান্তলোকে অনবরত অধ্যয়ন করেন ॥

সপ্তম। কথা এই যে পাদরিদিগের সহিত বিচারে ইছার দেবত্ব ও হোলিগোষ্টের ঈশ্বরত্বেরপ্রতি এবং তাঁহার ঈশ্বর হওনের বিষয় সন্দেহ করাতে পাদরি যে উত্তর দিলেন তাহার ভাব এই যে আমাদিগের সাধারণ বুদ্ধিতে তদ্বিষয়ক চিন্তা অকর্ত্তব্য কেননা প্রত্যক্ষ দেখি যে বৃক্ষ তাহার শাখাপল্লবে কি ক্রমে মৃত্তিকা হইতে রস গ্রহণ করে। আর আত্মা কিরূপে শরীরে অধ্যক্ষ আছেন তাহাও আমরা জানিতে পারিনা। তাহাতে মহাবিজ্ঞ

যে লিখিয়াছেন তাহার ভাব এই যে ঐ সাদৃশ্য অযোগ্য কেননা আমাদিগকে বেষ্টিয়া কি আমাদিগের মধ্যে যে বস্তু আছে তাহার যথার্থ ক্রম যদ্যপি আমরা জানিতে না পারি তথাপি তাহার সত্ত্বার প্রতি বলক্রমে আমাদিগের বুদ্ধিকে নিয়োগ করে॥ অতএব ঐ ইছা ওহোলি গোষ্ট কিসেই প্রকার। কি হিমপর্ব্বতের মত যাহা আমরা না দেখিয়াও অনবরত শ্রবণপ্রযুক্ত বিশ্বাস করি এতাবতা ইংরাজের ঐ মত হিন্দুর পঞ্চ ব্রহ্ম ও অবতারাদির মত হয়। যদ্যদি একথাতে আমাদিগের শাস্ত্রের উপর দোষ প্রকাশরূপে নাই কেনন। যেমন খ্রিষ্টিয়ানের মতে ইছার অপৈতৃক জন্ম স্বীকার না করিলেই নহে। বৈদিক মতেত তাদৃশ কিছুনাই যে কোন আশ্চর্য্য কথা স্বীকার নাকরিলে বৈদিকধর্ম্মের কোন হানি হয়। বিশেষতঃ বৈদিকমতে কোনপ্রধান গুণাবলম্বির নামাদি সংক্রান্তরূপে পরমাত্মার মহিমা রূপককথন মাত্র। এবং পঞ্চায়তনী দীক্ষার স্বতন্ত্র ভাব তাহার বিস্তার। অধ্যায়ে ব্যক্তকরাগিয়াছে খ্রিষ্টিয়ানেরাত সেই মত আপনার পেগম্বরের বিবরণ রূপক কহিতে পারেনা বরং যদি কোন লোক কহিতে চাহে যে ইছা শব্দে জীব তিনি পরমাত্মা ঈশ্বরের অংশরূপ পুত্র। আর হোলি গোষ্টশব্দে জ্ঞান আর মহম্মদ জীবাত্মক মন পরমাত্মার সখা ইত্যাদি। ইহাতে বৈদিকমতের ছায়াবলম্প বোধ হইয়া প্রাতমা নিন্দুক পাদরিও মোল্লাদিগের একবালীন সর্ব্বনাশ, পূর্ব্বক

খ্রিষ্টিয়ানের ও এহলামের মূলউৎপাটন হয় অতএব যদি কেহ নরজাতিত্বরূপে হিন্দুর অবতারের ন্যায় খ্রিষ্টকে জ্ঞান করিতে চাহে সেও অযুক্ত যেহেতুক গোজন্যত্ব প্রকারে দুগ্ধাদিও গোময়াদি তুল্যরূপ দেখাগেলেও স্বাদু ও গুণবৈলক্ষণ্যে গোময় কদাচ দুগ্ধের ন্যায় হইতেপারে না। তদ্রূপ খ্রিষ্টে ও অবতারে উদ্দিশ্যতার ভেদ রূপাক রূপেই আছে। তথাপি অতত্ত্বজ্ঞ সাধারণ প্রবৃত্তিসম্বন্ধে রূপক অবতারাদি বিষয় ঐ মহাবিজ্ঞের শ্লেষোক্তিতে দোষোদ্ভাবন হইতে পারে। অতএব ইহার উত্তর ৩ প্রকারে দেওয়া কর্ত্তব্য হইল।

১ প্রথম এইযে অনাদিপ্রসিদ্ধ যেপ্রত্যক্ষও অনুমান ও উপমান ও শাব্দ এই চারি প্রমাণ জ্ঞানের কারণ। কেহ তদতিরিক্ত অর্থাপত্তিও অভাব ও সম্ভব ও ঐতিহ্য এই চারি অধিক প্রমাণ মানেন তথাচ। প্রত্যক্ষ মেকং চার্ব্বাকাঃ কণাদসুগতৌপুনঃ। অনুমানঞ্চ তচ্চাপি সাংখ্যাঃ শাব্দঞ্চ মেনিরে। ন্যায়ানুসারিণো হপ্যেতানুপমানঞ্চ কেচন। অর্থাপত্ত্যা সহৈতানি চত্বার্য্যাহুঃ প্রভাকরাঃ। অভাবষষ্ঠান্যেতানি ভট্টা বেদান্তিনো জগুঃ। সম্ভবৈতিহ্যযুক্তানি ইতিতৌ পৌরাণিকা বিদুঃ॥ আর ভ্রম ও প্রমা ও সংশয় ও নিশ্চয় এই চারিপ্রকার জ্ঞান হয়। যদ্যপিও নরসিংহের উৎপত্তি ও বামনের ত্রিপাদ উদ্ভব ও কৃষ্ণের মায়াক্রমে গো গোবৎস বালকাদির রূপ ধারণ করণ ও মহিষমর্দ্দিনীর প্রাদুর্ভাবাদি প্রত্যক্ষ গোচর

নহে তথাপি আম্রেকীটোৎপত্তি আর আলগলস্তার উদ্ভব এবং মেঘও বজ্রের ধারা যেমত তত্তৎকারণকলাপ না জানাতে বিশ্বাস হইতেছে তাদৃশ কি অনুভূত নহে। কেননা আম্রে কীটোৎপত্ত্যাদিতে আম্রৈকদেশে প্রত্যক্ষ কারণান্তরাসদ্ভাবে আম্র ও কীট এই দুই বস্তুর অতিরিক্ত কীটোৎপত্তিবিষয়ে যাদৃশ বুদ্ধির বিরাম দেখিতেছি তাদৃশ ঐ নৃসিংহ আর স্তম্ভাদিব্যতিরিক্ত ঐ নৃসিংহোৎপত্ত্যাদিতেও বটে যেহেতুককীট আর নৃসিংহেরউৎপত্ত্যাদি বাহ্যেন্দ্রিয়গোচর নহে যথা। আত্মা মনসা সংযুজ্যতে মন শ্চেন্দ্রিয়েণ ইন্দ্রিয় মর্থেন ততো জ্ঞানমিতি প্রত্যক্ষ সূচনা। তাহার অভাব তুল্যতাক্রমে ঐ দুই স্থলেই আছে। আর যদি সর্ব্বতোভাবে প্রত্যক্ষসত্ত্বামাত্র মান তবে তোমার মতে আম্রেকীটের উৎপত্তিরূপ সত্ত্বা স্বীকার্য্য হয় না বরং তোমার বাক্যও অসংলগ্ন হয়যেহেতুক ঐ বৃক্ষের রসগ্রহণ ও আত্মার অধ্যক্ষতারূপ সত্ত্বাও চাক্ষুসাদি নহে অতএব সে তোমাকে ব্যাপিয়া কি তোমার মধ্যে নাই ॥

২ দ্বিতীয় যদি কহ যে প্রত্যক্ষমূলক প্রমাণসিদ্ধ ঐ কীটোৎপত্ত্যাদি আমাদিগকে বলক্রমে সেই সকল বস্তুতে নিশ্চয় করায় যেহেতুক সেই নৃসিংহ আর স্তম্ভাদিপ্রত্যক্ষ নহে অতএব তাহার উৎপত্তি অগ্রাহ্য। এমতে আমি জিজ্ঞাসিতে সমর্থ হই যে উত্তরদেশীয় হিম পর্ব্বত প্রত্যক্ষ না হইয়া ক্রিমতে আপনকার অনুভূত

হইতে পারে। যদিবল যে শব্দপ্রমাণে অনুভূত তবে নৃসিংহাদির উৎপত্তি কি পুরাণশব্দপ্রমাণে অনুভূত হইতে পারেনা কেনন: সেই হিমপর্ব্বতের সংবাদলিপি প্রেরক লোকঅপেক্ষা পুরাণরচক মুনিগণ কি অজ্ঞানী কি ভ্রান্ত বটেন এমত প্রমাণতো কোনস্থানে পাওয়া যায় না। তাহাতে যদি কহেন যে হিমপর্ব্বতদ্রষ্টা যে সকললোক তাহাদিগেরমধ্যে কেহ তাহা খণ্ডন করেন না তবে আমি প্রার্থনা করি যে নৃসিংহের উৎপত্তিকালীন তৎস্থানবাসী কোনব্যক্তি ঐ নৃসিংহের বিষয় কি খণ্ডন করিয়াছেন কি কহিতেছেন তাহার নির্ণয় বলুন। যদিবলেন যে নৃসিংহাদিতো বিদ্যমাননহে হিমপর্ব্বত বর্ত্তমান এই বিশেষ। তাহাতে এই উত্তর যে শক ১৭৩০ আর সন ১২১৫ সনে যে ধূমকেতু নক্ষত্র হইয়াছিল তাহাও বর্ত্তমান নহে তবে কি সে লোককর্ত্তৃক অগ্রাহ্য হইবে ফলে যে কোন ব্যক্তি যেকোন বিষয় কিছু মাত্র জ্ঞাত নহে এবং যাহার যে অংশে প্রত্যক্ষ জ্ঞান নাই সে কোনরূপে তাহাতে বুদ্ধিনিক্ষেপ করিতে পারেনা বরং অতিশয় আশ্চর্য্য অদ্ভুত জ্ঞান করে। যেমন কোন কুগ্রামবাসী জন হঠাৎ কোনস্থানে গমন করিয়া এক উচ্চ প্রাসাদ দৃষ্টে তাহার বৃত্তান্ত জ্ঞাত হইতে নাপারিয়া ও অন্য কোন প্রকার তাহার অন্তঃকরণে উদয় না হওয়াতে নিশ্চয়রূপে এই দুই উদ্যোগ স্থির করিয়াছিল যে কাকে,দধি ভক্ষণপূর্ব্বক উচ্চার করাতে এতাদৃশ হই

য়াছে কি কোন বস্তু ভূমিতে চিত্র করিয়া পরে সংস্থাপন করিয়াছে অতএব আমরা আত্মশরীরসংসর্গি ও ইন্দ্রিয়গোচর কতক বস্তু স্থূলরূপে নির্ণয় করিয়া নিজ২ সংসার ব্যাপারের অনুষ্ঠান করিতে পারি এইমাত্র বুদ্ধি রাখি তাহাতেও প্রায় অনেকেই অযোগ্য ইহাতে তত্ত্ব জ্ঞান কি সূক্ষ্ম পদার্থজ্ঞান আমাদিগের অতিসুকঠিন বোধ হয় এপ্রযুক্ত কোন বিজ্ঞলোক কহিয়াছেন যে সাধারণ লোকের ঈশ্বরীয় কার্য্যচিন্তা কেবল বৈচিত্র্যদর্শন মাত্র ॥

৩ তৃতীয় যদি বল যে নৃসিংহ বামনাদির বিষয় অতি অসম্ভব বটে কেননা এমত কুত্রাপি সম্ভব নাই। তাহার উত্তর এই যে যেসকল বস্তু যাহার প্রত্যক্ষ হয় সে তাহা দ্বারাই তন্মূলকের অনুমান সিদ্ধকরে তথাচ গৌতমসূত্রং। অথতৎপূর্ব্বক ত্রিবিধ মনুমানং পূর্ব্ববচ্ছেষবৎসামান্যতো দৃষ্টঞ্চেতি॥এবংসাংখ্যং। অতাক্ষুষাণা মনুমানেন বোধো ধূমাদিভি রিববহ্নে ইতি। যাহার যাহা কখন প্রত্যক্ষ নহে তদ্বিষয়ে তাহার বুদ্ধি অবসন্না হয় ইহার বিস্তার ব্যাপ্তি পঞ্চকাদি গ্রন্থানুসন্ধানে জানাযায় যথা। পর্ব্বতোবহ্নি মান্ ধূমাৎ ইত্যাদি সিদ্ধ হইল। আর হ্রদো বহ্নিমান জল ময়ঃ পর্ব্বতো বহ্নিমান্ ইত্যাদি সিদ্ধ হয়না সুতরাং অব তারাদি বিষয় প্রত্যক্ষ সিদ্ধ নহে এবং তোমার আমার অনুমানযোগ্য নহে কেবল শব্দপ্রমাণ উপমা লেশ মাত্র। যদি শব্দবিষয়ে সন্দেহ কর তবে লিখনমাত্রে অপ্রমাণ স্বীকার করিতে হইবেক অতএব বিশিষ্ট কার্য্য কলাপে

এক কালীন তটস্থ হইতে হয় এমতে মূক হওয়াই শ্রেয় হয়। উপমা বিবরণ এই যে কঠোপনিষদে ও বৃহদারণ্যকে ও তৈত্তিরীয়কাদিউপনিষদে স্পষ্টকরেন যথা। বায়ু র্যথৈকো ভুবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা রূপং রূপংপ্রতি রূপো বহিশ্চ॥ ইত্যাদি অনেক আছে। আশ্চর্য্যং খলু দেবানা মেকস্ত্বং পুরুষোত্তম। সৃষ্টিস্থিত্যন্তকরণী ব্রহ্মবিষ্ণুশিবাত্মিকাং॥ সসংজ্ঞাং যাতি ভগবানেক এব জনার্দ্দনঃ॥ অন্যচ্চ। ভূতাত্মা চেন্দ্রিয়াত্মাচ প্রধানাত্মা তথা ভবান্। আত্মাচ পরমাত্মাচ ত্বমেকঃ পঞ্চধা স্থিতঃ॥ এবং বিষ্ণুপুরাণে। জ্যোতীংষি বিষ্ণু র্ভুবনানি বিষ্ণু র্বনানি বিষ্ণু র্গিরয়ো দিশশ্চ। নদ্যঃ সমুদ্রাশ্চ সএব সর্ব্বং যদস্তি যন্নাস্তিচ বিপ্রবর্য্য॥ গীতাচ। বিষ্টভ্যাহ মিদং কৃৎস্ন মেকাংশেন স্থিতো জগৎ ইত্যাদি। এবং ভগবতীগীতা॥ সর্ব্বাকারা ইমৈবৈকা সচ্চিদানন্দ বিগ্রহা॥ এবং মার্কণ্ডেয়পুরাণে। একৈবাহং জগত্যত্র দ্বিতীয়া কা মমাপরা॥ তথা শ্রীমদ্ভাগবতে ৫ স্কন্ধে ১১ অধ্যায়ে॥ ক্ষেত্রজ্ঞ আত্মা পুরুষঃ পুরাণঃ সাক্ষাৎ স্বয়ং জ্যোতি রজঃপরেশঃ। নারায়ণো ভগবান্ বাসুদেবঃ স্বমায়য়া আত্মন্যবধীয়মানঃ। যথানিলঃ স্থাবরজঙ্গমানা মাত্মস্বরূপেণ নিবিষ্ট ঈশে। এবং পরো ভগবান্ বাসুদেবঃ ক্ষেত্রজ্ঞ আত্মেদমনুপ্রবিষ্টঃ॥ তথা স্কন্দ

পুরাণে উৎকলখণ্ডে তৃতীয়াধ্যায়ে ॥ একং সুবর্ণং কটকাদিভেদৈ নানা যথাভ্রাম্বভসোদিতোর্কঃ । আধার বৈষম্য জলেষু তাদৃক্ বিভাস্যতে নির্গুণ এব নির্মলঃ ॥ তথা বৃহন্নারদীয়পুরাণে ২ । ৩ অধ্যায়ে । নমঃ পরায় দেবায় পরাৎপরতরায়চ । পরাবরনিরাশায় সগুণায়াগুণায়চ ॥ জ্ঞানাজ্ঞানস্বরূপায় ধর্মাধর্ম স্বরূপিণে । বিদ্যাবিদ্যাস্বরূপায় স্বস্বরূপায় তে নমঃ । শিবস্বরূপী শিবভাবিতানাং হরিস্বরূপী হরিভাবিতানাং । সঙ্কল্পপূর্বাত্মকমূর্ত্তিহেতুং বরং বরেণ্যং শরণং প্রপদ্যে । অন্তর্যামী জগৎরূপী সর্বসাক্ষী নিরঞ্জনঃ । ভিন্নাভিন্নস্বরূপেণ স্থিতো বৈ পরমেশ্বরঃ । সএব ধাতা ত্রিপুরান্তকশ্চ সএব দেবাসুরযক্ষসিদ্ধাঃ । সএব ব্রহ্মাণ্ড মিদং ততোহন্যৎ নাকিঞ্চিদস্তি ব্যতিরিক্তরূপং ॥ তথা ত্রয়োদশাধ্যায়ে । ধর্মাশ্চ বিষ্ণুঃ সকলানি বিষ্ণুঃ কর্মাণি বিষ্ণুশ্চ সএব ভোক্তা । কার্য্যঞ্চ বিষ্ণুঃকরণানি বিষ্ণুস্তস্মান্নকিঞ্চিৎ ব্যতিরিক্ত মস্তি ॥ তথা ১৮ অধ্যায়ে । একো বিষ্ণুর্মহদ্ভূতং পৃথগ্ভূতান্যনেকশঃ । ত্রীঁ লোকান্ ব্যাপ্য বিশ্বাত্মা ভুঙ্ক্তে বিশ্বভুগব্যয়ঃ ॥ তথা ২৬ অধ্যায়ে ॥ পিতরো দেবতাশ্চৈব গন্ধর্বাপ্সরস স্তথা । যক্ষাশ্চ সিদ্ধা মনুজা হরিরেব সনাতনঃ ॥ যেনেদ মখিলং জাতং জগৎ স্থাবর জঙ্গমং । তস্মাৎ ভোক্তাচ দাতাচ সর্বং বিষ্ণুঃ সনাতনঃ । বিপ্রা যদস্তিযন্নাস্তিদ্রব্যঞ্চাদ্রব্য মেবচ ॥ সর্বং বিষ্ণুময়ং জ্ঞেয়ং তস্মাদন্যন্ন বিদ্যতে ॥ আধারভূতো বিশ্বস্য

সর্ব্বভূতাত্মকো ঽব্যয়ঃ। অনৌপম্যস্বভাবশ্চ ভগবান্ হব্যকব্যভুক্ ॥ পরং ব্রহ্মাভিধেয়ো য এক এব জনার্দ্দনঃ ॥ কর্ত্তা কারয়িতাচৈব সর্ব্বে বিষ্ণুঃ সনাতনঃ ॥ তথা ৩১ অধ্যায়ে। হব্যকব্যাদিদেয়েষু পিতৃদেবাদিৰূপধৃক্। ভুঙ্ক্তে য ঈশ্বরো ঽধ্যক্ষ স্তংপ্রাহুর্মোক্ষদং বিভুং। প্রতিমা দ্বিজভূম্যগ্নিসূর্য্যচিত্রাদিষু দ্বিজাঃ ॥ অর্চ্চয়েৎ হরিমেতেষু বিষ্ণুঃ সর্ব্বগতো যতঃ ॥ তথা ৩২ অধ্যায়ে ॥ আকাশেন যথা ব্যাপ্তং জগৎ স্থাবরজঙ্গমং ॥ তথৈব হরিণা ব্যাপ্তং বিশ্বমেতচ্চরাচরং ॥ এবং যজুর্ব্বেদীয়কাণ্যসংহিতায়াং ৫অধ্যায়ে। ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধেপদং সমূঢ়মস্য পাংশুলে ইতি ॥ এইসকল উপমার মর্ম্ম ৮ অধ্যায়ে উক্ত হইয়াছে। আরো উপমার প্রকার দেখ যে বিষ্ণু ক্ষীরাব্ধিতে অনন্তপর্য্যঙ্কে লক্ষ্মীসহিতে শয়ান ৰূপে বৈদিকমতে যে প্রথিত আছে। তাহার তাৎপর্য্য কেহ বোধ করেন যে হৃদাকাশ অবধি মহাকাশপর্য্যন্ত শান্ত অবস্থাতে দুগ্ধসমুদ্র তাহাতে চেতনাত্মা বিষ্ণুঃ প্রাণ আদি মহাবয়ুৰূপ অনন্ত অবলম্বনে ঐশ্বর্য্যৰূপা প্রকৃতি লক্ষ্মীসাহিত্যে আশ্চর্য্যৰূপ সংসার স্বপ্নবৎদশাতে বিরাজ করেন। তথাচ হারীতস্মৃতৌ ৩ অধ্যায়ে। বৈকুণ্ঠে পরম ব্যোম্নি দুগ্ধাব্ধৌ বৈষ্ণবেপদে। অনন্তভোগিপর্য্যঙ্কে সমাসীনং শ্রিয়াসহ ॥ তথা ১ অধ্যায়ে। সর্ব্বেষামেব দেবানাং অনাদিঃ পুরুষোত্তমঃ। ঈশ্বরস্ত্ব সএবাস্য জগতো বিভুরব্যয়ঃ। নারায়ণো বাসুদেবো বিষ্ণুর্ব্বাচ্যুতো হরিঃ। স্রষ্টা

ধাতা বিধাতাচ সএব পরমেশ্বরঃ হিরণ্যগর্ভঃ সবিতা গুণ ভূমিগুণোঽব্যয়ঃ। পরমাত্মা পরংব্রহ্ম পরংজ্যোতিঃপরাৎ পরঃ। ইন্দ্রঃপ্রজাপতিঃ সূর্য্যঃশিবোবহ্নিঃসনাতনঃ। সর্ব্বা ত্মকঃ সর্ব্বসুহৃৎ সর্ব্বভূৎভূতভাবনঃ। যমশ্চ ভগবান্ কৃষ্ণো মুকুন্দোঽনন্ত এবচ। যজ্ঞো যজ্ঞপতি র্যজ্বাব্রহ্মণ্যোব্রহ্মণঃ পতিঃ। সএব পুণ্ডরীকাক্ষঃ শ্রীমল্লীলাধিপোমহান্। সহস্র মূর্দ্ধা বিশ্বাত্মা সহস্রকরপাদবান্ ॥ ৩ হারীতঃ। অন্তর্ব্ব হিশ্চ জগতো ধাতা ব্যাপ্তঃ সনাতনঃ। নরাণাংসর্ব্বজগতা ময়নং শরণং হরিঃ। তস্মান্নারায়ণ ইতি মুনিভিঃ সংপ্র কীর্ত্ত্যতে ॥ সর্ব্বত্রাসৌ সমস্তঞ্চ বসত্য ত্রেতি বৈ যতঃ। ততঃ স বাসুদেবেতি বিদ্বদ্ভিঃ পরিপদ্যতে। সদৈবরূপ রূপত্বাৎ সর্ব্বাত্মত্বাৎ বিভুত্বতঃ। অনাময়ত্বাৎ শ্রীশত্বাৎ গভস্তিত্বাৎ ঘৃণিত্বতঃ। যথেষ্টফলদাতৃত্বাৎবিষ্ণুরিত্যভি ধীয়তে। ণকারো বলমিত্যুক্তঃ ষকারঃ প্রাণউচ্যতে তয়োস্তু সংগতি র্যত্র তথাত্মেত্যুচ্যতে ধৃতিঃ। ঐশ্বর্য্যঞ্চ তথাবীর্য্যং তেজঃ শক্তিরনুত্তমা। জ্ঞানং বলং যদেতেষাং যণ্ণাং ভগ ইতীরিতঃ। এবং ষড়্গুণপূর্ণত্বাৎ পতিত্বাদপিচ শ্রিয়ঃ। স্বর্গাদেঃ কারণত্বাচ্চ ভগবানিতি চোচ্যতে ॥ তথা ৭ অধ্যা য়ে। অকারো বাসুদেবঃ স্যাৎ তস্মিন্ সর্ব্বং প্রতিষ্ঠিতং। অকারেরূঢ ইত্যগ্নিরিন্দ্রত্বংপর ঈশ্বরে। আত্মনাং প্রসবে সূর্য্যঃ সৌম্যত্বাৎ সোম ইত্যপি। বায়ুঃ স্যাংজগতঃ প্রা ণাৎ বরুণঃ সর্ব্বজীবনঃ। মিত্রঃ স্যাৎসর্ব্বমিত্রত্বাৎ আত্মে কত্বাৎ বৃহস্পতিঃ। রোগনাশোত্তবে রুদ্রো যমঃ স্যাভু

নিয়ামকঃ। হীতি সত্যমিতিপ্রোক্তং রণ্যেতিপ্রাপ্য মুচ্য
তে। নিত্যসত্বাৎ হিরণ্যং স্যাৎ তদ্গার্ভত্বাৎ হিরন্ময়ঃ। হি
রণ্যগর্ভ ইত্যুক্তঃ সত্বগর্ভো জনার্দ্দনঃ। সর্ব্বাং স্তনোতি
জগতঃ সবিতা স ইতীরিতঃ। যস্যচগুানি চাঙ্গানিস্ম সুপর্ণ
ইহোচ্যতে। অত্রাঙ্গ সর্ব্বমিত্যুক্তং ছন্দোময় মুদাহৃতং।
গায়ত্র্যুষ্ণিগনুষ্টুপ্ চ বৃহতী পংক্তি রেবচ ত্রিষ্টুপ্ চ জগতী
চৈব ছন্দাংস্যেতান্য নুক্রমাৎ॥ এতানি যস্য চাঙ্গানি স
সুপর্ণ ইহোচ্যতে। যস্মাজ্জাতাস্ত্রয়ো বেদাঃসুপর্ণস্তস উচ্যতে
পবমানঃ পাবয়িতা শিবঃ স্যাৎ সর্ব্বদাশুভাৎ। মঙ্গলং
ভাব্যতে যস্মাৎ অতো বৈ শম্ভুরিত্যজঃ। অন্যান্যসৈ্যব
নামানি বৈদিকানি বিবেচনাৎ। পুংনামান্যত্র বৈ
বিষ্ণোঃ স্ত্রীনামানি শ্রিয়স্তথা। পরস্য বৈদিকাঃ শব্দাঃ
সমাকৃষ্যেতরেষ্বপি॥ ব্যবহ্রীয়ন্তে সততং লোকবেদানু
সারতঃ। ননু নারায়ণাদীনি নামান্যন্যস্য কর্হিচিৎ।
এতন্নাম্নাং গতির্বিষ্ণুরেক এব প্রবর্ত্ততে॥ দেবতান্তর
শঙ্কাত্ নকর্ত্তব্যা হি বৈদিকে॥ ইন্দ্রাগ্নিবরুণাদীনি নামা
ন্যুক্তানি তত্রতু। জ্ঞেয়ানি বিষ্ণোস্তান্যেব নান্যেষাং
স্যঃ কথঞ্চন॥ শ্রিয়ো রমণসামর্থ্যাৎ সৌন্দর্য্যগুণসাগ
রাৎ। শ্রীরাম ইতি নামেদং তস্য বিষ্ণোঃ প্রকীর্ত্তিতং॥
রময়া নিত্যযুক্তত্বাৎ রাম ইত্যভিধীয়তে। রকার
মৈশ্বর্য্যবীজং আদ্যং তস্য মনোঃ স্মৃতং। তস্মাৎ রামেতি
বৈ বীজং আদ্যং তস্য মনোঃ স্মৃতং। শক্তিঃ শ্রীরুচ্যতে
রাজন্ সর্ব্বাভীষ্টফলপ্রদা। প্রিয়ো মনোরথো যোঽসৌ

শ্রীরাম ইতি বিশ্রুতঃ ॥ তথা ৫ অধ্যায়ে । সর্ব্বেষা মেব লোকানাং স্রষ্টা ধাতা জনার্দ্দনঃ ॥ সর্ব্ববেদান্ত তত্বার্থঃ সর্ব্বযজ্ঞময়ঃ প্রভুঃ ॥ ইজ্যতে যত্ত মুদ্দিশ্য পরমো ধর্ম্ম উচ্যতে ॥ তস্মাৎ সর্ব্বস্য যজ্ঞস্য ভোক্তারং পুরুষং হরিং । ধ্যাত্বৈব জুহুয়াত্তস্মৈ হব্যং দীপ্তে হুতাশনে ॥ মুখমগ্নির্ভগবতো বিষ্ণোঃ সর্ব্বগতস্য বৈ ॥ যজেৎ বিপ্র মুখে ভক্ত্যা জল মন্নং ফলাদিকং । প্রীতয়ে বাসুদেবস্য সর্ব্বভূতাধিবাসিনঃ ॥ তমেব চার্চ্চয়েন্নিত্যং নমস্কুর্য্যা ত্তমেবহি ॥ ধ্যাত্বা জপেত্তমেবেশং তমেবাধ্যাপয়েৎ শ্রুতিং ॥ তস্মৈব প্রদাতব্যং বাচা বক্তব্য মেবচ ॥ ব্রতোপবাসনিয়মান্ তমুদ্দিশ্যেব কারয়েৎ ॥ তৎসম র্পিতভোগঃ স্যাৎ অন্নপানাদিভক্ষণে ॥ সোহং দাসো ভগবতো মম স্বামী জনার্দ্দনঃ ॥ এবং বৃত্তি র্ভবেদস্মিন্ স ধর্ম্মঃ পরমো মতঃ ॥ এষ নিষ্কণ্টকঃ পন্থাস্তস্য বিষ্ণোঃ পরং পদং ॥ অন্যত্তু কুপথং জ্ঞেয়ং নিরয়প্রাপ্তিহে তুকং ॥ স্বাম্যং পরস্বরূপং স্যাৎ দাস্যং জীবস্য সর্ব্ব দা ॥ প্রাক্‌প্রত্যক্ আত্মনোরূপং স্বাম্যং দাস্য মিতি স্থিতিঃ ॥ দাস্যমেব পরো ধর্ম্মো দাস্যমেব পরং হিতং ॥ দাস্যেনৈব ভবেন্মুক্তি রন্যথা নিরয়ং ব্রজেৎ । দাস্য মেব ফলং বিষ্ণোর্দাস্য মেব পরং সুখং । দাস্যমেব হরে র্মোক্ষং দাস্যমেবপরংতপঃসর্ব্বেষু দেশকালেষু সর্ব্বাবস্থাসু সর্ব্বদা ॥ তস্মৈ চ কিঙ্করোঽস্মীতি চতুর্থ্যা পরমাত্মনঃ। যস্মিন্ শরীরে জীবানাং নদাস্যং পরমাত্মনঃ ।, তদেহ

নিরয়ং প্রোক্তং সর্ব্বদুঃখফলং লভেৎ ॥ ভগবন্তমনুদ্দিশ্য যঃ কর্ম্মকুরুতে নরঃ ॥ সপাষণ্ডীতি বিজ্ঞেয়ঃ সর্ব্বলোকেষু গর্হিতঃ। ভগবন্তমনুদ্দিশ্য হূয়তে যত্র কুত্রবৈ। তত্র হিংস্যা ফলং পাপং ভবেদত্রবিগর্হিতং। যোষত্তু বৈষ্ণবং চিহ্নং ধৃত্বাচতমসা বৃতঃত্যজেচ্চ বৈদিকংধর্ম্মংসোপি পাষণ্ডতাং ব্রজেৎইতি॥সুতরাং যেভগবান্ কাষ্ঠাদিতেকীট হইয়াছেন তিনি কি স্তম্ভে নৃসিংহ হইতে অসমর্থ হয়েন। যদিবলযে বামনের মত ত্রিপাদ বিশিষ্টঅনেক কেন হননা। তাহাতে কহিযে সূর্য্যেরমত তেজস্বী অনেক কেন হননা॥ যদি তুমি কহিবা যে শূন্যোপরে গোলক কিমতে আছে তবে আমি কহি যে ব্রহ্মাণ্ড কিরূপে শূন্যেআছে ও মেঘ কিরূপে বায়ু ভরে থাকে। আর গারোআন হইতে ইংলণ্ড পরিষ্কৃত স্থান যাহার কৃপাতে হয় মর্ত্ত্য হইতে স্বর্গ বিশেষ করা তাঁহার কি চমৎকার হয়। আর সমানরূপসত্বে হুহুক হই তে মনুষ্যকে যিনি বিশেষ করিলেন তিনি কি মনুষ্য হইতে দেবতাকে বিশেষ গুণ দিতে পারেননা। আর যিনি মনুষ্যের দশ মাস গর্ভনিয়মে ৭ মাস কি ৮ মাসে সন্তান জন্মিতে ইচ্ছা করিয়াছেন তিনি কি কুচিৎ তাহা হইতে ন্যূনাধিক কালে সন্তানোৎপত্তির নিয়ম করিতে পারেননা, আর যিনি একগর্ভে এক কালীন কোন বিশেষ কারণবশত নরনারী যমজরূপ হইতে সমর্থ হন যাহাদিগের মহাবিপরীত কার্য্য প্রত্যক্ষ হয়, আর যিনি এই মনুষ্যমধ্যে ক্রোটি ২ মনুষ্যের অসাধ্য কর্ম্ম

সাধন কারণ বুদ্ধি জনবিশেষকে প্রদান করিয়াছেন, তিনি কি মনুষ্যের উদরে বিশেষকারণবশত বিশেষ গুণ ধারণ করিয়া উৎপন্ন হইতে পারেন না, যিনি একদীপ কলিকারূপে শতশত নীলপীত দর্পণাদিতে ছায়াদ্বারা প্রকাশ করিতেপারেন তিনি কি এক ব্রহ্ম হইয়া নানা রূপে মায়া বিস্তার করিতে পারেননা, যিনি একপ্রদীপে সুস্থির থাকিয়া শতসহস্র প্রদীপের বর্ত্তি প্রাপ্তহইতে পারেন অথচস্বরূপের অন্যথা করেননা, তিনিকি পূর্ণব্রহ্ম রূপে থাকিয়াও মৎস্য কূর্ম্মাদি নানাপ্রকার অবতীর্ণ হইতে পারেননা, আর যিনি অন্যপক্ষিহইতে বাদুড় পক্ষির অনণ্ডজ সন্তান ও দন্ত প্রদানকরিতেপারেন তিনি কি মনুষ্যকে শৃঙ্গ দিতে পারেননা, যিনি গর্দ্দভের উদরে অশ্বের জন্মদিতে পারেন তিনিকি মৎস্যেরউদরে মনুষ্য করিতে পারেননা, যিনি সর্পাদিরূপে বিনাপাদে গমন সমর্থহন, তিনিকি মনুষ্যদেহে যোগাসনে বায়ুভরে গমন করিতে শক্ত হননা, যিনি অগ্নিও জলকে মহা বিরোধি করিয়াছেন, তিনিকি বাড়বানলকুণ্ডে অগ্নিজলের একাধীকরণ করেননাই। যদিকহ যে এখন কেন পূর্ব্বমত কোন চমৎকার উদ্ভব হয়না তাহাতে আমি কহি যে আফলাতু ও লোকমান হকীম ও কলেমছ ইত্যাদির মত এখন কেন কোন সুবোধ লোক আর ফাগুণমাসে তাল ফল ও সততই চন্দ্রসূর্য্য গহণ হয়না। ইহাতেই নিশ্চয় হইতেছে যে সূর্য্যস্বরূপ সর্ব্বশক্তিমান্ ভগবান্। তাহাতে

চমৎকার কার্য্য কিছুই নাই কিন্তু কালচক্রক্রমে দেশ পাত্রানুসারে আমরা স্থূল২উপলব্ধি করিতে উদ্যত হইতে পারি এবং সেইভাবে ভগবৎপূজা যত্ন করিয়া নিজ২ ইষ্টসুখাসিদ্ধ করি। আর যদি তাঁহার সমস্তকার্য্যে আমার তোমার বুদ্ধিনিবেশ হইতেপারে তবে তাঁহার কি গৌরব সম্ভব আছে। অতএবগীতা। অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এবচ। অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়ে স্থিতঃ॥ এমতহইয়াও তিনি আমাদের সম্বন্ধে অবাঙ্মনস গোচর হইলেন। যদিবল ঈশ্বর মহাব্যাপক তাঁহার ব্যাপকতাপ্রকারেই সাধারণ্যে আমার সুখসাধন করিবেন তাহাতে আমার পূজাযত্নের প্রয়োজন কি। উত্তর যদ্যপি গৃহাদিস্থ বায়ু আকাশলীনরূপে শরীরস্থ উত্তাপবারণ করেননা তথাপি পাখাদোলনাদি ব্যাপারজন্য যত্নে অবশ্যই শীতল করেন। সেইমত চৈতন্যাত্মা ব্রহ্ম ব্যাপকতারূপেই ইষ্টসিদ্ধিকরেননা অপিতু ভক্তের বাঙ্মনকায়কৃত পূজারূপ যত্নেরদ্বারা অভীষ্ট সিদ্ধি করেন। যদিবল এমত হইলে তিনি কালী কৃষ্ণ রূপাদি ধারণ কেন করিবেন। উত্তর যিনি একমৃৎপিণ্ড হইয়া করণকারণভেদে ঘটশরাবাদি নানা আকার ধারণ করেন। এবং একস্বচ্ছজলরূপে থাকিয়া বায়ু আদির সংসর্গে ক্ষুদ্র বৃহৎ লহরীতরঙ্গরঙ্গকে বিস্তার করেন। এবং এক তেজো বস্তু আধারভেদে নানারূপ

গুণকে পাইতেছেন তিনি কি চিন্ময় ব্যাপক আত্মারূপে শ্রদ্ধা ও ধ্যানভেদে দ্বিভুজ কৃষ্ণ ও চতুর্ভুজা কালী উপাস্যাকার ধারণ করিয়া সাধকের ইষ্টসিদ্ধি করিতে পারেন না। যদি বল ইষ্টসিদ্ধি অদৃশ্য ঈশ্বর হইতেই বা কি প্রকারে সম্ভব আর অ।আত্মরূপ হইতেই বা কিরূপে সম্ভব কেননা অদৃশ্যরূপে করণাভাবহেতুক কার্য্যসাধনাক্ষম। অপর আত্মরূপে যৎকিঞ্চিৎ দেহাদি সম্বল অবলম্বনে ও মহৎকার্য্যে অশক্ত। উত্তর অদৃশ্যতারূপ সত্ত্বেও ঈশ্বর ব্যাপক আত্মারূপে সর্ব্বপদার্থ ও সর্ব্বদেহস্থরূপে সর্ব্বকার্য্যক্ষম। তথাচ পঞ্চকোষবিবেকে ৩৭। সত্যজ্ঞান মনন্তং যৎব্রহ্ম তৎ বস্তু তস্যতৎ। ঈশ্বরত্বঞ্চ জীবত্বং উপাধিদ্বয়কল্পিতং॥ ৩৮ শক্তিরস্ত্যৈশ্বরী কাচিৎ সর্ব্ববস্তুনিয়ামিকা। আনন্দময়মারভ্য গূঢ়া সর্ব্বেষু বস্তুষু॥ এবং আত্মারূপেও তৎ কার্য্যসাধন যোগ্যই বটেন যেহেতুক আত্মাতে যে সুমতি ও কুমতি ব্যক্ত আছে তৎদ্বারা লোকের শুভাশুভ ঘটে আর ভিন্ন২ পদার্থস্থ ও দেহস্থ সেই আত্মার তাদৃশ শক্তির প্রকাশবশতঃ কোন দেহির প্রতি ইষ্টসিদ্ধিরূপ তাদৃশ ঘটনা ঘটান সেই আত্মার কার্য্য কেবল ব্যক্তির আরাধনা অপেক্ষামাত্র। নতুবা একব্যক্তিকে রাজারূপে অনেকে কেন মানেও অনেক জীবের ও অনেক বস্তুর ও দিক্‌কালাদির আনুকূল্য তাহার প্রতি কেন হয় এইরূপ পরকালেও ঘটে। যদি বল শরীরাদি সামগ্রী নাথাকাতে সুখদুঃখ অনুভব হইতে পারেনা এই নময়ে মরণা

অন্তর কোনকর্ম্মভোগ অসম্ভব। উত্তর স্বপ্নে দেহাঙ্গ হস্ত পাদাদির ক্রিয়ারহিতকালে কেবল মনেরদ্বারা যেমত নানা অবস্থাতে আত্মার সুখদুঃখ অনুভব হয় সেইরূপ দেহত্যাগেও হইয়াথাকে। তথাচ শ্রীমদ্ভাগবতে ৪ স্কন্ধে ২৯অধ্যায়ে ৩২ শ্লোক। অর্থেহ্যবিদ্যমানেপি সংসৃতির্ন নিবর্ত্ততে। মনসা লিঙ্গরূপেণ স্বপ্নে বিচরতো যথা॥ যদিবল যে এদেহের অথবা পূর্ব্ব২ জন্মের কৃতকর্ম্মফল ভোগ দেহত্যাগানন্তর ভোগকরায় আবশ্যক কি অপিচ দেহত্যাগকরণানন্তর যেকোন অবস্থা প্রাপ্ত হইতেহয় তদ্ভাবঘটিত সুখদুঃখভোগ সহজেই হইতেপারে। উত্তর যেমন মনেরদ্বারা স্বপ্নাবস্থাতে কেবল অনুভূত কার্য্যকলাপবোধপ্রযুক্ত সুখদুঃখ ঘটে অথচ যাহা কখন অনুভব হয়নাই কি যেদেশকখন দেখাযায়নাই তাহা অবিশেষপ্রকারে তত্তৎ স্বরূপপ্রায় কখন কেহ স্বপ্নে দেখেনা সেইমত পূর্ব্ব২ দেহকি এতদ্দেহকৃত শুভাশুভ কর্ম্মমাত্রই দেহত্যাগানন্তর ভোগহইতেপারে তদতিরিক্ত অসম্ভব সুতরাং সুখাভিলাষির সতত সদনুষ্ঠান কর্ত্তব্য কিন্তু যেযে আচারে শরীরশোধন হয় ও যেযে প্রকারে অন্তঃকরণের মালিন্য দূরহয় ও যাদৃশ বিচারে জ্ঞানোদয় হয় সেইসকল অনুষ্ঠান একবার করিলেই চরিতার্থহয়না কারণ এইযে যদ্যপি জলসংযোগে অগ্নিনিবারণ হয় তথাপি অগ্নির পরিমাণাপেক্ষা স্বল্পজলকণাতে তাহা সিদ্ধ হয়না অতএব কার্য্যসাধনযোগ্যরূপ কারণের আবশ্যক

বরং কার্য্যসাধনযোগ্যতা নাথাকিলে তাহাকে প্রকৃত কারণও বলাযায়না এমতেকার্য্যকারণ অনুসন্ধানে এই জগতে পদার্থসকল অশেষবিশেষ প্রকারে মনুষ্যের জ্ঞান গম্য পর্য্যন্ত জানিলে প্রকৃতবিষয় নিশ্চয় করিতেপারা যায় এবং তাদৃশ নিশ্চয়জ্ঞান নিত্যসুখপ্রযোজক হয় তথাচকণাদমত বৈশেষিকসূত্রং । দ্রব্যগুণকর্ম্মসামান্য বিশেষ সমবায়ানাং পদার্থানাং সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যাভ্যাং তত্ত্বজ্ঞানং নিঃশ্রেয়সহেতুঃ॥ যদিবল যে পরমাত্মা ব্যাপক ঈশ্বর জগতে কিরূপে অবস্থিতি করেন। উত্তর যেমন জল সরোবরে মৎস্য কচ্ছপ সৈবাল প্রভৃতিকে ব্যাপিয়া অথচ তৎবহি স্তদন্তর্গতরূপে অবস্থিতি করে সেইরূপ। এমতে সেইপরমাত্মাস্বরূপ একবস্তুতে সমস্তপদার্থপৃথক২ ভান হইতেছে। যদিবল যে আত্মাদেহে কিরূপে অবস্থিতি করেন উত্তর যেমনদুগ্ধে ঘৃতথাকে আর কাষ্ঠাদিতে অগ্নি সেইমত । যদিবল যে পঞ্চভূত পঞ্চভূতে মিলিয়াযায় বটে পরন্তু দেহহইতে আত্মা নির্গতহইয়া কোথা যান। উত্তর ঐবিষয় দুইধারা আছে একএইযে যেমন দীপশিখা নির্ব্বাণহইলে তাহার তৈলবর্ত্তি শরাবাদি সমস্তবস্তুহইতে পৃথক হইবামাত্র শিখাস্থ অগ্নি পরমাণুসাজাত্য সংমিলনে লীনহয়। এইরূপ জীবাত্মা মুক্ত হইলে ব্যাপক পরমাত্মাতে লীন হন। দ্বীতীয় যেরূপ কোনতৃণস্থ অগ্নিশিখা একতৃণকে পরিত্যাগপূর্ব্বক অপরতৃণকে আশ্রয়করিয়া দেদীপ্যমান হয় তদ্রূপ দেহস্থ জীবাত্মা একদেহপরিত্যা

গানন্তর অপরদেহকে গ্রহণকরিয়া স্বকর্ম্ম ফলভোগকরেন। তাহারপ্রকার এই যে জীব দেহহইতে নির্গমন করিয়া আকাশে নিরাশ্রয় নিরবলম্বনে থাকেন। তথাচ পূরক পিণ্ডপ্রস্তাবে। আকাশস্থো নিরালম্বো বায়ুভূতো নিরাশ্রয়ঃ ইত্যাদি। তখন পঞ্চমাধ্যায়প্রস্তাবিত আতিবাহিক লিঙ্গশরীরমাত্রাবলম্বনে চন্দ্রজ্যোতির্ব্যাজে ভ্রমণ করত বৃষ্টিশিশিরাদি সংসৃষ্টে ভাবি দেহ গ্রহণোদ্যোগ পূর্ব্বক স্বীয়কর্ম্মাধীন যথাকালযথাদেশ যথাব্যক্তিরূপে তাদৃশ কর্ম্মভোগ হইতেপারে সেইরূপ অবস্থার নিমিত্তে দেহরচনার্থ বৃক্ষাদির পুষ্পরসাভাসে কিম্বা মূল পল্লবাদিস্থ অঙ্কুরে কি গোময়াদি কদর্য্যক্লেদে অথবা বায়ু আদি আনুসঙ্গে কাষ্ঠ প্রস্তর ফলাদির অন্তর্গতরূপে কি জলাদিব্যাজে প্রবিষ্ট হইয়া নিজ২ কর্ম্মায়ত্ত দেহরচনা করেন। এমতে জলকর্দ্দমবৃক্ষাদি মূলশাখা পল্লবাঙ্কুর পুষ্পফল বীজাদি প্রাপ্তহইলে বৃক্ষগুল্ম লতা তৃণাদি অবস্থাপ্রাপ্তহন। আর বায়ুজলক্লেদ গোময়াদিস্থ হইলে নিয়তকালাধীন অপূর্ব্ব এক২ দেহনির্ম্মাণ পূর্ব্বক কীট মশক মক্ষিকাপ্রভৃতিরূপে কালযাপন করেন। আর জল ফল তৃণ শস্যাদিস্থ হইলে যদি যোনিজ দেহ প্রাপ্য হয় তবে তদ্ভক্ষক জীবের উদরাগ্নিদগ্ধরসরক্ত মাংসমেদোঽস্থি মজ্জাশুক্ররূপে ক্রমেপরিণত হইয়া স্ত্রীগর্ভস্থ প্রকারে ভোগ্যদেহরচনা করেন এইরূপে পূর্ব্বদেহ ত্যাগ অবধি প্রায় এক বৎসরান্তে জীব নরাদি প্রকৃষ্ট দেহ

সম্পূর্ণরূপে প্রাপ্তহয় তাহাতেই একবৎসর প্রেতদেহ ধারণ প্রথিতহইয়াছে। যথাঅধ্যাত্মরামায়ণে। দেহীপ্রাপ্ত ন দেহোত্থকর্ম্মণা দেহবান্ পুনঃ। তৎদেহোত্থেনচ পুনরেবং দেহঃ সদাত্মনঃ। দেহোহং কর্ম্মকর্ত্তাহ মিতি সঙ্কল্পাসর্ব্বদা। জীবঃ করোতিকর্ম্মাণি তৎকর্ম্মৈর্ব্বধ্যতেহ বশঃ। ক্ষীণপুণ্যঃ পতত্যর্ব্বাক্ অনিচ্ছন্ কর্ম্মচোদিতঃ। পতিত্বা মণ্ডলেচেন্দোঃ স্ততো নীহার সংযুতঃ। ভূমৌপতিত্বা ব্রীহ্যাদৌ তত্রস্থিত্বা চিরংপুনঃ॥ভূত্বাচতুর্ব্বিধং ভোজ্যং পুরুষৈর্ভুজ্যতেততঃ॥রেতোভূত্বা পুনস্তেন ঋতৌস্ত্রীযোনি সিঞ্চিতঃ॥ এবং ব্রহ্মপুরাণং। জলযন্ত্রে তথাচক্রে ঘটীরজ্জু নিবন্ধনী। যাতি চোর্দ্ধমধশ্চৈব কদা মধ্যেচ তিষ্ঠতি ॥ অধশ্চোর্দ্ধং তথামধ্যে কর্ম্মযজ্ঞসমাবৃতঃ॥ আর যদি প্রাক্তনকর্ম্মবশতঃ বীজ ও শস্যাদিরূপেই কালক্ষেপণ করেন তবেইত কেবল নানা নরকভোগ কাল তাহাকে বলাযায়। যম অর্থাৎ আত্মা পূর্ব্ব কর্ম্মবশতঃ সদসৎ প্রবৃত্তিদ্বারা যেরূপ ইহলোকে নানাসুখদুঃখ ভোগাদি করেন সেইমত পাঞ্চভৌতিক দেহসম্বন্ধাভাবকালেও করিয়াথাকেন এমতে আত্মাকে শাস্তা যমরূপে ব্যাখ্যা করিয়াছেন। পরমাত্মা জগৎ রচনা কার্য্যে যেমন কোন বাষ্পীয়যন্ত্রে নানাকল চক্রবক্ররূপে স্থূলসূক্ষ্ম লক্ষ লক্ষ কর্ম্ম নির্ব্বাহ হয় সেইমত নিজেচ্ছাদ্বারা নিয়ম সকল করিয়াছেন তাহার অন্যথা কদাচহয়না। এইপ্রকারে বলাযায় যেং সেই বাষ্পীয়যন্ত্রচালিত নানাকল সকল

তত্ত্বাবধারক ভিন্ন২ ব্যক্তিগণ আত্ম২ ইচ্ছাবশতঃ সৎ কার্য্য অকার্য্য অনুষ্ঠান করিয়া যেমন সুখী ও দুঃখী হয় তদ্রূপ জীবসকল অনন্তব্রহ্মাণ্ড ব্যাপক অখণ্ড পরমাত্মার ইচ্ছার অনুগতহইয়াও নিমিত্ত ও সংসর্গভেদে আত্মেচ্ছাবশতঃ নানারূপ ও নানাকার্য্যকারী হইয়াথাকেন তাহার মূলকারণ অহঙ্কার সেই অহঙ্কার লোপহইলে আর ভোগহয়না সুতরাং দীপশিখাবৎ সূর্য্যজ্যোতির্ব্যাজে নির্ব্বাণ প্রাপ্তহন তাহাতে শুদ্ধ চৈতন্যস্বরূপ নিত্যানন্দভাবে চিরকাল থাকেন এইদুইরূপ জীবগতি বেদে ও নানাশাস্ত্রে বিস্তারিত আছে। যথা গীতা ৮ অষ্টমাধ্যায়ে অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃষন্মাসা উত্তরায়ণং। তত্র প্রয়াতা গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ। ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ ষন্মাসা দক্ষিণায়নং। তথাচান্দ্রমসংজ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে॥ শুক্লকৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে। একয়া যাত্যনাবৃত্তি মন্যয়া বর্ত্ততেপুনঃ॥ তথা শ্রীমদ্ভাগবতে দ্বিতীয়স্কন্ধেদ্বিতীয়াধ্যায়ে ৩২ শ্লোক। এতে সৃতী তে নৃপ বেদগীতে ইত্যাদি নানাস্থানে ব্যাখ্যা করেন। এবং বেদান্তে চতুর্থাধ্যায়েতে এইবিষয় অনেক বিচার করিয়া তৃতীয়প্রকরণে চতুর্থসূত্র। আতিবাহিকাস্তল্লিঙ্গাৎ। এবংষষ্ঠ সূত্রে। বৈদ্যুতেনৈব ততস্তৎশ্রুতেঃ। ইত্যাদি যে কহেন তাহাতে এইদুই গতির কোন বিরোধ নাই অপিচ বেদে বৃহদারণ্যকে ষষ্ঠপ্রপাঠকে শ্বেতকেতু প্রস্তাবে। অসৌ বৈ লোকোঽগ্নির্গৌতম তস্যাদিত্য এব

সমিৎ। ইত্যাদি দ্বাদশশ্রুত্যবধি সপ্তদশশ্রুতিপর্য্যন্ত দেহাবসানাবধি পুনর্দেহান্তরোৎপত্তিপর্য্যন্ত প্রকার বিস্তার করিয়া কহেন যে। তেযএবমেতদ্বিদুঃ যেচামীঅরণ্যে শ্রদ্ধাং সত্যমুপাসতে তেঽর্চ্চিরভিসম্ভবন্ত্যর্চ্চিষোঽহরহ আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণ পক্ষাৎ যান্ ষণ্মাসানুদঙ্ঙা দিত্য এতি মাসেভ্যো দেবলোকং দেবলোকাদাদিত্য মাদিত্যাদ্বৈদ্যুতংতান্ বৈদ্যুতাৎপুরুষো মানসএত্য ব্রহ্মলোকান্ গময়তি তেতেষু ব্রহ্মলোকেষু পরাঃ পরাবতো বসন্তি তেষামিহনপুনরাবৃত্তিরস্তি ॥ ১৮ ॥ অথযে যজ্ঞেন দানেন তপসালোকং জয়তি তে ধূমমভিসম্ভবন্তি ধূমাত্রাত্রিং রাত্রেরপক্ষীয়মাণপক্ষ মপক্ষীয়মাণপক্ষাৎ যান্ ষণ্মাসান দক্ষিণাদিত্যএতি মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাচ্চন্দ্রং তে চন্দ্রংপ্রাপ্যান্নং ভবন্তি তাং স্তত্র দেবা যথা সোমং রাজান মাপ্যায়স্ব। পক্ষীয়স্বেত্যেবমেনাংস্তত্র ভক্ষয়ন্তি তেষাং যদাতৎপর্য্যবৈত্যথেমমেবাকাশমভিনিষ্পাদ্যন্তআকাশাদ্বায়ুং বায়োর্বৃষ্টিং বৃষ্টেঃ পৃথিবীং তে পৃথিবীংপ্রাপ্যান্নংভবন্তি তেএবমেবানুপরিবর্ত্তন্তে। অথ যএতৌ পন্থানৌ ন বিদুস্তেকীটাঃ পতঙ্গাঃ যদিদংদন্দশূকং ॥ ১৯ ॥ আর এই যেসকল উপমাদ্বারা কিঞ্চিৎনিবেদন করিলাম ইহাতে পাদরির সহিত বিচারে যেমত বৃক্ষাদির উপমাস্থলে ভাবান্তর ব্যাখ্যা করিয়া অর্থাৎ বোধগম্যাংশ পরিত্যাগপূর্ব্বক প্রত্যক্ষমূলকাদিস্থলে কথার বাহুল্য করিয়াছেন তদ্রূপ করিলে উপমা শাস্ত্রপরিখা

লম্বন উদ্যমপ্রযুক্ত তৎস্তবাক্তিরন্যায় পঙ্কে মগ্ন হইতে হয়। তদ্বথা। তদ্ভিন্নত্বে সতি তদ্গাতভূয়োধর্ম্মবত্ত্বং উপমেয়ত্বং। কিন্তু ভূয়ঃশব্দের প্রায়িকত্ব অর্থ। যথা চন্দ্রবন্মুখং। এস্থল আহ্লাদজনকত্বে উপমা। গুণের অল্পাধিক্যের অনাদরের প্রমাণ যথা দণ্ডিবচন। ন লিঙ্গবচনে ভিন্নে নহীনাধিকতাপিবা।উপমা দূষণায়ালং যত্রোদ্বেগো নধীমতাং॥এইসকল অভিপ্রায়েতে যোগবাশিষ্ঠে অনির্ব্বচনীয় ব্রহ্মপ্রতিপাদন বিষয়ে যথাকথঞ্চিৎ উপমারূপে বাক্যপ্রবন্ধ করিয়া রামচন্দ্রের প্রতি বশিষ্ঠ কহিয়াছেন যথা। বৈরাগ্যপ্রকরণে চতুর্থসর্গে। যুক্তিযুক্ত মুপাদেয়ংবচনং বালকাদপি। অন্যং তৃণমিবত্যাজ্যমপ্যুক্তং পদ্মজন্মনা॥১০০॥ বুদ্ধোপদেশদৃষ্টান্তো যস্তবৈবহিকথ্যতে একদেশসধর্ম্মত্বং তত্রান্তঃ পরিগৃহ্যতাং॥ ১০২॥ এবং সতি নিরাকারে ব্রহ্মণ্যাকারবান্ কথং। দৃষ্টান্ত ইতি নোদ্যন্তি মূর্খ বৈকল্পিকোক্তয়ঃ॥

১৯ অধ্যায় অস্মদ্বচন। যদি মহাবিজ্ঞ প্রকৃতবিজ্ঞ হইতেন তবে এসকল যুক্তি মানিলেও মানিতে পারিতেন ফলে মহাবিজ্ঞ অবহুজ্ঞের যুক্তিপথে যে গমন করেন এমত ভরসা কদাচই নাই কেননা অপরলোকেও কহে যে কানাগরুর ভিন্নপথ॥

২০ অধ্যায়। মহাবিজ্ঞ কহেন যে উপরের উক্ত কথা সকলের ঠিকানা নাই কথন কিছু কহ আর কথন অন্য কিছু অর্থাৎ কথন এইসকল শাস্ত্রার্থের প্রয়োজন পর

কালে দেখাও কখন ইহকালে কখন সগুণের উপাসনা শ্রেষ্ঠকর কখন নির্গুণের কখন ব্রহ্মজ্ঞানিকে যদৃচ্ছাকার্য্যে বিধান দেও কখন লোকসংগ্রহার্থ সাচারথাকিতে কহ অতএব এমত আউলা কথার কিছু সাধ্য নাই।

২০ অধ্যায়। ভবহুজ্ঞ কহিতেছেন যে যত কথা কহিলাম তাহার সাধ্য এইযে যেমত শাস্ত্রসিদ্ধ লোকোপচার ও নীতি ব্যবহার আছে তাহার মত শিষ্টগ্রাহ্য যুক্তিসিদ্ধ স্বীয়২ দেশজাতিকুল আশ্রমধর্ম্ম আচরণকরা কর্ত্তব্য আর সত্যবাক্য ও অহিংসাদি ও শম দমাদিযুক্ত হওয়া বিহিত এসকল নিত্যসুখী হওয়ার অনুষ্ঠান ইহলোকে পরলোকে ইহার ফলজানিবা। যদিবল যে ইহলোকে নিত্যসুখী হইবার উপায় দৃষ্ট নহে কেননা যাহাতে ভোগ আছে তাহাতেই দুঃখ আছে বিনাদুঃখে ভোগ দুর্লভ। তাহার উত্তর এইযে যেমন কোনব্যক্তি মমতাশূন্য বিষয়ে রাগ ও যত্ন ব্যতিরেকে অন্যের গৃহে সুন্দরপ্রতিমা কি নগরের শোভা ও সৌন্দর্য্যাদি কিম্বা নদীপর্ব্বতাদিতে নানাপুষ্প ওবৃক্ষাদি ও গগণে বৈচিত্র্য দর্শনে আর অরণ্যস্থ পুষ্পাদিতে কি গন্ধদ্রব্যবিক্রয়িদিগের দোকানে সৌগন্ধিআমোদে অথবাপক্ষির সুশব্দে কি উদাসীনের যন্ত্রবাদ্য ও গান শ্রবণে সুখী হয় অথচ ঐসকল বস্তুর অনুৎপন্নে কি নাশে কি ব্যত্যয়ে কিছুমাত্র মনঃপীড়া ওদুঃখপ্রাপ্ত হয়না। সেইরূপ মমতা বিশিষ্ট রাগ ওযত্ন যুক্ত বস্তুসম্বন্ধে হইতে পারেনা। কেননা তাহার উৎকর্ষে যেমন সুখ গ্রহ হয় সেইমত

তাহার বৈপরীত্যেও দুঃখ হইয়া থাকে এমতেই বিজ্ঞ সকলে মমতা ও রাগশূন্যরূপে এইসংসারে কেবল সুখ মাত্র ভোগ করেন তথাচ ব্রহ্মপুরাণে। যথা বারিচরঃপক্ষী ন লিপ্যতি জলে চরন্। বিমুক্তাত্মা তথা যোগী গুণদোষৈ র্নলিপ্যতেইতি॥ আর অবিজ্ঞসকল সুখদুঃখেজড়ীভূতথাকে না। যদিবল উক্তস্থলে যত্ন আর অযত্নই বিশেষহেতু আছে। উত্তর যত্নকারিলেই কার্য্যসিদ্ধি হয় এমত নিয়ম নাই তাহা হইলে জগতে সকলেই সুন্দর ও অরোগী ও সুখী ও রাজা হইত। ফলে যত্ন উপলক্ষমাত্র অতএব যত্নের অবলম্বনে আত্মার বিশেষ লিপ্ততাই দোষ। তদ্ব্যতিরেকে উভয়ে তুল্য। তথাচ যোগবাশিষ্ঠে। অযত্নোপনতেষ্বক্ষ দিগ্দ্রব্যেষু যথাপুনঃ। অরাগমেব পততি তদ্বৎকার্য্যেষু ধীরধীঃ॥ যদিবল যে এমত যত্নের অনাদর হইতেপারে। উত্তর। ফলোদ্দেশ বুঝিলে যত্নে অনাদর হয়না। যেমন কোনব্যক্তি যত্নাহৃতচিনির ঘোড়া হাতী কি শোনার পুত্তলিকাআদি নিজবালকের হস্তস্থ করিলে সেইবালক তাহা রাখিয়া খেলাকরুক কি সেইবস্তু ভক্ষণাদিদ্বারা নাশ করুক যেরূপেই সেই বালকের আমোদ হয় তাহাতেই তাহার পিতার হর্ষহয় অথচ সে সেইবস্তুর বিদ্যমানতা ও অভাবের প্রতি দৃক্পাতও করেনা সেইমত যেসকল পরম ভক্তজন তাঁহারা কেবল ঈশ্বরপ্রীতিমাত্রসাধনে ব্যগ্র চিত্ততারূপে ঈশ্বরীয় মায়াকার্য্যের বর্ত্তানিষ্ঠ উপচয় অপচয়ে স্বচ্ছন্দ নারাখিয়া যত্নে কেবল ঈশ্বরীয় লীলানুকলত্ব

মাত্র সাধ্যজ্ঞান করেন এবং তাহাই প্রকৃত তপস্যা হয়। যদিবল এরূপ অনুষ্ঠানাপেক্ষা ধ্যানজপাদিরূপ তপস্যাই ভালহইতে পারে। উত্তর ইহাতে এই মন্তব্য যে জগৎসংসারে সকল ব্যক্তিই নিজ২ ব্যাপারে তৎপর। সৎপ্রণালিতেই হউক কিম্বা অসৎপ্রণালিতেই হউক স্বকার্য্যসাধনোদ্যোগ করে কিন্তু সর্ব্বসাধারণের উপকারার্থ যে উদ্যোগকরণ সেই এক মহৎকার্য্য তাহা কেবল সাধুলোকেই করিয়া থাকেন আর সেইকার্য্যদ্বারা জগতের পারিপাট্য সৌষ্ঠব এবং তাদৃশ কার্য্যকরণ অতিবিজ্ঞলোকের কর্ত্তব্যকর্ম্ম সুতরাং ঈশ্বরপ্রীত্যর্থ সেই কার্য্যরূপ সাধারণ উপকার চেষ্টাই সর্ব্বাপেক্ষা মহাতপস্যা হয়॥ তথাচ বেদান্তে ৩ অধ্যায়ে ৩ প্রকরণে ৫৩ সূত্র। পরেণ চশব্দস্য তাদ্বিধ্যংভূয়স্ত্বাৎত্বনুবন্ধঃ॥ আর অবোধতাপূর্ব্বক সদাচারভ্রষ্টহওয়া অনুচিত এবং আমি ঈশ্বরেরভক্ত এইঅভিমানেই স্মৃতিবিরুদ্ধাচরণ অকর্ত্তব্য তথাচ ভক্তিরসামৃতসিন্ধৌ। শ্রুতিস্মৃতিপুরণাদি পঞ্চরাত্রবিধিং বিনা। আত্যন্তিকী হরের্ভক্তি রুৎপাতায়ৈব কল্প্যতে॥ অপিচ হারীতস্মৃতৌ অষ্টমাধ্যায়ে। শ্রুতিস্মৃত্যুদিতং ধর্ম্মংযস্ত্যজেৎ বৈষ্ণবাধমঃ। স পাষণ্ডীতি বিজ্ঞেয়ঃ সর্ব্বলোকেষু গর্হিতঃ। যস্তুবেদোদিতংধর্ম্মং ত্যক্ত্বা বিষ্ণুসমর্চ্চয়েৎ। স পাষণ্ডীতিবিজ্ঞেয়ঃ নরকঞ্চাধিগচ্ছতি॥ অতএব ষষ্ঠাধ্যায়ে। শ্রুতিস্মৃত্যুদিতংধর্ম্মং নাতিক্রম্যাচরেৎসদা॥ স্বশাস্ত্রোক্তবিধানেন বৈকুণ্ঠাচ্চনপূর্ব্বকং। কর্তৃত্বফল

সংজ্ঞিত্বে পরিত্যজ্য সমাচরেৎ॥ধর্ম্মস্য কর্ত্তাভোক্তাচ পর মাত্মা সনাতনঃ॥ তথাচ অষ্টমে॥ সমস্তযজ্ঞভোক্তারং জ্ঞাত্বা বিষ্ণুং সনাতনং।দৈবংপৈত্রং তথা যজ্ঞংকুর্য্যাৎ নত্ত পরিত্যজেৎইতি ॥ ফলে গ্রন্থের আদ্যন্ত সমস্তকথার ব্যবস্থাপূর্ব্বক তাৎপর্য্য গ্রহণ করিলে কোনকথার অনৈক্য ও বিরোধ নাই কিন্তু এইসকল মর্ম্ম বুঝিতে কথাসকলের ভাব ও ভঙ্গী ও সমস্যাদির দৃষ্টিকরিতেহয় নতুবা কথায় কথায় কাটিলে কথা বাড়িবেক আর সে বিশিষ্টের ধর্ম্ম নহে বরং তাহার বিপরীতের ধারা যে কথার ছল ধরিয়া তর্ককরে। তথাচ বেদান্তে। তর্কাঃপ্রতিষ্ঠানাদপ্যন্যথানু মেয়মিতি চেদেবমপ্যনির্মোক্ষপ্রসঙ্গঃ। ২। ১। ১১। আর যদি সম্যক্‌প্রকারে চিত্তশুদ্ধক্রমে ঐ সকল ভাব ও তাৎপর্য্যে মনোযোগী নাহয় তবে তাহার কিছু গুণ দর্শেনা যেমন কোনলোকে আপন স্ত্রীপুত্রকন্যাকে বিপথগামী দেখিয়া মহাভারত শুনাইল তাহাতে প্রার্থনা ছিল যে ঐ সন্তানাদির জ্ঞান হইয়া ধর্ম্মপরায়ণ হয় কিন্তু ঐ মহাভারত শুনিলে সেইব্যক্তি জিজ্ঞাসিল যে কি বুঝিলা তখন পুত্র কহিলেন যে ভাই বন্ধু মারিয়া ধনরাজ্য লইলে দোষনাই কন্যা কহিলেন যেপঞ্চস্বামী করা পর্য্যন্ত দোষ নাই স্ত্রী কহিলেন যে যদি স্বামী অশক্ত হন তবে অন্য দ্বারা পুত্রোৎপত্তি করাতে দোষনাই তাৎপর্য্য না বুঝিলে এইমত জ্ঞান হইবেক।

২০ অধ্যায় অস্মদ্বচন। অবহুজ্ঞের নীতি দেখিয়া

কাতর হইলাম আপনাহইতে কত বুঝাইব আর কত নিন্দাবাদ করিয়া শান্ত রাখিব যেকথা পড়েতাহারি একং উত্তর দেন আর কথা কহিবার স্থান রাখেননা আর অন্যায় কথা আপাদমূল অবধি কহিতে লাগিলেন আমি ইহা শুনিওনাই যেকথাতে কার্য্য হয় কথার যোগ্য কথা তিনি কোন কথা কহিয়াছেন তুমি কোন কথা কহিলা ইহাতে আর যে কথা হয় তাহাও হইবেক তাহাতে চিত্তশুদ্ধকরণ ও মনোনিবেশকরণ ও জ্ঞানহওয়ার কি আবশ্যক রাখে বিশেষতঃ যে মহাভারতের কথা দৃষ্টান্ত দিলা তাহাতেও ঐ পুত্রকন্যাদির কিছু দোষনাই কেননা যাহার যেমন প্রকৃতি তাহার তেমন বোধ। তথাহি। বিদ্যা বিবাদায় ধনংমদায় শক্তিঃ পরেষাং পরিপীড়নায়। খলস্য সাধো র্বিপরীত মেতৎজ্ঞানায় দানায় তথা রণায় ইতি। আর এখনও দেখিতেছি যে শতং চণ্ডী ও বিরাট এবং অন্যা ন্য নানাবিধ পুরাণাদিপাঠ হয় কেবল লোকে শুনে তাহার তাৎপর্য্যের প্রতি প্রায়শঃ লোকে মনোযোগই করেন না এবং শাস্ত্রে যে হরিনামাদি ও পুরাণাদি শুনিবেক এমত বিধান আছে তাহার অর্থ ও তাৎপর্য্য বুঝিয়া জ্ঞানকরি বেক ইহা যে সাধারণ কেহ বুঝে এমত কথা আমাকেও শুনিতে আইসেনা। সুতরাং যদি মহাবিজ্ঞ গম্য নাকরেন ও কুথার ছল ধরিয়া তর্ক করেন তবে অসঙ্গত কি বরং ইদানীং তর্কাদি পণ্ডিতদিগের বিচারের এই দাঁড়া দেখি তেছি যে মূল কথার পরিছন্ন নাকরিয়া বাক্‌কৌশলে

আর বাদির কথার ছল ধরিয়া সভাজয়ী হন ॥ তথাচ অর্থস্য বাগাড়ম্বরঃ ইতি ॥

২১ অধ্যায় । মহাবিজ্ঞ কহেন যে এই যে সমস্ত কথা কহিলা এসকল কথা কি তুমি আত্মবুদ্ধিক্রমে কহিলা কি কোথায় নিদর্শন পাইয়াছ আর মধ্যে২ পুথির বচন লিখিলা এসকল বচন লিখিবার ভাব কি আর এত বাগ্‌জালের ফল কি ।

২১ অধ্যায় । অবহুজ্ঞ কহিতেছেন যে আমি শাস্ত্র দৃষ্টি ও পরীক্ষা ও অনুভব করিয়া প্রত্যক্ষ অনুমান শাব্দ উপমান অর্থাপত্তি অভাব সম্ভব ও ঐতিহ্য প্রমাণাষ্টকেরদ্বারা ভ্রমপ্রমাসংশয় জ্ঞানানন্তর নিশ্চয় জানিয়া সকল উত্তর দিলাম । আর কেবল আমি বুদ্ধিসাধ্যে এসকল কথা কহিলাম না পূর্ব্বে মুনিদিগেরও এমত অভিপ্রায় ছিল তাহারই নিদর্শনার্থ বচন সকল লিখিলাম । এবং ঐ সকল বচনপ্রমাণেতে এমত প্রার্থনাও আছে যে যেসকল মহামহিমেরা নানাশাস্ত্র অবলোকন না করিয়া থাকেন তাহারা আমার কথাকে আধুনিক পারিভাষিকমাত্র জ্ঞান নাকরেন । আর যেসকল মহাশয়রা দেশকাল পাত্র প্রকরণভেদ ব্যবস্থা নাকরিয়া কেবল পুথির দুইচারিটা শুদ্ধাশুদ্ধ বচন পড়িয়া আপনিও অযুক্ত পথে গমন করেন অন্যকেও অযুক্তানুষ্ঠানে প্রবৃত্ত করান । তাহারাও জানিতে পারেন যে প্রকৃত ব্যবস্থা কি হইতে পারে । এবং যাহারা বৈদিকশাস্ত্রের মর্ম্মজ্ঞ নাহেন অথচ মন

শ্রুতিপরম্পরা ও কতক কথকের কথা শুনিয়া ধর্ম্মকে অধর্ম্ম ও অধর্ম্মকে ধর্ম্ম জ্ঞানপূর্ব্বক হিংসা দ্রোহাদি কর্ম্ম কিম্বা অন্যায়উপার্জ্জনে যশস্করী স্পর্দ্ধাসূচক দাম্ভিকতাশ্রিত সৎক্রিয়াভান অযুক্ত অযথার্থ কার্য্যে ও অপরিমিতব্যয়ে অভিরত থাকেন। তাহারাও বুঝিতে পারেন যে আমাদিগের প্রাচীন মহামুনিগণের অভি প্রেত প্রকৃতধর্ম্ম কি হয় ॥ আর যে সকল নরপশুরা রাগদ্বেষকামক্রোধাদির বশতাপন্নরূপে এইজগতে প্রকৃত জ্ঞানসুখবর্জ্জিত হইয়া প্রথম মিথ্যাপ্রবঞ্চনা ও কাপট্য ও লাম্পট্যকে সুখ গ্রহ করেন পরে আত্মকৃত অসৎকার্য্য দ্বারা দুঃখার্ণবে মগ্ন হন। তাহাদিগের এই সকল দিগ্‌ দর্শনে কিঞ্চিৎ প্রবোধ হইতে পারে এমতভরসাও আছে আর যে সমস্ত অজ্ঞবালকাদিরা নানাদেশীয় বিদেশীয় প্রবঞ্চকলোকের অযুক্ত কুতর্কদ্বারা মোহিত হইয়া ইহ কালে পরকালে নানাগ্লানি প্রাপ্ত হয় তাহারও এতদব লোকনে নিজধর্ম্মের মূলে কিঞ্চিৎ বুদ্ধি প্রাপ্ত হইতে পারে ॥ আর যে সকল পাদরিআদি স্বার্থপর বঞ্চকেরা এমত আছেন যে নিজ ২ পূর্ব্বপুরুষের অজ্ঞতা ও মূর্খতা দৃষ্টে আপনাদিগকে সুবোধ মানিয়া থাকেন। ফলে ইংলিশের সর্ব্বসৌভাগ্যের মূল যে পার্লিমেণ্ট তাহা কেবল বৈদিকধর্ম্মশাস্ত্রোক্তবিধানানুসারেই হইয়াছে, ইহা নিশ্চয় জানেননা। এপ্রযুক্ত লোকের যথেষ্টাচরণকে শ্রেষ্ঠ জ্ঞান করেন। আর লক্ষমুদ্রার ঊর্দ্ধ এক কপর্দ্দক হইলেও

পূর্ব্বাপেক্ষা দ্বিগুণমূল্যের ইষ্টাম্পে আরজি লিখনের আজ্ঞা ও যাথার্থিক হওন বা অযাথার্থিক হওন জজআদির নিজ২ অধিকারে কোন বাণিজ্য কার্য্য করণনিষেধের আজ্ঞা ও কেলেক্‌টরির চাকরহইলেই নিলামে জমিদারি খরিদের নিষেধরূপ নিয়মের মর্ম্ম কেবল সামান্যধর্ম্মে এইরূপ নিয়ম নাকরিলেই নয় তাহাতে কদাচিৎ কোন ব্যক্তির ক্লেশ হউক বা নাহউক ইহা বিবেচনা নাকরিয়া এতদ্দেশীয়প্রাচীন মুনিদিগের দীর্ঘদর্শিত্ব মহিমা নাজানিয়া স্বীয় পৈতৃক অজ্ঞানতারূপ অনুভব করিয়া এতদ্দেশীয়লোকের পৈতৃক যুক্তিসিদ্ধ ধর্ম্ম যাহাতে সতর্করূপে চলিলে লোকের ঐহিক ও পারত্রিক কোনহানি ও ক্লেশমাত্র নাই তাহাতে অযুক্তাভাস আরোপ করেন। অথচ আপনারা নিজপূর্ব্বতনের অবোধকৃতব্যবহারকে বুঝিয়াও কোনরূপে পরিত্যাগ করিতে পারেননা যথা চট্টগ্রাম কি চাটগাঁ শব্দকে চিটাগাঙ্গ। আর মেদিনীপুরকে মেডনাপুর লিখেন এবং ইংরেজীতে পৃথক২ স্বর থাকাতেও একস্বরকে তিনচারিপ্রকার উচ্চারণ করেন ও এক বর্ণকে অন্যবর্ণের ন্যায় উচ্চারণ করেন ও বৃথা কতক অক্ষর শব্দমধ্যে লিখেন অথচ সেই শব্দোচ্চারণে সেই২ বর্ণের কোন প্রয়োজন থাকেনা ফলিতার্থ লিখেন এক পড়েন আর। যথা কর্ণেল ইত্যাদি এতাবতা

নিজভাষা যথার্থ উচ্চারণ শুদ্ধরূপে স্বদেশীয় অক্ষরে লিখিতে পারেননা। অপরঞ্চ ইংরেজি ২৪ ঘণ্টা *

* দিনবিভাগে চব্বিশঘণ্টার বিবরণএইযে। যদ্যপি লোকেরা ঘড়ীমতেই দিন ভাগ করিতে পারে। আর দুই প্রহর রাত্রি অবধি দুইপ্রহর দিবাপর্য্যন্ত গণনায় কোন হানি নাই। বরং বৈদিকের প্রাতঃসন্ধ্যা পশ্চাৎসন্ধ্যারূপ যে ব্যবহার সে ঐরূপ রাত্রি দিবা পুনর্দিবারাত্রির দুইপ্রহর অবলম্বনেই হইয়া থাকে কিন্তু সূর্য্য গতির নিয়মে পৃথিবীর গোলতাপ্রযুক্ত সেই পৃথিবীর বেষ্টনে যে ৩৬০ ভাগ কল্পিত আছে তাহার সমানে আকাশের ক্রান্তিনিষ্ঠ ৩৬০ অংশ পরিমাণে প্রত্যেক অংশে সূর্য্যের প্রত্যহ উদয়াবধি পুনরুদয়পর্য্যন্ত কালকে ৬০ দণ্ডে বিভাগ করিলে আর ঐ ক্রান্তির ৩৬০ অংশ সম্বন্ধে কিঞ্চিদধিক ৩৬৫ দিনাত্মক সূর্য্যের সাম্বৎসরিক যে গতি হয় সেই সমস্ত দিনাদিকে দণ্ড অর্থাৎ ৬০ দ্বারা পূরণকরিয়া ৩৬০ ভাগ করিলে তাহার প্রত্যেক ভাগে যে পরিমাণ হয় তাহা ঐ ৬০ দণ্ডের কিঞ্চিদধিকরূপে প্রায় তুল্যই হয়। অথচ সূর্য্যোদয়াবধি পুনরুদয়কালপর্য্যন্ত যদি ৬০ ভাগে বিভাগ করাহয় তবেই ক্রোশপ্রতি দুই দণ্ডরূপে ৩০ ক্রোশে ৬০ দণ্ড স্থির থাকে এবং দুইদণ্ডে মুহূর্ত্ত পরিমাণে ৩০ মুহূর্ত্ত প্রত্যেক দিনে সহজেই হয়। সূক্ষ্মকালকে ৬০ দ্বারা বিভাগ করণ মিনিট্ ও ছেকাণ্ডকেই উরূপীয়দিগের ৬০ সংখ্যাতে ভাগকরণপ্রকারেও প্রয়োজনার্হ বোধ হইতেছে। অপরঞ্চ। হোরা রাশ্যর্দ্ধং লগ্ন স্যাঃ। এইপ্রযুক্ত ১২ লগ্ন একদিবারাত্রিতে ভোগদৃষ্টে ১২দ্বাদশের দ্বিগুণ ২৪ হোরাহয়। সেই হোরা শব্দমূল ইউরোপীয়েরা ২॥ দণ্ডরূপ হৌয়র লিখিয়া থাকেন কিন্তু সর্ব্বত্র সর্ব্বদা সকল লগ্ন সমান পরিমাণ না হওয়াতে সকল হোরার সমতা নাই এইরূপে ২৪ ঘণ্টার ব্যবহার অনর্থক হয়।

আর মাইল *

* ইংরাজী মাইল ভূগোলীয় কার্য্যোপযোগী না হইবার বিব রণ এই যে কোন স্থান হইতে কোন স্থানপর্য্যন্ত মাপকরণে লোকের যেমত ইচ্ছা তাহারই মত একটা পরিমাণ নির্ণয় করিলেই হইতে পারে। ফলে অক্ষাংশ কি দ্রাঘিমাবিচারে পৃথিবীর বেষ্টন ৩৬০ অংশের প্রত্যেক অংশেতে ৩০ ক্রোশ নিশ্চয় হয় অতএব মাইলদ্বারা সেই পরিমাণের কোন উপকার হইতে পারেনা বৈদিক ক্রোশে তাহা এবং অন্যান্য সমস্তই সুষ্ঠু হয়।

পরিমাণ যাহা দিনবিভাগে এবং ভূগোলীয়কার্য্যে কোনরূপে প্রয়োজনার্হ নহে তাহাই ব্যবহার করেন। এবং এই উক্তদেশে জলশৌচ নাকরিয়া অপবিত্র থাকেন ইত্যাদি কুব্যবহার অভ্যাসগতপ্রযুক্ত ছাড়িতে পারেননা তদ্দ্বারাও দেখিতেপাইবেন যে বৈদিক ধর্ম্মে এমত কোন দোষনাই। আর ভারতবর্ষীয় পূর্ব্বতন লোক তাহাদিগের দেশের প্রাচীনলোকের মত অবোধ ছিলনা বরং ইদানীন্তন লোকসকল অবোধ যেহেতুক তাহাদিগের অধীনহইয়া দুঃখে থাকিয়াও সুখগৃহে বানরের ন্যায় নৃত্যকরিতেছে। আর নানারাগজালের সার তাৎপর্য্য এই সূত্রষোড়শকং। অথ জগদীশ মুপাসীত ॥১॥ নাস্তিকাঃ ষট্ আস্তিকাঃ ষট্ অবান্তরাবয়বা নিরবয়বা স্তন্যে বহুলং ॥২॥ ব্যবস্থাতঃ সত্যাঃ সর্ব্বে আস্তিকা স্বভাবপ্রতিযোগিবিচারাদ্বা ॥৩॥ সর্ব্বেংভাবোপি পদার্থা অনিত্যাশ্চ একশেষপ্রপঞ্চত্বাৎ ॥৪ খণ্ডা

ক্ষা মুখ্যো ভৌতিকবৎচৈতন্যং ॥ ৫ ॥ প্রমাণানি অন্ত
র্গতত্বাৎ ভেদানি ॥ ৬ ॥ শ্রুতয়ো বহুত্বং নানাত্ব সংগ
তে নির্ম্মিতাত্বপি তাসু প্রমাণোপকারেষ্বন্নবৎ হুজ্জাতা
স্তৎকারণাদেব ॥ ৭ ॥ পুরাণং রূপ নিতি ॥ ৮॥ প্রকৃতি
পুরুষনিশ্চয়ো গৌণং আকাশ মবৎ ॥ ৯ ॥ তস্মাৎ
সর্ব্বশক্তিমৎ কার্য্যস্য সর্ব্বশক্তিমৎকারণং ॥ ১০॥ অ
ভেদেচ গূঢ়ং করণাসত্বাৎ ॥ ১১ ॥ নিয়মাৎ ব্যাপার
সমাপ্তৌ মোক্ষ ইতি লোবদেহবৎনানা দুরন্তবিচ্ছেদ
ভেদাৎ জনেষু ॥ ১২ ॥ জ্ঞানব্যাপ্যো হনীশ্বরশ্চ জ্ঞেয়ত্বাৎ
অগোচরেহপি ॥ ১৩ ॥ ন লিঙ্গঞ্চ সিদ্ধিহেতুঃ সমর্থা
পেক্ষয়া তদ্ধি সময়াচারোহপি ॥ ১৪ ॥ অনিত্যে প্রসিদ্ধি
শব্দভেদাদবতারাদয়ঃ ॥ ১৫ ॥ আধুনিকোহয়ং তমোনুদঃ
পুরাতনঃআধুনিকোহয়ং তমোনুদঃ পুরাতনঃইতি॥১৬॥

॥ ২১ অধ্যায় অস্মদ্বচন । হেঅবহুজ্ঞ তোমার
কথা কেবল যে সকল লোক ন্যায়াদি নানাশাস্ত্র পাঠ
করিয়াছেন তাহাদিগের নিকটেই গ্রাহ্য হবে । নত্তু
বা মহাবিজ্ঞ আর তৎসংসগীয়েরা যখন কহিবে যে
ইহার কিছুই মানিনা তখন এই নঞ নিবারণে কি
উপায় আছে যে তুমি এধারা প্রমাণ দর্শাইয়া বৈদিক
মত মানাইতে প্রবর্ত্ত হইতেছ । যদি শাস্তি কি দণ্ড
সামর্থ্য তোমার থাকিত তবেই যাহাহউক তথাচ
মূর্খস্য লাঠ্যৌষধং দণ্ডেন গোগর্দ্দভাঃ ইত্যাদি । এবং
অধ্যাত্মরামায়ণে লঙ্কাকাণ্ডে । ৩ । দণ্ড এবহিঃ মূর্খাণাং

সন্মার্গপ্রাপকঃ প্রভো। প্রভুণা মমরশ্রেষ্ঠপশূনাং লগুড়ো যথা ॥ আর তুমি কি জাননা যে ব্রহ্মবৈবর্ত্তপুরাণে ব্রহ্মখণ্ডে সপ্তদশাধ্যায়ে ধর্ম্ম কহিয়াছেন যে। যৎপাণি পাদৌ সর্ব্বত্র চক্ষুশ্চ সর্ব্বদর্শনং। সর্ব্বান্তরাত্মাপ্রত্যক্ষোহং প্রত্যক্ষশ্চ দুরাত্মনঃ ইতি ॥ আরও বলি শুন। কোন লোক তাহার প্রভুর কোনকার্য্যার্থ শতমুদ্রা লইয়া গিয়া তৎকার্য্যে তাহার নব্বইটি ব্যয় করিয়া দশটি মুদ্রা স্বয়ং অপহরণ করিলেন এবং তাহা আপনভৃত্যকে স্বীয় কোনকার্য্যার্থে দিলেন। ঐভৃত্য তাহার নয় মুদ্রা সেই কার্য্যে ব্যয় করিয়া একটি মুদ্রা স্বয়ং লইল কিন্তু তাহা নিজ প্রভুকে জ্ঞাপন করিল তাহাতে তিনি বিরক্ত হওয়াতে ভৃত্য কহিল যে কি আশ্চর্য্য আপনকার প্রভুর ধনের দশাংশ অপহরণে যদি আপনকার কোন দোষ নাথাকে তবে আমারই বা আপনকার মুদ্রার দশাংশ অপহরণে দোষ কি। আত্মবৎ পরপ্রয়োজন দেখিলেইত সকল তুষ্ট হয়। এমতে উক্ত আছে যে ॥ আত্মবৎ সর্ব্ব ভূতেষু যঃ পশ্যতি স পণ্ডিতঃ। তখন সেইব্যক্তি শাসিত হইয়া আর কখন পরকীয় কোন বস্তু অপহরণ করিলেক না। এবং যেমন কোন ব্যক্তি সামবেদের ছান্দোগ্য উপ নিষদের অষ্টম প্রপাঠকের উল্লিখিত বিরোচনের আত্ম জ্ঞানাভাবের প্রণালিতে চার্ব্বাকাদি নাস্তিকমতেরপ্রাবর্ত্তক হইয়া শিষ্যসমূহকে সর্ব্বদা উপদেশ করিত যে ঈশ্বর কোন স্থানে দেখা যায়না অতএব ঈশ্বর নাই। আত্মাও

কোন শরীর বিদীর্ণ করিলে দৃষ্ট হয়না সুতরাং দেহাতি রিক্ত আত্মা স্বতন্ত্র বস্তু নহে। মরণানন্তর দেহে কিছু সুখঃ দুঃখ থাকেনা অথচ আত্মা কোনবস্তু নাই যে পরলোকে সুখ দুঃখ ভোগ করে অতএব পরকাল নাই। স্ত্রী ও ধনাদি যেকেহ ব্যবহার করে তাহারই সুখাবহ হয় এমতে তাহাতে কাহারও সত্তা নাই সুতরাং তদ্বিষয়ে স্বকীয়পরকীয় জ্ঞান অযুক্ত। পিতৃমাতৃ গুরুসম্বন্ধ পশুপক্ষিবৎ স্বপ্রয়োজনসাধনপর্য্যন্ত তাহার পরপ্রয়োজনাভাব অতএব ধর্ম্মাধর্ম্মকথা বৃথা এইরূপ নানা কুতর্কপূর্ব্বক শিষ্যদিগকে প্রবোধ দিত এবং ঐহিক সুখসম্পত্তিবিশিষ্ট ছিল। কোন সময়ে তাহার প্রধান শিষ্য কোনছলে খট্টার নীচে গোপনে থাকিয়া মধ্যরাত্রকালে নির্জ্জনে ঐ গুরুর বক্ষঃস্থলে আরোহণ করিয়া হস্তে ছুরিকাগ্রহণপূর্ব্বক কহিল যে মহাশয় যেমত উপদেশ করিয়াছেন তাহাতে আমার যে জ্ঞান ও সাহস জন্মিয়াছে তৎদ্বারা আপনকাকে বধ করিয়া সর্ব্বস্ব হরণ করিতে কিছুমাত্র শঙ্কা নাই। গুরু কহিলেন যে ইহাতে তোমাকে রাজা দুঃখ দিবেন শিষ্য উত্তর করিল যে এথা কোন সাক্ষী নাই রাজা সাক্ষী বিনা কি করিতে পারেন। গুরু কহিলেন যে ধর্ম্ম এক বস্তু আছেন তিনি পাপির পাপ প্রকাশ করিবেন। শিষ্য কহিল যে আপনিই কহিয়াছেন যে ধর্ম্ম নাই। গুরু কহিলেন যে পরকালে দুঃখ পাইবা ঈশ্বর শাস্তা আছেন। শিষ্য কহিল যে আপনি কহিয়াছেন যে পরকাল ও ঈশ্বর

নাই। তখন গুরু কহিলেন যে আমি স্বভাতে যত কহি য়াছি সকলি মিথ্যা সে কেবল কুতর্ক ও লোক প্রতারণা মাত্র। বস্তুতস্তু ঈশ্বর আছেন ও পরকাল ও জন্মান্তর ও ধর্ম্মাধর্ম্ম ও পরসত্তাদি বৈদিকমতেই যথার্থ জানিবা। তখন শিষ্য হাঁসিয়া কহিল যে দেখ আস্তিকতাতেই রক্ষা পাইলা নতুবা তোমাকে এখনি সংহার করিতাম তবে আরপ্রতারণা করিওনা।এবংঈশ্বরঅবশ্যআছেন তথাচব্রহ্ম পুরাণে। যথা সমস্তভূতেষু নভোঽগ্নিঃপৃথিবীজলং। বায়ু শ্চাত্মা তথৈবাসৌ ব্যাপ্য সর্ব্বংসমাস্থিতঃ॥ গুরু কহিলেন যে তথাস্তু এমতে তাহারপর প্রাতে সেইগুরু আস্তিকতাই সংসাররক্ষার কারণ ইহা নিশ্চয় জানিয়া নাস্তিকমত ত্যাগপূর্ব্বক বৈদিকমতে সকলকে উপদেশ করিলেন॥ এমতপ্রকারে ঐ ভৃত্য ও শিষ্যের মত মহাবিজ্ঞাদিকে কে শাসন করিবেক তাহা বল। তথাচ কুমারসম্ভবকাব্যে কালিদাসঃ। শাম্যেৎপ্রত্যপকারেণ নোপকারেণ দুর্জ্জনঃ॥ অপিচ ব্রহ্মপুরাণে॥ ন শৃন্বন্তি নরা মূঢা ধর্ম্মোত্তংসাধু ভাষিতং। দৃষ্টংকেনেতি প্রত্যক্ষংপ্রত্যক্ষেচ বদন্তি তে॥

২২ অধ্যায় ॥ গ্রন্থ সমাপ্তিতে কোন উদাসীন কহিল যে অবহুজ্ঞ তুমি উপরে যে ধারার কথা সকল কহিয়াছ ইহাতে অনেক স্পষ্টাভিধানে এবংব্যঙ্গ্যব্যঙ্গে মহাবিজ্ঞকে অসঙ্গত গালিস্বরূপ কথা কহিলা এ তোমার নিতান্ত অশি ষ্টতা ও চপলতা ও বাচালতা ও পাপ জানিবা এবং

[illegible] পারে ইহাতে তোমাকে নিন্দা করিবেক ধর্ম্ম [illegible] এসব কেন ।

২২ অধ্যায় । এইকথা শুনিয়া অবহুজ্ঞ কহিতেছেন আমি এসকল অতি অসঙ্গত করিয়াছি বটে কিন্তু ইহাতে এই প্রয়োজন যে যে ব্যক্তি জনসমূহকে উপদেশ করে আর জনসমূহ যাহার নিকট উপদিষ্ট হয় এমত লোক অল্প কেননা উপদেশকের যাথার্থ্য আর সদাচার লোকের বাক্যগ্রহণের কারণ হয় অতএব যেকোন শঠ পূর্ব্বঅসঙ্গত রূপ লোক সকলের ধর্ম্মহানি করিতে যত্ন করে আর আমা প্রতারণার বুতক উপস্থিত করে তাহাদিগের ব্যব হার যদি উক্তরূপ ইঙ্গিতের দ্বারা হয় তবে তাহারব্যবহার দুষ্টেই লোকে তাহার প্রবঞ্চনা জানিতে পারে নতুবা আমারশত্রু কেহ নহে না কাহারো গ্লানিতে আমার কিছু প্রয়োজন নাই তথাপি এই কথাতে আর দুইটী ভাবআছে এক এই যে যদি মহাবিজ্ঞ ব্রহ্মজ্ঞানী থাকেন তবে সমস্ত কথা তাঁহার স্বরূপবিশেষণ হইতে পারে সুতরাং ইহাতে তিনি ক্রোধ করিবেন না যেহেতুক মহোক্ষঃ খট্টাঙ্গং ইত্যাদি শিবের মহিম্নস্তবে স্বরূপবিশেষণ আছে । এবং ব্রহ্মবৈবর্ত্তকের প্রকৃতিখণ্ডে ৫৫ অধ্যায়ে উক্তআছে যে শত্রোরপি গুণা বাচ্যা দোষা বাচ্যা গুরোরপাইতি সদ্বংশ জাতানাং সতাংশ্চ সতামপি ॥ এবং ইহাতে অস্মৎপক্ষেও দোষ হইতে পারেনা যেহেতুক যে যেপ্রকারের লোক তাহার সঙ্গে সেইপ্রকার ব্যবহার করা সাধুজনের উচিত।